# গ্রীস ও রোম। *

কোন একটি জাতির ইতিহাস থাকা না থাকা কেবলমাত্র তার অস্তিত্বের উপর নির্ভর করে না; সেই সঙ্গে তার জাতীয় জীবন কর্ম্মক্ষম এবং সৃষ্টিক্ষম হওয়া চাই।

সেই জাতিকেই ঐতিহাসিক জাতি বলা যায়, যার দ্বারা সমাজ ও রাষ্ট্রগঠনের নিয়মসকল আবিষ্কৃত হয়েছে, যে শাসনতন্ত্রে কিছু-না-কিছু শৃঙ্খলা স্থাপন করতে পেরেছে, এবং যার সামাজিক ব্যবস্থা কতক পরিমাণে ন্যায়ের উপরে প্রতিষ্ঠিত। সে জাতির একটি ধর্ম্মজ্ঞান, একটি নীতিজ্ঞান আছে; এবং সে জাতি হাতের কাজে ও মনের কাজে দক্ষতার পরিচয় দেয়। ঐতিহাসিক জাতি শিল্প, কলা এবং সাহিত্যের সৃষ্টি করে। সে জাতি নিজের শক্তি প্রয়োগ করবার জন্য, ধনবৃদ্ধি এবং অহঙ্কার চরিতার্থ করবার জন্য অপর জাতির উপর স্বীয় প্রভাব বিস্তার করে; সে হয় ব্যবসাবাণিজ্য করে, নয় দেশ জয় করে, কিম্বা একসঙ্গে দুই-ই করে।

আজকের দিনে অনেক জাতিই ঐতিহাসিক নামের যোগ্য; তাদের প্রত্যেকের কর্ম্ম-প্রচেষ্টা এবং পরস্পরের যোগাযোগের নামই ইতিহাস। কিন্তু আধুনিক কাল থেকে যত দূরে পিছিয়ে যাওয়া যায়,

---

* প্রসিদ্ধ ফরাসী ঐতিহাসিক Lavisse-এর "Vue Générale de L'Histoire Politique de L'Europe" নামক গ্রন্থ হতে অনূদিত।

ততই এইপ্রকার জাতি বিরল হয়ে আসে। য়ুরোপে প্রথমে এইরূপ জাতি একটিমাত্র ছিল—সে হচ্ছে গ্রীক জাতি; এবং গ্রীকদের পরে আর একটি জাতি ইতিহাসের রঙ্গমঞ্চ অধিকার ও বিস্তার করেছে—সে হচ্ছে রোমান জাতি।

গ্রীস এবং রোমের ইতিহাস নিয়ে সভ্যতার যে আদিপর্ব্ব রচিত হয়, তার শেষ হয় খৃষ্টীয় চতুর্থ শতাব্দীর মধ্যে; সেই সময়ে জর্ম্মান ও শ্লাভজাতিরূপ নূতন অভিনেতা আবির্ভূত হয়ে, যে ইতিহাস এতদিন সহজ সরল ছিল, তাকে জটিল করে তোলে।

## গ্রীস।

য়ুরোপের ইতিহাস যে তার দক্ষিণ-পূর্ব্ব কোণ হতে, বা আদিম সভ্যতার ক্রোড়দেশের কাছ হতে আরম্ভ হ'ল, সেটা কিছু আশ্চর্য্যের বিষয় নয়। যে সকল জাতি য়ুফ্রেটিস্ ও টাইগ্রিস নদীর তীরদেশে, লিবাননের উপকূলে এবং নীল নদীর ধারে বাস করৃত, গ্রীস তাদের সঞ্চিত অভিজ্ঞতার সুফল লাভ করলে বটে, কিন্তু এই সকল পূর্ব্ব সভ্যতার সঙ্গে তুলনায় গ্রীক সভ্যতার একটি বিশেষত্ব ছিল, যেটিকে য়ুরোপীয় গুণ বলা যেতে পারে—সে হচ্ছে জীবনীশক্তির স্বাধীন স্ফূর্ত্তি।

গ্রীস যে প্রথম থেকেই য়ুরোপীয় সভ্যতার ছাঁচ গড়ে তুললে, সেটাও কিছু বিচিত্র নয়। যে দেশ তার উপকূলের ভাঁজে ভাঁজে বাঁকে বাঁকে সমুদ্রের জলকে টেনে নিয়ে আসে, এবং যার উচ্চ তীরভূমি সমুদ্রের জলের মধ্যে আপন শাখা-প্রশাখা প্রসারিত করে দেয়; যে উপদ্বীপ দ্বীপে বেষ্টিত, এবং অধিত্যকা-ঘেরা উপত্যকায় বিভক্ত, সে যেন আমাদের য়ুরোপ-নামক মহা-উপদ্বীপের একটি সংক্ষিপ্ত সংস্করণ—সেই প্রকার

বিস্তীর্ণ তার তীর, সেইরূপ পরিচ্ছিন্ন তার সীমারেখা। গ্রীস যেন দর্পণে প্রতিবিম্বিত একখানি সংহত য়ুরোপ।

তার ইতিহাস য়ুরোপের ইতিহাসের সূচনা। গ্রীসের খণ্ড-জাতি-সকল পরস্পরের সঙ্গে সম্পর্কশূন্য নয়, অথচ পৃথক। তার নগরগুলি ক্ষুদ্র ক্ষুদ্র স্বাধীন রাষ্ট্রবিশেষ, এবং তাদের পরস্পরের সম্বন্ধে রাজ-নীতির সকলপ্রকার তন্ত্রই ব্যবহৃত হয়েছে। তাদের মধ্যে দুটি তিনটি নগর সময়ে সময়ে প্রাধান্য লাভ করেছিল বটে, কিন্তু সে সঙ্কীর্ণ এবং ক্ষণস্থায়ী ভাবে। গ্রীস তার সহরের পুণ্য গণ্ডির মধ্যে একটি রাষ্ট্রতন্ত্র এবং একটি সমাজতন্ত্র গড়ে তুল্‌তে পেরেছিল। মানবের কর্ম্মক্ষেত্রের সকল বিভাগেই সে শ্রেষ্ঠত্ব লাভ করেছিল—কাব্যে ও কলায়, দর্শনে ও বিজ্ঞানে, শিল্পকর্ম্মে ও বাণিজ্যব্যবসায়। এই বিচিত্র কর্ম্মলব্ধ শক্তি সে দেশ-বিদেশে ছড়িয়ে দিয়েছিল। ভূমধ্যসাগরের চারিপাশের উপকূলে সে নিজ নগরীর কন্যাস্বরূপ অন্যান্য নগরী প্রতিষ্ঠা করেছিল, কিন্তু সে নিজেকে যেমন কখনও এক রাষ্ট্রে আবদ্ধ করেনি, তেমনি এই বাহিরের প্রদেশগুলিকে একত্র করে' কখনও সাম্রাজ্যও গড়ে' তোলে নি। যখন তার কর্ম্মক্ষমতা নিঃশেষ হ'ল, ও যখন সে ম্যাসেডোনিয়ান নামক একটি সামরিক জাতির অধীন হয়ে পড়্‌ল, তখন কয়েকটি নব্য গ্রীকরাষ্ট্রের পত্তন হয়েছিল বটে, কিন্তু তার প্রধান গুলি আসিয়া বা মিশরদেশে।

উত্তরকালে অন্ততঃ য়ুরোপে গ্রীসের পরমায়ু দীর্ঘ হবে, কারণ সে ভূ-ভাগে গ্রীক সভ্যতা নানা আকারে তার প্রবল প্রভাব বিস্তার করবে। প্রজা-তন্ত্র রোমের আচার ও বিচার তার দ্বারা পরিবর্ত্তিত হবে। ইস্তাম্বুল পত্তনের পর তার দ্বারা 'বাইজাণ্টিনিজম্‌' নামক একটি

ধর্ম্মমূলক এবং রাজনৈতিক সভ্যতার সৃষ্টি হবে। রোম-সভ্যতার অন্তিম দশায় তার দ্বারা রোমান সাম্রাজ্যের ঐক্য নষ্ট হবে। মধ্যযুগে গ্রীক সভ্যতা পশ্চিম ইউরোপের মতিগতি এবং অনুষ্ঠানের প্রতিবাদী হবে, ও খৃষ্টধর্ম্মের শাসন-তন্ত্রের একাধিপত্য ক্ষুণ্ণ করবে। তার-পরে চতুর্দ্দিকে ব্যাপ্ত হয়ে সে ইতালীয় "নবজীবনের" যুগে মানুষের মনকে নতুন করে গড়বে, এবং বর্ত্তমান যুগের মানসী সভ্যতা সৃষ্টি করবে।

## রোম-রাজত্ব।

গ্রীসীয় অন্তরীপের সঙ্গে ইতালীয় অন্তরীপের সাদৃশ্য নেই; তার রেখাগুলি অত ঢেউ-খেলানো নয়; তার চারপাশে অত দ্বীপের ভিড় নেই; গ্রীসের মত তার দ্বারসকল পূর্ব্বমুখী নয়। অপর পক্ষে ইতালী ভূমধ্যসাগরের মধ্যস্থিত, এবং সিসিলি তাকে প্রায় আফ্রিকার দৃষ্টিপথ পর্য্যন্ত টেনে নিয়ে গেছে। গ্রীসের তুলনায় ইতালী ঢের বেশি মহাদেশের মত—নাবিকেরা যাকে বলে "স্থূলকায়"। বিদেশী নাবিক এ দেশের সমুদ্রতীরবাসীদের দেখা দিত বটে, কিন্তু যে নগরের বিধিবিধানে তারা ঐক্যবদ্ধ, সে নগরের অধিবাসীগণ ছিল শ্রমজীবী।

চাষী যেমন করে' তার চাষের ক্ষেত্র বাড়িয়ে বাড়িয়ে ক্রমে সুডোল করে' আনে, তেমনি রোমের প্রথম কয় শতাব্দী তার রাজ্য-বিস্তারেই কেটে গেল। বিজেতামাত্রই যেমন করে থাকে, সে দেশ জয় করতে আরম্ভ করেছিল বলেই ক্রমান্বয় জয় করে' যেতে লাগল। প্রথম কয়টি যুদ্ধ অপরাপর যুদ্ধ টেনে নিয়ে এল; প্রথম ক'বার জয়-

লাভের দরুণই অপরাপর জয়লাভ তার পক্ষে যুগপৎ আবশ্যক এবং সহজ হয়ে পড়্‌ল। শেষে তার এই বিশ্বাস দাঁড়িয়ে গেল যে, অপর জাতিকে পদানত করাই তার জাতিধর্ম্ম; দেশজয়ই তার একরকম ব্যবসা হয়ে পড়্‌ল।

"Thine, O Roman, remember, to reign over every race."

ইতিহাসের ক্ষেত্রকে রোম অনেক পরিমাণে বাড়িয়ে, তার মধ্যে স্পেন, গল, ব্রিটানি, আল্পস্ পর্ব্বত ও ডানুাব নদীর মধ্যস্থিত দেশ, এবং জর্ম্মানির একাংশকে ভুক্ত করে' নিলে। অধীন দেশের ধনরত্ন আহরণকল্পে, বিজিত দেশকে রোমের "প্রদেশে" পরিণত করবার প্রথা উদ্ভাবিত হল। তার শাসনফলে পুরাতন জাতিগুলির বিশেষত্ব লুপ্ত হ'ল, এবং এক "রোম-মণ্ডল"-এর পরিধির মধ্যে প্রাচীন ঐতিহাসিক বা স্বাভাবিক সীমান্তরেখাগুলি পরস্পর মিলে মিশে একাকার হয়ে গেল। 'রোম-মণ্ডল' অর্থে ভুমধ্যসাগরের চতুর্দ্দিকস্থ সুন্দর দেশ, যার কেন্দ্রে মাথা তুলেছিল "ক্যাপিটলের অটল পাষাণ"। গ্রীসীয় নগরগুলি প্রত্যেকে নিজ সাধ্যমত উপনিবেশের পত্তন করেছিল; গ্রীস নিজেকে বিক্ষিপ্ত করে' দিয়েছিল; রোম পৃথিবীকে কেন্দ্রীভূত করে' এনেছিল। গ্রীক জাতি নামে এক জাতি ছিল বটে, কিন্তু গ্রীক-সাম্রাজ্য বলে' কিছু ছিল না; অপর পক্ষে রোমান জাতি ও রোম-সাম্রাজ্য, এ দুই জিনিষই ছিল।

রোমের কার্য্যে গভীরতা এবং একাগ্রতা ছিল; সে অপরাপর জাতিকে ভেঙ্গে গড়েছে, অরাজকতার স্থানে শৃঙ্খলা স্থাপন করেছে, বিজিত জাতিকে নিজের ভাষা, নীতি ও ধর্ম্মশিক্ষা দিয়েছে। বিশ্ব-মানবে একজাতীয়তা বা "মানবজাতি"রূপ উদার কল্পনা তার মনে

স্থান পেয়েছিল। তার বিধি-বিধানে মানুষের ন্যায়বুদ্ধি লিপিবদ্ধ হয়েছিল। এমন অসাধারণ ক্ষমতা দেখে বিস্মিত না হয়ে থাকা যায় না,—কিন্তু এর সব ফলই ভাল হয়েছিল কিনা সন্দেহ।

সবাইকে একই প্রকার শিক্ষা দেওয়া বিপজ্জনক, কারণ মানুষের যথার্থ অভিব্যক্তির পক্ষে ব্যক্তিগত বৈচিত্র্য আবশ্যক। যত বেশি লোক রেষারেষি করে' কাজ করে, ততই পৃথিবীর কর্ম্মক্ষেত্র উর্ব্বর হয়ে ওঠে। রোম সাধ্যমত প্রতি জাতির বিশেষত্ব নষ্ট করেছে, তাদের যেন জাতীয় জীবনযাত্রার পক্ষে অক্ষম করে' ফেলেছে। যখন এই সাম্রাজ্যের সমবেত সাধারণ জীবন ফুরিয়ে এল, তখন ইতালী গল ও স্পেন, এরা নিজেদের জাতিরূপে গড়ে তুল্‌তে অসমর্থ হল; বর্ব্বরদের আগমনের পরে, এবং অনেক শতাব্দী ধরে' বহু বিপদ আপদ মারামারি কাটাকাটির মক্স করবার পর তবে তাদের দ্বারা একটি বৃহত্তর ঐতিহাসিক সভ্যতার গঠন আরম্ভ হল।

যে সব দেশকে রোম সভ্য করেছে, তাদের কাছে সে নিছক্ কৃতজ্ঞতার দাবী কর্‌তে পারে না। আমরা স্বাধীন গলের সঙ্গে রোমক গলের তুলনা কর্‌তে ভালবাসি। গ্রামসমূহ নগরে পরিণত, কুঁড়ে ঘর প্রাসাদে রূপান্তরিত, মেঠো পথের বদলে পাথর-বসানো রাস্তা, অশিক্ষিত বক্তার স্থানে কথাকুশল বাগ্মী, অসভ্য যোদ্ধার পরিবর্ত্তে সেনাপতি বা সম্রাট দেখ্‌তে পাই। আমরা এই ভেল্কি-খেলায় বিস্মিত হই, এবং এই গল-রোমক নগরগুলির সুখের জীবনের তারিফ করি।

কিন্তু যে সকল দেশকে রোম জয় করে' বহুকাল যাবৎ ভোগদখল করে নি, সে সকল দেশ যে আজ পৃথিবীতে এমন উচ্চ স্থান

অধিকার করেছে, এমন প্রবল বিশেষত্ব রক্ষা করেছে, ভবিষ্যতের প্রতি এমন অটল আস্থা রেখেছে—এ কেমন করে' হল? অতীতে বেশি আয়ুক্ষয় করেনি বলেই কি তাদের দীর্ঘজীবনে অধিকার বেশি? কিম্বা রোম এমন সব চিন্তার ধারাবাহিক অভ্যাস, এমন সব মানসিক ও নৈতিক ছাঁচ রেখে গেছে যা' স্বাধীন চেষ্টার হন্তারক ও প্রতিবন্ধক?—এ সব প্রশ্নের কোন উত্তর নেই; যে-সকল প্রশ্নের উত্তর পাওয়া বিশেষ আবশ্যক, সেইগুলিরই মীমাংসা কোনও কালে হয় না। যাই হোক, এই সব ভেবেচিন্তে আমরা যেন সরাসরি বিচার করতে কুণ্ঠিত হই; সীজার যে Verdingetorix-কে জয় করেছিলেন, সেটা আমাদের পক্ষে সৌভাগ্যেরই বিষয় কিনা, তা নিশ্চিত বলা যায় না।

## দুই সাম্রাজ্য।

যতই সুদৃঢ়ভাবে গঠিত হোক্ না কেন, এই বিপুল বিজয়ীশক্তির বিরুদ্ধে এমন অনেক বিরোধী শক্তি মাথা তুলেছিল, যাদের সে পরাভূত করতে পারে নি।

অধিকাংশ স্থলে উত্তর এবং দক্ষিণের মধ্যেই মনোভাবের অমিল সুতরাং স্থায়ী বিরোধ ঘটে থাকে। কিন্তু রোম-রাজত্বকালে উত্তর-প্রদেশ ছিল বাহিরের শত্রুমাত্র, এবং তাকে বাইরেই রাখা হয়েছিল। তখন প্রকৃত বিরোধ ছিল য়ুরোপের পশ্চিমে এবং পূর্ব্বে—যে পশ্চিম প্রদেশকে সভ্যকরতঃ রোম অধীন ও আত্মসাৎ করেছিল, এবং যে পূর্ব্বপ্রদেশ তখনও তার গ্রীসীয় সভ্যতা রক্ষা করেছিল।

পশ্চিম য়ুরোপে রোম তার ভাব ও ভাষার প্রভাব বিস্তার করেছিল; কিন্তু গ্রীসীয় সভ্যতার কাছ থেকে সে বড় জোর দক্ষিণ ইতালী

এবং সিসিলিকে ভাজিয়ে নিতে পেরেছিল; এড্রিয়াটিক সমুদ্র হতে Taurus পর্য্যন্ত, গ্রীসের ভাষা এবং সভ্যতা অক্ষুণ্ণ ছিল। এখানে গ্রীক নামের পরিবর্ত্তে রোমক নাম বসেছিল বটে, কিন্তু শুধু বাহিরের চেহারাটাই রোমান ছিল। যেদিন কন্‌ষ্টাণ্টাইন দ্বিতীয় রোমের প্রতিষ্ঠা কর্‌লেন, সেদিন যে সাম্রাজ্যের পত্তন হল, বাই-জাণ্টাইন রাজদপ্তরে তার নাম রোমক-সাম্রাজ্য হতে পারে, কিন্তু ইতিহাসের দপ্তরে সেটী চিরদিনই গ্রীক-সাম্রাজ্য।

পূর্ব্ব ও পশ্চিমের বিচ্ছেদ অবশ্যম্ভাবী ছিল; সে বিচ্ছেদ সম্পূর্ণ হল ৩৯৫ খৃষ্টাব্দে, যেদিন থিয়োডোসের দুই পুত্র—একজন রাভেন্নাতে, আর একজন ইস্তাম্বুলে রাজপাট বসালেন। তখন থেকে যে দুই প্রতিবেশী রাষ্ট্রের সূত্রপাত হল, তাদের প্রত্যেকের স্ব স্ব কাজ এবং স্ব স্ব শত্রু ছিল; সে শত্রু বহুসংখ্যক ও প্রবল, এবং সেই দুরন্ত জনসমূহই এবার ইতিহাসের রঙ্গমঞ্চ অধিকার কর্‌বার চেষ্টা কর্‌লে।

## অধঃপতনের কারণ।

দুই সাম্রাজ্যে বিভক্ত হওয়াই রোমরাজত্বের বিনাশের কারণ নয়; কেবলমাত্র বাহিরের শত্রুর প্রভাবেও তার পতন হয় নি। রোমের পতন তার আচার অনুষ্ঠানের অবনতি, তার যুদ্ধজয় ও লোকদমনের কর্ম্মফল। তার এই বিপুল প্রজামণ্ডলীকে একটি রাজা দেবার প্রয়োজনবশতঃ প্রজাতন্ত্র রোম অবশেষে রাজতন্ত্র হয়ে পড়েছিল; কিন্তু বস্তুতঃ রাজশাসনের যুগ আরম্ভ হবার পরেও রোমে প্রজাতন্ত্রের বাহ্যানুষ্ঠানেরই ঠাট্ বজায় ছিল। রোমের রাজতন্ত্র অনেক দিন পর্য্যন্ত একটা প্রকাণ্ড ভণ্ডামী বই কিছু ছিল না;

স্থায়িত্বের পক্ষে প্রথমত যা থাকা দরকার, সেই উত্তরাধিকারীত্বের নিয়মই তার ছিল না। প্রত্যেক সম্রাটের মৃত্যুর পরেই গোলযোগ উপস্থিত হত; যিনি পৃথিবীর ঈশ্বর তাঁর নির্ব্বাচন অনেক সময়ে দৈবযোগেই সম্পন্ন হত। অবশ্য ক্রমে রাজতন্ত্রকে সুনিয়ন্ত্রিত করতে হল,—কিন্তু তখন সম্রাট হলেন নিরঙ্কুশ, স্বেচ্ছাচারী এবং একাধিপতি। তাঁর রাজতন্ত্রের উদ্দেশ্য হয়ে দাঁড়াল পৃথিবীকে আত্মসাৎ করা, এবং কার্য্যতঃ সে উদ্দেশ্য অতিমাত্রায়ই সুসিদ্ধ হয়েছিল। রোমসাম্রাজ্যমণ্ডল অবশেষে এতেই নিঃশেষিত হ'ল।

পতনের কারণের মধ্যে রোমের দীর্ঘায়ু এবং তার তেজারতি ব্যবসাকেও ধরা যেতে পারে। পৃথিবীর জরা উপস্থিত হয়েছিল। সে নবীনের অন্বেষণ এবং অপেক্ষা করছিল। রাজনৈতিক বিপ্লবের দ্বারা নূতনকে পাবার সম্ভাবনা ছিল না, কারণ সাম্রাজ্য ছাড়া আর কোনরকম শাসনপ্রণালী যে হতে পারে, তা' কারো ধারণাতেই আসে নি; সামাজিক বিপ্লবের দ্বারাও নয়, কারণ ধীরে ধীরে সে সমাজে যে জাতিভেদ-প্রথা প্রতিষ্ঠিত হয়েছিল, সেই ছাঁচেই সকলের মন ঢালাই হয়ে গিয়েছিল। ধর্ম্ম-বিপ্লব একটি ঘটেছিল বটে, কিন্তু সে হচ্ছে সাম্রাজ্যের বিপক্ষে। যে প্রাচীন সমাজ আপনাতেই আপনি মুগ্ধ ছিল, যারা পরপারের কোন ধারই ধারত না, তাদের কাছে "আমার রাজ্য এ পৃথিবীর নয়" বলা মানে তাদের প্রতি ঐশী ঘৃণা প্রকাশ করা। "যাহা ঈশ্বরের তাহা ঈশ্বরকে দাও, যাহা সীজারের তাহা সীজারকে দাও" বলা মানে ঈশ্বর এবং সীজারের পার্থক্য ঘোষণা করা—যদিও এযাবৎ এক সীজারেতেই ঐশী ও মানবী, দুই শক্তি মিলিত ছিল। একবার এই পার্থক্য মেনে নিলে রাজকণ

মন কেবল ভুলিলই নয়—মন ভুলেই রইল—লাখ লাখ যুগ ভুলে রইল—জন্ম জন্মান্তর ভুলে রইল। এ কার গুণে? কিসের গুণে?—ঐ অনির্ব্বচনীয়তা, যারই কেবল জরা নেই, মৃত্যু নেই, আদি নেই, অন্ত নেই। এ অনির্ব্বচনীয়তা বচনে বল্‌তে পারি নে—চেষ্টা করি মাত্র, বুদ্ধিতে ব্যাখ্যা কর্‌তে পারি নে—দর্শন করি মাত্র, তাই ত

সোই মধুর বোল শ্রবণহি শুনমু
শ্রুতিপথে পরশ না গেল।

তাই

কত মধু যামিনী রভসে গোঁয়ায়িনু
না বুঝনু কৈছন কেলি।

এই অনির্ব্বচনীয়তা আমাদের ভুলিয়ে রেখেছে এই জগতে। নইলে কোনদিন মানুষ সব ত্যাগ করে' নির্ব্বচনের জন্যে উৎগ্রীব হ'য়ে উঠ্‌ত—চোখ বুঁজে সব তপস্যায় বসে' যেত—চোখ খুলে আর চাইতই না কোন দিকে। কিন্তু এই অনির্ব্বচনীয়তা তাকে যুগে যুগে ঔদাসীন্য থেকে মুক্তি দিচ্ছে—বৈরাগ্য থেকে ফিরিয়ে আন্‌ছে। এই অনির্ব্বচনীয়তাই তার জীবনের গভীরতম সত্য, তাই চোখের অশ্রু মনের ব্যথা প্রাণের ব্যর্থতার ভিতর দিয়েও সে বেঁচে এসেছে। কিন্তু এই অন্তরতম অনির্ব্বচনীয়তাকে আমাদের মন জানছে না, বুদ্ধি বুঝছে না। এই অনির্ব্বচনীয়তাকে মনে প্রাণে চিত্তে বুদ্ধিতে মানুষের সমস্ত প্রকৃতিতে সত্য করে' তোলা—জাগ্রত করে' তোলাই হচ্ছে মানুষের আজীবনের সাধনা।

শেষ, ঐ অন্তরের অনির্ব্বচনীয়তার উৎসে পৌঁছা—ঐখানে সমাধি, মহাসমাধি—তারপর অক্ষর ব্রহ্মে নির্ব্বাণ মানব জন্মের চরম সার্থকতা।

কিন্তু ঐ শেষ নয়—অনির্ব্বচনীয়তা শেষ নয়—ওটা যে সৃষ্টির আরম্ভ—মানুষের ওটাই যে প্রারম্ভ। ঐ আরম্ভ থেকে মানুষকে অজ্ঞানে আরম্ভ করতে হবে। ঐ অনির্ব্বচনীয় উৎসে অবগাহন করে' দেহ মন প্রাণ বুদ্ধিকে 'অমৃতময় করে' হিন্দুকে আবার বেরিয়ে আসতে হবে অমর হ'য়ে শক্তিমান হ'য়ে। সংসারের চোখের অশ্রু মিশিয়ে দিয়ে তার মুখের হাসি আবার ফুটিয়ে তুলতে হবে—মহাজনের অনুচরকে দূর করতে হবে—মানুষের সমস্ত প্রকৃতিকে ঐ অনির্ব্বচনীয়তায় অভিষেক করে' সত্য করে' তুলতে হবে—মানুষের সে সত্যকে জগতে সার্থক করে' তুলতে হবে। বিশ্ববাসীকে ঐ অনির্ব্বচনীয়তার সংবাদ দিতে হবে—তার সন্ধান দিতে হবে। বিশ্ববাসী যে অনির্ব্বচনীয়তার উৎসে অবগাহন করে' অমর হ'য়ে সজ্ঞানে চোখ মেলে বসবে।

জনম অবধি হাম রূপ নেহারিনু
নয়ন না তিরপিত ভেল—

সে রূপের ব্যাখ্যান করে' করে' সে জন্ম-জন্মান্তর নবীনতা লাভ করবে—বিশ্ববাসী গৌরবোন্নতশিরে আবার একবার বলবে যে তারা হচ্ছে—অমৃতস্য পুত্রাঃ।

শ্রীসুরেশচন্দ্র চক্রবর্ত্তী।

# বাঙলা কি পড়্‌ব ?

## প্রথম প্রস্তাব

( বন্ধু-সমাজে পঠিত। )

কি বই পড়্‌লে বাঙলা শেখা যায় ? তোমাদের এ প্রশ্নের জবাব দেওয়া শক্ত, বিশেষত আমার পক্ষে, কেননা আমি বাঙলা বই পড়ে বাঙলা ভাষা শিখি নি, বাঙলা ভাষা শিখেই বাঙলা বই পড়েছি। নিজের ভাষা শেখ্‌বার জন্য কারও কোন বই পড়া আবশ্যক কিনা, সে বিষয়েও আমার সন্দেহ আছে ; অপর পক্ষে কেবল মাত্র ও উপায়ে পরের ভাষা যে কতদূর শেখা যায়—তার প্রমাণ খুঁজে বার কর্‌তে আমাদের বেশি দূর যেতে হবে না ; তার অসংখ্য উদাহরণ আমাদের হাতের গোড়াতেই রয়েছে। আমরা ইংরাজী-শিক্ষিত সম্প্রদায়, ইংরাজী ভাষাকে যে কতদূর আমলে এনেছি তা আমরা ঠিক না জান্‌লেও ইংরাজেরা ঠিক জানে। আমাদের ইংরাজী বিদ্যেয় ওকালতি ও এডিটরির ব্যবসা কোন প্রকারে চালান যায়, কিন্তু তার দৌলতে ইংরাজী সাহিত্য লেখা ত চলেই না, ঠিকমত পড়াও চলে কিনা, সে বিষয়েও সন্দেহ আছে।

তবে এ কথাও সত্য যে, যাঁর বইয়ের ভাষার সঙ্গে পরিচয় নেই—তাঁর ভাষাজ্ঞান অনেকটা আদিম। যে ভাষা তিনি জানেন তাতে করে ঘরকন্না চালান যায়, নিত্য জীবনের সুখ দুঃখ রাগ বিরাগ প্রকাশ করা যায়, অর্থাৎ সে ভাষার সম্বলে দিন চলে যায় এবং

সম্ভবত ভাল হালেই চলে যায় কিন্তু তাতে মানুষের মনের সকল ক্ষুধার নিবৃত্তি হয় না। এটা সুখের বিষয়ই হোক্, আর দুঃখের বিষয়ই হোক্, কথাটা কিন্তু সত্য যে, মানুষের জীবন একেবারে দৈনিক নয়, একমাত্র দিন-এনে দিন-খেয়ে মানুষ চরিতার্থ হয় না। তার স্বভাবের তাড়না থেকেই সে দর্শন বিজ্ঞান কাব্যকলার সৃষ্টি কর্‌তে বাধ্য হয়েছে এবং সঙ্গে সঙ্গে ভাষারও ঐশ্বর্য্য ও শ্রীবৃদ্ধি সাধন করেছে। সুতরাং যিনি সাহিত্য রচনা কর্‌তে চান কিম্বা সাহিত্য রস উপভোগ কর্‌তে চান, তাঁর পক্ষে বইয়ের ভাষার পরিচয় লাভ করাটা অবশ্য প্রয়োজন।

আমার এ কথা থেকে কেউ যেন মনে করো না যে, মুখের ভাষা ও বইয়ের ভাষা দুটি আলাদা ভাষা। এরূপ যাঁদের ধারণা, আমি তাঁদের জ্ঞাতিও নই, কুটুম্বও নই। মুখের ভাষা ও লেখার ভাষা সম্পূর্ণ এক নয় কিন্তু তাই বলে সম্পূর্ণ বিভিন্নও নয়। এ দুয়ের ভিতর প্রভেদটা যে কোথায় তা দু-কথায় বলা কঠিন। এ দুই য়ের ভিতর একটি মোটাগোছের দাঁড়ি টান্‌বার জন্য মানুষের পক্ষে যতটা নির্ভীক হওয়া দরকার, আমি ততটা নই। কেননা নিত্য দেখ্‌তে পাই যে, লেখকের মর্জ্জি অনুসারে এ রেখা ক্রমান্বয়ে এগোয় ও পিছয়। সত্যকথা বল্‌তে গেলে, সাহিত্যের কোন একটি বিশেষ ভাষা নেই, প্রতি লেখকেরই একটি নিজস্ব ভাষা আছে ; কিন্তু এঁদের সকলের ভাষার অন্তরে একটি সাধারণ গুণ আছে, যার দরুণ যাঁরা সত্যিকার লেখক তাঁদের লেখা সাহিত্য নামে পরিচিত, এবং সে গুণের নাম হচ্ছে শ্রী। আমাদের দৈনিক জীবনের মৌখিক ভাষার চাইতে, সাহিত্যের ভাষার কান্তি ঢের বেশি পরিপুষ্ট, শ্রী ঢের বেশি

পরিস্ফুট। কিন্তু তাই বলে মুখের কথার সঙ্গে বইয়ের কথার পার্থক্য জাতিগত নয়। সুন্দরী স্ত্রীলোক ও অ-সুন্দরী স্ত্রীলোকের মুখ একই উপাদানে গড়া, নাক কান চোখ মুখ দুজনেরই আছে এবং কম্পাস দিয়ে মেপে দেখ্‌লে দেখা যাবে যে, সে সকলের মাপ জোখও প্রায় সমান, অথচ যাঁর চোখ আছে তিনিই জানেন যে, সুন্দরী ও অ-সুন্দরীর ভিতর একটি স্পষ্ট, শুধু স্পষ্ট নয়, একটি জাজ্বল্যমান প্রভেদ আছে। একটিকে দেখে মানুষে চমৎকৃত হয়, আর একটিকে দেখে তা হয় না। আমাদের সংস্কৃত অলঙ্কার শাস্ত্রে বলে যে, যে লেখা পড়ে মানুষে চমৎকৃত হয়—সেই লেখাই কাব্য অর্থাৎ সাহিত্য।

শ্রী কিসের উপর নির্ভর করে তার পরিচয় দেওয়া অসম্ভব—তবে এ কথা নির্ভয়ে বলা যেতে পারে যে, মানুষের মুখশ্রী যেমন মুখের প্রতি অংশের পূর্ণবিকাশ, এবং সকল অংশের সঙ্গতি ও সুষমার উপর নির্ভর করে, কাব্যশ্রীও তেমনি ভাষার পূর্ণবিকাশ ও শব্দের সঙ্গতি ও সুষমার উপর নির্ভর করে। আলঙ্কারিকেরা বলেন যে, এতদতিরিক্ত লাবণ্য বলে আর একটি জিনিষ আছে, যা না থাক্‌লে কাব্যের বাহ্য-শ্রী থাক্‌তে পারে কিন্তু তার চমৎকারিত্ব থাকে না। এ কথায় আমিও সায় দিই, যদিচ এই লাবণ্য বস্তুটি কি তা যিনি জানেন না, তাঁকে তা বুঝিয়ে দিতে পারা কঠিন। এ হচ্ছে সেই জাতীয় বস্তু যার অস্তিত্ব আমরা জানি কিন্তু সে অস্তিত্বের রহস্য আমরা উদ্‌ঘাটন কর্‌তে পারিনে। তবে এ জিনিষের মূল যে কোথায় তা আমরা অনুমান কর্‌তে পারি। যা জীবন্ত নয়, সে পদার্থের অর্থাৎ জড়পদার্থের দেহে লাবণ্য নেই, এই থেকে আন্দাজ করা যায়, রূপের ভিতর দিয়ে প্রাণের যে দিব্য আলো ফুটে ওঠে, তারই নাম

বোধহয় তোমরা জান যে, আমি সাধু-বাঙলার পক্ষপাতী নই; কেননা আমি শুদ্ধ-বাঙলার পক্ষপাতী। সাধু-বাঙলার সঙ্গে শুদ্ধ-বাঙলার প্রভেদটা যে কোথায়, সে বিচার আমি পরে করব। আপাততঃ একটি কথা মনে রাখলে আমার মত গ্রাহ্য করবার পক্ষে না হো'ক্, বোঝবার পক্ষে তোমাদের কতকটা সাহায্য হবে। তোমরা সবাই জান যে, ভাষা মাত্রেরই একটি বিশেষ সুর, একটি বিশেষ ছন্দ, একটি বিশেষ মতি, একটি বিশেষ গতি, এক কথায় একটি বিশেষ প্রকৃতি আছে; এবং আমার বিশ্বাস, সাহিত্যের ধর্ম্ম হচ্ছে, ভাষার সেই সুরকে ভরাট করা, সেই ছন্দকে জমাট করা, সেই মতিকে প্রসন্ন করা, সেই গতিকে প্রমুক্ত করা,—এক কথায় তার প্রকৃতিকে প্রকৃত করা। প্রকৃতিকে প্রকৃত করার প্রস্তাব, হঠাৎ শুন্‌তে অর্থহীন বলে মনে হতে পারে, কিন্তু আসলে তা নয়। বহুকাল পূর্ব্বে আরিষ্টল বলে গেছেন যে, বস্তুমাত্রেরই প্রকৃতির পরিচয় আমরা তখনই পাই—যখন সে বস্তুর অভিব্যক্তি পূর্ণ হয়। আর ভাষা একমাত্র সাহিত্যেই তার পূর্ণ অভিব্যক্তি লাভ করে অর্থাৎ প্রকৃত হয়ে ওঠে।

( ৩ )

এ যুগের বাঙলা-সাহিত্য আজ পর্য্যন্ত যে-ভাষার দখলে রয়েছে, সে ভাষা সংস্কৃত শব্দের গুরুভারে ভারাক্রান্ত, যুগপৎ ইংরাজি ও সংস্কৃত অন্বয়ের বন্ধনে তা আবদ্ধ। সুতরাং যাঁরা বাঙলা ভাষার মূল উপাদান ও মূল প্রকৃতির পরিচয় লাভ করতে চান, তাঁদের পক্ষে সর্ব্বাগ্রে কর্ত্তব্য হচ্ছে, প্রাচীন বাঙলা সাহিত্যের চর্চ্চা করা।

আমি পূর্ব্বে বলেছি যে, প্রতি ভাষারই একটি বিশেষ সুর আছে, এবং যে লেখার ভিতর সে সুর বাজে না, তা দর্শন বিজ্ঞান যা খুসি তাই হতে পারে ; কিন্তু সাহিত্য নয়। বাঙলা গদ্যের ভাষা অত্যধিক সাধু হয়ে যে শুধু জড়ভরত হয়ে পড়েছে, তাই নয়,—সেই সঙ্গে তা নিতান্ত বেসুরোও হয়ে পড়েছে। আমাদের কানে যে তা বেসুরো লাগে না, তার কারণ আমাদের নব শিক্ষার প্রসাদে, বাঙলা ভাষার নিজস্ব সুরটি শিক্ষিত বাঙালীর কান থেকে আল্‌গা হয়ে গিয়েছে।

এ কথা যদি সত্য হয়, ত অপর কোনও কারণে না হোক্, যাতে বাঙলা ভাষার সুর আবার আমাদের কানে ফিরে আসে, অন্তত সে কারণেও প্রাচীন বঙ্গ-সাহিত্যের পঠন পাঠন শ্রবণ ও মনন প্রভৃতি আমাদের পক্ষে অবশ্য কর্ত্তব্য।

যেমন সঙ্গীতের সুর আদায় কর্‌তে হলে, যত না তা এস্তমাল্ করা দরকার, তার চাইতে ঢের বেশি তা শোনা দরকার। তেমনি কোনও ভাষার সুর আদায় কর্‌তে হলে, যত না তা বলা দরকার তার চাইতে ঢের বেশি তা শোনা দরকার। ক্রমান্বয়ে শুন্‌তে শুন্‌তে সে সুর আমাদের অজ্ঞাতসারে, আমাদের কানে গেঁথে যায়—মনে বসে যায়। আমার বিশ্বাস আমাদের প্রবুদ্ধ চৈতন্যের কাছে যত জিনিষ না ধরা পড়ে, আমাদের মগ্ন চৈতন্যের কাছে তার চাইতে ঢের বেশি জিনিষ ধরা পড়ে। আমরা যাকে জ্ঞান বলি, তার যে অংশ আমরা সজ্ঞানে শিক্ষা করি, তার চাইতে তার যে অংশ অজ্ঞাতসারে আমাদের মনে সঞ্চিত হয়, তার মূল্য কম নয়। অপর বিষয়ের শিক্ষা সম্বন্ধে এ কথা খাটুক আর না খাটুক, আর্টের শিক্ষা সম্বন্ধে এ কথা সম্পূর্ণ খাটে।

এই কারণে তোমাদের সঙ্গে আমি আমাদের প্রাচীন কবিদের সর্ব্বপ্রথমে পরিচয় করিয়ে দিতে চাই।

( ৪ )

আমরা যাকে বাঙলার প্রাচীন সাহিত্য বলি, সে হচ্ছে বাঙলার নবাবী আমলের সাহিত্য।

হিন্দু যুগের যদি কিছু বাঙলা সাহিত্য থেকে থাকে তা আজ পর্য্যন্ত লোকচক্ষুর অন্তরালেই রয়ে গিয়েছে। সম্প্রতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় কাটামুণ্ডু থেকে কতকগুলি গান ও শ্লোক সংগ্রহ করে এনেছেন, যা না কি বাঙলা সাহিত্যের আদিম নমুনা। এ ছাড়া 'শূন্যপুরাণ' বলে একখানি বই আছে, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্য বিদ্যামহার্ণব মহাশয়ের মতে, যার জন্মকাল হচ্ছে পাল রাজাদের কাল। শাস্ত্রী মহাশয়ের সংগৃহীত পদাবলী সম্ভবত হিন্দুযুগেই রচিত হয়েছিল, কিন্তু এ গান ও এ শ্লোকের ভাষা বাঙলা কিনা, সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। অপরপক্ষে "শূন্যপুরাণ"-এর ভাষা অবশ্য বাঙলা এবং খাঁটি বাংলা কিন্তু ও গ্রন্থ যে মুসলমান আমলে রচিত হয়েছিল সে বিষয়েও কোনই সন্দেহ নেই। কেন?—সে তর্ক এখানে তুল্‌ব না। 'শূন্যপুরাণ' তোম্‌রা ইচ্ছে কর্‌লে পড়্‌তে পার কিন্তু না পড়্‌লেও ক্ষতি নেই।

গৌড়ের তক্তের মালিক যখন বাদশা, বাঙলা সাহিত্য যে সেই সময়ে জন্মলাভ করে, এই হচ্ছে—মামুলি মত। এবং এই মত শিরোধার্য্য করে এখন প্রকৃত প্রস্তাবে আসা যাক্।

আমাদের প্রাচীন সাহিত্যের রত্নাবলী হচ্ছে পদাবলী। পৃথিবীর শ্রেষ্ঠ কাব্যসাহিত্যের সঙ্গে সমান আসন গ্রহণ করবার যোগ্যতা

মতে কৃত্তিবাস ও কাশিদাসের যে কাব্য আমরা পড়ি তার ভাষা যথেষ্ট প্রাচীন নয়। যুগে যুগে তা পরিবর্ত্তিত হয়ে, এখন তা প্রায় আধুনিক হয়ে এসেছে। এ কথা আমিও মানি, কিন্তু তাতে কিছু আসে যায় না। চল্‌তি রামায়ণ ও চল্‌তি মহাভারতের ভাষা খুব সেকেলে না হলেও একেবারে একেলে নয়। ও-দুই গ্রন্থের ভাষা খাঁটি বাঙলা। "পদ্মপত্র যুগ্মনেত্র পরশয়ে শ্রুতি" প্রভৃতি দু' এক টুক্‌রো ওর ভিতর এখানে ওখানে প্রক্ষিপ্ত হলেও, ও-দুই কাব্যের সুর, খাঁটি দেশীই রয়ে গিয়েছে। এখানে একটি কথা বলে রাখি, বাঙলা রামায়ণ মহাভারত আমি বহুকাল পড়িনি। বাল্যস্মৃতির উপর নির্ভর করেই আমি তার সুখ্যাতি কর্‌ছি।

( ৫

এর পর আমি এমন একখানি গ্রন্থের উল্লেখ কর্‌ব, যার সঙ্গে শিক্ষিত সমাজের অল্প লোকেরই সাক্ষাৎ পরিচয় আছে। আমার মতে বৃন্দাবন দাসের "চৈতন্য ভাগবত" বাঙলা সাহিত্যের একখানি অপূর্ব্ব ত বটেই উপরন্তু অমূল্য গ্রন্থ। আগেভাগেই বলে রাখি যে, ও-গ্রন্থ যদিচ পদ্যে লেখা তবুও কাব্য নয়। চৈতন্যদেবের এই জীবন চরিত লেখক, মহাপ্রভুর জীবনেরই পরিচয় দিতে চেয়েছিলেন, নিজের কবিত্ব শক্তি প্রকাশ কর্‌তে চান নি। এর জন্য আমাদের তাঁর কাছে কৃতজ্ঞ হওয়া কর্ত্তব্য, কেননা সে শক্তি তাঁর শরীরে ছিল না। এ গ্রন্থ গদ্যে লেখা হলে আমার বিশ্বাস এর মর্য্যাদা আরও বেড়ে যেত। বৃন্দাবন দাস ছিলেন অতি সরল প্রকৃতির লোক, তাই ভাষার ও

ভাবের অপূর্ব্ব সরলতাই হচ্ছে তাঁর গ্রন্থের সর্ব্বপ্রধান গুণ। তা ছাড়া তিনি তাঁর জ্ঞান বিশ্বাসে যা সত্য বলে মনে করেছেন তাই বলেছেন। সহজ ভাষায় সত্য ঘটনার বিবরণ দিতে পারলে, সে বিবরণ যে সাহিত্য হয়ে ওঠে—এই গ্রন্থই তার প্রকৃষ্ট প্রমাণ। এ গ্রন্থ বৃন্দাবন দাস স্বেচ্ছায় লেখেন নি, নিত্যানন্দের আদেশে লিখে-ছিলেন। তিনি সাহিত্য রচনা করতে চান নি বলে, তাঁর রচনা সাহিত্য হয়ে উঠেছে। এ রকম ঘটনা সাহিত্য জগতে মাঝে মাঝেই ঘটে থাকে। "চৈতন্য ভাগবত" কাব্য নয়, কিন্তু বাঙলার একটি নব-যুগের এবং সেই নব-যুগ-প্রবর্ত্তক মহাপুরুষের ইতিহাস। এবং আমার বিশ্বাস প্রাচীন বাঙলা সাহিত্যে এই হচ্ছে একমাত্র ইতিহাস, এবং ইতিহাসের যে সকল গুণ থাকা উচিত এ গ্রন্থে সে সকল গুণের সাক্ষাৎ মিলবে। এস্থলে বলে রাখি যে, ইতিহাস শব্দ chronicle অর্থে ব্যবহার করছি, history অর্থে নয়। বৈষ্ণবসাহিত্যে এ জাতের লেখাকে করচা বলে।

চৈতন্যদেবের অপর সকল জীবন চরিতের স্থান "চৈতন্য ভাগবত"-এর অনেক নীচে। "চৈতন্য-মঙ্গল"-এর রচয়িতা লোচন-দাস ছিলেন কবি, সে কারণ তার গ্রন্থে ইতিহাস উপন্যাসের সঙ্গে মিশে একেবারে ঘুলিয়ে গিয়েছে। বৃন্দাবন দাস চেষ্টা করেছেন—মহাপ্রভুর ছবি তুলতে আর লোচন দাস চেষ্টা করেছেন তাঁর ছবি আঁকতে, কাজেই তাঁকে ও-ক্ষেত্রে রঙ চড়াতে হয়েছে। তাঁর কল্পনার চাইতে চৈতন্য দেবের জীবনের সত্য যে ঢের বেশি মহৎ ও অপূর্ব্ব ছিল, এ জ্ঞান তাঁর থাকলে তিনি মহাপ্রভুকে তাঁর স্বহস্ত রচিত অলঙ্কারে ভূষিত করতে গিয়ে আবৃত করে

ফেল্‌তেন না। চৈতন্য দেবের জীবন চরিতে, মহাপ্রভুকে দেখে নবদ্বীপের নারীগণের পতিনিন্দাটা, ভেবে দেখ দেখি, কি বেখাপ্পা শোনায়! তবুও এ গ্রন্থ অবশ্য পাঠ্য—তার ভাষার গুণে।

তারপর আসে "চৈতন্য চরিতামৃত"। এ গ্রন্থের বস্তু প্রথমত সাহিত্য নয়, এর ভাষা দ্বিতীয়ত বাঙলা নয়। কবিরাজ গোস্বামী মহাশয় লিখেছেন দর্শন এবং যে ভাষায় তা লিখেছেন, তার নাম আমি ঠিক জানিনে। এ ভাষাকে আধ-আধ বাঙলাও বলা যেতে পারে, বাধো-বাধো বাঙলায়ও বলা যেতে পারে। এই ভাষা-বিভ্রাটের জন্য তাঁকে কোনও দোষ দেওয়া যায় না। তিনিও এ গ্রন্থ রচনা করেছিলেন গুরুর আদেশে। এবং গুরু যখন তাঁর প্রতি এ আদেশ কর্‌লেন, তখন কবিরাজ গোস্বামী মহাশয়ের বয়েস চৌরাশী বৎসর এবং বহু-কাল ব্রজবাসের ফলে, বাঙলা ভাষা তিনি এক রকম ভুলেই গিয়ে-ছিলেন। "চৈতন্যচরিতামৃত" রচনা কর্‌বার জুড়ি heroic act পৃথিবীর সাহিত্যে আর নেই। "চৈতন্যচরিতামৃত"-এর মাহাত্ম্য আমি সম্পূর্ণ বুঝি, ধর্ম্মগ্রন্থ হিসেবে এর যথেষ্ট মূল্য আছে। তবুও ঐ গ্রন্থ পড়্‌তে আমি তোমাদের অনুরোধ কর্‌ব না, কেননা সে পাঠের ফলে বাঙলা শেখার বিশেষ সাহায্য হবে না।

একটা সুখবর দিই। "চৈতন্য-ভাগবত"-এর একটি সর্ব্বাঙ্গসুন্দর সংস্করণ আছে। শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী মহাশয় যে গ্রন্থের সম্পাদক সে গ্রন্থ যে সম্পূর্ণ নির্ভরযোগ্য, সে কথা বলা নিষ্প্রয়োজন। তবে ও-সংস্করণটি আজকাল বাজারে মেলে কিনা জানিনে, আর যদিও বা মেলে, তাহলে তার দাম চার পাঁচ টাকার কম হবে না। আমার মতে যে বই প্রতি বাঙালীর পড়া উচিত, সে বই এমন দুর্ল্লভ

ও দুর্মূল্য হওয়া নিতান্ত দুঃখের বিষয়। বৈষ্ণব-সাহিত্যের আদর হালে শিক্ষিত সমাজের এক সম্প্রদায়ের কাছে শুন্‌তে পাই যথেষ্ট বেড়ে গিয়েছে। যাঁরা এ সাহিত্যের গুণগানে শতমুখ, তাঁদের কাছে আমার সানুনয় প্রার্থনা যে, তাঁরা "চৈতন্য-ভাগবত"-এর একটি সুলভ ও সুদৃশ্য সংস্করণ প্রকাশ করুন। পদাবলীকে রগড়ে কচলে তার ভিতর থেকে রসতত্ত্ব বার করবার চেষ্টা, কাব্য নিঙড়ে দর্শন বার করবার চেষ্টা যে, শুধু নিস্ফল তাই নয়,—ঐ রগ্‌ড়ানি কচ্‌লানির ফলে, তার মধুর রস দেশের লোকের কাছে তিতো হয়ে উঠ্‌তে পারে। অপর পক্ষে সমগ্র বৈষ্ণব-সাহিত্যের সঙ্গে শিক্ষিত সমাজের পরিচয় করিয়ে দেওয়াটায় সমাজ ও সাহিত্য দুয়েরই যথেষ্ট উপকার করা হবে। তবে এ অনুরোধ যে কেউ রক্ষা কর্‌বেন, সে ভরসা আমার নেই—কেননা যাঁরা পদাবলীমুগ্ধ তাঁরা পদাবলীরও ত কৈ, অদ্যাবধি কোনও সুলভ ও সুন্দর সংস্করণ প্রকাশ কর্‌লেন না!

( ৬ )

এতক্ষণ যে সব বইয়ের নাম কীর্ত্তণ করা গেল সে সবই গৌড়ের পাঠান বাদশাদের সময় লেখা হয়েছিল। এইবার মোগল যুগের দুখানি বইয়ের কথা বল্‌ব, এক মুকুন্দরামের "চণ্ডী" আর এক ভারতচন্দ্রের "অন্নদামঙ্গল"।

"চণ্ডী"র বিশেষত্ব এই যে, এ হচ্ছে খাঁটি বাঙলা কাব্য। আজকাল দেখ্‌তে পাই একদল লোক খাঁটি বাঙালীর সন্ধানে প্রাচীন বঙ্গ-সাহিত্যের রাজ্যে হাঁৎড়ে বেড়াচ্ছেন। ও-জীবটিকে আন্‌কোরা অবস্থায়

যদি কোথাও আবিষ্কার করা যায়, ত সে হচ্ছে চণ্ডীর উপাখ্যান ও মনসার উপাখ্যানের মধ্যে। রামায়ণ ও মহাভারত, প্রাচীন আর্য্য-জাতির বীরকাহিনী। তারপর বৈষ্ণব সাহিত্যের ভিতর একদিকে ভাগবতের, আর একদিকে, বিদ্যাপতির পদাবলীর পূর্ণ-প্রভাব রয়েছে, এমন কি, সে প্রভাব পদাবলীর ভাষার অন্তরেও প্রবেশ করেছে। আমরা যাকে ব্রজবুলি বলি, তা ব্রজভাষা নয়, কিন্তু মৈথিলীর বাঙলা সংস্করণ। আসল কথা এই যে, খাঁটি বাঙালীর সাক্ষাৎ মানুষে তখনই পাবে, যখন বাঙালীজাতি তার পূর্ণ অভিব্যক্তি লাভ করবে অর্থাৎ ভবিষ্যতে, অতীতে নয়।

"চণ্ডী"র কথা বাঙলা কথা, সুতরাং সে কথা প্রায় খাঁটি ঘরো বাঙলা-তেই বলা হয়েছে। এই "ঘরো" বিশেষণটি আমি অবশ্য নিন্দার্থে ব্যবহার করিনি। গার্হস্থ্য জীবন যেমন সামাজিক জীবনের মুল, গার্হস্থ্য ভাষাও তেমনি সামাজিক ভাষার মুল। কবিকঙ্কন ছিলেন গ্রাম্য কবি, সুতরাং তাঁর কাব্যে এমন ঢের শব্দ আছে যা সেকালে একমাত্র রাঢ় দেশের পল্লিগ্রামে প্রচলিত ছিল এবং সম্ভবত একালেও আছে। এই অপরিচিত এবং অবোধ্য শব্দগুলি, ও-কাব্য পাঠের পক্ষে আমাদের অনেকের কাছে একটা বাধাস্বরূপ হয়ে দাঁড়িয়েছে। অপরিজ্ঞাত, এমন কি অশ্রুতপূর্ব্ব অসংখ্য সংস্কৃত শব্দে গৌরবান্বিত বলে, বাঙালী পাঠকের জন্য "মেঘনাদবধ"-এর যেমন সটীক সংস্করণ বার করা হয়েছে, কবিকঙ্কনের "চণ্ডী"রও তেমনি একটি সটীক সংস্করণ বার করা উচিত। "মেঘনাদ বধ" অন্তত, "প্রকৃতিবাদ অভিধান"-এর, না হয়ত "শব্দ-কল্পদ্রুম"-এর সাহায্যে পড়া যায় কিন্তু "চণ্ডী" যে কোন্ অভিধানের সাহায্যে পড়্‌তে হয় তার সন্ধান নিতে হলে "সাহিত্য পরিষদ"-এর দ্বারস্থ হওয়া ছাড়া গত্যন্তর

নেই। অথচ সে পরিষদে শিলালিপির অভিধান পাওয়া যেতে পারে, বাঙলার পাওয়া যাবে না।

এ কাব্যে যে বাঙলা-ভাষা শেখ্‌বার বিশেষ সাহায্য করে তার কারণ শুধু এ নয় যে, এর ভাষা অকৃত্রিম বাঙলা, এ কাব্যের শব্দ-সম্পদ প্রচুর। পদাবলীর ভাষা অতি সঙ্কীর্ণ, তার সকল কথা জড় কর্‌লেও একমুঠোর বেশি হবে না, কেন না এ সাহিত্যের মুখ্য বিষয় হচ্ছে sex-love, এবং সে বিষয়ও পূর্ব্বরাগ, মিলন, সম্ভোগ, বিরহ, মান ও পুনর্মিলনে পর্য্যবসিত। একখানি বড় কাব্য লিখ্‌তে হলে কিন্তু বহু বিষয়ের অবতারণা কর্‌তে হয়, সুতরাং বহুশব্দ ব্যবহার কর্‌তে হয়। কবিকঙ্কন সে কালের বাঙালী সমাজের ও বাঙালী জীবনের পট এঁকেছেন,—সুতরাং আমাদের গার্হস্থ্য জীবনের নানা কথা তাঁকে বল্‌তে হয়েছে। তাই বলে তাঁর কাব্য একমাত্র পারিবারিক জীবনের মধ্যে আবদ্ধ নয়। পরিবারের বাইরে যে বড় সমাজ রয়েছে, সে সমাজের প্রায় সকল অঙ্গের বর্ণনাই, "চণ্ডী"র ভিতর পাওয়া যায়। চাষবাস, জমিদারী মহাজনী, শিল্প বাণিজ্য, এ সকলের কথাবার্ত্তা ও কাব্যের মধ্যেত আছেই, কিন্তু তার চাইতে একটি ঢের বড় কথাও আছে,— সে হচ্ছে বাঙালী বণিকের সমুদ্র-যাত্রার কথা। এত ব্যাপারের বিবরণ অবশ্য একমুঠো কথায় দেওয়া যায় না।

যখন সাহিত্যের সাহায্যে ভাষা শিক্ষা কর্‌বার পদ্ধতির সার্থকতা দেখানই এ প্রবন্ধের উদ্দেশ্য, তখন এ প্রশ্ন সহজেই ওঠে যে, "চণ্ডীর" উপাখ্যান সাহিত্য কি না, আর যদি তা সাহিত্যও হয়, ত তা কাব্য কিনা?—

আমার মতে ও-গ্রন্থ সাহিত্যও বটে, কাব্যও বটে। কবিকঙ্কন উঁচুদরের কবি না হলেও কবি। এ পৃথিবীর রূপ রস গন্ধ স্পর্শ ও

শব্দের সঙ্গে তাঁর পরিচয় আছে, এবং বীণাপাণির গুণগান করতে যাঁর মুখ দিয়ে, "বীণাগুণে তরল অঙ্গুলি", এই সমস্ত শব্দ বেরিয়েছে, বাণীর কৃপায় তিনি বঞ্চিত নন। কবিকঙ্কনের ভাবের মধ্যে শক্তি নেই কিন্তু স্বাস্থ্য আছে, তাঁর ভাষার গায়ে যেমন রঙ নেই, তেমনি ঢঙও নেই, সে ভাষা সাদা। সে ভাষা শুধু সাদা নয়, সেই সঙ্গে সিধেও বটে। এই সাদাসিধে ভাবটাই কবিকঙ্কনের কাব্যের প্রধান গুণ।

( ৭ )

নবাবী আমলের শেষ কবি এবং চরম কবি ভারতচন্দ্রের কাব্যে যে-বস্তুর কণামাত্র নেই সে হচ্ছে সাদাসিধে ভাব। মুকুন্দরাম বাঙলার গ্রাম্য কবি, আর ভারতচন্দ্র নাগরিক। কবিকঙ্কন যেমন সরল, রায় গুণাকর তেমনি চতুর। তাঁর ভাব চতুর, তাঁর ভাষা চতুর, তাঁর ভঙ্গী চতুর। চাতুরীই হচ্ছে তাঁর কাব্যের প্রধান গুণ ও প্রধান দোষ। তাঁর বাক্‌চাতুরি অনন্য সাধারণ, কিন্তু তিনি যে মনোভাবের পরিচয় দিতে সদাই ব্যগ্র, তার বাঙলা নাম হচ্ছে চতুরালি।

"বিদ্যাসুন্দর" যে অশ্লীল সে বিষয়ে দ্বিমত নেই, এবং থাকতেও পারে না; তার কারণ নিজের এ দোষ সম্বন্ধে স্বয়ং ভারতচন্দ্রও সম্পূর্ণ সচেতন ছিলেন; তাই না তিনি তাঁর অশ্লীলতাকে সাধুভাষার আবরণে ঢাকতে চেষ্টা করেছেন। কিন্তু যেকালে তিনি কাব্য রচনা করেন, সেকালে এদেশে কুরুচিতে বোধহয় সভ্যসমাজের অরুচি ধরে নি। কিন্তু দেখতে পাই যে, কারও কারও মতে ভারতচন্দ্রের এই

রুচি বিকারের কারণ তিনি পার্শীনবিশ ছিলেন। পারসিক সাহিত্য থেকেই নাকি তিনি অশ্লীলতা বঙ্গ-সাহিত্যে আমদানি করেন। এ অনুমান অমূলক কি সমূলক সে কথা আমি বল্‌তে পারিনে, কেননা পার্শী-ভাষা আমি জানিনে, তার এক বর্ণও নয়। আমার বিশ্বাস যাঁরা এ মত প্রচার কর্‌ছেন, পার্শী-ভাষা তাঁরাও জানেন না, তার এক বর্ণও নয়। অতএব এ কথা নির্ভয়ে বলা যেতে পারে যে, পূর্ব্বোক্ত অনুমান প্রমাণ অভাবে অসিদ্ধ। তবে এ কথা আমি বল্‌তে বাধ্য যে, ভারতচন্দ্রের অশ্লীলতার নজির পার্শী দপ্তরে খুঁজতে যাবার কোনই প্রয়োজন নেই। এ সম্পদ তিনি সংস্কৃত কবিদের কাছ থেকে উত্তরাধিকারী স্বত্বে লাভ করেছেন। যে দোষে ভারতচন্দ্র দোষী সে দোষ উত্তর-কুমারে আছে, "শিশুপাল বধে" আছে, "কিরাতার্জ্জুনীয়"তে আছে আর "নৈষধ"-এর অষ্টাদশ সর্গে ত ও-বস্তু তার শেষ সীমায় পোঁচেছে। ভারতচন্দ্রের পূর্ব্ববর্ত্তী বাঙালী কবিরাও কাব্যের এ দোষকে গুণ বলেই যে মনে কর্‌তেন তার প্রমাণ "গীত-গোবিন্দ" ও পদাবলী। ভারতচন্দ্র যে একা চোরদায়ে ধরা পড়েছেন, তার কারণ "বিদ্যাসুন্দর"-এর অদ্যাবধি কোনও আধ্যাত্মিক ব্যাখ্যা দেওয়া হয় নি। আর এক কথা, "বিদ্যাসুন্দর"কে কাব্যে স্থানও তিনি প্রথম দেন নি। এ বিষয়ে রামপ্রসাদ তাঁকে পথ দেখান। রামপ্রসাদের "বিদ্যাসুন্দর" ও ভারতচন্দ্রের "বিদ্যাসুন্দর"-এর চাইতে, এক তিল কম অশ্লীল নয়। তবে আজকের দিনে, রামপ্রসাদ যে পরম ধার্ম্মিক ও ভারতচন্দ্র যে চরম ইয়ার-কবি হিসেবে গণ্য তার কারণ, ভারতচন্দ্রের লিপিচাতুর্য্য ছিল, রামপ্রসাদের ছিল না, তাই রামপ্রসাদের "বিদ্যাসুন্দর" ভূমিষ্ঠ হতে না হতেই পঞ্চত্ব প্রাপ্ত হয়েছে, আর ভারত-

চন্দ্রের "বিদ্যাসুন্দর" আজও বেঁচে আছে এবং সম্ভবত আরও বহুকাল থাকবে। "গুণ হয়ে দোষ হল বিদ্যার বিদ্যায়"—ভারতচন্দ্রের এ উক্তি তাঁর নিজের রচনা সম্বন্ধে সম্পূর্ণ খাটে। অপর পক্ষে রচনাশক্তির একান্ত অভাবটা রামপ্রসাদের "দোষ হয়ে গুণ হয়েছে"। ইতিহাসের আদালতের এ হেন বিচারকেই বোধ হয় ইংরাজরা বলেন—poetic justice!

কিন্তু ভারতচন্দ্রের কাব্যের প্রধান দোষ তার স্পষ্ট অশ্লীলতা নয়। "বিদ্যাসুন্দর"কে কাটছাঁট করেও তাকে নিষ্কলুশ করা যায় না। ভারতচন্দ্র বলেছেন:—

—"গিয়েছিনু নাগরীর হাতে
তারা কথায় মনের গাঁঠি কাটে।"

ভারতচন্দ্র এই নাগরীদেরই স্বজাতি। তাঁর কথাতেও মনের গাঁঠ কাটে, কেননা সে কথার মুখে হীরার ধার আছে, এবং সেই সঙ্গে তাদের বাঁকা চাহনিও আছে। তিনি সকল কথা একটু কটাক্ষ করেই বলেন, এবং তাঁর সে কটাক্ষ শুধু মানুষের উপর নয়, দেবদেবীর উপরেও পড়েছে। সমাজ বলো, নীতি বলো, ধর্ম্ম বলো, এ সকলের সঙ্গে ছিল তাঁর ঠাট্টার সম্পর্ক। যেখানে তিনি মন খুলে হাস্‌তে সাহস করেন নি সেখানে তিনি মুচ্‌কে হেসেছেন। তাঁর সরস্বতীর এই চোরা হাসি, এই চোখ-ঠারা ভাবটাই হয়ত আমাদের মনকে তার প্রতি সম্পূর্ণ অনুকূল হতে দেয় না। গোটা "অন্নদামঙ্গল" অবশ্য সুকুমার মতি বালক বালিকার পাঠ্যপুস্তক নয়, কিন্তু যাদের মন কচিও নয় কাঁচাও নয়, তাঁদের কাছে এক ভাষার গুণেই ভারতচন্দ্রের কাব্য চির-শ্রদ্ধার ও চির-আদরের সামগ্রী।

ভারতচন্দ্রের অশ্লীলতা সম্বন্ধে যেমন দ্বিমত নেই, তাঁর ভাষার শ্রেষ্ঠতা সম্বন্ধেও তেমনি দ্বিমত নেই। কি গুণে এ ভাষা এত চমৎকার, সেই বিষয়ে, কিঞ্চিৎ আলোচনা করায় আমার বিশ্বাস সময়ের বৃথাব্যয় করা হবে না।

( ৮ )

ভারতচন্দ্রের ভাষার প্রথম গুণ এই যে, তাঁর ভাষা হচ্ছে বিশুদ্ধ বাঙলা। আমি তাঁর ভাষাকে এই কারণে বিশুদ্ধ বিশেষণে বিশিষ্ট করেছি যে, তা শুধু খাঁটি বাঙলা নয় সেই সঙ্গে শুদ্ধ ভাষা। ভাষা সম্বন্ধে এই শুদ্ধ শব্দটি সাধুবাদীরা যে অর্থে বোঝেন সে অবশ্য তার প্রকৃত অর্থ নয়। "ঘরের কথা"কে "গৃহের শব্দ" যিনি বলে সুখ পান তিনি বলুন, তাতে আমার কোনই আপত্তি নেই কিন্তু "তদ্ভব"কে "-ৎসম"-এ ফিরিয়ে দেওয়া মাত্র ভাষা যে উল্টো লাফে একদম শুদ্ধ হয়ে ওঠে, এই ভুলটা দেশশুদ্ধ লোক না কর্‌লেই আমরা খুসি থাক্‌ব।

তবে এ কথাও সম্পূর্ণ সত্য যে, সাহিত্য রচনা কর্‌তে বস্‌লে, মৌখিক ভাষাকে শোধন করে নিতে হয়, কিন্তু রূপান্তরিত কর্‌তে হয় না। যে সকল সাধুরা রূপোকে সোনাতে রূপান্তরিত কর্‌বার কৌশল জানেন, তাঁরা অতি কৌশলী হলেও যে সাধু নন, এ সত্যের পরিচয় ত আমরা পুলিশ কোর্টেও পাই। তবে শোধন ক্রিয়ার ফলে ভাষা যখন নির্ম্মল ও উজ্জ্বল হয়ে ওঠে তখনই সে ভাষা শুদ্ধ হয়। কবিকঙ্কনের ভাষার সঙ্গে ভারতচন্দ্রের ভাষার তুলনা কর্‌লেই এই শুদ্ধতা কি বস্তু, তা সকলেই প্রত্যক্ষ কর্‌তে পার্‌বেন। কবিকঙ্কনের ভাষার অনেক

গ্রাম্য শব্দ, ও প্রাদেশিক শব্দ, অনেক শ্রুতিকটু শব্দ ও অসঙ্গত শব্দ বাদ দিয়ে, এক কথায় সে ভাষার গাদ কেটে নিয়ে, ভারতচন্দ্র তাঁর পরিষ্কার ও টলটলে ভাষা লাভ করেছেন। হাতের লেখার সৌন্দর্য্য যেমন অক্ষরের সরলতা, বিরলতা, সমতা ও সমশীর্ষতার উপর নির্ভর করে, রচনার সৌন্দর্য্যের তেমনি শব্দের সরলতা, বিরলতা, সমতা ও সমশীর্ষতার উপর নির্ভর করে। ভারতচন্দ্রের হাতে পড়ে বাঙলা-ভাষা ছাপার অক্ষরে পরিণত হয়েছে। ছাপার অক্ষরের সঙ্গে ছোট বড় অক্ষরের জড়ানো হাতের লেখার যে প্রভেদ, ভারতচন্দ্রের ভাষার সঙ্গে কবিকঙ্কনের ভাষার সেই প্রভেদ। "চণ্ডী"র ভাষা খাঁটি বাঙলা কিন্তু সেই বাঙলা "অন্নদামঙ্গল"-এ তার পূর্ণ পরিণতি লাভ করেছে।

( ৯ )

তোমরা সবাই জানো যে, ভাষার মূল উপাদান পদ নয় বাক্য, word নয় sentence, এবং জীবের যেমন দেহের গঠন ভেদেই তার জাতিভেদ হয়, ভাষারও তেমনি বাক্যের গঠন ভেদই তার জাতি-ভেদের কারণ। ভাষার জাতরক্ষা করার অর্থ হচ্ছে তার গঠন সাব্যস্ত রাখা। আজকাল আমরা বিজ্ঞানের প্রসাদে ভাষাকেও এক শ্রেণীর জীব বল্‌তে শিখেছি, কেননা হ্রাসবৃদ্ধি প্রভৃতি অনেক বিষয়ে দেহীর সঙ্গে, আপাতদৃষ্টিতে ভাষার অনেকটা সাদৃশ্য আছে; জীবের মত ভাষারও একটা ইভলিউসান আছে। কিন্তু বৈজ্ঞানিকরা আমাকে মাপ কর্‌বেন, এই জীবধর্ম্ম ভাষার উপর আরোপিত হয়েছে—ও ধর্ম্ম তার প্রকৃতিগত নয়। সাদৃশ্য ও সাম্য যে এক বস্তু নয়, এ জ্ঞান সকল বৈজ্ঞানিকের থাক্‌লে, তাঁরা জড়ের ধর্ম্ম

জীবে এবং প্রাণের ধর্ম্ম মনে আবিষ্কার কর্‌তেন না এবং তাঁদের হাতে পাকা বিজ্ঞান কাঁচা দর্শন হয়ে পড়্‌ত না। জীবদেহের গঠন ও ক্রমপরিবর্ত্তন হয় নৈসর্গিক নিয়মে, কিন্তু ভাষা গড়ে মানুষে; সুতরাং মানুষে ইচ্ছামত তার গঠনও পরিবর্ত্তন কর্‌তে পারে, সে পরিবর্ত্তনের ফলে তার রূপ কখনও বা খুলে যায় কখনও বা ঢাকা পড়ে, কিন্তু তাতে তার প্রাণ নষ্ট হয় না।

ইংরাজরা বলেন, "তাঁরা খান ভাত", আমরা বলি "আমরা ভাত খাই"। অর্থাৎ আমাদের কর্ম্মটা আসে আগে আর ক্রিয়াটা পড়ে শেষে। অপর পক্ষে ইংরাজদের ক্রিয়া আসে আগে আর কর্ম্ম তাকে অনুসরণ করে। এদেশের জনৈক নামজাদা পেট্রিয়ট এই ক্রিয়াকর্ম্মের পূর্ব্ব পশ্চাৎ ব্যবস্থা থেকে পূর্ব্ব ও পাশ্চাত্য জাতির মন ও চরিত্রের অবস্থা নির্ণয় কর্‌তে চেষ্টা করেছিলেন। ঐ বাক্যের গঠনের প্রভেদ থেকে তিনি ইংরাজ ও বাঙালীর মনের গঠনেরও ভেদ আবিষ্কার করে-ছিলেন। তিনি বলেন ভাতকে যখন আমরা অগ্রগণ্য করি, তখন আমরা নিশ্চয়ই বেশি Spiritual, আর ইংরাজরা যখন খাওয়াটাকে অগ্রগণ্য করে, তখন তারা নিশ্চয়ই বেশি materialistic. আহার যে matter, এ জ্ঞান আমার ছিল না। আমি ও-ব্যাপারকে এক রকম ক্রিয়া অর্থাৎ motion বলেই জান্‌তুম ও সেই সঙ্গে এ কথাও স্বীকার করি যে, ভাত বস্তুটী যে Spirit সে জ্ঞানও আমার ছিল না। তবে এ কথা অবশ্য জান্‌তুম যে ভাত থেকে একরকম spirit জন্মায় ভাষায় যাকে বলে "ধেনো"। এ জাতীয় spirit যে আমাদের দেশের চাইতে ইউরোপে লক্ষ গুণে বেশি আছে, সে কথাও অস্বীকার কর্‌বার যো নেই। সে যাইহোক, আমার বক্তব্য এই

যে, বাক্যের গঠন, জীবদেহের গঠনের, অনুরূপ হলেও এক জাতীয় নয়। আমরা জীব নামক অবয়বীর এক অবয়বের স্থানে, আর এক অবয়বের সংস্থান করতে পারি নে, কিন্তু "আমি ভাত খাই" না বলে "আমি খাই ভাত" অনায়াসে বলতে পারি, এবং আবশ্যক হলে বলেও থাকি। স্থল বিশেষে গঠনের এ হেন বিপর্য্যয়ে বাক্যের যে তেজবৃদ্ধি হয় তার একটি চল্‌তি উদাহরণ দেওয়া যাক্। "আমি খাই ঘাটে জল, তুমি খাও ভাঁড়ে"—এ বচন প্রসিদ্ধ। এ কথা বল্‌লে বঙ্গ-সরস্বতীর জাত মারতে একমাত্র তাঁরাই উদ্যত হবেন, যারা ভাষার তোলা জল ব্যাকরণের ভাঁড়ে খান। এত কথা বল্‌বার উদ্দেশ্য এই যে, রচনায় স্বভাষার গঠন বজায় রাখ্‌বার কোনরূপ বৈজ্ঞানিক কারণ নেই, সে গঠন পরিবর্ত্তণ করাতে লেখকেরা জীবহত্যার পাপে লিপ্ত হন না। তবে ভাষার মৌখিক গঠন লেখায় যতদূর সম্ভব রক্ষা করবার সার্থকতা এই যে, তাতে করে রচনা প্রথমত দুর্ব্বোধ হয় না, দ্বিতীয়ত তা শ্রুতিকটু হয় না। ভাষা সম্বন্ধে আমাদের মন ও কান দুই-ই যে ধরণের বাক্য শোনায় চিরদিন অভ্যস্ত, যতদূর সম্ভব রচনায় সেই ধরণের বাক্যই ব্যবহার করা শ্রেয়। ভাষা জিনিষটে বক্তার একলার সম্পত্তি নয়, শ্রোতাও তার অংশীদার। শ্রোতা ও বক্তা এ দু'য়ের দু' হাত না মিল্‌লে তাতে ভাষার তালি বাজে না। তা ছাড়া লেখকদের পক্ষে, লেখার চাল মুখের চালের অনুরূপ করাই নিরাপদ। ডিগবাজি খেতে গিয়ে লোকে সাহিত্যক্ষেত্রেও চিৎপাৎ হয়।

একজাতীয় সকল জীবের গঠন এক হলেও সকলের গড়ন এক নয়, কারও গড়ন সুন্দর কারও বা কুৎসিৎ, আবার কারও বা না-এদিক না-ওদিক। ভাষার মুল গঠন এক হলেও প্রতি লেখকের লেখার গড়ন

এক নয়। কোন রচনার গড়ন সুন্দর, কোনটির বা কুৎসিৎ আবার কোনটির বা চোখে পড়্‌বার মত দোষ গুণ কিছুই নেই।

ভাষার গড়নের সৌন্দর্য্য অবশ্য তার রচনার উপর নির্ভর করে, অর্থাৎ শব্দের সঙ্গে শব্দের বন্ধন, তাদের পরস্পারের সঙ্গতি, সুষমা ও ঐক্যের উপর নির্ভর করে। এ বিষয়ে ভারতচন্দ্রের কৃতিত্ব অতুল। প্রাচীন লেখকদের মধ্যে কেউ বাঙলা-ভাষাকে তাঁর তুল্য সুন্দর ও সুঠাম গড়ন দিতে পারেন নি। এই আর এক কারণ যার জন্যে নির্ভয়ে বলা যায় যে, বাঙলা-ভাষার প্রকৃতি ভারতচন্দ্রের হাতে প্রকৃত হয়ে উঠেছে। যাকে আমরা ভাষার গঠন বলি, সে হচ্ছে তার মোটা গড়ন, তার অন্তরে ঢের জড়তা ঢের আড়ষ্টতা আছে। ভারতচান্দ্রর লেখনীর স্পর্শে সে ভাষার হাত-পায়ের খিল খুলে গিয়েছে, তার গতি পূর্ণমাত্রায় স্বচ্ছন্দ হয়েছে। ভারতচন্দ্রের প্রতিভার বলে বাঙলা-ভাষার matter শুদ্ধ হয়েছে, তার motion মুক্ত হয়েছে, এক কথায় সে ভাষা তার স্বরূপ লাভ করেছে।

( ১০ )

যাঁদের করস্পর্শে ভাষা তার স্বরূপ লাভ করে, তাঁদেরই আমরা আর্টিষ্ট বলি। এবং এই সূত্রেই, আমরা ভারতচন্দ্রকে প্রাচীন বঙ্গ-সাহিত্যের সর্ব্বপ্রধান নয়, একমাত্র আর্টিষ্ট বলি। কিন্তু এ কথা বলায় যে কি বলি, সে বিষয়ে আমাদের যে খুব একটা স্পষ্ট ধারণা আছে, এমন কথা জোর করে বলা যায় না। সাহিত্যরাজ্যে আর্ট শব্দের পরিষ্কার অর্থ আমাদের যদি জানা থাকৃত, তাহলে কে কবি আর কে

আর্টিষ্ট, এ নিয়ে পরস্পরের এত মতভেদ হত না। আমরা বলি, যাঁর ভাবের ঐশ্বর্য্য বেশি তিনি কবি, আর যাঁর ভাষার সৌন্দর্য্য বেশি তিনি আর্টিষ্ট। এ উক্তি কিন্তু সন্তোষজনক নয়। যাঁর ভাব আছে, কিন্তু ভাষা নেই, এমন ব্যক্তি কবি হতে পারেন না, আর যাঁর ভাষা আছে অথচ ভাব নেই, এমন ব্যক্তিও আর্টিষ্ট হতে পারেন না। মন নামক পদার্থ এবং সেই মনকে প্রকাশ করবার সামর্থ্য, এই দুয়ের গাঢ় মিলন না হলে, সাহিত্যের সৃষ্টি হয় না। তারপর মনের ভাবেরও যেমন অসংখ্য বৈচিত্র্য আছে, ভাষার রূপেরও তেমনি অসংখ্য বৈচিত্র্য আছে, শুধু তাই নয়, বিশেষ বিশেষ ভাবের আবার বিশেষ বিশেষ রূপ আছে।

যে কবি কাব্যে আত্ম-প্রকাশ করেন, অর্থাৎ যে কবি subjective তাঁর ভাষা এক ধাঁচের, আর যে কবি বাহ্যবস্তু নিয়ে কারবার করেন, (অপর লোকও সব বাহ্যবস্তুরও অন্তর্ভূত),— অর্থাৎ যে কবি objective, তাঁর ভাষা আর এক ধাঁচের। এঁদের একজন রচনা করেন গীতি-কাব্য আরেকজন কথা-কাব্য। সুতরাং এই দুই শ্রেণীর কবির আর্টও স্বতন্ত্র।

এই স্বাতন্ত্র্যের স্বরূপ নির্দ্ধারণ করতে চেষ্টা করা যাক। গায়ক-কবির আর্ট সঙ্গীতের কোঠায় পড়ে। আর কথক-কবির আর্ট হচ্ছে, মূর্ত্তি গড়বার আর্ট, তাই কথক-কবিদের আর্ট, ইংরাজিতে যাকে বলে plastic art, তারই কোঠায় পড়ে। এ জাতীয় কবিরা কাব্যের গড়নের উপরই বেশি ঝোঁক দেন। এ হিসেবে অবশ্য তাঁদের আর্টিষ্ট এবং অন্যদের কবি বলা যেতে পারে। এবং এই হিসেবেই ইংরাজ কবিরা বড় কবি, আর ফরাসী কবিরা বড় আর্টিষ্ট, এবং এই হিসাবেই, ভারতচন্দ্র অপেক্ষা চণ্ডিদাস বড় কবি, আর ভারতচন্দ্র চণ্ডিদাসের চাইতে বড় আর্টিষ্ট। এ দুয়ের ভিতর আর একটি প্রকাণ্ড প্রভেদ

আছে। Lyric কবিতার ধর্ম্ম গদ্যের ভিতর আনা যায় না। এ ক্ষেত্রে একের ধর্ম্ম অপরে আরোপ কর্‌বার চেষ্টা যে কেবল বৃথা তা নয়, বিপজ্জনকও বটে। অপরপক্ষে দ্বিতীয় শ্রেণীর কাব্যের আর্টের গদ্যেও স্থান আছে, কেন না এ কাব্যের মুখ্য বস্তু হচ্ছে কথা, আর তার ভাষা গদ্য-ঘেঁসা।

আর এক কথা। এ আর্ট কতক পরিমাণে শেখাও যায়, শেখানোও যায়, লিরিকের আর্ট কিন্তু প্রতি কবির সম্পূর্ণ নিজস্ব। শ্রীকৃষ্ণের বাঁশীর মত কবির রসনা, "মনের আকুতি বেকত করিতে কত না সন্ধান জানে"। এ আর্টের উপাদানও আমাদের হাতে সম্পূর্ণ ধরা পড়ে না। কোনও কোনও রাগিণীতে মধ্যমের বদলে কড়িমধ্যম লাগালে তার শ্রী কেন ফিরে যায়, এবং কোন কোনও রাগিণীতে কোমল রেখাবের বদলে শুদ্ধ রেখাব লাগালে তার সুর কেন আরও কোমল হয়ে আসে, তার কারণ কি কেউ নির্দ্দেশ কর্‌তে পারেন ? এ ক্ষেত্রে মানুষের instinct-ই হচ্ছে যথার্থ আর্টিষ্ট, এবং গান রচনায় রচয়িতার কানই হচ্ছে আসল গুণী। যাঁর কান ও মন একই বস্তুর এ-পিঠ ও-পিঠ নয়, তার হাতে আর যে কবিতাই হোক লিরিক জন্মলাভ করে না। কথক-কবিদের আর্টের সন্ধান আমরা কতকটা জানি, কি কি গুণে তাঁদের লেখা আর্ট হয়েছে তা আমরা ধর্‌তে পারি। বস্তুর মত ভাষারও গড়ন অবশ্য তার উপাদান সাপেক্ষ। সঙ্গীতের উপাদান ত হাওয়া কিন্তু মূর্ত্তি গড়্‌বার জন্য স্থূল পদার্থ চাই। রাগ-রাগিণী অশরীরী, ও মূর্ত্তি-শরীরী। দুয়ের ভিতর এই মূল প্রভেদ, এবং এ প্রভেদ যথার্থই আসমান জমিন প্রভেদ।

পাষাণের মূর্ত্তির গড়ন যতটা পরিচ্ছন্ন হয়, মাটির মূর্ত্তির তা হয় না, তারপর যে-সে মাটিতে মূর্ত্তি গড়া যায় না, তার জন্য চাই ইটল মাটি

অর্থাৎ গড়নের জন্য, উপাদানের কাঠিন্য হচ্ছে তার একটি মহাগুণ। বাঙলা-ভাষার একটি মহাদোষ এই যে তা বাঙলার মাটির মত কতকটা জলো ও এলো। এ ভাষাকে ইচ্ছে করলে নমনীয় কমনীয়, প্রভৃতি শ্রুতিমধুর বিশেষণে অভিহিত করতে পারো, কিন্তু তাতে তার প্রকৃতি সমানই থেকে যাবে। এই নরম ভাষাকে বৈষ্ণব কবিগণ, আরও নরম করে নিয়ে এসেছেন, যা স্বভাবতই কোমল তাকে অতি কোমল করে এনেছেন। বৈষ্ণব কবিরা "খানি", "টুকু" প্রভৃতি উপসর্গের অতিপ্রয়োগে বাঙলাকে একটি আদুরে ভাষা করে তুলেছেন। যে ভাষার "ঢল ঢল কাঁচা অঙ্গের লাবণী অবনি বহিয়া যায়" সে গড়ানো ভাষার কোনও গড়ন দেওয়া যায় না, কিন্তু তাতে গান গাওয়া যায়। যে ভাষায় "রামায়ণ" "মহাভারত" "চণ্ডী" প্রভৃতি লেখা হয়েছে, সে ভাষা কিন্তু তরল হলেও অতিতরল নয়, পারার মত তা তরল পদার্থ হলেও স্থূলপদার্থের কোঠাতেই গিয়ে পড়ে। এই ভাষাই হচ্ছে ভারতচন্দ্রের কাব্যের মূল উপাদান। শুনতে পাই সন্ন্যাসীরা পারার শিব গড়িয়ে পূজো করেন। ভারতচন্দ্রও এঁদের মত পারা জমাবার সন্ধান জানতেন। এর জন্য বাঙলা-ভাষার সঙ্গে তাঁকে কতক পরিমাণে সংস্কৃত শব্দের খাদ্ মেশাতে হয়েছে, কিন্তু সে খাদ এত উচিতমাত্রায় এত বেমালুম করে মেশান হয়েছে যে, তাঁর ভাষার অন্তরে কি বাহিরে, কোনরূপ ধাতুবৈষম্য ঘটে নি। তাঁর কাব্যে বাঙলা ভাষার সুর পুরো বজায় আছে। তাঁর বীণার মূল-তার হচ্ছে বাঙলা, সংস্কৃত ও ফার্সির তরফের তার চড়ানোতে সে বীণার সুরের সুধু বেশি খোলতাই হয়েছে। আনাড়ীর হাতে এই বাঙলা সংস্কৃতের সংযোগে ভাষা যে কতদূর উৎকট হয়ে উঠতে পারে তার প্রমাণ রামপ্রসাদের "বিদ্যাসুন্দর"-এ দেখতে পাবে।

ভারতচন্দ্রের কাব্যের সুরের অবশ্য কোনও গাম্ভীর্য্য নেই, তার কারণ তাঁর কাব্যের বিষয়েরও কোনরূপ গাম্ভীর্য্য নেই। তাঁর ভাষা তাঁর ভাবের মতই হাল্কা, এত হাল্কা যে সময়ে সময়ে তা ছিবলেমির কাছ ঘেঁসে যায়, কিন্তু সে ক্ষেত্রেও তার বিশিষ্টতা নষ্ট হয় না, তা ইতর হয়ে পড়ে না। তাঁর ভাষা ফুর্‌ফুরে কিন্তু জ্যলজেলে নয়, ঝর্‌ঝরে; কিন্তু খট্‌খটে নয়। এটা নিতান্তই দুঃখের বিষয় যে ভারতচন্দ্র গৎ-তোড়ায় তাঁর হাত তৈরি করেছিলেন, রাগের সাধনা তিনি কখনো করেন নি। ইচ্ছে কর্‌লে তিনি যে আলাপেও সিদ্ধ হস্ত হতে পার্‌তেন, তার ইঙ্গিত তার কাব্যের ভিতরই পাওয়া যায়। সে যাই হোক্ বাঙলা ভাষার সুর ও ছন্দের গুণের পরিচয় নিতে হলে, প্রাচীন বঙ্গ-সাহিত্যে ভারতচন্দ্র ছাড়া আর দ্বিতীয় গুণী নেই, যার শরণ আমরা গ্রহণ কর্‌তে পারি।

এ প্রবন্ধ শেষ কর্‌বার আগে আমি তোমাদের স্মরণ করিয়ে দিতে চাই, যে রামপ্রসাদের গান ক'টি বাঙলা সাহিত্যের অপূর্ব্ব সম্পদ। এ গানের ভাষা ভাব, সুর সবই হচ্ছে খাঁটি বাঙলা। এর ভাষার ভিতর ব্রজবুলির ভেজাল নেই, এর ভাবের অন্তরে বৃন্দাবনের প্রভাব নেই, এর সুরের গায়ে হিন্দুস্থানী ঢঙ নেই; অথচ গান হিসেবে ভাবে ও ভাষায় এর তুল্য অকৃত্রিম ও অকপট ও জোরালো-সাহিত্য প্রাচীন বঙ্গ-সাহিত্যে আর নেই। রামপ্রসাদের কবিতার প্রধান বিশেষত্ব এই যে, এ সাহিত্য আগাগোড়া মর্দ্দানা—এ গুণ বাঙলা সাহিত্যে দুর্লভ।

ভারতচন্দ্রের "বিদ্যাসুন্দর" প্রকাশিত হবার পর রামপ্রসাদের জ্ঞান হল যে, ও-শ্রেণীর কাব্য রচনা করা তাঁর কর্ম্ম নয়। এই সুবুদ্ধি

হওয়াতে তিনি, একসঙ্গে কথা-কাব্য ও সংস্কৃত-ভাষা এ-দুয়ের দিকে পিঠ ফিরিয়ে নিজের মনের কথা, নিজের মুখের কথায় বল্‌তে কৃতসংকল্প হলেন। ফলে বাঙালীর চির আদরের ধন রামপ্রসাদের "গান" জন্ম-লাভ করলে।

"বিদ্যাসুন্দর"-এর রচনা শেষ হবার পর, ভারতচন্দ্রেরও যদি এরূপ সুমতি হত, তাহলে আমার বিশ্বাস তিনি বাঙলার সাহিত্য-ভাণ্ডারে কতকগুলি অমূল্য লিরিক রেখে যেতে পার্‌তেন। যাঁর হাত থেকে "ওহে বিনোদ রায় ধীরে যাও হে, অধরে মধুর হাসি বাঁশীটি বাজাও হে"—এই গান বেরিয়েছে তাঁর লিরিকে গড়ন ও দরদ দু'-ই সমান থাকৃত। যে "বিদ্যাসুন্দর" লেখে তারও যে আত্মা থাকতে পারে, তার প্রমাণ ত স্বয়ং রামপ্রসাদই রয়েছেন। "অন্নদামঙ্গল"-এরও সাক্ষাৎ সহজে মিল্‌বে না, ও-গ্রন্থেরও আবিষ্কার কিঞ্চিৎ অনুসন্ধান সাপেক্ষ। তারপর বাজার হাঁট্‌কে যা পাওয়া যাবে, তার কাগজ খারাপ, ছাপা খারাপ, বানান ভুল ও পাঠ-অশুদ্ধ। সে কালের যে-বই একালেও পাঠ্য তার বাইরের চেহারা যে সুন্দর হওয়া উচিত, এ জ্ঞান আমাদের আজও হয় নি। ইংরাজিতে যাকে বলে classics, তার আদর আমাদের কাছে যে নেই, তার পরিচয় তার চেহারা থেকেই পাওয়া যায়।

শুধু ছাপার রূপে অবশ্য classics-এর ভাল সংস্করণ হয় না। টীকা ভাষ্যের গুণেই তার আসল মর্য্যাদা। আমাদের পক্ষে টীকার সাহায্য বিনা "অন্নদামঙ্গল"-এর আদ্যোপান্ত মর্ম্ম উদ্ধার করা কঠিন। প্রথমত ও-কাব্যে বহু ফার্সি ও আরবি শব্দ আছে যার অর্থ এ যুগের বাঙালী ভুলে গিয়েছে। তারপর ভারতচন্দ্র বহু ঐতিহাসিক ঘটনার

উল্লেখ করেছেন, যার সত্যাসত্যের বিচার সাধারণ পাঠকের পক্ষে করা অসম্ভব। সুতরাং এ-কাব্যে টীকাকারের বিদ্যাবুদ্ধি প্রয়োগের যথেষ্ট অবসর আছে। শুন্‌তে পাই, একখানি সটীক "অন্নদামঙ্গল" ইতিমধ্যে দেখা দিয়েছে, কিন্তু সে টীকা যে কতদূর নির্ভরযোগ্য দুটি একটি কথার ব্যাখ্যা থেকেই তার পরিচয় পাওয়া যায়। কোনও একটি বন্ধুর মুখে শুনেছি যে টীকাকার "কজল্‌বাস" শব্দের অর্থ করেছেন "কজ্জলবাস" অর্থাৎ যে কাজলের মত কালো কাপড় পরে। "কজল্‌বাস" অবশ্য সংস্কৃত নয় "যাবনী" শব্দ এবং ও-হচ্ছে একটি বিশেষ পাঠান জাতির নাম। তারপর টীকাকার "আলেমান" শব্দের অর্থ করেছেন "আক্কেলমান। "আলেমান" শব্দ অবশ্য ফার্সি নয় ফরাসী এবং ও হচ্ছে একটি বিশেষ ইউরোপীয় জাতির নাম, ইংরাজিতে যাদের বলে "জর্ম্মাণ"। "আলেমান" যে "আক্কেলমান" নয়, তার পরিচয় ত আজ পৃথিবীশুদ্ধ লোক পেয়েছে!

আমাদের প্রাচীন সাহিত্যের চর্চ্চা থেকে তোমরা এই জ্ঞান লাভ করবে যে, বাঙলা-ভাষার মূল উপাদান এমন পদার্থ, যার সাহায্যে সাহিত্যের যা চরম বস্তু অর্থাৎ গীতিকাব্য ও কথাকাব্য—সে দুই সমান গড়া যায়।

শ্রীপ্রমথ চৌধুরী।

---

কৃষ্ণপক্ষ যে বিজলীকে গর্ভে ধারণ করেছিল, সেটা তার দেহের কৃষ্ণবর্ণেই ধরা পড়বার কথা। গোড়াতেই বৃহস্পতি হয়তো প্রতিকূলে দাঁড়িয়েছিল ; নতুবা বিজলীর এমন দুর্ভাগ্য যে, মুন্‌সেফবাবুর বড় গিন্নি, উমাতারা হল তার গর্ভধারিণী। বড় গিন্নির প্রতি মুন্‌সেফবাবুর যে কতটা অনুরাগ ছিল, এই একটি ঘটনা তার পরিমাণ নির্দ্ধারণ করবে,—বড় বৌয়ের উমাতারা নামটি যেমন তেমনিই রয়ে গেছল। আর যদিচ মুন্‌সেফবাবু পৌরাণিক বিধি-বিধানের উপর বিশেষ শ্রদ্ধা রাখ্‌তেন, তাঁর ছোট বৌয়ের যোগমায়া নামটির পৌরাণিকত্ব কোন্‌ কালে ঘুচে গেছল। আদরের অত্যধিক চাপে সে নামটি ভেঙ্গে-চুরে নানা ঢংএ, নূতন নূতন ছাঁদে গড়ে উঠেছিল। কত রকম অভিব্যক্তি তার ঘটেছিল, যথা—মায়া, মায়ারাণী, রাণী ইত্যাদি।

জন্ম থেকেই বিজলী যে পাপের বোঝা বয়ে এনেছিল, তার গুরুভার আরো বাড়াবার জন্য গ্রহগণ হয়তো কুপিত হয়ে তার বিরুদ্ধে একটা ষড়যন্ত্র করেছিল। বিজলীর পিঠ পিঠ আরো দু'টি কন্যা-সন্তান যেন কোন গৃহ-দেবতার অভিশাপের মতোই এসে উমাতারার কোলটি জুড়ে নিয়েছিল। আর মায়ারাণী পূর্ব্বজন্মে যে সতী সাধ্বী রমণী ছিল, এইটে যেন প্রতিপন্ন করে তার আর জন্মের পুণ্যের জের, এজন্মে তার মাণিক-জোড়, দু'টি পুত্র-সন্তানে এসে ঠেকেছিল।

বড়গিন্নির বড় মেয়ে বিজলী যখন যৌবনের প্রথম ধাপে পা দেবে দেবে এমন হল, মুন্‌সেফবাবু ত ভেবে সারা হতে লাগ্‌লেন। মেয়ের প্রতি মুন্‌সেফবাবুর যে একান্ত প্রাণের দরদ ছিল, এটা অনুমান করবার বড় বেশি সঙ্গত হেতু অবশ্য ছিল না। কিন্তু মুন্‌সেফবাবুর মান-মর্য্যাদার ত একটা দাবী ছিল। একজন মুন্‌সেফ হয়ে তিনি ত পথের একটি

ভিখারী ধরে তার সঙ্গে মেয়ের বিয়ে দিতে পারেন না। কোন সৎ-পাত্রে যদি তিনি কন্যাকে সম্প্রদান না করেন, লোকে তবে বল্‌বে কি? এইরূপ নানা কারণে মুন্‌সেফবাবুর কালো মেয়েটি তাঁর বিষম একটি গলগ্রহ হয়েই উঠ্‌ল। বিজলীর রূপের আকর্ষণ ত আদৌ ছিল না। তারপর যথেষ্ট টাকা ছড়িয়ে বর-পক্ষকে যে প্রলুব্ধ কর্‌বেন, মুন্‌সেফ-বাবু তাতেও ছিলেন নারাজ।

উমাতারা কতকগুলো মেয়ে প্রসব করে মুন্‌সেফবাবুর সুখ শান্তি হরণ করে তাঁকে বড়ই যে ভাবিয়ে তুলেছিল, এইটে উপলক্ষ্য করে মায়ারাণী বড়গিন্নিকে খোঁচা মার্‌তে কসুর কর্‌ত না। উমাতারার মুখে অবশ্য কোন জবাব ছিল না। সে বরং তার মেয়েদেরই গালিগালাজ কর্‌ত,—ছাইকপালী, আভাগী, পোড়ামুখী, তোরা আমার কাল হয়ে জন্মেছিস, তোদের জন্যই আমাকে বুকে নোড়ার ঘা মেরে আত্মহত্যা কর্‌তে হবে, ইত্যাদি। আর বিজলীর মনের ভিতর তখন যে কি রকম হত, সেটা বলা বড় শক্ত। সে থাক্‌ত চুপ্ করে। হয়তো তার প্রাণের বেদনা এমনভাবেই জমাট বেঁধে গেছল যে, কোন কথাটি আর বেরোবার পথ পাচ্ছিল না।

অমনতর বিপদের দিনে যেন একটি দেবতা এলেন, তাদের শাপ মুক্ত করতে। কুমারীশের জ্যেষ্ঠ সহোদর তখন যশোহরের একজন সব্‌-ডেপুটী কালেক্টর। একটি বড় বাড়ীর অর্দ্ধাংশ ভাড়া নিয়ে তিনি সেখানে বাস কর্‌তেন, আর তার অপর অংশের ভাড়াটে ছিলেন মুন্‌সেফবাবু। কুমারীশ এম্, এ, পরীক্ষা দিয়ে কিছু দিনের জন্য যশোহরে এসে তার দাদার বাসাতে ছিল। •

কুমারী স্নেহলতা এর কিছুদিন পূর্ব্বেই সনাতন হিন্দু-সমাজের

অটল প্রথার কঠিন নাগপাশে আত্ম-বলিদান দেয়। আর সেইটে উপলক্ষ্য করে দেশে তখন ভারি একটা আন্দোলন উপস্থিত হয়। যুবকদের প্রাণে একটি কর্ত্তব্য বোধ জাগিয়ে তোল্‌বার জন্য দেশের বক্তারা তাঁদের গলার আওয়াজ একেবারে সপ্তমে চড়িয়ে আকাশের বুক বিদীর্ণ কর্‌ছিলেন; আর কাগজের সম্পাদক মহাশয়রা তাঁদের কলমের ডগাতে যেন ভাবের ফোয়ারা ছুটিয়ে দিলেন। কুমারীশ আশৈশব কর্ত্তব্য পালনেই রত ছিল। পাঠশালার গুরুমহাশয়, ইস্কুলের শিক্ষক এবং কলেজের অধ্যাপক থেকে সুরু করে, যেখানে যার কাছে তার যতটুকু কর্ত্তব্য, সেটা ষোল আনা চুকিয়ে দেওয়াই তার জীবনের ছিল চরম লক্ষ্য। এহেন কর্ত্তব্যপরায়ণ কুমারীশের অন্তরে, সেই আন্দোলনের দিনেও কর্ত্তব্যের একটি সুমহান মুর্ত্তি দেখা দিয়েছিল, যার পুজো জোগাতে কুমারীশের সমগ্র মন সর্ব্বতোভাবেই প্রস্তুত ছিল। একটি উপলক্ষ্যও এবার জুটল।

কুমারীশ বাড়ীতে গিয়ে বৌদিদিকে চিঠি লিখ্‌লে, বিজলীকে সে বিয়ে কর্‌বে। এতে যদিচ সকলেই কিছু বিস্মিত হলেন, কোনরূপ আপত্তি করবারও কোন হেতু কারুর ছিল না। মুন্‌সেফ্‌বাবু আর সব্‌-ডেপুটী বাবু উভয়েই জাতিতে ছিলেন কায়স্থ, এবং একই শ্রেণীর। আর দুটি ঘরও ছিল প্রায় সমতুল্য। যদি কুমারীশের মা জীবিত থাক্‌তেন, তিনি হয়তো তাঁর অমন পাশ-করা ছেলেকে একটি কালো মেয়ের সঙ্গে বিয়ে দিতে নারাজ হতেন; কিন্তু কুমারীশের মাও বেঁচে ছিলেন না।

একদিন এক শুভক্ষণে মুন্‌সেফবাবু কুমারীশের হাতে কন্যা সম্প্রদান কর্‌লেন। বিজলীর এ সৌভাগ্যকে বাঙালী-ঘরের তরুণী-

মাত্রই হয়তো ঈর্ষ্যা করবেন। কিন্তু তার মনের খবরটা তাঁরা যদি একবার পান, তাহলে তাঁদের মনোভাবের হয়তো বিপর্য্যয় ঘটবে। ভাগ্যদেবতার যে দান আর দশজনে হয়তো তা পরম সৌভাগ্য জ্ঞানে গ্রহণ করতেন, কিন্তু বিজলীর হাতে তার মর্য্যাদা যেন কতকটা ক্ষুণ্ণই হয়েছিল।

প্রথম পরিচয়েই বিজলী বুঝ্‌ল, কুমারীশ যে আপনা হতে সেধে এসে তাকে তার জীবনের সঙ্গিনী করে নিয়েছে, প্রাণের দরদই এর মূল কারণ নয়।

কুমারীশের ভিতরের প্রাণটি শুকিয়ে কর্ত্তব্যের কঠিন-মূর্ত্তিই ধারণ করেছিল। নানা প্রসঙ্গে কুমারীশও এই কথাটিই বিজলীকে জানিয়ে দিল। অপ্সরীতুল্য কত সুন্দরী নারী তার মতো একটি সৎপাত্রের শ্রীকরকমলে সমর্পিত হলে আপনাদের জীবন ধন্য জ্ঞান করত; কিন্তু কর্ত্তব্যের আহ্বান উপেক্ষা কর্‌তে না পেরে, সে আত্মসুখ বিসর্জ্জন দিয়েছে। এমন দেবতুল্য যে স্বামী, দ্বৈতবাদীর পূজোর দেবতার মতো সসম্ভ্রমে দূরে দাঁড়িয়ে তাকে পূজো করাই বেশ চলে; অদ্বৈতবাদীর জীবন-দেবতা হয়ে সে প্রাণের প্রীতিভরা শতদলটির উপর ভ্রমরের মতো এসে এক দণ্ডও বসে না। বিজলী তার পূজোর দেবতাকে পেল, কিন্তু প্রাণটি তার অনাদরেই পড়ে রইল। বিজলীর অন্তরের প্রতি অণু-পরমাণুকে স্পন্দিত করে রয়েছিল তার যে প্রাণের বেগ, সে যদি একটি প্রাণের পথ খোলা পেত, সৌদামিনীর মতো তা আলোক দানেই হয়তো নিঃশেষ হত; কিন্তু বদ্ধতার অন্তরে নিবিড় মেঘের স্তব্ধনীড়ে, ঝড়ের একটি প্রচণ্ড বেগের মতোই যেন তা লীন হয়ে রইল।

বিবাহের পর বহুদিন বিজলী তার স্বামীর পল্লি-ভবনেই বাস করেছিল। সে বাড়ীতে থাক্‌তেন কুমারীশের একটি জ্যেষ্ঠ ভ্রাতা— তাঁর স্ত্রী-পুত্র-পরিবার নিয়ে। বিজলীর হল তখন নদীর অবস্থা। নদী ধায় আপনার প্রেমাস্পদের উদ্দেশে। যদি তার উদ্দাম গতিবেগ প্রতিহত হয়, নদী তখন আপনার প্রাণের আবেগে দু'ধারের ক্ষুদ্র ক্ষুদ্র উপনদীগুলোকেই ভরে তোলে। বিজলী তার বড় জায়ের ছোট ছোট ছেলে-মেয়েগুলোকে এম্‌নি আবেগের সঙ্গে ভালবাস্‌তে লাগ্‌ল, যেন তার ঐ ভালবাসাতেই আপনাকে একেবারে নিঃশেষ করে দিয়ে, সে আত্মবিস্মৃত হয়ে থাক্‌তে চায়। গৃহকর্ম্মে যে বিজলীর মন না ছিল, তা নয়; কিন্তু যার জীবনের মুখ্য ধারাই হল প্রাণের প্রেমের ধারা, সংসারের খুঁটিনাটি তুচ্ছ বিষয়গুলোর স্বার্থের বন্ধনে প্রাণটি তার কোনকালে কি বাঁধা পড়বে? গৃহকর্ম্মে বিজলীর যেটুকু আগ্রহ ছিল, তার চাইতে ঢের বেশি উৎসাহে বিজলী তার ভাশুর-কন্যা জ্যোতির্ম্ময়ীর খেলাঘরের কাজকর্ম্ম কর্‌ত। আট বছরের বালিকা জ্যোতির্ম্ময়ী তার নতুন খুড়িমাকে বেশ একজন খেলার সঙ্গিনী পেয়েছিল।

জ্যোতিকে বিজলী বড় বেশি ভাল বাস্‌ত। একদণ্ড তাকে সে চোখের আড়াল হতে দিত না। আর জ্যোতিও খুড়িমার ভারি ভক্ত হয়ে উঠেছিল। মেয়েটি যেন ছিল প্রাণেরই একটা ঢেউ। একদণ্ড সে স্থির হয়ে বস্‌তে পারত না। একমুহূর্ত্তও তার মুখটি বন্ধ থাকত না। একটি তরঙ্গের মতই জ্যোতি সদাসর্ব্বদা খল্‌খল্‌ করে নেচে-কুঁদে বেড়াত। হাত নেড়ে, চোখ ঘুরিয়ে, ঘাড় বাঁকিয়ে, লাফিয়ে-ঝাঁপিয়ে, মুখের প্রতি শব্দটিকে র উচ্ছ্বাসে ভরে তুলে জ্যোতি যখন কথা

কইত, বিজলী একেবারে মুগ্ধ হয়ে তার দিকে একদৃষ্টে চেয়ে থাকৃত। কখন বা ছুটে গিয়ে জ্যোতিকে বুকের মধ্যে টেনে নিয়ে বিজলী আবেগ-ভরে তার চোখে-মুখে চুম্বন বর্ষণ করত। আবার থেকে থেকে এক একদিন বিজলীর ভিতর প্রাণের জোয়ার এমন প্রবল হয়ে আস্‌ত, ক্ষুদ্র এক বালিকা তার বেগ আর সাম্‌লে নিতে পারত না।

রূপ-রাজ্যের কোন বিরহিণীর অন্তর-বেদনা, স্তব্ধরাত্রের মাঝি-মাল্লারা তাদের গানের সুরে যখন ভরে তুলে, আকাশের গায়ে ঢেলে দিত, আর সেই এক নারী-প্রাণের বিচ্ছেদ-বেদনা নিশীথ প্রকৃতির তিমির-গড়া দেহখানি চুইয়ে, গড়িয়ে গড়িয়ে বিজলীর প্রাণের উপর এসে ঝরত, তখন জ্যোতিকে বিজলী যদিও তার বুকের ভিতর রাখত, স্বপ্নদ্রষ্টার মনের মতো প্রাণটি তার দেহের অন্তঃপুর থেকে বেরিয়ে এসে, কার যেন প্রতীক্ষায় অস্থির হয়ে ছুটাছুটি কর্‌ত—যার বস-বাস বিজলীর কল্পনার ত্রিসীমানার ভিতর কোথায়ও ছিল না। এক এক-দিন বিজলী তার শোবার ঘরের জান্‌লার গরাদে হাত দুখানি রেখে দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখ্‌ত, সুমুখের বিস্তীর্ণ মাঠ জ্যোৎস্নাতে একেবারে ভরে গিয়েছে; আর প্রকৃতি তার সমগ্র আকাশ দিয়ে সেই উন্মুক্ত ক্ষেত্রের একটি অশ্বত্থ-বৃক্ষকে বেষ্টন করে ধরে হাসি-ভরা মুখখানি নিয়ে তার উপর যেন ঝুঁকে পড়েছে। গাছের কচি কচি পাতাগুলো মন্দ মন্দ বাতাসে থর্ থর্ করে কাঁপছে, সে কাঁপুনি যেন প্রিয়জনের আলিঙ্গন-বদ্ধ কোন নারীরই প্রাণের শিহরণ। এ-দৃশ্যটি দেখ্‌তে দেখ্‌তে বিজলী একেবারে আত্মহারা হয়ে যেত, কার যেন সন্ধানে তার প্রাণটি কোথায় নিরুদ্দেশ-যাত্রা কর্‌ত।

কুমারীশের শাস্ত্র মতে নারীর কর্ত্তব্য, পুরুষের ইচ্ছায় বাহনটি হয়ে

পতির পদ-সেবা করা, এবং গৃহ-কার্য্যে বিশেষভাবে মন দেওয়া। বিজলীর সে কর্ত্তব্য-সাধনে কিছুমাত্র অমনোযোগ ছিল না। কিন্তু বিজলী যখন দেখ্‌ত, নদী-পারের তরু-শ্রেণীকে ছাড়িয়ে আরো দূরে—বহু দূরে, আকাশের একেবারে শেষ প্রান্তে মেঘের শ্যামল বক্ষে মাথা রেখে তিন চারটি তালগাছ স্থির হয়ে দাঁড়িয়ে আছে, আর আরো ঊর্দ্ধে মেঘের শ্যামলতায় শ্বেতপক্ষ বিস্তার করে, একটি বিহগ আর বিহঙ্গিণী মনের উল্লাসে এঁকে-বেঁকে ঘুরে ঘুরে উড়ে বেড়াচ্ছে; বিজলীর বদ্ধঘরে অর্গল-বদ্ধ প্রাণটি তখন আর স্থির থাকৃত না, কার যেন প্রত্যাশী হয়ে মুক্তির অবাধ আকাশে ছুটে যেতে চাইত। বিজলী তার প্রাণের বেগ সংযত করবার উদ্দেশ্যে হয়তো জ্যোতিকে তখন সুমুখে নিয়ে এক নতুন ঢং-এ তার চুলের খোঁপাটি বেঁধে দিতে বসৃত; অথবা তার ছোট ভাইটিকে কোলে করে তার মুখখানিতে অবিরাম চুম্বন বর্ষণ করৃত।

এইত ফুরালো বিজলীর পল্লিজীবনের ইতিহাস। এবার সুরু হল তার জীবনের আর একটি ধারা। কুমারীশ তখন ডেপুটী কালেক্টরের পদে কার্য্য করৃত। বিজলী স্বামীর সঙ্গে তার কর্ম্মস্থলে এল। সেখানে বিজলী হয়ে পড়্‌ল বড়ই একলা। কুমারীশের নিত্য সাহচর্য্য বিজলী সেখানে লাভ করেছিল, কিন্তু কুমারীশ ত আর ঝড়ের মতো একেবারে প্রাণের উপর এসে তার রন্ধ্রে, রন্ধ্রে আপনার বিহ্বলগীতি ভরে দিল না। সবিতা-দেবের মতো অন্তরের দূর আকাশে অবস্থান করে হৃদয়ের ভক্তি-রস নিঃশেষ করে শুষে নেওয়াই, স্ত্রীর প্রতি তার হল প্রধান কর্ত্তব্য। কুমারীশের বিশেষ উৎসাহ ছিল স্ত্রীর সেই কর্ত্তব্য পালনে। বিজলীর প্রাণটি সেখানে এক বিজনঘরে বদ্ধ হয়ে হাঁপিয়ে মর্‌বার মতই

তার সাড়া পাওয়ামাত্র ক'টি ভাই-বোন পরম উল্লাসে ছুটে আসত; আর দাদার হাত দু'খানি যখন শূন্য দেখ্‌ত, মন বড়ই ক্ষুণ্ণ করে তারা সরে পড়ত। আজ নয় কাল, এ-বেলা নয় ও-বেলা,—এমনি করে অষ্টমীর দিন পর্য্যন্ত দাদা তার ভাই-বোনদের ভুলিয়ে রেখেছিল। সেই দিন সে একটি কাণ্ড করে বস্‌লে। রেল-ইষ্টেশনে যাবার পথেই এক ঘর তাঁতির বাস ছিল। ইষ্টেশনে যাবার সময়, এবং বাড়ী ফিরবার পথে সেই বাড়ীতে দাদার এক শিলেম করে তামাকের বরাদ্দ ছিল। ক'খানি কাপড়ের অভাবে ক'টি শিশু ভাই-ভগ্নির মনের দুঃখ একদিকে তার প্রাণে যেমন আঘাত কর্‌ছিল, অপর দিকে সেই তাঁতির বাড়ীতে স্তরে স্তরে কত রঙ্গীন তাঁতের কাপড় সে সাজানো দেখ্‌লে। সে তার প্রবৃত্তিকে আর দমন করে রাখতে পারলে না, সাঁঝের পর বাড়ী ফিরবার পথে সুযোগ দেখে ক'খানি কাপড় সে হস্তগত কর্‌লে। সারারাত তার মনের ভিতর ভারি ধ্বস্তা-ধ্বস্তি চল্‌ল। পরদিন প্রত্যুষে তার কর্ম্মস্থলে যাবার পথে তাঁতি বুড়োর পায়ের উপর সে আবার কেঁদে পড়লে। তাঁতি বুড়ো, তাকে নিষ্কৃতি দেবে এই আশা দিয়ে, দশ জনের সমক্ষে তার স্বীকার উক্তিটি বের করে নিয়ে, তাকে পুলিশের হাতে হাওলা করে দিলে। সে হাজতে আবদ্ধ ছিল, কুমারীশের উপরই তার বিচারের ভার ন্যস্ত।

বড় নাতিটিই ছিল পরিবারের একমাত্র আশ্রয় স্থল, তার অভাবে বিধবা পুত্রবধূ আর তার ক'টি অপগণ্ড শিশু-সন্তানকে নিয়ে বৃদ্ধ স্ত্রীলোকটির কষ্টের আর অবধি থাক্‌ত না। কুমারীশের উপর নাতির বিচারের ভার আছে জেনে, তার মুক্তির জন্য ঠাকুরমা বিজলীর কাছ এসেই কেঁদে পড়ল। আইন বিজলী বুঝত না, আর বোঝবার প্রবৃত্তিও

তার ছিল না। কিন্তু যে অপরাধীর অপরাধের মূলে ছিল তার প্রাণের একান্ত দরদ, বিজলীর কাছে তার অপরাধ ক্ষমাযোগ্য। তারপর আবার অনুশোচনার পবিত্র সলিলে এবং সত্যবাদিতার বিমল বাতাসে সে অপরাধের পাপ ত কেটেই গেছল। স্ত্রীলোকটিকে বিজলী আশ্বাস দিল, তার নাতিটি নিশ্চয়ই মুক্তি লাভ করবে।

পরহিত-সাধন-ধর্ম্মের আলোকের স্পর্শে বিজলীর প্রাণ ভরে উঠেছিল, কিন্তু পর মুহূর্ত্তে একটি চিন্তা তার অন্তরের মাঝে উদয় হয়ে, তার প্রাণের আলো রাহুর মত গ্রাস করতে লাগল। স্ত্রীলোকটিকে বিজলী আশা দিল, কিন্তু কিসের বলে? তার প্রাণের এজলাসে যার স্বপক্ষে রায় বেরোল, কুমারীশের কর্ত্তব্যবুদ্ধি তার প্রতিকূলে কি দাঁড়াতে পারে না? তাই যদি হয়, কুমারীশের কাছে কোনরূপ আব্দার যে করবে, সে অধিকার তার কোথায়? স্বামীই যার মুক্তির বিধাতা, তার কোন হিত করবে, এ ক্ষমতাটুকু বিজলীর নেই। যদি বিজলীর প্রীতি-ধারা কুমারীশের প্রাণের পথটি উন্মুক্ত পেত, তার কত অনুনয়-বিনয়, মান-অভিমান, হাসি-কান্না কুমারীশের হৃদয়-মন্দাকিনীতে তুফান তুলত। বিজলীর আব্দার শত সহস্রবার অন্যায় হোক, তবু কুমারীশের প্রাণের আসনটি যদি তার দখলে থাকত, তার কাছে বিজলীর কোনরূপ সঙ্কোচ হত না। যদি বা কোনক্ষেত্রে তার বিষবৎ প্রতিক্রিয়া হত, সে বিষের জ্বালা বিজলীকে সইতে হত না। তার প্রতি কুমারীশের ভালবাসা তারপক্ষে শিব হয়ে সে বিষ নিঃশেষে পান করত। কিন্তু প্রাণের পথ যে একেবারে রুদ্ধ। প্রাণের পরিচয়ে যে তার নিতান্ত পর, তার কাছে প্রাণের কোন প্রার্থনা যে নিবেদন করবে, এ হীনতাটুকু স্বীকার করতে বিজলীর মন একেবারে ভেঙ্গে পড়বার মতো

হল। যার প্রাণে আশার সঞ্চার করা হল, তার আশা-ভঙ্গের অপরাধ আশঙ্কায় বিজলীর অন্তর যদিচ বড়ই সঙ্কুচিত হল, তবু স্বামীর কাছে কোন কথাটি জানাতে বিজলীর প্রবৃত্তি হল না। আরো তার মনে এই খেদ জন্মালে, বিশ্বমানবের চোখে যে তার বড়ই আপন, তার প্রাণের নাগাল কোন দিনই সে পেল না। প্রাণের সম্বন্ধে যে তার এমনি পর, বাইরের পরিচয়ে তার যে সে কতদূর আপনার হয়ে আছে, এই চিন্তাটি আজ যেন বিজলীর অস্তিত্বের মূল পর্য্যন্ত ছেদন কর্‌তে উদ্যত হল। যে সঙ্গীদের চিন্তা বিজলীর মন থেকে মুহূর্ত্তের জন্য অন্তর্হিত হত না, একটা ঝড়ের আবর্ত্তে তার অন্তরে তাদের প্রতিবিম্বও যেন আর পড়তে পাচ্ছিল না। সঙ্গিনীরা তখনও আস্‌ত কিন্তু বিজলীর কেমন একটি ভাবান্তর দেখে অধিকক্ষণ তার সাহচর্য্য তারা আর বাঞ্ছণীয় মনে কর্‌ত না। আর বিজলীর কাছে বাইরের অস্তিত্বটা ত লোপ পেয়েছিল, তার প্রাণের ভিতরই লড়াইএর বিরাম ছিল না। বৃদ্ধা স্ত্রীলোকটির আশা-ভঙ্গের অতি বিকট একটা করুণ ছবি বিভীষিকার মতো তার অন্তরে মুহূর্ত্তে মুহূর্ত্তে দেখা দিয়ে তাকে সন্ত্রস্ত করে তুলছিল। বিজলীর ঐ সন্ত্রস্তভাব দিন দিন আরো বাড়তে লাগ্‌ল। অবশেষে বিচারের নির্দ্দিষ্ট তারিখে, একেবারে শেষ মুহূর্ত্তে, বিষম ধ্বস্তাধ্বস্তির ফলে ভিতরের প্রাণটিকে কিঞ্চিৎ যেন নুইয়ে এনে, বিজলী স্বামীর কাছে কোনক্রমে তার প্রাণের কথাটি ব্যক্ত কর্‌লে। কুমারীশ কোন কথাটি বল্‌লে না, নীরবে ঈষৎ অবজ্ঞার হাসি হাস্‌লে। সে হাসির মর্ম্ম বুঝি এই, পনেরো বৎসরের কঠোর সাধনার ফলে যে পদে প্রতিষ্ঠিত হবার যোগ্যতা আমি লাভ করেছি, আর যে পদের কঠিন কর্ত্তব্য পালনে রত থেকে আমি তার অভিজ্ঞতা অর্জ্জন করেছি,

সামান্য নারী হয়ে সে পদের কর্ত্তব্যাকর্ত্তব্য কোন্ সাহসে তুমি নির্দ্ধারণ করতে চাও? যে পৃথিবীর দিক্‌চক্ররেখা ঘরকন্নার সীমা অতিক্রম করেনি, সেই হল তোমার পৃথিবী; তার বাইরে দৃষ্টি দেওয়া তোমার কর্ত্তব্য নয়।

হাসির এই মর্ম্ম বিজলী ঠিক প্রণিধান করতে পারুক বা না পারুক, সে হাসির তূণে যে শর ছিল তার প্রাণের ভিতর গিয়ে তা বিঁধ্‌ল। বিজলীর মনের অস্থিরতা মুহূর্ত্তে মুহূর্ত্তে বেড়েই চল্‌ছিল, তার এমন অবস্থায় বৃদ্ধা স্ত্রীলোকটি এসে তার পায়ের উপর যেন একেবারে টাল্ খেয়ে পড়লে। কুমারীশ তার নাতিটির উপর ছ'মাসের সশ্রম কারাদণ্ডের আদেশ দিয়েছিল।

যার অপরাধ বিজলী দণ্ডযোগ্যই মনে করেনি, তার যে আবার এতদূর কঠিন সাজা হতে পারে, এমন ধারণা যে বিজলীর কল্পনা-তেও স্থান পাবার অযোগ্য। বিজলীর মনে হল, তাকেই যেন শিক্ষা দেবার উদ্দেশ্যে কুমারীশ তার উপর এই দণ্ডাজ্ঞা প্রচার করেছে। বিজলীর সর্ব্বাঙ্গের শিরা উপশিরায় বিদ্রোহের বহ্নি যেন জ্বলে উঠ্‌ল। যদি সেই দণ্ডেই কুমারীশের হুকুম বাতিল করে তার আসামীকে মুক্তি দেবার কোন উপায় উদ্ভাবন হত, বিজলী তার জীবন পণ করে সেই কার্য্যই সমাধা কর্‌ত। বিজলীর দেহের প্রতি অণু-পরমাণু আজ কুমারীশের শাসন উল্টিয়ে দিয়ে তার বিপক্ষতা সাধন করতে যেন চায়। কুমারীশের ঘর-বাড়ীতে, অশোকবনের সীতাদেবীর মতো বিজলীর আজ তাই হল বন্দিনীরই অবস্থা। তার নিজের অবস্থাই যেখানে এতদূর নিঃসহায়, যে স্ত্রীলোকটি তার পায়ের তলায় পড়ে মাথা ভাঙ্গতে লাগ্‌ল, তার সেখানে সে কোন্ হিত সাধন করবে?

একাধারে মানব-ইতিহাস, মনোবিজ্ঞান, তর্কশাস্ত্র, ধ্বনিতত্ত্ব। এই বিদ্যা পশ্চিমের কাছ থেকে নোতুন যুগের এক দান হিসাবে আমাদের কাছে উপস্থিত; সমস্ত জীবন ধ'রে এর সাধনা ক'রতে পারা যায়; এর সাধনায় মানবমাত্রই অধিকারী, এর সাহায্যে অনেক বিষয়ের মোহ কাটিয়ে' উঠতে পারা যায়, এই বিদ্যা ভাষার ভিতর দিয়ে' প্রাচীনের যথার্থ স্বরূপটি দেখিয়ে' দেয়। ভাষা মানবের বিশেষ গৌরব; আধুনিক জগতে জাতি ও সভ্যতা অর্থে ধর্ম্ম নয়, কৌলিক উৎপত্তি নয়, গণ-মণ্ডলী নয়, জাতি ও সভ্যতা অর্থে ভাষা। আমরা বাঙালী—আমাদের মধ্যে হিন্দু আছে, মুসলমান আছে, আর্য্য আছে, দ্রাবিড় আছে, কোল মোঙ্গোল আছে, ফিরিঙ্গী আছে—কিন্তু আমাদের জাতীয়তার সূত্র হচ্ছে আমাদের বাঙলা-ভাষা। এই ভাষার জাত ঠিক হ'লে, এর পিতৃকুল মাতৃকুলের সমস্ত খবর জানা গেলে, বাঙালী জাতির বাঙালীর ধর্ম্মের সভ্যতার সমাজের সমস্ত লুকানো কথা বেরিয়ে' প'ড়বে। আমার ঘরের কথা, অথচ এত লুকানো, এত রহস্যময় হ'য়ে র'য়েছে! ভাষাতত্ত্বের প্রদীপ এই রহস্যের অন্ধকার দূর করবার জন্য তৈরী র'য়েছে। লোকে এই বিদ্যাকে বিশেষ নীরস ব'লে মনে করে—সাধারণ লোককে সেজন্য দোষ দেওয়া যায় না—কারণ এটি প্রথমত শুষ্ক বিশ্লেষণের কাজ—প্রতিপদে একে মাটি ছুঁয়ে' যেতে' হয়। এতে কল্পনার হাওয়ায় উড়ে' বেড়াবার পথ নেই—নানান্ সূত্র একসঙ্গে ধ'রে থাক্‌তে হয়। এই বিদ্যায় মনের উপর যে ধকল পড়ে তা সকলে বরদাস্ত ক'র্‌তে পারে না। কিন্তু এর থেকে বার করবার জিনিস এত র'য়েছে—যথানিয়ম কাজ ক'রে গেলে এত নোতুন ব্যাপার আমাদের চোখে পড়ে যে, যাঁরা এর আস্বাদ পে'য়েছেন, তাঁরা পরিশ্রমকে পরিশ্রমই মনে

আর্য্য, আমরা হিন্দু, এঁদের বংশধর; সুতরাং আমাদের মধ্যে অনার্য্য কিছুই নেই। যদি বা কিছু থাকে—সে-সব কথা তোলা উচিত নয়। আমাদের মধ্যে অনধিকারী ঐতিহাসিকের অন্ত নেই। এঁদের সকলেই এই তিন বিশ্বাসের খোঁটায় আপনাদের বেঁধে' মনের আনন্দে চোখ বুজে' ঘুরপাক খাচ্ছেন—মনে ক'রছেন, ঐতিহাসিক গবেষণা ক'রছি। ভাষাতত্ত্বেও উৎকট আর্য্যামি বিদ্যমান। তবে সৌভাগ্যের বিষয় সেটা আস্তে আস্তে চ'লে যাচ্ছে। প্রাকৃতকে এখন অনেকে মানছেন। বাঙলা-ভাষাটা যে অনার্য্য ভাষার ছাঁচে ঢালা আর্য্য ভাষা, সেটাও ক্রমে ক্রমে লোকে মানবে; কিন্তু আর্য্যামি যতদিন বাধা দিতে থাকবে ততদিন বাঙলার ঠিক স্বরূপটি আমাদের বের করা কঠিন হবে।

কথাটা একটু খুলে' বলা যাক্। বাঙালী জাতিটা যে একটা মিশ্র অনার্য্য জাতি—মোঙ্গোল কোল মোখের দ্রাবিড় এই সব মিলে' সৃষ্ট খিচুড়ী, যাতে আর্য্যত্বের গরম-মশলাটুকু উপরে প'ড়েছে মাত্র। একথাটা স্বীকার ক'রতে যেন কেমন লাগে। বাঙলাদেশে ব্রাহ্মণ বৈদ্য কায়স্থ নাকি শত-করা ১৩ জন মাত্র; যাঁরা ব্রাহ্মণাদি উচ্চ জাতির, তাঁদের মধ্যে দু'চার জন বড় গলায় "বাঙালী অনার্য্য" এ কথাটা বলেন বটে, কিন্তু বোধ হয় তাঁরা মনে মনে একটু আত্মপ্রসাদ লাভ করেন যে, তাঁরা ব্রাহ্মণ, অতএব আর্য্যত্বের গরম মশলার একটা কণা, অনার্য্য চাল-ডাল ন'ন। আমি নিজে ব্রাহ্মণ বংশীয়; কিন্তু আমার বিশ্বাস, গরম মশলাটুকুতেও ভেজাল আছে। প্রচ্ছন্ন আর্য্যামিটুকুর হাতথেকে অনেকেই একেবার মুক্ত হ'তে পারেন না। Scientific disinterestedness যাকে বলে, সেটা বড় দুর্লভ। জাতের পাঁতি নিয়ে আলোচনা ক'রে আপাতত ঝগড়া তোলবার ইচ্ছে নেই, তবে ভাষা-

একটা দৃষ্টান্ত দেওয়া যাক্। খ্রীষ্টীয় পাঁচের শতে ইংরিজিভাষী টিউটনেরা ব্রিটেনে বাস ক'র্‌তে আরম্ভ করে—ব্রিটেন-দ্বীপে ইংলাণ্ডে আর দক্ষিণ-স্কট্‌লাণ্ডে ছড়িয়ে' গিয়ে' এরা নিজেদের জাতির আর ভাষার প্রসার করে। ইংলাণ্ডে আর দক্ষিণ-স্কট্‌লাণ্ডে লোকেদের পূর্ব্বপুরুষ মূলত ইংরিজি-ভাষী, এদের মুখে ইংরিজির পরিবর্ত্তন একরকম নিয়মে হ'য়েছে। খ্রীষ্টীয় ষোড়শ শতাব্দী থেকে শুরু করে ইংলাণ্ড আর স্কট্‌লাণ্ড থেকে ইংরিজি-ভাষী লোকেরা আয়র্লাণ্ডে অল্প অল্প ক'রে উপনিবেশ ক'র্‌তে থাকে; রাজশক্তির প্রভাবে আয়র্লাণ্ডের অধিবাসী লোকেরা ক্রমে ক্রমে ইংরিজি গ্রহণ ক'র্‌তে থাকে। আইরীশ লোকেরা আগে কেল্‌টিক্ ভাষা ব'লত; এখন এরা প্রায় সকলেই ইংরিজি বলে। এখানে দেখছি যে একটা বিদেশী ভাষা অন্য জাতের উপর চ'ড়ে ব'সল; সে জাতের পুরানো ভাষার অনেক ধাঁজ আর ঢঙ, অনেক রীতি নীতি, শব্দ, বিশেষত্ব, তাদের নোতুন-ক'রে নেওয়া ভাষায়ও এসে' গেল। আয়র্লাণ্ডে ইংরিজি ভাষার যে রূপ, সেটা হচ্ছে বিদেশীর মুখের ইংরিজির রূপ 'জাত্' ইংরিজি-ভাষীর মুখের রূপ সেটি নয়। ভারতে আর্য্য ভাষার সম্বন্ধে ঠিক সেই কথাও খাটে। "আর্য্যীকৃত" দ্রাবিড়, কোল ও মিশ্র জাতিদের মুখে আর্য্যভাষা আপনার স্বরূপ বজায় রাখতে পরা'ল না। আর্য্যভাষার মালমশলা, পুরানো দেহটা—রইল বটে, কিন্তু তার চেহারা বদ্‌লে' গেল।

ভাষায় যা দেখা যায়, ভারতবর্ষের ধর্ম্মের আর সভ্যতার ইতিহাসেও তা দেখা যায়। আকাশের দেবতার উপাসক বৈদিক বা বৈদিক-পূর্ব্ব যুগের আর্য্য একদিকে—আর একদিকে পৃথিবীর দেবতার উপাসক দ্রাবিড়; আর্য্য আর দ্রাবিড় সভ্যতা আর চিন্তা মিলিয়ে'ই

হিন্দু সভ্যতা আর চিন্তা। আর্য্যভাষা দ্রাবিড়ের ও অন্য অন্-আর্য্যের মুখে বদ্‌লে'ই প্রাকৃত; আর অর্ব্বাচীন সংস্কৃতে আর প্রাকৃতে ধ্বনি-গত পার্থক্য থাকলেও উভয় ভাষা একই জাতির চিন্তার ফল। একথা তাদের বাক্যরীতির সাম্যে দেখা যায়। আমরা আর্য্যভাষা বলি, কিন্তু ঠিক প্রাচীন আর্য্য ধরণে আমরা ভাবি না, আমরা ভাবি দ্রাবিড় ভাবে। Syntax-এ বৈদিক একদিকে, প্রাকৃতগুলি, আধুনিক ভাষাগুলি আর দ্রাবিড় ভাষাগুলি আর একদিকে। অন্-আর্য্য ভাষীর মুখে না প'ড়লে আর্য্যধ্বনিগুলির ভারতে যে গতি দাঁড়িয়ে'ছে সে গতি হ'ত না।

ভাষা ব'ললে বুঝি, মানুষের কণ্ঠের স্বরের ধ্বনি মিলিয়ে' শব্দ সৃষ্টি ক'রে তার দ্বারা মনের ভাব প্রকাশ। দুটো জিনিস এতে আছে—একটার স্থিতি শারীরিক যন্ত্রের উপর—সেটা হচ্ছে ধ্বনি, আর একটির উৎপত্তি চিন্তা থেকে—ভাব। বাক্য—অর্থ, পরস্পর জড়িত। আদিম কালে যখন মানুষ প্রথম ভাষা প্রয়োগ করে, তখন শারীরিক অবস্থার বাহ্য প্রকাশ হ'ত ব্যক্ত ধ্বনি দিয়ে'; যেমন ইতর জীবেদের মধ্যে এখনও দেখা যায়। তারপর যখন মানুষ চিন্তা ক'রতে শিখলে, তখন এই সকল ধ্বনি মিলিয়ে' ধাতু-বা মূল শব্দ হ'ল, সেই শব্দগুলি এক একটি ভাবের মূর্ত্তি হ'য়ে দাঁড়াল। পরে মনের চিন্তার অনুবর্ত্তী হ'য়ে সেই শব্দগুলি বাক্যে' sentence-এ সংযুক্ত হ'ল। দেখা যায় যে, ধ্বনিগুলো বদ্‌লাতে পারে, তাদের সমষ্টি ধাতু শব্দগুলো আর প্রত্যয়গুলোও বদ্‌লায়; কিন্তু কোনও জাতের মধ্যে তার চিন্তাপ্রণালীটি সহজে বদ্‌লায় না—কারণ সেটা হচ্ছে মস্তিষ্কের জিনিস, ধ্বনি বা শব্দের মত সহজে অনুকরণীয় নয়। অন্য জাতির প্রভাবে প'ড়ে এক জাতি নোতুন ধ্বনি, শব্দ, ধাতু, প্রত্যয় শিখে'ছে, আত্মসাৎ ক'রেছে, কিন্তু

যেরূপ চিন্তায় তারা অভ্যস্ত, সেরূপ ভাবে চিন্তা-করা-টা শীঘ্র ছাড়তে পারে না—সাধারণত তাদের নোতুন-করে-শেখা অন্য জাতির ভাষার শব্দ, ধাতু, প্রত্যয় তারা নিজ ভাষার বাক্য রচনার অনুরূপ ক'রে নেয়। অর্থাৎ syntax-টি বিশেষ প্রবল থাকে, এটাই জাতি-বিশেষের মানসিক প্রবণতার বিশেষ চিহ্ন। ভারতে আর্য্যভাষার গতি ধরা যাক্। বৈদিক-পূর্ব্ব ভাষার উচ্চারণের, ধ্বনি-সমষ্টির যা বিশেষত্ব, ভারতে দ্রাবিড়ের সঙ্ঘাতে এসে' অনেকটা বদ্‌লে' গিয়েছে। প্রথম—বৈদিক-পূর্ব্ব ভাষায় কতকগুলি উষ্ম ধ্বনি ছিল, সেগুলি বৈদিকে মেলে না; আবার এটাও দেখি যে, দ্রাবিড়ে উষ্ম ধ্বনির একান্ত অভাব। তারপর, আদি আর্য্য ভাষায় মূর্দ্ধণ্য ধ্বনি ছিল না; এখন মূর্দ্ধণ্য ধ্বনি হচ্ছে বিশেষ ক'রে দ্রাবিড় ভাষার ধ্বনি, সেগুলি অন্য প্রাচীন ভাষায় মেলে না। যত এদিকে আসি, ততই দেখি ভারতের আর্য্য-ভাষায় মূর্দ্ধণ্যের বৃদ্ধি হ'তে চ'ল্‌ছে। এটি একটা লক্ষ্য করবার জিনিস।

দ্রাবিড় আর কোল উচ্চারণের বিশেষত্ব—কথার গোড়ায় দুই ব্যঞ্জন একত্র থাকতে পারে না; হয় তাদের ভেঙে' নেওয়া হয়, নয় একটিকে লোপ করা হয়। প্রাকৃতেও তাই, আমাদের ভাষাতেও তাই। অথচ ও-দিকে ইউরোপে দেখি, কথার গোড়ার সংযুক্ত ব্যঞ্জনের কোনও হানি হয় নি। ঈরানের ভাষায়, আফ্‌গানদের ভাষায়, কাফিরদের ভাষায় দেখি, এখনও সংযুক্ত বর্ণ কথার আদিতে জোরের সঙ্গে চ'লছে। বৈদিকে কত রকমারি tense বা ক্রিয়ার কালবাচক রূপ। সংস্কৃতে সেগুলির মধ্যে অনেকগুলিই বজায় আছে বটে, কিন্তু প্রাকৃতে, প্রাচীন ভারতের জনসাধারণের

ভাষায়, সাধারণত তিনটিতে ঠেকে'ছে। প্রাচীন দ্রাবিড়ে মোট দুটি কালবাচক রূপ ছিল, পরে আর কতকগুলির উদ্ভব হয়। ও-দিকে গ্রীসে রোমে কিন্তু প্রাচীন কালবাচক রূপের বিশেষ হানি হয় নি। দ্রাবিড়ে, কোলে আর ভোট-ব্রহ্ম ভাষায় prefix-এর হাঙ্গামা নেই, সবই suffix, আমাদের ভাষাগুলিতে তাই, কিন্তু বৈদিকে তা নয়। বৈদিকে preposition ছিল, সেগুলি সংস্কৃতে ক্রিয়ার সহিত সংযুক্ত উপসর্গ হ'য়ে দাঁড়িয়ে'ছে। ত-তবৎ প্রত্যয় দিয়ে' তিঙন্ত ক্রিয়ার কাজ সারা ত সংস্কৃতে আর প্রাকৃতে সাধারণ। যেমন সঃ গতঃ, অশ্বম্ আরূঢ়বান্। দ্রাবিড়েও ঠিক সেইটি দেখি। বৈদিকে তা নয়—স জগাম, অশ্বম্ অরুক্ষাৎ। বাঙলার যে অতীত আর ভবিষ্যতের প্রত্যয়, তা এই 'ত' আর 'তব্য' থেকে হ'য়েছে, কোনও বৈদিক তিঙ্ থেকে নয়। এ ছাড়া, অনেক বাঙলা idiom-এ দ্রাবিড়ের ছাপ পাওয়া যায়। বাঙলায় অসমাপিকা-ক্রিয়ার ঘটা, সহায়ক-ক্রিয়ার ব্যবহার প্রভৃতি আর নানা চলতি বাক্য-রীতি দ্রাবিড় ভাষার অনুযায়ী।

দ্রাবিড় শব্দ আধুনিক বাঙলায় অনেক আছে, আর সেগুলি একেবারে ঘরোয়া শব্দ, যা লোকে বই প'ড়ে শেখে না, যা পরিবারে ধারাবাহিকরূপে চ'লে আসে। সংস্কৃতেও বিস্তর দ্রাবিড় শব্দ আছে। এ বিষয়ে কিছু আলোচনা হ'য়ে গে'ছে। Kittel-এর কন্নাড়ী ভাষার অভিধানের ভূমিকায় প্রায় ৪৫০ সাধারণ সংস্কৃত শব্দ দেওয়া আছে, যেগুলি দ্রাবিড় থেকে নেওয়া। এ ছাড়া শ্রীযুক্ত বিজয়চন্দ্র মজুমদার মহাশয়ও বাঙলা ভাষায় অনেক দ্রাবিড় কথা বের ক'রেছেন।

এই সকল বিষয় বেশী উদাহরণ দিয়ে' বোঝাতে গেলে, পুঁথি বেড়ে যায়।

আমার ধারণা এই—খালি সংস্কৃত আর প্রাকৃতের দিকে নজর রাখলে চ'লবে না, বাঙলা ভাষার ইতিহাস ঠিক ক'রে জানতে গেলে অন্-আর্য্য ভাষাগুলির দিকেও নজর রাখতে হবে। আর এ বিষয়ে অনুসন্ধান ক'রতে গেলে শিক্ষার দরকার, সাধনার দরকার—ঘরে ব'সে খোষখেয়ালী গবেষণায় চ'লবে না। আমাদের মাল মশলা সমস্ত হাতের কাছে নেই। মাটি খুঁড়ে' পাথর কাঠ কেটে' আনবার সময় এখন। সব ঠিক হ'লে তবে ইমারত উঠবে। একজনকে সব দিককার উপাদান জোগাড় ক'রতে গেলে চ'লবে না—এক একটা বিষয় এক একজনকে নিতে হবে। ভিন্ন ভিন্ন প্রাদেশিক ভাষার শব্দ সংগ্রহ—এটি ভিন্ন ভিন্ন স্থানের উৎসাহী লোকেদের যোগাড় ক'রে দিতে হবে। এ বিষয়ে কিছু কিছু কাজ এগিয়ে'ছে—সাহিত্যপরিষৎ পত্রিকায় তার নিদর্শন পাওয়া যায়—কিন্তু ঢের বাকী। ছাত্রদের দ্বারায় এরূপ অনেক কাজ হ'তে পারে। ভিন্ন ভিন্ন ব্যবসায়ে ব্যবহৃত বিশেষ শব্দ—technical terms—সেগুলির আলোচনায় অনেক নোতুন খবর বেরুতে পারে, এটার সম্বন্ধে অনেকেই নিজের নিজের প্রদেশের ভার নিতে পারেন। যাঁদের বাঙলার প্রান্ত জেলায় বাস—যেখানে অন্-আর্য্যভাষী জাতি এখনও বিদ্যমান, তাঁদের উচিত সেই প্রান্তের অন্-আর্য্য ভাষা শিখে' নেওয়া। সাঁওতালী আর কাছাড়ীর প্রভাব যে পশ্চিম বাঙলার আর উত্তর বাঙলার ভাষায় আছে তা সহজেই অনুমান ক'রতে পারা যায়; কারণ রাঢ়ের জন-সাধারণ—masses এর মধ্যে কোল-জাতির উপাদান আছে, উত্তর-বঙ্গ আর কামরূপের লোকেরা ত সেদিন পর্য্যন্ত কাছাড়ী বা বড ভাষা ব'লত, এখন বাঙলা-ভাষী হচ্ছে, মুসলমান আর হিন্দু হ'য়েছে,

এমন কি অনেকে নিজেদের ক্ষত্রিয় বলে পরিচয় দিচ্ছে। কিন্তু এ কাজ ততটা সহজ নয়। বাঙলা-ভাষা যখন জন্মগ্রহণ করে, তখনকার দিনের অনার্য্য-ভাষার প্রভাবটাই বেশী প'ড়েছিল। কিন্তু অনেক অনার্য্য-ভাষা লোপ হ'য়েছে, আর অনেকের পূর্ব্ব স্বরূপটি জানবার উপায় নেই। তবুও, এদিক দিয়ে' কিছুই জানবার চেষ্টা হয় নি। শ্রীযুক্ত শরৎচন্দ্র রায় বাঙলার পশ্চিম প্রান্তের অন্-আর্য্য জাতদের ভাষা, ইতিহাস, রীতি নীতি আলোচনা ক'রছেন; তাঁর মত আরও কর্ম্মী দরকার, যাঁরা এই সকল অন্-আর্য্যদের সঙ্গে তাদের আশ্‌পাশের হিন্দু বাঙালীদের সম্বন্ধ কি, নৃ-তত্ত্ব-বিদ্যার দিক থেকে সেটা চর্চ্চা ক'রবেন। বাঙলা দেশের প্রত্যেক জেলার মহকুমা থানা নির্ব্বিশেষে গ্রাম ও ভূসংস্থানের নামের তালিকা সংগ্রহ হওয়া উচিত, এমন সকল নামের তালিকা, যেগুলির মানে বোঝা যায় না, আর সংস্কৃত বা বাঙলার সাহায্যে, ব্যাখ্যা ক'রতে পারা যায় না। নাম থাকলেই তার একটা মানে আছে, বা ছিল; অথচ সমস্ত বাঙলা-দেশে (কেবল বোধ হয় দক্ষিণ সমতট-টুকু বাদ, কারণ এ অঞ্চলটায় নোতুন ক'রে লোকের বাস হ'য়েছে) এমন সব স্থানের নাম আছে, যার মানে খুঁজে' পাওয়া যায় না—কথাগুলি বাঙলার কথা মনেই হয় না, যদি আমরা এগুলোকে একটু বিচার করে দেখি। নিশ্চয় যখন এই সকল নাম দেওয়া হ'য়েছিল, তখন লোকে তার মানে বুঝত; কিন্তু নামগুলি ত বাঙলা নয়। তা হ'লে পূর্ব্বে এদেশে অ-বাঙালী লোক ছিল, যারা অন্য ভাষা ব'লত; তারা গেল কোথা? কপ্পূরের মত উবে' গেল—যাতে আর্য্য-বংশধরেরা এসে' দয়া ক'রে বাস ক'রে, পাণ্ডব-বর্জ্জিত বাঙলা দেশকে পবিত্র ক'রতে পারেন?—না তারাই আর্য্যভাষী বৌদ্ধ প্রচারকদের কাছ থেকে, পশ্চিম থেকে আগত

মৌর্য্য আর গুপ্ত রাজাদের প্রেরিত রাজপুরুষদের কাছথেকে, উপনিবিষ্ট ব্রাহ্মণ বেনিয়া সৈনিকের কাছথেকে আর্য্যভাষা শিখে' তাকে নিজেদের ভাবের উপযুক্ত ক'রে নিয়ে', রাঢ় বরেন্দ্র আর বঙ্গের বাঙলায় বদ্‌লে' ফেললে, বাঙালী-ভাষী জাতিতে পরিণত হ'ল? এবিষয়ে বাঙলায় মোটেই আলোচনা হয় নি; এক শ্রীযুক্ত বিজয়চন্দ্র মজুমদার মহাশয় দেখিয়ে'ছেন যে উড়িষ্যা অঞ্চলের কতকগুলি গ্রামাদির নাম দ্রাবিড় ভাষার; তা থেকে প্রমাণ হয় সেখানে দ্রাবিড় ভাষা আগে চ'ল্‌ত। F. Hahn সাহেবও ছোট-নাগপুরে কোল ও দ্রাবিড় নাম দেখিয়ে'ছেন; উত্তর-বঙ্গের ও আসামের অনেক নাম তেমনি ভুটিয়া ও ভোট-ব্রহ্ম শ্রেণীর ভাষা থেকে হ'য়েছে। অনেক সময়ে আবার এই সকল নামকে সংস্কৃত ক'রে আর্য্য ক'রে নেওয়া হ'য়েছে। কিন্তু মিহিজাম, জামতাড়া, হাব্‌ড়া, চুঁচুড়া, সোমড়া, রিষড়া, মগরা, বগুড়া, পাবনা, কুমিল্লা, দোয়ার্‌পা, জান্‌পা, গুর্‌পা, পর্‌শা, পাণ্ডুয়া, মুড়ি, নাড়াজোল, জাগুলিয়া, শালিখা, জালিখা, নড়াইল, নন্দাইল, টাঙ্গাইল, কাঁথি, দেবড়া, ইগ্‌ড়া, কোলা, সাম্থিয়া, সাঁইতিয়া, উলা, হাটবয়্‌রা, ভাদুড়িয়া, কান্দি, ভীলাকান্দি সরিয়াকান্দি, হাইলাকান্দি, ঝিঁকড়াগাছী, ঝাকৈর, জামুর, শিলিগুড়ী, জলপাইগুড়ী, ময়নাগুড়ী, ধুপগুড়ী, দীমরা, আটী, সাভার, জয়রা, ঝিট্‌কা, জামুর্কী, বাসাইল, ছাপ্‌ড়া—ইত্যাদি ইত্যাদি ইত্যাদি—এই সকল গ্রামের নামের মানে কি? অথচ এদেরই ইতিহাস ত আমাদের জাতের ইতিহাস। গ্রামের নামে প্রায় বাঙলাদেশময় একটা প্রত্যয় মেলে—সেটা 'ড়া' বা 'রা' বা 'লা'—এই প্রত্যয়ের মানে কি, আর এ কোন্ ভাষার কথা? বাঙালী জাতি, অর্থাৎ বাঙলা-ভাষী জাতি সৃষ্টি ক'র্‌তে যে যে জাতির উপাদান লেগে'ছিল, তাদের ভাষা চর্চ্চা না ক'রলে এ-সবের

সমাধান হ'তে পারে না। আমাদের হাতে এখন মাল মশলা নেই। এইরূপ নামের লিস্ট্, বিশেষভাবে, যাঁরা এদিকে কাজ ক'রবেন, তাঁদের না হলে চ'লবে না। কিন্তু গাঁয়ে গাঁয়ে ঘুরে' কোথায় অজানা-মানে কোন্ পাড়া বা নদীর বা জঙ্গলের নাম আছে, তাঁরা তা সংগ্রহ ক'রতে গেলে কাজ এগো'বে না। বাঙলার প্রত্যেক মহকুমা বা থানা থেকে ইস্কুলে কলেজে কত ছেলে পড়ে, তাদের কাজ হচ্ছে এইরকম সমস্ত নাম সংগ্রহ করা, আর তার যদি কোনও স্থানীয় ব্যাখ্যা থাকে, তাও যোগাড় করা। ক'রে, সাহিত্য পরিষদের মত স্থানে প্রকাশের জন্য পাঠিয়ে' দেওয়া—সেগুলি প্রকাশ হ'লে পর তার বিচার চ'লতে পারে।

এ ত গেল বাঙলা-ভাষার পুরানো ইতিহাসের কথা। চলতি বাঙলার স্বরূপটি নানা দিক দিয়ে' বিশ্লেষ ক'রে দেখবার বিষয়। সেদিন ঢাকা থেকে বিরাট এক ব্যাকরণ বেরিয়ে'ছে দেখলুম—প্রায় ৮০০ পাতার বই। বাঙলার ব্যাকরণ দেখে' আগ্রহের সঙ্গে পাতা উল্টে' দেখি, লেখক বাঙলা কাকে বলে জানেন না। আগাগোড়া একখানি সংস্কৃতের ব্যাকরণ তিনি লিখে' গিয়েছেন। বাঙলার প্রত্যয়াদি তিনি দু'ভাগে ভাগ ক'রেছেন—সাধু অর্থাৎ সংস্কৃত, আর অসাধু। তিনি যা অসাধু মনে ক'রেছেন, সঙ্কুচিত-ভাবে আলগোছে, যা কোন রকমে বর্ণনা ক'রে ছেড়ে' দিয়েছেন, তাই যে খাঁটী বাঙলা, সেদিকে তাঁর খেয়াল ছিল না। বাঙলার বিশুদ্ধ রূপটি হচ্ছে এর তদ্ভব উপাদানটি। এটি বৈদিক থেকে উদ্ভূত, কিন্তু অন্-আর্য্য বা দ্রাবিড়ীয় ঢঙে এর বাক্য-রচনায় প্রয়োগ। বাঙলার এই নিজ রূপটি সংস্কৃতের অলঙ্কারের চাপে ঢাকা প'ড়েছে—একে বা'র ক'রে, এর নানা অঙ্গ-প্রত্যঙ্গের গঠন কার সঙ্গে কতটা মেলে, এর যথার্থ

গোত্র-পরিচয় এর গুণাগুণ থেকে কতটা পাওয়া যেতে' পারে—এই সব নির্দ্ধারণ করাই হচ্ছে ঐতিহাসিক ও তুলনামূলক বাঙলা ব্যাকরণের কাজ। কিন্তু পণ্ডিতেরা এর অলঙ্কারের যাচাই নিয়ে'ই ব্যস্ত,—সংস্কৃতের সোনা কতটা আর কতটা খাদ। সংস্কৃতের চাপে পড়ে বাঙলা কতটা যে অকর্ম্মণ্য ও অসহায় হ'য়েছে, কতটা একে সংস্কৃতের মুখাপেক্ষী হ'তে হচ্ছে, তা হিন্দীর সঙ্গে তুলনা ক'রলে বুঝতে পারা যায়। বাঙলার কৃৎ, আর তদ্ধিত আর প্রত্যয়গুলি পঙ্গু; নোতুন শব্দ বাঙলায় সৃষ্টি করা যায় না। দৃষ্টান্ত স্বরূপ কতকগুলি সাধারণ ইংরিজি কথা দিচ্ছি; singer, childhood, goer, current, redness, silence, manufacture, earning, goodness, 84th; এগুলির খাঁটি বাঙলা অনুবাদ কি? singer 'গায়ক' নয়, 'গায়ক' ত সংস্কৃত শব্দ; 'গাইয়ে' ব'ললে, যে ভাল গায় তাকে বুঝায়, 'হিন্দীতে গবহিয়া'; childhood—শৈশব—হিন্দী 'বচ্‌পন্‌'; goer—গমনকারী—'চল্‌নেহারা'; current—প্রচলিত—'চালূ' ('চল্‌তি' শব্দ হিন্দী থেকে নেওয়া); redness—বাঙলায় কি? হিন্দী 'লালী'; silence—স্তব্ধতা—'সন্নাটা'। ('নিঝুম' বললে ঘুমের ভাব আসে); manufacture—নির্ম্মাণ, 'বনাব্‌ট'; earning—উপার্জ্জন, রোজগার—হিন্দী 'কমাঈ' goodness—'ভলাঈ'; 84th.—'চৌরাসীবাঁ'—বাঙলায়—চতুরশীতিতম। সংস্কৃতের অলঙ্কার বাঙলার বোঝা হ'য়েছে, বাঙলাকে জীবন্মৃত করেফেলেছে। যতই আমরা আমাদের সাহিত্যের বড়াই করি না কেন, হিন্দীর কাছে সংস্কৃতের প্রেত-ঘাড়ে-করা বাঙলা দাঁড়াতে পারে না—হিন্দী যতটা জোরের ভাষা, বাঙলা ততটা নয়। বাঙলার 'নক্ষত্রপর্য্যবেক্ষণাগার' 'কৌতুকাগার', 'তাপমান যন্ত্র' প্রভৃতি

দাঁত-ভাঙা শব্দ অচল; হিন্দীর 'তারঘর', 'জাদুঘর', 'গরমী মাপ', রাস্তার লোকেও বোঝে। আজকালকার 'সাধু' হিন্দীর মন্দিরে বাঙলার অনুকরণে সংস্কৃতের অশথ গাছের বীজ চূড়োয় বসানো হ'য়েছে, কিন্তু তার জড় এখনও বেশী দূর যায় নি; 'ঠেট-হিন্দী' ব'লে এক রকম রচনা রীতি হিন্দীতে এখনও চ'লচে, যাতে চেষ্টা ক'রে সংস্কৃত শব্দ পরিহার করা হয়, কেবল তদ্ভব আর প্রাকৃত ধাতু আর প্রত্যয় নিষ্পন্ন পদই ব্যবহার করা হয়। হিন্দীতে হালে তিনখানা বই লেখা হ'য়েছে, সে তিনখানাতে একটিও পণ্ডিতী বা সংস্কৃত শব্দ বা ফারসী শব্দ নেই—সমস্তটাই খাঁটী দেশী আর তদ্ভব শব্দে পূর্ণ। তিনখানি বই-ই উপন্যাস—একখানি এক মুসলমানের লেখা, আর দুখানি এক হিন্দুর। তিনখানারই স্টাইল সকলেই প্রশংসা করেন; এর একখানা বইকে আবার কাশীর নাগরী-প্রচারিণী-সভা, হিন্দীর ২২ খানি শ্রেষ্ঠ গদ্য বইয়ের মধ্যে একখানি ব'লে স্বীকার ক'রেছেন। আজকালকার বাঙলায় এ রকম একটা ব্যাপার অসম্ভব। যাঁরা বাঙলা ব্যাকরণ আলোচনা করেন, তাঁরা যেমন বাঙলার নিজ স্বরূপটিরই ইতিহাসের পুনর্গঠন ক'রবেন, সেইরকম যাঁরা বাঙলা ভাষা সৎসাহিত্যে প্রয়োগ ক'রবেন, তাঁদের চেস্টা করা উচিত যাতে বাঙলার এই পঙ্গু-ভাব দূর হয়—খাঁটী বাঙলা ধাতু প্রত্যয় সিদ্ধ পদের প্রচলন যেন বেশী হয়। যেখানে খাঁটী বাঙলা পদ মেলে না, বা না মিললে সৃষ্টি করা চলে না, সেখানেই যেন সংস্কৃতের কাছে কথা ধার করা হয়। চল্তি ভাষায় প্রাদেশিক ভাষায় বাঙলার ঠিক মূর্ত্তির ফল্গু বইছে, এর অন্তঃসলিলা মূর্ত্তিকে প্রকট ক'রতে হবে। অসমীয়া-ভাষা বাঙলার বোন, বাঙলার কাছে অসমীয়া এখন দাঁড়াতেই পারে না, কিন্তু অসমীয়া সম্পূর্ণরূপে আত্মনির্ভরশীল।

বাঙলার প্রাকৃত বা তদ্ভব রূপটিই যে এর আসল রূপ, একথা রামমোহন রায় মেনে' গিয়ে'ছেন। কিন্তু ফোর্ট-উইলিয়ম কলেজের আর শ্রীরামপুরের পণ্ডিতদের হাতে প'ড়ে বাঙলা ভাষা ভোল ফিরিয়ে' ব'সল, বাঙলা ব্যাকরণ ব'লে লোকে সংস্কৃত ব্যাকরণের সন্ধি আর কৃৎ তদ্ধিত শব্দসিদ্ধি প'ড়তে লাগল। বিদেশী পণ্ডিত বীম্‌স্‌ আর হর্ণলে বাঙলার আসল রূপটি বের করবার প্রথম চেষ্টা ক'রলেন। ১২৮৮ সালে (ইংরিজি ১৮৮১) চিন্তামণি গঙ্গোপাধ্যায় মহাশয় "ইংরাজী বাঙ্গলা ও নর্‌ম্যাল বিদ্যালয়ের ব্যবহারার্থ" একখানি বাঙলা ব্যাকরণ লেখেন। আমার বোধ হয়, বাঙালীর হাতে তার মাতৃভাষার যথার্থ ব্যাকরণ লেখবার এই প্রথম প্রয়াস। গ্রন্থকারের নাম এখন অজ্ঞাত, প্রায় চল্লিস বছর পূর্ব্বে তিনি লিখে'ছেন অথচ তিনি তাঁর মাতৃভাষা সম্বন্ধে যে সুবুদ্ধির পরিচয় দিয়েছেন, তা এখনও দুর্লভ। তিনি পূর্ব্বভাষে ব'লেছেন; "সংস্কৃত এবং দেশজ বাঙ্গলা এই উভয়বিধ শব্দই বর্ত্তমান বাঙ্গলা ভাষার উপাদান; এতদ্বিধ ভাষার একখানি সর্ব্বাঙ্গসুন্দর ব্যাকরণ লিখিতে হইলে যেরূপ ভাষাগত সংস্কৃতশব্দসম্বন্ধে বৈয়াকরণ নিয়মবিধান করা কর্ত্তব্য, দেশজ বাঙ্গলা শব্দ সম্বন্ধেও ঠিক সেইরূপ কর্ত্তব্য, ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে। কিন্তু এতাদৃশ বাঙ্গলাব্যাকরণ বঙ্গভাষায় এপর্য্যন্ত প্রকাশিত হইয়াছে কি না তাহা আমি জানি না; প্রত্যুত আমার বিশ্বাস এই যে এতাদৃশ কোন ব্যাকরণ বঙ্গভাষায় এখনও প্রকাশিত হয় নাই এবং একখানি হওয়ারও প্রয়োজন আছে।" গ্রন্থকার বাঙলার তদ্ভব শব্দগুলির উৎপত্তি নির্ণয়ক সূত্র প্রণয়ন ক'রেছেন, তদ্ভব রূপটির বিশেষ আলোচনা ক'রেছেন। পূজনীয় শ্রীযুক্ত রবীন্দ্র বাবুর "শব্দতত্ত্ব" তারপর খাঁটী বাঙলার সম্বন্ধে একখানি প্রধান মৌলিক

পুস্তক। রবিবাবুর পরে পূজনীয় ত্রিবেদী মহাশয়ের "শব্দকথার" প্রবন্ধাবলীকে উল্লেখ করা যেতে' পারে। রায় শ্রীযুক্ত যোগেশচন্দ্র বিদ্যানিধি বাহাদুর পরিষদের তরফ থেকে যে ব্যাকরণ বা'র ক'রেছেন, তা অতি চমৎকার জিনিস। তিনি তাঁর "বাঙ্গলা শব্দকোষ"-এ যতটা সংস্কৃতের দিকে ঝুঁকে'ছেন, বাঙলার প্রকৃতি ঠিক মত বুঝে' লেখার দরুণ তাঁর "বাঙ্গলা ব্যাকরণে" খাঁটী বাঙলাই বাহাল আছে। তিনি একখানি সুন্দর বাঙলা ব্যাকরণ লিখে'ছেন—কিন্তু কাজ এখনও ঢের বাকী। ঐতিহাসিক আর তুলনামুলক পদ্ধতিতে সবদিক বিচার ক'রে আমাদের ভাষার ইতিহাস এখনও লেখা হয় নি। বাঙলার ধ্বনি ও উচ্চারণ-তত্ত্ব এক অতি জটিল জিনিস—একে সহজে ধরা ছোঁয়া যায় না—নানান্ জাতের বিশেষত্ব এতে লুকিয়ে' আছে—ধাতু আর শব্দরূপের মত উপর উপর থেকেই এর আলোচনা শেষ হ'তে পারে না। অথচ এই ধ্বনি আর উচ্চারণ-তত্ত্বেই বাঙলা ভাষার আধেকের উপর গুপ্ততত্ত্ব নিহিত র'য়েছে। পূজনীয় রবীন্দ্র বাবু বাঙলা উচ্চারণের আর বাঙলার ছন্দের মুল সূত্রগুলি ধ'রে দিয়ে'ছেন। এ বিষয়ে অল্প স্বল্প কাজ চ'লছে। পণ্ডিত শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী মহাশয় ও শ্রীযুক্ত বিজয়চন্দ্র মজুমদার মহাশয় এবিষয়ের আলোচনায় ব্যাপৃত—বিশেষত শাস্ত্রী মহাশয় 'অকারতত্ত্ব' ব'লে সম্প্রতি যে প্রবন্ধটী সাহিত্য-পরিষৎ-পত্রিকায় প্রকাশ ক'রেছেন, তা অপূর্ব্ব, তাতে অসাধারণ পাণ্ডিত্য ও সূক্ষ্ম-দৃষ্টির পরিচয় দিয়ে'ছেন।

ভাষাতত্ত্ব জিনিসটা আলোচনা ক'রবার অধিকার সকলেরই আছে। ভাষা সকলেই ব্যবহার করেন। এই বিদ্যা বা বিজ্ঞান চর্চ্চা ক'রতে গেলে ল্যাবরেটরী আর যন্ত্রপাতির দরকার নেই—মনই হচ্ছে এর রসায়নাগার। কিন্তু যুক্তিসঙ্গত উপায়ে চর্চ্চা না ক'রলে কোনও

লাভ নেই, বরং উল্টো উৎপত্তি হয়। এই বিদ্যার ব্যাকরণ শিখে' না নিয়ে' এতে হাত দিলে লোকে তাল ঠিক রাখতে পারে না—রকমারি হাস্যজনক ভুল ধারণায় প'ড়ে যায়। যাঁরা বাঙলা ভাষাতত্ত্ব নিয়ে' কিছু কাজ ক'রতে চান, তাঁরা আগে ভাষাতত্ত্ব-বিদ্যার মূলসূত্রগুলি পড়ুন, এদেশের আর্য্য অনার্য্য ভাষাগুলির সম্বন্ধে ঠিক ঠিক খবরগুলি জানুন, বিদেশে আর্য্য ভাষাগুলির ইতিহাসেরও একটু পরিচয় ক'রে নিন। He knows not England who only England knows. যিনি কেবল বাঙলা, সংস্কৃত আর প্রাকৃতে দিগ্‌গজ পণ্ডিত, অথচ প্রাচীন ঈরানীয় বা পুরানো গ্রীক, বা মধ্যযুগের রাজস্থানী, বা আনাম প্রদেশের ভাষা বা এমন কি দক্ষিণ আমেরিকার ভাষাগোষ্ঠীর কোনও খবর রাখেন না বা রাখা আবশ্যক মনে করেন না, তাঁর দ্বারা এ কাজ ভাল ক'রে হবে না। দু'রকমে একটি জিনিসকে বোঝা যায়—static আর dynamic—স্থিতিশীল বা আভ্যন্তরীন, আর গতিশীল বা বহির্মুখী হিসাবে। এ জ্ঞানে গভীরতা আর ব্যাপকতা দুই-ই চাই। নাড়ী নক্ষত্রের জ্ঞান চাই—ভিতরের সব খুঁটী-নাটীর সঙ্গে সঙ্গে বাহিরের জগতের খবরও সেই অনুপাতেই রাখতে হবে। অন্যথা আলোচনা একদেশদর্শী হ'য়ে প'ড়বে।

সাহিত্য-পরিষদের ছাত্রসভ্যরা বাঙলা ভাষার সেবায় কি কি কাজ ক'রতে পারেন তা পরিষদের পরিচালকগণ নিয়মাবলীতে ব'লে দিয়ে'ছেন। ইতিহাসের উপাদান সংগ্রহের কথা আমি ব'লতে পারি না—তবে ভাষাতত্ত্বের দিক থেকে তাঁরা সহজেই অনেক কাজ ক'রতে পারেন। যাঁদের এদিকে ঝোঁক আছে, তাঁদের বিশেষ ভাবে আমি ব'লছি, সংগ্রহের কাজে লেগে' যান। গ্রাম্য শব্দ সংগ্রহ, (শব্দগুলির

# রাম ও শ্যাম।

---

শ্রীমান চিরকিশোর,

কল্যাণীয়েষু—

আর পাঁচজনের দেখাদেখি আমিও অতঃপর গল্প লিখতে সুরু করেছি, কেননা গল্প না লিখলে আজকাল সাহিত্য-সমাজে কোনরূপ প্রতিষ্ঠা লাভ করা যায় না। ইতিপূর্ব্বে যে লিখি নি তার কারণ লেখবার এমন কোনও বিষয় দেখতে পাই নি, যা পূর্ব্ব-লেখকরা দখল করে না নিয়েছেন। শেষটা আবিষ্কার করলুম, বাঙলার গল্প-সাহিত্যে আদর্শ পুরুষের সাক্ষাৎ লাভ করা বড়ই দুর্লভ, যা দুর্লভ তাই সুলভ করবার উদ্দেশ্যেই আমার এ গল্প লেখা। আমার হাতের প্রথম গল্পটি তোমাকে পাঠিয়ে দিচ্ছি, যদি তোমার মতে সেটি উৎরে থাকে, তাহলে পরে ঐ বিষয়ে একটি বড় গল্প লিখব, ক্রমে সাহস বেড়ে গেলে অবশেষে এই একই বিষয়ে চাই কি একটি মহাকাব্যও লিখতে পারি। একটা কথা বলে রাখি, মানুষে যাকে সুন্দর বলে এ গল্পের ভিতর তার নাম গন্ধও নেই—যদি কিছু থাকে ত, আছে শিব। আর সত্য?—গল্পের ভিতর ও-বস্তু সেই খোঁজে, যে ইতিহাস ও উপন্যাসের ভেদ জানে না। তোমার দৃষ্টির জন্য এইসঙ্গে গল্পটির জাবেদা নকল পাঠাচ্ছি।

# গল্প।

## প্রথম অঙ্ক।

### স্বভাব।

বাঙলা দেশের একটি পাড়াগেঁয়ে-সহরে দু'কড়ি দত্তের সহধর্ম্মিণী যখন যমজ পুত্র প্রসব করলেন, তখন দত্তজা মহাশয় ঈষৎ মনঃক্ষুণ্ণ হলেন। এ দুই ছেলে বড় হলে যে কত বড় লোক হবে, সে কথা জানলে তাঁর আনন্দের অবশ্য আর সীমা থাকত না। কিন্তু কি করে তিনি তা জানবেন? এই কলিকালে কারও জন্মদিনে ত কোনও দৈববাণী হয় না, অতএব বলা বাহুল্য তাদের জন্মদিনেও হয় নি।

তবে ছেলে দুটির বিষয়বুদ্ধি যে নৈসর্গিক এবং অসাধারণ, তার পরিচয় সেইদিনই পাওয়া গেল। তারা ভূমিষ্ট হতে না হতেই, তাদের জননীকে আধাআধি ভাগ বাটোয়ারা করে নিলে। একটি দখল করে নিলে তাঁর দক্ষিণ অঙ্গ, আর একটি দখল করে নিলে তাঁর বাম অঙ্গ, এবং এই সুবন্দোবস্তের ফলে, মাতৃদুগ্ধ তারা সমান অংশে পান করতে লাগল। মাতৃদুগ্ধ পান করবার প্রবৃত্তি ও শক্তির নামই যদি হয় মাতৃ-ভক্তি, তাহলে স্বীকার করতেই হবে যে,—এই ভ্রাতৃযুগলের তুল্য মাতৃভক্ত শিশু ভারতবর্ষে আর কখনো জন্মায় নি। ফলে, তারা দুধ না ছাড়তেই তাঁদের মাতা দেহ ছাড়্লেন—ক্ষয়রোগে।

এখানে একটি কথার উল্লেখ করে রাখা আবশ্যক। এরা দু'ভাই এমনি পিঠ পিঠ জন্মেছিল যে, এদের মধ্যে কে বড় আর কে ছোট তা কেউ স্থির করতে পারলেন না। এইটেই রয়ে গেল এদের জীবনের আসল রহস্য, অতএব এ গল্পেরও আসল রহস্য। সে যাইহোক, কার্য্যত

দুই ভাই শুধু একবর্ণ একাকার নয়, এক-ক্ষণজন্মা বলে প্রসিদ্ধ হলো।

শুভদিনে শুভক্ষণে তাদের অন্নপ্রাশন হলো, এবং দত্তজা তাঁদের নাম রাখলেন—রাম ও শ্যাম। পৃথিবীতে যমজের উপযুক্ত এত খাসা খাসা জোড়া নাম থাকতে,—যেমন নকুল-সহদেব, হরি-হর, কানাই-বলাই প্রভৃতি, রাম শ্যামই যে দত্ত মহাশয়ের কেন বেশি পছন্দ হল, তা বলা কঠিন। লোকে বলে দত্তজা পুত্রদ্বয়ের আকৃতির নয়, বর্ণের উপরেই দৃষ্টিরেখে এই নামকরণ করেছিলেন। এই যমজের দেহের যে বর্ণ ছিল তার ভদ্র নাম অবশ্য শ্যাম। সে যাইহোক এটা নিশ্চিত যে, তাঁর পুত্রদ্বয় যে একদিন তাদের নাম সার্থক করবে, এ কথা তিনি স্বপ্নেও ভাবেন নি। এতে তাঁর দোষ দেওয়া যায় না। কারণ রাম-শ্যামের নাম-করণের সময় আকাশ থেকে ত আর পুষ্পবৃষ্টি হয় নি।

অনেকদিন যাবৎ রাম শ্যামের কি শরীরে, কি অন্তরে, মহাপুরুষ-সুলভ কোনরূপ লক্ষণই দেখা যায় নি। তারা শৈশবে কারও ননিচুরি করে নি, বাল্যে কারও মন-চুরি করে নি। তাদের বাল্যজীবন ছিল ঠিক সেই ধরনের জীবন যেমন আর পাঁচ জনের ছেলের হয়ে থাকে। ছেলেও ছিল তারা নেহাৎ মাঝারি গোছের, কিন্তু তা সত্বেও কৈশোরে পদার্পণ করতে না করতে তারা স্কুলের ছেলেদের একদম দলপতি হয়ে উঠল। তাদের আত্মশক্তি যে কোন্ ক্ষেত্রে জয়যুক্ত হবে, তার পূর্ব্ব সূচনা এইখান থেকেই সকলের পাওয়া উচিত ছিল।

সকল বিষয়ে মাঝারি হয়েও তারা সকলের মাথা হল কি করে? এর অবশ্য নানা কারণ আছে, তার মধ্যে একটি হচ্ছে এই যে, তারা ছিল চৌকোশ। যে সব ছেলেরা পড়ায় ফার্ষ্ট হত—তারা খেলায়

চাগিয়ে তুলেছিল। যতদিন তারা দু'ভাই সেখানে ছিল ততদিন স্কুলটির জীবন ছিল, অর্থাৎ আজ নালিশ কাল সালিশ, পরশু ধর্ম্মঘট এই সব নিয়েই স্কুলের কর্ত্তৃপক্ষদের ব্যতিব্যস্ত হয়ে থাকতে হয়েছিল। ফলে কত ছেলে বেত খেলে, কত ছেলের নাম কাটা গেল, কিন্তু রাম শ্যামের গায়ে যে কখনও আঁচড়টি পর্য্যন্ত লাগল না, সে তাদের ডিপ্লোমাসির গুণে। ডিপ্লোমাসি যে পলিটিক্সের দেহ, সে সত্য তারা নিজেই আবিষ্কার করেছিল।

তারপর পলিটিক্সের যা প্রাণ, অর্থাৎ পেট্রিয়টিজম সে বিষয়েও, আর কেউ ছিল না যে, রাম শ্যামের ত্রিসীমানায় ঘেঁসতে পারে। স্ব-স্কুল সম্বন্ধে তাদের মমত্ববোধ এত অসাধারণ ছিল, যে আমি যদি জর্ম্মান দার্শনিক হতুম তাহলে বলতুম যে সমগ্র স্কুলের "সমবেত আত্মা" তাদের দেহে বিগ্রহবান হয়েছিল। প্রমাণ স্বরূপ উল্লেখ করা যেতে পারে যে, তাদের স্কুলের সঙ্গে অপর কোন স্কুলের ছেলেদের ফুটবল ম্যাচ হলে রাম শ্যাম তাতে যোগ দিত না বটে—কিন্তু সকলের আগে দাঁড়াত এবং প্রথম থেকে শেষ পর্য্যন্ত সমান বাক্যবর্ষণ করত,—কখনো স্বপক্ষকে উৎসাহিত করবার জন্য, কখনো বিপক্ষকে লাঞ্ছিত করবার জন্য। স্বপক্ষ জিৎলে তারা ইংরাজিতে "ব্র্যাভো" "হিপ হিপ হুর্‌রে" বলে তারস্বরে চিৎকার করত। আর বিপক্ষদল জিৎলে তারা প্রথমেই রেফারিকে জুয়োচোর বলে বসত, তাতে কেউ প্রতিবাদ করলে, রাম শ্যাম অমনি, my school right or wrong বলে এমনি হুঙ্কার ছাড়ত যে স্বদলবলের ভিতর সে হুঙ্কারে যাদের স্কুল পেট্রিয়টিজম প্রকুপিত হয়ে উঠত, তারা বেপরোয়া হয়ে, বিপক্ষদলের সঙ্গে মারামারি করতে লেগে যেত। মারামারি বাধবামাত্র রাম শ্যামের দেহ অবশ্য

এক নিমেষে সেখান থেকে অন্তর্ধান হত কিন্তু সেই যুদ্ধক্ষেত্রে তাদের আত্মা বিরাজ করত। জানো ত আত্মার ধর্ম্মই এই যে, তা যেখানে আছে সেখানে সর্ব্বত্রই আছে কিন্তু কোথায়ও তাকে ধরে-ছুঁয়ে পাবার যো নেই।

রাম শ্যামের এই বাল্যলীলা থেকে বোধ হয় তুমি অনুমান করতে পেরেছ যে, এরা দু'ভাই কলিযুগের যুগ ধর্ম্মের অর্থাৎ পলিটিক্সের—যুগল অবতার স্বরূপে এই ভু-ভারতে অবতীর্ণ হয়েছিল।

## দ্বিতীয় অঙ্ক।

### শিক্ষা।

রাম শ্যাম ষোল বৎসরও অতিক্রম করলেন, সেইসঙ্গে বিশ্ব-বিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষাও উত্তীর্ণ হলেন, অবশ্য সেকেণ্ড ডিভিসনে। এতে আশ্চর্য্য হবার কিছুই নেই। যেমন তেমন করে হোক্ হাতের পাঁচ রাখতে তাঁরা ছিলেন সিদ্ধহস্ত।

এরপর তাঁরা কলকাতায় পড়তে এলেন। এইখান থেকেই তাঁদের আসল পলিটিক্সের শিক্ষা-নবিসি সুরু হল। কলেজে ভর্ত্তি হবামাত্র নিজের প্রতি তাঁদের ভক্তি যথোচিত বেড়ে গেল, এবং সেই সঙ্গে তাঁদের উচ্চ আশা সিমলাস্পর্দ্ধী হয়ে উঠল। সহসা তাঁদরে হুঁস হল যে, স্কুল কলেজের মোড়লী করা-রূপ তুচ্ছ ব্যবসায়ের মজুরি তাঁদের মত শক্তি-শালী লোকের পোষায় না। তাই তাঁরা মনস্থির করলেন, তাঁরা হবেন দেশ-নায়ক। এবং পলিটিক্সের মহানাটকের অভিনয়ে যাতে সর্ব্বাগ্রগণ্য হতে পারেন, তার জন্য তাঁরা প্রস্তুত হতে লাগলেন।

মহানগরীর আবহাওয়া থেকে এ তথ্য তাঁরা দু'দিনেই উদ্ধার করলেন যে, এ যুগে ধর্ম্মবলও বল নয়, কর্ম্মবলও বল নয়, একমাত্র বল হচ্ছে বুদ্ধিবল, ওরফে বাক্যবল। এ বল যে তাঁদের শরীরে আছে, তার পরিচয় তাঁরা স্কুলেই পেয়েছিলেন। স্বাক্ষরিত অভিনন্দনপত্র এবং বেনামী দরখাস্ত লিখে, জিভের জোরে একদিকে বড়দের কাছ থেকে চাঁদা আদায় করে, আর একদিকে ছোটদের কাছ থেকে ভয়ভক্তি আদায় করে তাঁরা বাক্যবলের কতকটা চর্চ্চা ইতিপূর্ব্বেই করেছিলেন, এবার তার সম্যক অনুশীলনে প্রবৃত্ত হলেন।

রাম শ্যাম যেমন এ ধরাধামে প্রবেশ করা মাত্র, তাঁদের জননীকে, আপোষে আধাআধি ভাগ করে নিয়ে নিশ্চিন্তমনে ভোগ দখল করে ছিলেন, বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করামাত্র, তাঁরা তদ্রূপ আপোষে মা-সরস্বতীকে আধাআধি ভাগ করে নিয়ে, ভোগ-দখল করতে ব্রতী হলেন। বাণীর একালে দুটি অঙ্গ আছে, এক রসনা আর এক লেখনী। রাম ধরলেন বক্তৃতার দিক, আর শ্যাম ধরলেন লেখার দিক। এর কারণ, স্কুলে থাকতেই তাঁরা প্রমাণ পেয়েছিলেন যে, অভিনন্দন জবর হত রামের মুখে আর অভিযোগ জবর হত শ্যামের কলমে।

বলা বাহুল্য নৈসর্গিক প্রতিভার বলে, অচিরে রাম হয়ে উঠলেন একজন মহাবক্তা আর শ্যাম হয়ে উঠলেন একজন মহালেখক। যা এক কথায় বলা যায় রাম তা অনায়াসে এক-শ' কথায় বলতেন, আর যা এক ছত্রে লেখা যায়, শ্যাম তা অনায়াসে এক-শ' ছত্রে লিখতেন! রাম শ্যামের বক্তব্য অবশ্য বেশি কিছু ছিল না। তার কারণ যারা অহর্নিশি পরের ভাবনা ভাবে তারা নিজে কোন কিছু ভাববার কোন অবসরই

পায় না। ফলে, অনেক কথা বলে কিছু না বলার আর্টে তাঁরা Gladstone-এর সমকক্ষ হয়ে উঠলেন!

রামের মুখ ও শ্যামের কলম থেকে অজস্র কথা যে অনর্গল বেরত তার আরও একটি কারণ ছিল। জ্ঞানের বালাই ত তাঁদের অন্তরে ছিলই না, তার উপরে যে ধর্ম্ম শরীরে থাকলে, মানুষের মুখে কথা বাধে, কলমের মুখে কথা আটকায় সে ধর্ম্ম, অর্থাৎ সত্যমিথ্যার ভেদ-জ্ঞান, দুকড়ি দত্তের বংশধর যুগলের দেহে আদপেই ছিল না! এ জ্ঞানের অভাবটা যে পলিটিটিক্সে ও গল্প-সাহিত্যে কত বড় জিনিষ, সে কথা কি আর খুলে বলা দরকার?

যদি জিজ্ঞাসা করো যে তাঁরা এই অতুল বাক্-শক্তির চর্চ্চা কোথায় এবং কি সুযোগে করলেন, এক কথায়, কোথায় তাঁরা রিহার্সেল দিলেন?—তার উত্তর, কলেজের ছাত্রদের কলিকাতা সহরে, যতরকম সভাসমিতি আছে, রাম তাতে অনবরত বক্তৃতা করতেন এবং শ্যাম সে সবের লেখালেখির কাজ দু'বেলা করতেন, তার উপর নানা কাগজে নানা ছদ্ম-নামে নানা সত্যমিথ্যা পত্রও লিখতেন। সে সকল অবশ্য ছাপাও হত। বিনে পয়সায় লেখা পেলে কোন্ কাগজ ছাড়ে!

পূর্ব্বেই বলেছি, রাম শ্যামের বক্তব্য বেশি কিছু ছিল না, কিন্তু যেটুকু ছিল তার মুল্য অসাধারণ। মাণিকের খানিকও ভাল, এ কথা কে না জানে? একেত তাঁদের ভাষা ছিল গালভরা ইংরেজি তার উপর ভাব আবার বুকভরা পেট্রিয়টিক, এই মাণকাঞ্চনের যোগ দেখলে, প্রবীনদেরই মাথার ঠিক থাকে না,—নবীনদের কথা ত ছেড়েই দেও। তাঁদের সকল কথা সকল লেখার মুলসূত্র ছিল এক। তাঁরা একালের ইউরোপের সঙ্গে সেকালের ভারতের তুলনা করে দেখিয়ে দিতেন যে,

একালের আর্থিক সভ্যতা সেকালের আধ্যাত্মিক সভ্যতার তুলনায় কত তুচ্ছ, কত হেয়। তাঁরা এই মহাসত্য প্রচার করতেন যে, অতীত ভারতই পতিত ভারতকে উদ্ধার করবে, অপর কোনও উপায় নেই। রামের মুখে একথা শুনে, শ্যামের লেখায় এ কথা পড়ে, আমাদের সকলের চোখেই জল আসত, আর দু'চারজন উৎসাহী লোক ঘর ছেড়ে বনেও চলে গেল—অতীতের সন্ধানে। এরপর, রাম শ্যামের পেট্রিয়টিজমের খ্যাতি বিশ্ব-বিদ্যালয়ের প্রাচীর টপ্‌কে যে সমগ্র সহরে ছড়িয়ে পড়ল তাতে আর আশ্চর্য্য কি? সে ত হবারই কথা।

রাম শ্যাম দেশের অতীত সম্বন্ধে যতই বলা কওয়া করুন না কেন, নিজেদের ভবিষ্যৎ সম্বন্ধে কিন্তু সম্পূর্ণ সতর্ক ছিলেন। দেশের ভবিষ্যতের উপায় যাইহোক্, নিজের ভবিষ্যৎ যে বর্ত্তমানের সাহায্যেই গড়ে তুলতে হয়, এ জ্ঞান তাঁরা ভুলেও হারান নি। পাশ না করলে যে পয়সা রোজগার করা যায় না, আর বাক্যের পিছনে অর্থ না থাকলে তার যে কোনও বলই থাকে না,—এ পাকা কথাটা তাঁরা ভাল রকমই জানতেন। তাই তাঁরা যথাসময়ে বি এ এবং বি এল পাস করলেন, দুই-ই অবশ্য সেকেণ্ড ডিভিসনে। ফার্ষ্ট ডিভিসনে পাস করলে লোকে বলত, খুব মুখস্থ করেছে আর থার্ড ডিভিসনে পাস করলে বলত, ভাল মুখস্থ করতে পারে নি। এই দুই অপবাদ এড়াবার জন্যই তাঁরা সেকেণ্ড ডিভিসনে স্থান নিয়ে সুবুদ্ধির পরিচয় দিলেন! মুখস্থ অবশ্য তাঁরা ঢের করেছিলেন, সে কিন্তু সেই সব বড় বড় ইংরেজি কথা, যা বক্তৃতার আর লেখার কাজে লাগে।

সংসারের বিচিত্র কর্ম্মক্ষেত্রের তাঁরা যে কোন ক্ষেত্র দখল করবেন, সে বিষয়ে তারা একদম মনস্থির করে ফেললেন। রাম ঠিক করলেন

তিনি হবেন একজন বড় উকিল, আর শ্যাম ঠিক করলেন তিনি হবেন একজন বড় এডিটার। এরথেকে তুমি যেন মনে করোনা যে তাঁরা পলিটিক্সের দিকে পিঠ ফেরাবার বন্দোবস্ত করলেন। রাম শ্যাম অত কাঁচা, অত বে-হিসাবী ছেলে ছিল না। তারা বেশ জানত যে পেট্রিয়-টিজমের সাহায্যে তারা ব্যবসায়ে উন্নতিলাভ করবে আর একবার ব্যবসায় উন্নতি লাভ করতে পারলে, দেশের লোক ধরে নিয়ে গিয়ে তাঁদের পলিটিক্সের নেতা করে দেবে।

এইখানে একটি কথা বলে রাখি। আকৃতি প্রকৃতিতে রামের সঙ্গে শ্যামের পোনেরো আনা তিন পাই মিল থাকলেও এক পাই গরমিল ছিল, যে গরমিল একবৃন্তে দুটি ফুলের মধ্যে চিরদিনই থেকে যায়।

প্রথম রামের ছিল মোটার ধাত, আর শ্যামের রোগার ধাত। দ্বিতীয়ত, রামের কণ্ঠস্বর ছিল ভেরীর মত, আর শ্যামের তুরীর মত, জোর অবশ্য দু'য়েরি সমান ছিল, কিন্তু একটা খাদের দিকে, আর একটা জিলের দিকে।

কালিদাস বলে গেছেন যে বড়লোকের প্রজ্ঞা তাদের আকারের সদৃশ হয়। এক্ষেত্রেও দেখা গেল যে কবির কথা মিথ্যে নয়। দু'জনের মধ্যে রাম ছিলেন অপেক্ষাকৃত সুস্থ, আর শ্যাম অপেক্ষাকৃত ব্যস্ত। রাম ছিল বেশি দরবারী, আর শ্যাম ছিল বেশি তকরারী। রামের কৃতীত্ব ছিল হিক্‌মতে, শ্যামের হুজ্জুতে। রাম সিদ্ধহস্ত ছিল দল পাকাতে, আর শ্যাম দল ভাঙাতে। এক কথায় দলাদলী ছিল রামের পেশা, আর শ্যামের নেশা। রামের motto ছিল আগে ভেদ তারপরে সাম, আর শ্যামের motto ছিল আগে ভেদ তারপরে বিগ্রহ; কেন না রাম চাইতেন লোকে তাঁকে ভক্তি করুক আর শ্যাম চাইতেন লোকে তাঁকে ভয়

করুক। তাঁদের চরিত্রের প্রভেদটা একটি ব্যপার থেকেই স্পষ্ট দেখান যায়। আগেই বলেছি যে, স্কুলকলেজে যত প্রকার সভাসমিতি ছিল, এই ভ্রাতৃযুগল সে সবের সেক্রেটারি ও ট্রেজারের পদ অধিকার করে বসতেন। কিন্তু রাম বরাবর ট্রেজারারই হতেন আর শ্যাম সেক্রেটারি।

এহেন চরিত্র এহেন বুদ্ধি নিয়ে রাম ও শ্যাম যখন সংসারের রঙ্গমঞ্চে অবতীর্ণ হলেন, তখন সকলেই বুঝল যে, তাঁরা জীবনে একটা বড় খেলা খেলবেন।

## তৃতীয় অঙ্ক।

### পেট্রিয়টিজম।

যিনি মহাপুরুষ-চরিতের চর্চ্চা করেছেন তিনিই জানেন যে, তাঁদের জীবনের একটা ভাগ তাঁরা অজ্ঞাতবাসে কাটান; সে সময় তাঁরা কোথায় ছিলেন, কি করেছেন, সে খবর কেউ জানে না।

কলেজ ছাড়বার পর রাম শ্যাম দশ বৎসরের জন্য লোক-চক্ষুর অন্তরালে চলে গিয়েছিলেন। এ কয় বৎসর তাঁরা যে কোথায় ছিলেন, এবং কি করেছেন, সে খবর কেউ জানে না।

তারপর স্বদেশী যুগে তাঁদের পুনরাবির্ভাব হলো। "বন্দে মাতরম্"-এর ডাক শুনে তাঁদের সুপ্ত মাতৃভক্তি আবার ক্ষিপ্ত হয়ে উঠল, তাঁরা আর স্থির থাকতে পারলেন না, অমনি অজ্ঞাতবাস ছেড়ে প্রকাশ্য মাতৃ-সেবায় লেগে গেলেন। যে অগাধ মাতৃ-ভক্তি শৈশবে তাঁদের গর্ভ-ধারিণীর হৃদয়ের উপর ন্যস্ত ছিল, পূর্ণযৌবনে তা তাঁদের জন্মভূমির পৃষ্ঠে গিয়ে ভর করলে। লোকে ধন্য ধন্য করতে লাগল।

বাতাসের স্পর্শে জল যেমন নেচে ওঠে, আগুণের স্পর্শে খড় যেমন জ্বলে ওঠে, রামের রসনা আর শ্যামের লেখনীর স্পর্শে, আমাদের হৃদয় তেমনি উদ্বেলিত আন্দোলিত হয়ে উঠল, আমাদের উৎসাহ তেমনি সংধুক্ষিত প্রজ্বলিত হয়ে উঠল।

এবার তাঁরা ধরলেন এক নতুন সুর। ভারতবর্ষের আধ্যাত্মিক অতীতকে তাঁরা টেঁকে গুঁজে, ভারতবর্ষের আর্থিক ভবিষ্যতের তাঁরা ব্যাখ্যান সুরু করলেন। তাঁদের বাক্যবলে সে ভবিষ্যৎ অন্নবস্ত্রে ধনরত্নে পরিপূর্ণ হয়ে উঠল। এ ছবি দেখে সকলেরি মুখে জল এল। যারা পূর্ব্বে বনে চলে গিয়েছিল তারা আবার ঘরে ফিরে এল।

রাম যখন স্পষ্ট করে বললেন যে, "আমি দেশের চিনি খাব" আর শ্যাম যখন স্পষ্ট করে লিখলেন যে, "আমি দেশের নুন খাব"—তখন আর কারও বুঝতে বাকী থাকল না যে, তাঁরা দু'জনে একালের যুগধর্ম্ম প্রচার করতে এসেছেন, অমনি আমাদের মনে তাঁদের প্রতি ভক্তি উথলে উঠল।

যুগধর্ম্মের প্রচারের যাতে কোনরূপ ব্যাঘাত না ঘটে, তার জন্য দেশের লোক চাঁদা করে টাকা তুলে শ্যামের জন্য একখানি ইংরেজি কাগজ বার করে দিলেন, সে কাগজের নাম হ'ল—Nationalist. শ্যামের হাতে পড়ে সেখানি হয়ে উঠল—একখানি চাবুক। শ্যাম সজোরে তা আকাশের উপর চালাতে লাগলেন, তার পটপটানির আওয়াজে, আকাশ-বাতাস ভরে গেল। সেই রণবাদ্য শুনে আমাদের বুকের পাটা দশগুণ বেড়ে গেল।

কথায় বলে, দিন যেতে জানে ক্ষণ যেতে জানে না। শ্যামের ভাগ্যে ঘটলও তাই। এই চাবুক দৈবাৎ একদিন একটি বড় সাহেবের

গায়ে লেগে গেল। তিনি তৎক্ষণাৎ শ্যামের বিরুদ্ধে মানহানীর নালিশ করলেন। দেশময় রৈ রৈ হৈ হৈ পড়ে গেল।

যথাসময়ে ফৌজদারী আদালতে শ্যামের বিচার হল। এবং এই সূত্রে রাম তাঁর অ-সাধারণ আইনের জ্ঞান ও অ-সামান্য ওকালতি-বুদ্ধি দেখাবার একটি অ-পূর্ব্ব সুযোগ পেলেন। রামের জেরার জোরে বাহাজের বলে, আইনের হিক্‌মতে মামলা মাজপথেই ফেঁসে গেল। রাম নিম্ন আদালতে আইনের যে সব কূটতর্ক তুলেছিলেন, সে তর্ক এখানে তুললে তুমি ভেবড়ে যাবে, কেননা তার মর্ম্ম তুমি বুঝতে পারবে না; বেচারা মাজিষ্ট্রেটও তার নাগাল পায় নি। তবে এ ক্ষেত্রে তিনি কি রকম বুদ্ধি খেলিয়ে ছিলেন, তার একটা পরিচয় দেই। রাম এই আপত্তি তুললেন যে, ইংরেজের ইংরাজির যা মানে, শ্যামের ইংরাজির সে মানে করলে, আসামীর উপর সম্পূর্ণ অবিচার করা হবে। কেননা শ্যাম যে ভাষা লেখেন সে তাঁর নিজস্ব-ভাষা, এক কথায় সে হচ্ছে শ্যামের স্বকৃত-ভঙ্গ ইংরাজি। বাঙলা খুব ভাল না জানলে সে ইংরাজির যথার্থ অর্থ হৃদয়ঙ্গম করা যায় না। ফরিয়াদির সাহেব-কৌঁচুলি এ আপত্তির আর কোনও উত্তর দিতে পারলেন না, কেননা তিনি একথা অস্বীকার করতে পারলেন না যে, শ্যামের ইংরাজি ইংলণ্ডের ইংরাজি নয়। শ্যাম খালাস হলেন। লোকে রাম শ্যামের জয় জয়কার করতে লাগল।

শ্যাম যে দিন খালাস পেলেন, বাঙলার সেদিন হ'ল—ইংরাজরা যাকে বলে, একটি লাল হরফের দিন। লোকের অমন আনন্দ অমন উল্লাস, সেদিনের পূর্ব্বে আর কখনও দেখা যায় নি।

এমন কি এই ফচ্‌কে কলকাতা সহরের লোকরাও সেদিন যে কাণ্ড

করেছিল তা এতই বিরাট যে বীরবলী ভাষায় তার বর্ণনা করা অসাধ্য, তার জন্য চাই মেঘনাদবধের কলম। রাম শ্যামকে একটি ফিটানে চড়িয়ে হাজার হাজার লোক বড়রাস্তা দিয়ে সেই ফিটান যখন টেনে নিয়ে যেতে লাগল, তখন পথ ঘাট সব লোকে লোকারণ্য হয়ে গেল, এত লোক বোধ হয় জগন্নাথের রথ যাত্রাতেও একত্র হয় না। লোক বললে রাম শ্যাম কৃষ্ণার্জ্জুন। তারপর এই যুগলমূর্ত্তি দেখবার জন্য জনতার মধ্যে এমনি ঠেলাঠেলি মারামারি লেগে গেল যে, কত লোকের যে হাত পা ভাঙ্গলে তার আর ঠিক ঠিকানা নেই।

আমি ভিড় দেখলে ভড়কাই—ওর ভিতর পড়লে বেঁহোস হয়ে যাবার ভয়ে, এবং সেই ভয়ে চড়কের সং দেখাছাড়া অপর কোনও শোভাযাত্রা দেখতে কখনও ঘর থেকে বার হইনে। কিন্তু সেদিন উৎসাহের চোটে আমিও ঘর থেকে বেরিয়ে পড়েছিলুম। চোর-বাগানের মোড়ে গিয়ে যখন দেখলুম যে, চিৎপুরের দুধার থেকে রাম শ্যামের মাথায় পুষ্পবৃষ্টি হচ্ছে, তখন আমার চোখেও জল এসেছিল। আর কোনও গুণের না হোক পেট্রিয়টিজমের সম্মান যে বাঙালী করতে জানে, সেদিন তার চূড়ান্ত প্রমাণ হয়ে গেল।

এইখান থেকেই দেশ আবার মোড় ফিরলে ; অর্থাৎ এই ঘটনার অব্যবহিত পরেই স্বদেশী আন্দোলন উপরের চাপে বসে গেল। কত ছা-পোষা লোকের চাকরি গেল, কত ছেলের স্কুল থেকে নামকাটা গেল, কত যুবক রাজদণ্ডে দণ্ডিত হল, বাদবাকী আমরা সব একদম দমে গেলুম। রাম শ্যামের গায়ে কিন্তু আঁচড়টি পর্য্যন্ত লাগল না। অনেক কথা বলে কিছু না বলার আর্টের যে কি গুণ, এবার তার পরিচয় পাওয়া গেল। তাঁরা অবশ্য দমেও গেলেন না। এ দুই ভাই

আর সাজগোজ ইতিমধ্যে এতটা বদ্‌লে গিয়েছিল যে, তাঁদের দু'জনকে যমজভ্রাতা ত অনেক দূরের কথা, পরস্পরের ভ্রাতা বলেই চেনা গেল না।

রামের দেহটি হয়েছিল ঠিক ঢাকের মত আর শ্যামের হয়েছিল তার কাটির মত, এর কারণ রামের হয়েছিল বহুমূত্র আর শ্যামের শ্বাসরোগ।

তাদের বেশভূষাও একদম বদ্‌লে গিয়েছিল। এবার দেখা গেল, রামের দাড়ি-গোঁফ দুই-ই কামানো, মাথার চুল কয়েদিদের ফ্যাসানে ছাঁটা এবং পরণে ইংরেজি পোষাক। হটাৎ দেখতে পাকা বিলেত ফেরত বলে ভুল হয়। অপরপক্ষে শ্যামের দেখা গেল, দাড়ি গোঁফ চুল সবই অতি প্রবৃদ্ধ, পরণে থানধুতি, গায়ে আঙরাখা, পায়ে তাল-তলার চটি, হঠাৎ দেখতে ঘোর থিয়জফিষ্ট বলে ভুল হয়।

এ হেন রূপান্তরের কারণ, ইতিমধ্যে রাম হয়ে উঠেছিলেন এক-জন বড় উকিল আর শ্যাম হয়ে উঠেছিলেন একজন বড় এডিটার! এই বড় হবার চেষ্টার ফলেই তাঁদের এতাদৃশ বদল হয়েছিল। রামের পশার যেমন বাড়তে লাগল, তিনি চালচলনে তেমনি সাহেবি-আনার দিকে ঝুঁকতে লাগলেন, আর যত তিনি সেই দিকে ঝুঁকতে লাগলেন, তত তাঁর পশার বাড়তে লাগল। অপরপক্ষে শ্যামের কাগজের প্রসার যেমন বাড়তে লাগল, তেমনি তিনি হিঁদুয়ানীর দিকে ঝুঁকতে লাগলেন; আর যত তিনি হিঁদুয়ানীর দিকে ঝুঁকতে লাগলেন—তত তাঁর কাগজের প্রসার বাড়তে লাগল।

তাঁরা যে দুটি রোগ সংগ্রহ করেছিলেন, সেও ঐ বড় হবার পথে। এদেশে মস্তিষ্কের বেশি চর্চ্চা করলে যে বহুমূত্র হয়, আর হৃদয়ের বেশি চর্চ্চা করলে হাঁপানি হয়, একথা কে না জানে।

বাইরের চেহারার সঙ্গে সঙ্গে তাঁদের মনের চেহারাও ফিরে গিয়েছিল।

এই দশ বৎসরের মধ্যে রাম হয়ে উঠেছিলেন একজন রিফরমার, আর শ্যাম একজন নব্য-হিন্দু। সমাজ সংস্কার ছাড়া রামের মুখে অপর কোনও কথা ছিল না, আর বেদান্ত ছাড়া শ্যামের মুখে অপর কোনও কথা ছিল না। রাম বলতেন বাল্য-বিবাহ বন্ধ না হলে দেশের কোনও উন্নতি হবে না, আর শ্যাম বলতেন "অথাতো ব্রহ্ম" জিজ্ঞাসা না করলে দেশের কোনও উন্নতি হবে না। রাম বলতেন যে দেশের লোক যদি শক্তিশালী হতে চায় ত তাদের Eugenies মেনে চলতে হবে, আর শ্যাম বলতেন, ওর জন্য "শাস্ত্রযোনীত্বাৎ" মেনে চলতে হবে। রাম বলতেন জাতিভেদ তুলে দিতে হবে, শ্যাম বলতেন বর্ণাশ্রম ধর্ম্ম ফিরে আনতে হবে। এক কথায় রাম দোহাই দিতেন পাশ্চাত্য বিজ্ঞানের আর শ্যাম প্রাচ্য দর্শনের।

এর থেকে অবশ্য মনে করো না যে, আচারে বিচারে রাম শ্যামের ভিতর কোনরূপ প্রভেদ ছিল। যে কৌশলে কথা মুখে রাখলেও তা পেটে যায় না—সে কৌশলে তাঁরা চিরাভ্যস্ত ছিলেন। রাম তাঁর মেয়েদের যথাসময়ে অর্থাৎ দশ বৎসর বয়েসেই পাত্রস্থ করতেন,—প্রধানত পাত্রের জাত ও কূল দেখে, আর নিত্য মুরগি না খেলে শ্যামের অম্বল হত, আর চায়ের বদলে Bovril না খেলে তিনি জোর কলমে লেখবার মত বুকের জোর পেতেন না। সুরা অবশ্য দুজনেই পান করতেন, উভয়ে কিন্তু এ ক্ষেত্রে এক রসের রসিক ছিলেন না। রাম খেতেন হুইস্কি আর শ্যাম্ ব্রাণ্ডি।

রাম শ্যামের কথার সঙ্গে কাজের এই গরমিলটা ইউরোপে অবশ্য

পাওয়া যায় নি; সম্ভবত আগামী Peace Conference-এ সে কথা প্রকাশ পাবে।

কিন্তু এর প্রত্যক্ষ ফল হল এই যে, স্বদেশ রক্ষা আগে না স্ব-রাজ্য লাভ আগে এই নিয়ে দেশময় একটা মহাতর্ক বেধে গেল; এবং সঙ্গে সঙ্গে দেশের লোক দু'ভাগে বিভক্ত হয়ে গেল। যারা রক্ষণশীল তারা হল রাম-পন্থী আর যারা অরক্ষণশীল তারা হল শ্যাম-পন্থী। রামের দল হল ওজনে ভারি আর শ্যামের দল হল সংখ্যায় বেশি? তার কারণ যারা মোটা তারা হল রামের চেলা, আর যারা রোগা তারা হল শ্যামের চেলা। বাঙলাদেশে মোটাদের চাইতে রোগারা যে দলে ঢের বেশি পুরু—সে কথা বলাই বেশি। এর পর দু'দলে কুরু-পাণ্ডবের যুদ্ধ যে বেধে যাবে, সে কথা সকলেই টের পেলে। দেশের জন্য যারা কেয়ার করে তারা মনমরা হয়ে গেল; যারা করে না তারা তামাসা দেখবার জন্য উৎসুক হল; যারা ঘুমিয়ে আছে—তারা একবার জেগে উঠে আবার পাশ ফিরে শুলে। আর বিলেতি কাগজ-ওয়ালারা মহানন্দে বলতে লাগল,—"নারদ" "নারদ"।

যুদ্ধের প্রস্তাবে যে যুদ্ধের সূত্রপাত হয়েছিল, রিফরমের প্রস্তাবে সে যুদ্ধ দস্তুরমত বেধে গেল।

রিফরমের প্রতি রাম হলেন দক্ষিণ আর শ্যাম হলেন বাম। এ দেশের মেয়েরা বাড়ীতে ছেলে হলে যে রকম আনন্দে নৃত্য করে, রাম সেই রকম নৃত্য করতে লাগলেন,—আর মেয়ে হলে তারা যে রকম হা-হুতাশ করে, শ্যাম সেই রকম হা-হুতাশ করতে লাগলেন। রাম বললেন, "রিফরম গ্রাহ্য কিন্তু তার বদল চাই"। শ্যাম অমনি বলে উঠলেন—"রিফরম অগ্রাহ্য, কেননা তার বদল চাই"।

এই দুটি বাক্যের ভিতর এক syntax ছাড়া আর কি প্রভেদ আছে—দেশের লোকে প্রথমে তা ঠাহর করতে পারে নি ; তারা মনে করেছিল যে, একই কথা রাম বলছেন—positive আকারে আর শ্যাম বলছেন negative আকারে। তাঁদের সে ভুল তাঁরা দু'দিনেই ভাঙ্গিয়ে দিলেন।

রাম যখন বুঝিয়ে দিলেন যে, শ্যামের মত "নেতি মূলক" আর শ্যাম যখন বুঝিয়ে দিলেন যে, রামের মত "ইতি-অন্ত", তখন আর কারও বুঝতে বাকী থাকল না যে, রিফরমার ও বৈদান্তিকে যা প্রভেদ এ উভয়ের মধ্যে ঠিক সেই প্রভেদ আছে ; অর্থাৎ দক্ষিণ মার্গ হচ্ছে পাশ্চাত্য আর বাম মার্গ হচ্ছে প্রাচ্য।

এর পর দু'দলে প্রকৃত লড়াই লাগল। রাম শ্যাম উভয়েই কিন্তু একটু মুস্কিলে পড়ে গেলেন। স্বদেশী যুগে একজন করতেন বক্তৃতা আর একজন লিখতেন কাগজ। কিন্তু স্বরাজের যুগে পরস্পরের ছাড়াছাড়ি হওয়ার দরুন প্রত্যেককেই অগত্যা যুগপৎ লেখক ও বক্তা হতে হ'ল। অর্থাৎ দু'জনেই আবার বাল্য-জীবনে ফিরে গেলেন। শ্যাম বক্তৃতা সুরু করে দিলেন, আর রাম কাগজ বার করলেন। সে কাগজের নাম রাখা হল Rationalist.

বলা বাহুল্য Rationalist-এর সঙ্গে Nationalist-এর তুমুল বাক্‌যুদ্ধ বেধে গেল। Rationalist খুলে দেখো তাতে Nationalist-এর কেচ্ছা ছাড়া আর কিছু নেই, আর Nationalist খুলে দেখো তাতে Rationalist-এর কেচ্ছা ছাড়া আর কিছু নেই।

নির্ব্বিবাদী লোক বাঙলাতেও আছে এবং নির্ব্বিবাদী বলে তারা

যে একেবারে নির্ব্বোধ কিম্বা পাষণ্ড, তাও নয়। ব্যাপার দেখে শুনে এই নিরাহের দল তিতিবিরক্ত হয়ে উঠল।

কিন্তু বিরক্ত হয়ে ঘরে বসে থাকার ফল হচ্ছে শুধু ঘরের ভাত বেশি করে খাওয়া, এতেকরে দেশের যে কোনও উপকার হয় না, সে জ্ঞান এই নিরপেক্ষ দলের ছিল। শেষটা তাঁরা রাম শ্যামের ভিতর একটা অপোষ মীমাংসা করে দেবার জন্য হরিকে তাঁদের কাছে দূত পাঠালেন। হরিকে পাঠাবার কারণ এই যে, তারতুল্য গো-বেচারা এদেশে খুব কমই আছে, তার উপর সে ছিল রাম শ্যামের চিরানুগত বন্ধু।

হরি প্রস্তাব করলে যে, দু'জনে মিলে যদি Rational-nationalist কিম্বা National-rationalist হন তাহলে দুদিক রক্ষা পায়। এ প্রস্তাব অবশ্য উভয়েই বিনা বিচারে অগ্রাহ্য করলেন, কেননা দু'জনের-ই মতে rationalism এবং nationalism হচ্ছে, দিনরাতের মত ঠিক উল্টো উল্টো জিনিষ; একটি যেমন সাদা আর একটি তেমনি কালো, যাবচ্চন্দ্র দিবাকর ও-দুই কিছুতেই এক হতে পারে না। হরি মধ্যস্থতা করতে গিয়ে বেজায় অপদস্থ হলেন! রামের চেলারা তাঁকে বললেন কবি, আর শ্যামের চেলারা দার্শনিক। হরির লাঞ্ছনা দেখে, আর কেউ সাহস করে মিটমাট করতে অগ্রসর হল না।

দলাদলী থেকেই গেল, শুধু থেকে গেল না, ভয়ঙ্কর বাড়তে লাগল। ঢাকে কাঠিতে যখন মারামারি বাধে তখন মানুষের কান কি রকম ঝালাপালা হয়, তা ত জানই। দেশের লোক মনে মনে বললে, এখন থামলে বাঁচি, কিন্তু এই গোল থামা দূরে থাক ভারতবর্ষময় ছড়িয়ে পড়ল। এবং সেও কতকটা রাম শ্যামের চালের গুণে।

এতদিনে রাম শ্যামের এ জ্ঞান জন্মেছিল যে, বাঙলাতে কোনও

এ সমস্যার মীমাংসা আজ করা কিন্তু অসম্ভব, কেননা "স্বরাজ" এখন রাজা হরিশ্চন্দ্রের মত আকাশে ঝুলছে, অতঃপর তা উড়ে স্বর্গে যাবে, কি ঝরে মর্ত্ত্যে পড়বে, সে কথা রামও বলতে পারেন না শ্যামও বলতে পারেন না। হরি বলে, ও এখন অনেক দিন ঐ মাথার উপরেই ঝুলবে। কিন্তু ধরো যদি যে, রিফরম-স্কিমটি যেমন আছে ঠিক তেমনি এদেশে ভূমিষ্ঠ হয়, তাহলেই যে এ সমস্যার মীমাংসা হবে, তাই বা কি করে বলা যায়? হয়ত তখন দেখা যাবে যে, রাম হয়েছেন বাঙলার Finance minister, আর শ্যাম হয়েছেন তার Chief-secretary! তাহলে?—

তবে একথা নির্ভয়ে বলা যায় যে, ভারত-মাতা রাম শ্যামের টানা-টানিতে নিশ্চয়ই খাড়া হয়ে উঠবেন, যদি ইতিমধ্যে কোনও দুর্ঘটনা না ঘটে, এবং তা ঘটবার সম্ভাবনা যে নেই, সে কথা চোখের মাথা না খেলে বলবার যো নেই। মা এখন ইনফ্লুয়েঞ্জা নামক মারাত্মক ক্ষয়রোগে যে-রকম আক্রান্ত হয়েছেন, তাতেকরে, তাঁর পক্ষে হঠাৎকারে রাম শ্যামের হাত এড়িয়ে চলে যাবার আটক কি?— "আমার কথা ফুরল নটে গাছটি মুড়ল"।

বীরবল।

পুনশ্চ।

এ গল্প পড়ে আমার গৃহিণী বললেন—"কৈ গল্প ত শেষ হল না"? আমি কাষ্ঠহাসি হেসে উত্তর করলুম—"এ গল্পের মজাই ত এই যে, এর শেষ নেই। এ গল্প এদেশে কবে যে সুরু হয়েছে—তা কারও স্মরণ নেই, আর কখনও যে শেষ হবে তারও কোন আশা নেই। এ গল্প যদি কখনো শেষ হত, তাহলে ভারতবর্ষের ইতিহাস এ পৃথিবীর সব চাইতে বড় ট্রাজেডি হত না।——

# "একতারা"।

( শ্রীদ্বিজেন্দ্রনারায়ণ বাগচী প্রণীত )

দরদীর আঙুলের স্পর্শে একতারা যে সেতারকেও হার মানাতে পারে, দ্বিজেনবাবু তা দেখিয়েছেন—কিন্তু দাম্পত্য-প্রেমের সুর বক্তৃতার সভায় যতই উচ্চ হোক্ না কেন, বিশ্ব-সাহিত্যের দরবারে তা এখনো মাথা নীচু করে আছে। এর কারণ আর কিছুই নয়, ও-সুর বড় বেশি সংকীর্ণ, বড় বেশি গাঁ-ঘেঁসা। ও-সুরে যে-যন্ত্রী যত প্রাণ্-পণেই মূর্চ্ছনা দিন না কেন, অপরের হৃদয় তাতে মূর্চ্ছিত হয় না। পদাবলীর সুর যে একদিন বিশ্বের মরমে পৌঁছেছিল, তার কারণ, অন্যত্র যাই হোক্, রস-সাহিত্যে পরকীয়া, পত্নীর চেয়ে বড়। সে পরকীয়া রাধাই হোন আর রজকিনীই হোন্।

সোজা কথায় বলতে গেলে কবির পার্থিব প্রিয়া যে পরিমাণে মানসী সেই পরিমাণে তিনি কাব্যের বস্তু—যে পরিমাণে তাঁর ব্যক্তির রূপটি ধর্ম্মের রূপে মিলিয়ে যায়, সেই পরিমাণে তিনি বিশ্বের চোখে সুন্দর। তবে একথা জোর করে বলা যায় যে; যে তারে দাম্পত্য-প্রেম স্ফুরিত, সেই তারেই কবি মাঝে মাঝে ব্যঞ্জনার বিদ্যুৎ এমন ভাবে সঞ্চারিত করতে পারেন যে, আমাদের সীমাবদ্ধ মন চুম্বকের মত অসীমের দিকে ফিরে যায়, দ্বিজেনবাবুর 'একতারা'য় সেই বিদ্যুতের প্রবাহ আছে।

গতির সুখে উধাও যাবে ছুটি
বে-আইনির হাজার নতুন ধারা।"

ধর্ম্মে বল, সাহিত্যে বল, সমাজে বল, জীবনে বল, এত বড় সত্য আর কি আছে? কিন্তু যতবার পড়ি, আরব্য-উপন্যাসের সেই ধীবরের মতই সন্দেহ হয়—এতটুকু শিশির মধ্যে অত বড় দৈত্য ছিল কি করে'। আর একটি উদাহরণ দিই।

বিরহ সম্বন্ধে কবি বলেছেন :—

"যে বেদনা মোর তোমার বিরহে
সকল ব্যথার সার।
তুমি বিনে বল সে ব্যথার ব্যথা
মরমে পশিবে কার?
কানে পশে শুধু কথার কাকলী,
ভাব নেয় ভাব চিনে,
তোমার অভাবে যে ভাব মরমে
কে বুঝিবে তোমা বিনে?"

জানিনে, এত সাদা কথায়, চণ্ডীদাস এর চাইতে কি ভাল লিখতে পারতেন।

দ্বিজেনবাবু সম্বন্ধে এ কথাটি বলা যায় যে, প্রাণের তারটি না বেঁধে তিনি গান জাগাতে সাহস করেন নি।

দ্বিজেনবাবুর কবিতায় সত্য-সন্ধতা ছাড়াও এমন একটি সূক্ষ্ম অনুভূতির পরিচয় আছে, যা প্রত্যেক বড় কবির নিজস্ব। যা সকলেই

একটি ঘরের কোণের উপমা দিয়ে কবি সহজ ভাবে বুঝিয়ে দিয়েছেন যে, কালের একটানা স্রোতে যা অতীত তাই বর্ত্তমান; অতীত মরে না, বর্ত্তমানের ভিতর বেঁচে থাকে। নূতন পুরাতনের চিরপ্রসিদ্ধ বিরোধ কেবল স্থূল দৃষ্টিতে।

দ্বিজেনবাবুর দার্শনিক মতের পরিচয় নিম্নোদ্ধৃত শ্লোক দু'টি থেকেই পুরোপুরি পাওয়া যায়—

"মুক্ত রেখেই ফেল্‌লো সে যে বিষম ঘোরে

* * * *

বাঁধন-সৃজন-নেশায় এ মন উঠল ভরে"

বোঝা গেল কবি freedom-বাদী; বাইরের বন্ধনই তাঁর কাছে একমাত্র বন্ধন—আবার তিনি লিখবেন।

"যেখানে মোর প্রাণের বাঁধন মুক্তি আমার সেইখানে"। বোঝা গেল কবি একজন মস্ত বড় optimist. শৃঙ্খলার শৃঙ্খল তাঁর কাছে মুক্তিপাশ।

আর একটি দার্শনিক কবিতার দু' ছত্র উদ্ধৃত করবার লোভ সম্বরণ করতে পারছি না—যার ভিতর একটি বড় সত্য ফুটে উঠেছে।

"ভয় ত শুধু আপন মাঝে আপন পরে অবিশ্বাস,
ভয় ত শুধু মূঢ় প্রাণের প্রেমের প্রতি পরিহাস।"

দ্বিজেনবাবুর "একতারা" সম্বন্ধে এবং "একতারা"র মধ্য দিয়ে যে কবি মানুষটি ফুটে' উঠেছে তার সম্বন্ধে এপর্য্যন্ত যা বলেছি—তা প্রায়

সমস্তই নিক্তির একদিকে পড়েছে—এবার অন্যদিকে কি পড়তে পারে দেখা যাক্।

“একতারা”র কতকগুলি কবিতা একেবারে দুর্ব্বোধ। কথায় কথায় অর্থ হয়ত করা যেতে পারে কিন্তু তাতে আগাগোড়া একটা সুস্পষ্ট সুসঙ্গত ভাবের একান্ত অভাব। কষ্টকল্পনার সাহায্যে হেঁয়ালির অর্থ করা যাঁদের অভ্যাস আছে তাঁরা কি বলবেন জানি না, কিন্তু সাধারণ পাঠকের কাছে ও-গুলো কুয়াসার মতই ঝাপসা।

দ্বিজেনবাবুর কবিতাসুন্দরীর দেহও স্থানে স্থানে ছন্দ দোষে দুষ্ট। যদিও সে দোষ তিলের মতই ক্ষুদ্র। তিলকে তাল করে' লোকের চোখে ধরে দেওয়া আমি একেবারেই পছন্দ করিনে। কবি অনুসন্ধান করে' নিজেই সেগুলি বের করে নেবেন এবং চাইকি ইচ্ছা করলে একটা তুলির টানে তা বেমালুম মুছে ফেলতে পারবেন। আমার বিশ্বাস এ তাঁর অসাবধানতার দোষ, কানের দোষ নয়।

তারপর আর একটি কথা। একটা কবিতা একটা গোটা কাপড়ের মত। সে কাপড়ের খানিকটা সুতি, খানিকটা রেশমী, খানিকটা মোটা, খানিকটা মিহি, খানিকটা সাদা, খানিকটা রঙ্গীন হলে বড়ই দুঃখের কথা। দ্বিজেনবাবুর কবিতার এ দোষটুকু প্রায়ই দেখা যায়। তাঁর দিব্যি রঙ্গীন মিহি কথার পর হয়ত এমন মোটা সাদা কথা এল যে, ইচ্ছে হয়, সেটুকু কেটে ফেলে দিই।

তবে মোটের উপর দ্বিজেনবাবুর ‘একতারা’ এতই সরস, এতই উপাদেয় হয়েছে যে, তার দোষগুলিকেও অপকর্ষক বলতে ইচ্ছা হয় না—এ সম্বন্ধে কবির ভাষাতেই আমি নিঃসঙ্কোচে বলতে পারি—

# সাহিত্য ও নীতি।

—:০:—

দার্শনিক অদার্শনিক, ধার্ম্মিক অধার্ম্মিক, কবি অকবি—সবাই এ কথা স্বীকার করিবেন যে, মানুষের মধ্যে সব-চেয়ে বড় না হোক্, সব-চেয়ে উঁচু আর খাড়া হইয়া আছে যে সত্যটা, সেটা হচ্ছে তার অহং। আমাদের কাহাকেও মুখের উপর অহংকারী বলিলে আমাদের মধ্যে যে অতিবড় ধার্ম্মিক, তার-ও পক্ষে সেটা ভালমানুষের মত মানিয়া লওয়া যে তত সহজ-সাধ্য হয় না, এই প্রমাণ যে অর্ব্বাচীন জনসাধারণের চেয়ে তার "অহং" কিছু কম উগ্র নয়। প্রতি নিমেষে সযত্নে আমরা একেই লালন করিয়া থাকি; আমাদের সমুদয় জীবনবৃত্তান্ত হচ্ছে ইহারই চারিপাশে ঘুর্ণি নাচের একটি ছবি। এমন কি, মেথরদেরও সর্দ্দার আছে। যে ধূলার তলে দলিত বিদলিত হইয়াছে, তার সমস্ত রিক্ততার মধ্যেও মনের এক কোণে ইনি যে জাগিয়া নাই তা কেমন করিয়া বলা যায়?

অথচ নিজেকে অহর্নিশ মন্দিরচূড়ার মত শূন্যের মধ্যে খাড়া করিয়া ধরিয়া রাখার জন্য মানুষের এই যে চিরন্তন দুর্নিবার ঝোঁক, ইহার চেয়ে কম সত্য নয় মানুষের মধ্যে আর একটি প্রবলতর প্রবণতা, সে হচ্ছে তার নুইয়া পড়ার প্রবৃত্তি। মানুষ এ বিশ্বে কা'কে যে প্রণাম করে নাই তা বলা শক্ত। আকাশের মেঘ, নিশীথের

তারা, সমুদ্রের হাওয়া, জঙ্গলের আগুন, বনের সাপ, বানর, বাঘ—শেষে বাস্তব জগতেও সাধ না মেটার দরুণ কল্পনার দেশের ভূত পিশাচ যক্ষ দানব—কার কাছে মানুষ "মাথা নত" করে নাই? কার্লাইল্ দেখাইয়াছেন, সমগ্র মানুষের সভ্যতার ইতিহাস হচ্ছে পুনঃপুনঃ সাষ্টাঙ্গ প্রণিপাতের ইতিহাস।

জনসমাজ প্রতীক্ষা করিতেছে, কবে অবতার আসিবেন, তারা অনুসরণ করিবে, সমস্ত মনঃপ্রাণ দিয়া তারা তাঁকে গ্রহণ করিবে, পূজা করিবে। জনসমাজ হচ্ছে একটি অশ্ব, যে ছুটিতে জানে কিন্তু গন্তব্য জানে না—নেপোলিয়ান আসিলে তবেই ফরাসী ঘোড়া তার গন্তব্যে পৌঁছিতে পারে—তাঁর বাহন হইয়া। মানুষের শ্রেষ্ঠ আর্ট হচ্ছে বন্দনার আর্ট। বাদশার যোড়হাতের এক অঞ্জলি ফুল, সে পাথর হইয়া গিয়া তাজমহল হইয়া উঠিল। মানবের সমস্ত যুগযুগান্তরের কাব্য-সাহিত্যের গুঞ্জন দূর হইতে দাঁড়াইয়া শুনিলে কেবল এই ধ্বনি শুনিতে পাই—"নমো নমো নমঃ"। মানুষের শ্রেষ্ঠ গান হচ্ছে—"আমার মাথা নত করে দাও হে তোমার চরণ-ধূলার তলে।"

( ২ )

জল যে সমুদয় ভূমণ্ডলে এ ভাবে ওতপ্রোতরূপে সঞ্চারিত হইতে পারিয়াছে, তার কারণই হইতেছে এই যে, "নীচু বিনা উঁচু পথে জল কভু যায় না"। বাইবেল বলেন, "The last shall be first." আরো বলেন, "পৃথিবীর উত্তরাধিকার তাদেরই—যারা নুইয়া পড়ে, যারা meek." নমস্কার-ই হচ্ছে সর্বত্র প্রবেশের পথ। আপিশে ঢুকিবার প্রধান উপায় যে সেলাম, তা কে না জানে?

ধার্ম্মিকতা যদিও আজকাল দাম্ভিকতারই নামান্তর, তথাপি গোড়াতে ধর্ম্ম যে এতটা ব্যাপকতা লাভ করিয়াছিল, সম্ভবত তার কারণ, ধর্ম্ম তখন নম্র ছিল, এবং তাই নর্ম্মদা বা তাদৃশী কোনো নদীর পুলিনেই সে নিলীন ছিল না। কেবলমাত্র বিশেষ কোনো কাননের পথে পথে বেণু বাজাইয়া ধেনু চরানো নয়, প্রাতরুত্থান থেকে জীবনের সমুদয় কার্য্যাবলীকে ধর্ম্ম কি প্রকার শুভঙ্করের আর্য্যা দ্বারা বিধিবদ্ধ করিয়া দিয়াছিল, তা যে-কোনো পঞ্জিকার পাতা উল্‌টালেই প্রত্যক্ষ হইবে। এইরূপ যে হইতে পারিয়াছিল, তার কারণ এই যে, তখন ধর্ম্ম ছিল একটি গানের সুর, যা চিরদিন-রজনী মনের মধ্যে গুমরিয়া মরিত—প্রকাশের বেদনায়, এবং তৎকালে বক্তৃতামঞ্চাদি না থাকায় তা অকস্মাৎ আগ্নেয়-গিরিদ্রাবরূপে উচ্ছ্বসিত হইয়া পড়িবার সুযোগ না পাইয়া, সমুদয় জীবনকেই একটি ছন্দে পরিণত করিত—ছন্দকে গান থেকে বিযুক্ত করিয়া দেখিলে চিরকালই তা কুচ্‌কাওয়াজের মত দেখায়। "তব গানের সুরে চিত্ত আমার রাখ হে রাখ ধরে—কভু দিয়ো না তারে ছুটি"—ধর্ম্ম ছিল সেই সুরের মধ্যে বিধৃত চিত্তের একটি "মনোভাব", একটি attitude, tendency, একটি spirit—দেয়ালে টাঙান একটি motto মাত্র নয়। যাকে ইংরাজিতে বলা যায় "leavening of the bread"—ধর্ম্ম সেইরূপ সমস্ত জীবনের মধ্যে সঞ্চারিত হইয়া গিয়াছিল।

( ৬ )

সর্ব্ব-সংক্রামকতা, সর্ব্ব-সঞ্চারিতা ও সর্ব্বগতা পর্য্যায় শব্দ হইতে পারে, সর্ব্বগতা কিন্তু সর্ব্বগ্রাসিতা নয়। সমস্ত ভূতে যিনি আপনাকে

দেখেন, এবং আপনাতে সমস্ত ভূতদের দেখিতে পান তিনি সর্ব্বগ, কেননা তিনি সর্ব্বত্র গমন করেন—অব্যাহত তার প্রবেশ—"যেথায় তোমার লুট হতেছে ভুবনে, সেইখানে মোর চিত্ত যাবে কেমনে—সোনার ঘটে সূর্য্য তারা নিচ্চে তুলে আলোর ধারা, অনন্ত প্রাণ ছড়িয়ে পড়ে গগনে"—তিনিও সেইখানে তাঁর রূপার ঘট লইয়া হাজির। তিনি নিজের চৈতন্যকে দিগ্‌বিদিকে প্রেরণ করিয়াছেন—সমুদ্র যেমন মেঘদের প্রেরণ করে—মেঘ যেমন বিন্দুদের প্রেরণ করে—ত্যাগের দ্বারা, অহিংসার দ্বারা—তাঁর সাধনা গ্রাস করিবার সাধনা নয়। "Blessed are the meek, for they shall inherit the earth"—একটু একটু করিয়া annex করিয়া নয়, একেবারে চক্ষু মেলিয়াই সে দেখিতে পাইল সমস্ত ভুবন তারই জন্য।

ধর্ম্মের ব্যাপকতা যখন সর্ব্ব-গ্রাসিতার রূপ ধারণ করিল তখন সে রাজদণ্ড হাতে লইল, পোপ হইল, ব্রাহ্মণ হইল। লুথরের প্রয়োজন হইল, বুদ্ধ আসিল।

( ৪ )

ধর্ম্ম এক সময়ে বিজ্ঞানের ক্ষেত্রেও অনধিকার প্রবেশ করিয়াছিল। সেই জন্যই যেমন বাইবেল তেমনি আমাদের পুরাণগুলিতেও দেখিতে পাই, সৃষ্টিতত্ত্ব থেকে সমস্ত প্রাকৃতিক ঘটনাবলীর কারণ নির্ণয় ও ব্যাখ্যার একটা প্রকাণ্ড প্রচেষ্টা। বাসুকি একটু ক্লান্ত হইয়াছিলেন বলিয়া বা এক সপ্তাহ পূর্ব্বে আমাদের ঐ পুকুরটা আমাদিগকে কি রকম সাধু বাঙলার উচ্ছ্বাসের কতকগুলি উপকরণ জুটাইয়াছিল, তা'ত আমাদের

সকলেরই মনে আছে—অর্থাৎ "মত্তবিধুনিত উত্তাল বিক্ষুব্ধ তরঙ্গ" ইত্যাদি। ইংলাণ্ডে এই অনধিকার-প্রবেশ কি-রকম গলাধাক্কা খাইয়াছে ও-দেশের সাহিত্যে তার ফোঁটা রহিয়া গিয়াছে।

( ৫ )

সাহিত্যক্ষেত্রে আর্টের সঙ্গে ধর্ম্ম ও নীতির বিবাদটি অপ্রসিদ্ধ নয়—এবং সাহিত্য আর যাই হোক্ বিজ্ঞান নয়—যদিও বিজ্ঞান সাহিত্য কিনা সে-সম্বন্ধে তর্ক আছে! সাহিত্য হচ্ছে আর্ট, আর এ-সম্বন্ধে যে দল যাই বলুক, সাহিত্য হচ্ছে সর্ব্বশ্রেষ্ঠ আর্ট। বিজ্ঞানের সঙ্গে আর্টের তফাৎই এই যে বিজ্ঞান বলিয়া দেয় আর আর্ট বানায়—এবং আর যে আর্ট যা বানাক্, সাহিত্য যা বানায় তা হচ্ছে "মানুষ" এবং প্রকৃতির এই "fair defect"টি-ই নাকি আবার সৃষ্টির মধ্যে noblest thing. তারপর, অন্য সকল আর্টিষ্টের মালমসলা জড়—রং, পাথর, কাপড়, বড়-জোর বায়ু তরঙ্গ। আর সাহিত্যিকের কারবার হচ্ছে শব্দ লইয়া, আর শব্দ পদার্থটা আর কিছুই নয়—আইডিয়া-বাষ্পের জমাট টুক্‌রা। অন্য অন্য আর্টের মত মানুষের চক্ষু এবং শ্রোত্রকে সাহিত্য কিছুই যে আনন্দ দেয় না, তা নয়; কিন্তু সে গৌণভাবে। সাহিত্য হচ্ছে মনের সঙ্গে মনের সোজাসুজি আলাপ—যথাসম্ভব ইন্দ্রিয়কে পিছনে রাখিয়া। আর এই মনই হচ্ছে মানুষের মধ্যে স্বর্গ থেকে চুরি-করা বহ্নি-স্ফুলিঙ্গ। ম্যাথু আর্ণল্ড্ কাব্যকে "Criticism of life" বলিয়াছিলেন। যদিও সমালোচনা-বলিতে আমরা বুঝি সমুদয় ভালকে যথাসম্ভব মন্দ অর্থে ব্যাখ্যা করিয়া মন্দটাকে উজ্জ্বল করিয়া তোলা,

তাকে দ্বিতীয় ভাগ ও কপিবুকের নীতিমালা অধ্যয়ন করিতে হয় না। সমস্ত দুর্নীতি সমস্ত মন্দের মুলোচ্ছেদ হইয়াছে তার মনে, আর নীতির কুঠার দিয়া প্রতিদিন পাপের ডালপালার ছেদন করিতে হইবে না। ফ্রাঙ্কলিনের মতো রুটিন্ করিয়া এ সপ্তাহে মিথ্যা, ও সপ্তাহে চুরি, তার পরের সপ্তাহে বাচালতার সঙ্গে সংগ্রাম করিয়া মরিতে হইবে না। সাহিত্যও শিক্ষা দেয় কিন্তু আনন্দের মধ্য দিয়া। আসলে আনন্দিত করাই সাহিত্যের মুখ্য উদ্দেশ্য, আর মানুষকে আনন্দিত করা হচ্ছে তাকে প্রকৃতিস্থ করা—আর সাহিত্যিক মানব-প্রকৃতির উপরে বিশ্বাসবান।

( ৬ )

কাব্য এবং ধর্ম্ম সহোদর ভাই। কেননা একই জায়গায় তাদের উৎপত্তি। সমস্ত বিশ্বব্রহ্মাণ্ডের অনির্ব্বচনীয় রহস্যের কাছে মানুষের বলবুদ্ধি হারিয়া গিয়া বলিল, "নমোনমঃ", তাইত বেদগান। বিশ্বের নিয়ম দুর্লঙ্ঘ্য, মানুষকে তার অধীন হইতেই হইবে নইলে "মহদ্‌ভয়ং বজ্রমুদ্যতম্"—এই ত Old Testament. সমস্ত জীবনের দ্বারা উচ্চারণ করিতে হইবে এই মন্ত্র—"নমোনমঃ"—সমস্ত বিশ্বভুবন ত দিনরাত এই মন্ত্র জপ করিতেছেই—রবি শশী গ্রহ তারা ত মহাশূন্যে জপ মালা ঘুরাইয়া চলিয়াছেই—এই চারদিকের আকাশে বাতাসে প্রত্যেকটি অণুপরমাণু অমোঘ নিয়মকে এই মুহূর্ত্তে মানিয়া ত চলিতেছেই, মেঘেরা ছুটিয়াছে, বায়ু ছুটিয়াছে—মহাশাসনে বাধ্য হইয়া, কেবল মানুষের ইচ্ছা সে স্বাধীন, সে খুসি হইলেই এই নিয়মের প্রতিকূলেও

চলিতে পারে—তাইত তার এই নমস্কার-সঙ্গীত বিশ্বভুবনের আর সকল সঙ্গীতকে ছাপাইয়া উঠিল—সমস্ত জীবনের নমস্কার, একটি চিন্তা মনে উঠিবে না, কখনো কোনো মুহূর্ত্তে যা এই বিশ্বসঙ্গীতের সঙ্গী বিসংবাদী, ইহাই নীতি।

ফিলসফি কাব্যের বোন্ হইতে পারে, কিন্তু বৈমাত্র। কেননা এই বিশ্বের নিবিড় রহস্যকে উদ্‌ঘাটন করিবার প্রবৃত্তি দর্শনের জননী—কাব্য কেবল বলে "যা দেখেছি তুলনা তার নাই"। তুচ্ছতম যা ঘটনা, প্রতিদিনের যা দৃশ্য, সাধারণতম মানুষ, ক্ষুদ্রতম ফুল—তারও রহস্য অপার। ওয়ার্ডসোয়ার্থ তাই ঘাসের মধ্যে Celandine-কে আবিষ্কার করিয়া বলিলেন, জ্যোতির্ব্বিদ্‌রা নক্ষত্র আবিষ্কার করুক্, আমি তোমাকে আবিষ্কার করিয়াছি, এই আমার গৌরব।

( ৭ )

সাহিত্য হচ্ছে একখানি দর্পণ, যার আশ্রয়ে নরসমাজ পুনঃপুনঃ আপনার মুখ প্রসাধন করিয়াছে, যা কুৎসিত তাকে দূর করিয়াছে। "Uncle Tome's Cabin"—নীগ্রোদের প্রতি শ্বেতাঙ্গদের ব্যবহার সম্বন্ধে শ্বেতাঙ্গদের চৈতন্য জন্মাইয়াছিল। রুশোর লেখাগুলি ফরাসীদেরকে তাদের কৃত্রিম সমাজের কদর্য্যতা সম্বন্ধে সচেতন করিয়া দেওয়ার পর যা যা ঘটিয়াছিল তা কে না জানে? আমাদের দেশে বর্ত্তমান মুহূর্ত্তে শরৎ চট্টোপাধ্যায়ের গল্পগুলি আমাদের নারীদের অসীম দুঃখদুর্গতির চিত্র আঁকিয়া যুবকদের মধ্যে নারীজাতির প্রতি তাদের মনোভাবের অসীম প্রভাব বিস্তার করিতেছে বলিয়া মনে হয়।

কিন্তু কেবলমাত্র দর্পণের উদ্বুদ্ধ করিবার ক্ষমতা নাই। দ্বিজেন্দ্রলালের ব্যঙ্গ-কবিতাগুলি দর্পণ হইতে পারে, কিন্তু অন্য গানগুলি তর্পণের মন্ত্র। আর, তারা এই দেশের মনের উপর কি কার্য্য করিয়াছে তা মাপিবার সময় আজও উপস্থিত হয় নাই।

সেই দর্পণের মধ্যে প্রতিবিম্বিত হইয়াছে—মানুষের হৃদয়ের কত কত আশা ভরসা, লজ্জা দৈন্য, ঘৃণা বিরক্তি, অবসাদ নিরাশা, বিস্ময় ক্রোধ, ভালবাসা ভক্তি। কিছুই বাদ যায় নাই, মানুষ ত পূর্ণ নয়, তার শত বিফলতা, শত অকৃতার্থতা, শত জঘন্যতা সহস্র গ্লানি। সাহিত্যকে তার সাক্ষ্য বহন করিতে হইতেছে। এ যেন একখানা "অদ্বৈতবাদী"র জগৎ—"সর্ব্বং খল্বিদং ব্রহ্ম"—যেখানে যা আছে—যতকিছু পঙ্কিলতা, যত-কিছু পাপ, সমস্তকে লইয়া অগ্রসর হইতেছে এই জগৎ। স্থান আছে—সকলের জন্যই স্থান আছে। কেবল ফুলের গন্ধে আর মলয় বাতাসে আর জ্যোৎস্নায় ভর্ত্তি একখানি কল্পলোক নয়—ঘরে ঘরে বেদনার রাশ, নিখিলের ব্যথা, দিকে দিকে পুঞ্জে পুঞ্জে ভারে ভারে স্তূপীকৃত—মাতার প্রতি সন্তানের দুর্ব্যবহার, প্রেমের শূন্য গর্ভতা, দরিদ্রের ক্রন্দন—Les Miserables, এ সমস্তকে পান করিয়াছে যে সাহিত্য তারই হাতে দুর্জ্জয় ভৈরব পিনাক। তারই বিকট জটাজূটের মধ্যে অমৃত প্রবাহিনী।

( ৮ )

কিন্তু জীবনের মধ্যে যা আছে, হুবহু তার ছবি তোলা ফোটোগ্রাফারের কাজ হইতে পারে, সাহিত্যিকের নয়। সাহিত্য জীবনের ছায়াচিত্র নয়, ভাবচিত্র। কোকিলের ডাকের নকল করিতে

পারে আমাদের হরবোলা, কিন্তু হরবোলা আমাদের যা দেয়, তা হচ্ছে কোকিলের ডাকের দেহখানি—কোকিলের ডাকের মর্ম্মগত যা বাণী, যা কুহুতানের অন্তর্লোকাধিষ্ঠিত বিদেহ আত্মা, যা যুগে যুগে কত গৃহে, পথে পথে, কত কান্তারে নিখিলের মনের ব্যাথাকে দেহ-দান করিয়াছে—তা আমরা হরবোলার নকলের মধ্যে পাই না, তা পাই কবির কাব্যে। কবি বলেন, "আমার চিত্তে তোমার সৃষ্টিখানি, রাচয়া তুলিছে বিচিত্র এক বাণী"। বাহিরের এই বিশ্ব কবির চিত্ত-বীণার তারে তারে ঘা দিতেছে—তার থেকে আমরা পাইতেছি এক অপরূপ সঙ্গীত। কোন কোনও ব্যক্তি যে কাব্যখানিকে "that Epic of Realism"—"বস্তুতন্ত্রতার মহাকাব্য" বলেন, বায়রণের সেই "Don Juan"-এর মধ্যে আমরা পাই নরনারীর যৌন-সম্বন্ধের অস্থিরতার একটি বিচিত্র বাস্তব চিত্র। পড়িয়া আমরা বলি, হাঁ ঠিক্, সমস্ত সামাজিক ভদ্রতা, পারিবারিক বন্ধন, ধর্ম্মনৈতিক বিধি-বিধানের তলে তলে সর্ব্বত্র ইহাই ত ঘটিতেছে—এ-সব কে না জানে? ইহা হইতেছে সংসারের এক-খানি জল-জীয়ন্ত ফোটোগ্রাফ্। ফোটোগ্রাফ্ হিসাবে ইহা উপভোগ্য। কিন্তু ইহার মধ্যে হৃদয়ের লাল রঙ্ কই? একটি মানুষের জন্য আর একটি মানুষের যে ক্ষুধা ইহা ত সনাতন সত্য। কিন্তু সেই ক্ষুধার সমস্ত প্রচণ্ডতা সত্ত্বেও একটি মানুষ যে আর একটি মানুষের সমগ্র অস্তিত্বকে আপন অস্তিত্বের অন্তর্ভুক্ত, আত্মসাৎ—করিবার প্রয়াসে বিফলকাম হয়—এমার্সনের ভাষায় Marrige (in what is called the spiritual world) is impossible"—সমস্ত মানবীয় সম্বন্ধগুলি যে কেবল বাহিরের একটা সংঘর্ষ-মাত্র—নিকটতম হৃদয়টি যে লক্ষ যোজন দূর—এই যে একটি সত্য ইহা কি

বর্ণ-গন্ধ-স্বাদহীন একটি তথ্য মাত্র? ইহার কি কোনও "রস" নাই? ইহা কি কেবলই রঙ্গ-রসের রহস্যের ব্যাপার, ইহার মধ্যে কি এই বিশ্বের এবং জীবনের আর একটি রহস্যের নিবিড়তা নাই?

অর্জ্জুন যেমন তাঁর সুতীক্ষ্ণ সায়কের দ্বারা পৃথ্বীকে দীর্ণ করিয়া অতল হইতে রসের উৎসকে উৎসারিত করিয়া পিপাসু মৃত্যু শয্যাশায়ী ভীষ্মকে তর্পণ করিয়াছিলেন, আর্টিষ্টের হাতে তেমনি এই সত্যটি হচ্ছে একটি শর, যা নিখিলেশের মর্ম্মকে ভেদ করিয়া থাকিতে পারে, কিন্তু পিপাসু, আমাদের জন্য নিখিলেশের জীবন হইতে বাহির করিয়াছে সেই সুধা যা ক্ষতবিক্ষতচিত্ত গ্লানিক্লান্ত মানবের জন্য অতি-দুর্ল্লভ এক সঞ্জীবনী। নিখিলেশের সঙ্গে আমরাও জীবন এবং মৃত্যুর রহস্যকে নমস্কার করি—যে "দুঃস্বপ্ন" কোথা হ'তে এসে জীবনে বাধায় "গণ্ডগোল", তার থেকে অদ্ভুত ব্যাথার মধ্যে জাগিয়া উঠিয়া আমরা নিখিলেশের সঙ্গে দেখিতে পাই যাকে নিবিড় করিয়া ধরা গিয়াছে সে আয়না-মাত্র—সে আয়না বাঁকা বা ভাঙা আয়না হইলে তার সেই বক্রত্ব বা ভগ্নত্বই একান্তভাবে আমাদিগকে পীড়িত করিবার কারণ হওয়া ঠিক নয়—সে আয়নায় যাকে প্রতিফলিত করার কথা ছিল, তাকে পূর্ণ করিয়া বিম্বিত করার ব্যর্থতাই বেদনার জননী।

সে বেদনা সমস্ত বিশ্বেরই বেদনা—সে "অতি নিবিড় বেদনা বন-মাঝে রে, আজি পল্লবে পল্লবে বাজে রে", সে ব্যথাই ত "সারানিশি ধরি তারায় তারায় অনিমেষ চোখে নীরবে দাঁড়ায়"। সমস্ত জড়জগতের যে সুবিপুল ব্যর্থতা—চৈতন্যকে স্পষ্ট করিবার, মূর্ত্তিমান করিবার বিফলতা—সে সম্বন্ধে জড় ত নিজে চেতনাহীন। তবু "বাতাস আসে হে মহারাজ গন্ধ তোমার মেখে"—মহারাজ নাই

গন্ধ আছে। অস্থিরতার আঘাত জড় চিত্তের মধ্যে যে ব্যথা দান করে, সেই ব্যথা নিজেকে জানে না, সে চেতনাহীন। তবু "সুদূরের পারের সুদূরের হাওয়াই" অপেক্ষা করিতেছে স্নিগ্ধ হাত বুলাইবার জন্য সে ক্ষতের উপরে।

( ৯ )

এই জীবনের "তৃষার পরে ভুখার পরে" "শ্রাবণের ধারা" ঝরিয়া পড়িবার জন্য "নিশিদিন" উন্মুখ। "এই জীবনেই জন্মজন্মান্তর" ঘটাইতে পারেন যিনি তিনি "সুন্দর"। সুন্দরের দৃষ্টি হচ্ছে সমগ্রের দৃষ্টি—সমগ্র হইতে ছিন্ন যে খণ্ড সে কদর্য্য। জীবনের সমস্ত খণ্ড ঘটনা, সমস্ত ছোটখাট কাজ, সমস্ত ব্যবহারকে জীবনের সমগ্রতার সঙ্গে সুসমঞ্জস করা, বেথাপ হইতে না দেওয়া, তালভঙ্গ হইতে না দেওয়া—ইহাই নীতি। সসীম জীবনের উপরে অনন্তের আহ্বান—ইহাই ধর্ম্ম। মৃত্যুর দ্বারা অখণ্ডিত চির-প্রবহমান যে জীবনধারা তারই কুলুনাদ ধর্ম্ম। কবরের পরে কি হবে, এই চিন্তাই ত ধর্ম্মের জননী। "ধর্ম্মঃ সর্ব্বেষাং ভূতানাং মধু"—ধর্ম্ম হচ্ছে মধু, এবং মধু হচ্ছে এমন এক পদার্থ যে, ইন্দ্রিয়গ্রামকে সমগ্রভাবে অভিভূত করে। আলাদা আলাদা করিয়া সা-রে-গা-মা চেঁচাইলে তা কীদৃশ উৎকট, হার্ম্মো-নিয়াম-শিক্ষার্থীর কল্যাণে তা কারু অবিদিত নাই। নীতিকথা সেই কারণেই উৎকট। Didactic কবিতা সর্ব্বদেশেই কীদৃশ অনাদৃত তা কার অবিদিত? ম্যাথু আর্ণল্‌ড্‌ বলিয়াছিলেন, ওয়ার্ডসোয়ার্থের "bags & baggages" কেড়ে নিলেই তবে আমরা প্রকৃত ওয়ার্ড-সোয়ার্থকে পাব।

শ্রীযতীন্দ্রনাথ বসু।

# অবরোধের কথা।

——:*:——

চোখে-দেখা যে খুন সে-খুনের আসামীরও নিজ পক্ষ সমর্থনের জন্য কিছু-না-কিছু বল্‌বার থাকে—সুতরাং অবরোধ প্রথার স্বপক্ষেও যে কিছু বল্‌বার আছে, তা আইন আদালত সম্বন্ধে যাঁদের কিছুমাত্র জ্ঞান আছে তাঁরাই স্বীকার কর্‌বেন। অবরোধটাকে খুনী আসামী বলে' মান্‌লেও, অবশ্য চোখে দেখা খুন নয়। এ-খুন হচ্ছে আধ্যাত্মিক মেথডে। অবগুণ্ঠনের অন্তরালে আধ্যাত্মিক মেথডে যে হত্যা তা চোখে দেখা যায় না। এমন কি হাজার করা ন'শ নিরনব্বই "কেসে" যে মরে, সে নিজেই বুঝে উঠ্‌তে পারে না যে, সে মর্‌ছে। সুতরাং পর্দ্দা বিরোধী যাঁরা তাঁরা অবরোধ প্রথার বিরুদ্ধে যে-সব অভিযোগ আনেন, সে-সব অভিযোগের বিরুদ্ধে আমি ওকালতি কর্‌বার চেস্টা কর্‌ব।

( ২ )

অবরোধ প্রথার বিপক্ষ দল অবরোধের বিরুদ্ধে যে-সব অভিযোগ আনেন, সে-সব অভিযোগ থেকে সকল প্রকারের অলঙ্কার, কবিত্ব, যুক্তিতর্ক, মনস্তত্ত্ব, নৃতত্ত্ব ইত্যাদি সকল রকমের বাহুল্য বর্জ্জন করে' তার একটা চুম্বক কর্‌লে যা দাঁড়ায় সেটা হচ্ছে এই, প্রথমত—

এই অবরোধ প্রথার মধ্যে বঙ্গীয় মহিলারা অত্যন্ত কষ্টে কাল যাপন করেন; দ্বিতীয়ত—সমাজে স্ত্রী-জাতির অবরোধ সমগ্র সমাজের পক্ষে অকল্যানকর। এই দু'টি সিদ্ধান্ত কতদূর ঠিক তা আমাদের দেখ্‌তে হবে।

আমরা আজ সবাই দেশচর্য্যায় ব্রতী সুতরাং সমাজের দিক থেকেই জিনিসটাকে আগে দেখ্‌ব—কেননা ব্যক্তির চাইতে সমাজই হচ্ছে সকলের মতে দেশের বৃহত্তর রূপ। সিদ্ধান্তটা হচ্ছে যে, অবরোধ প্রথাটা সমাজের পক্ষে অকল্যাণকর। কিন্তু আমাদের জাতীয় ও সামাজিক দুর্গতির জন্য অবরোধ প্রথা যে কতদূর দায়ী, সে বিষয়ে কারও কোনও স্পষ্ট ধারণা আছে বলেত আমার মনে হয় না।

সুতরাং আমরা দ্বিতীয় প্রস্তাবটির প্রতি নজর দেব। সেটা হচ্ছে এই যে, অন্তঃপুরবাসিনী বঙ্গমহিলারা অত্যন্ত কষ্টে কাল যাপন করে' থাকেন। দেখ্‌তে হবে কথাটা কতদূর সত্যি।

ইতর প্রাণী ও মানুষের মধ্যে মস্ত একটা প্রভেদ দাঁড়িয়েছে। ইতর প্রাণীর মধ্যে instinct প্রবল; মানুষ—কি পুরুষ কি স্ত্রী—instinct-কে ছাড়িয়ে উঠেছে। কথাটা বাঙলা করে' বল্‌লে এই দাঁড়ায় যে, ইতর প্রাণীর মধ্যে প্রকৃতি একাধিপত্য কর্‌ছে; কিন্তু মনুষের মধ্যে পুরুষ আপনার সন্ধান পেয়েছে—এবং সে প্রকৃতির উপরে আপনার আধিপত্য স্থাপন কর্‌বার জন্যে প্রকৃতির সঙ্গে সংগ্রাম কর্‌ছে। সে যে প্রকৃতিকে সম্পূর্ণ বশীভূত কর্‌তে পেরেছে তা নয়, তবে মানুষ আর পশু নেই। মানবের মধ্যে পুরুষ আপনার সন্ধান পেয়েছে বলে', আপনার অধিকার, আপনার রহস্য জেনেছে বলে' মানবের স্বাধীনতাও বেড়েছে, তার সুখ দুঃখের ফরমুলা বদ্‌লেছে,

তার আশা আকাঙ্ক্ষার চেহারার পরিবর্ত্তন হয়েছে, তার সমস্ত জীবনের ভঙ্গিমাটাই একটা নূতন ছাঁচে গড়ে উঠ্‌ছে।

মানবের মধ্যে পুরুষ জাগ্রত হয়েছে বলে' পুরুষ নারীর মধ্যে পরিবর্ত্তন ঘট্‌ছে—সেই পুরুষের ইচ্ছা শক্তির জোরে। প্রকৃতি হচ্ছে জ্ঞানহীনা। সে পুনরুক্তি ছাড়া, একই জিনিসকে, একই বিষয়কে বার বার একই ভাবে সৃষ্টি করা ছাড়া, আর কিছু পারে না। সেই জন্য দেখি যেখানে পুরুষের আবির্ভাব হয় নি সেখানে প্রকৃতির একই রূপ। বৈদিক যুগের গরুটা থেকে আজকার গরুটার কিছুই প্রভেদ নাই। শিশু যিশুকে পিঠে করে' যে গাধাটা ঈজিপ্টে পৌঁছিয়েছিল, সেটার সঙ্গে আমাদের অতি সাধারণ ধোপার গাধাটার কোনই অমিল নেই। তেমনি সকল প্রকার ইতর প্রাণী উদ্ভিদ ইত্যাদির কোনই পরিবর্ত্তন নেই। পাঁচ হাজার বছর আগে শাল্মলী তরুটা ঠিক যে ভাবে যে অবস্থার ভিতর দিয়ে যে নিয়মে গড়ে উঠেছে—আজকার শাল্মলী তরুটাও তাই। যে বট গাছটার তলায় শাক্যসিংহ বুদ্ধত্ব প্রাপ্ত হলেন সেটাও যা— আর আজকার যে বট গাছটার তলায় পানওয়ালী পানের খিলি বেচ্‌ছে, ফৌজদারী মোকদ্দমার সাক্ষীরা তামাক খাচ্ছে—সেটাও তাই। কিন্তু এক মানুষের সম্বন্ধেই তা খাটে না। কারণ মানুষের মধ্যে পুরুষের আবির্ভাব হয়েছে, আর এই পুরুষের ইচ্ছা শক্তি বা Will বলে' একটা সম্পদ আছে।

আর সেই জন্যেই মানুষের—কি পুরুষ কি নারীর—সুখ দুঃখ শুধু একটা বাহিরের ধরাবাঁধা অবস্থা বিশেষে নয়, সেটা তার অন্তরের ইচ্ছার সার্থকতা বা ব্যর্থতা। মানুষের সুখ দুঃখ সম্পূর্ণ

subjective, একটা গরুর সুখের অবস্থাও যা, দশটা গরুর সুখের অবস্থাও তাই, দশ-যুগের গরুর সুখের অবস্থাও তাই। কিন্তু মানুষের সুখ তখনই, যখন তার অন্তরের অবস্থা বা মনের বাসনার সঙ্গে বাহিরের অবস্থা খাপ খায়।

উপরে যে কথাগুলো বলা গেল, আশা করি এ সম্বন্ধে সবাই আমার সঙ্গে একমত হবেন।

এখন একটা জিনিস নির্দ্ধারণ করতে চেষ্টা করব, সেটা হচ্ছে অবরোধ প্রথাটা বাঙলায় এল কি করে'। কিন্তু কেউ যেন মনে না করেন যে, আমি একটা বিজ্ঞান-সঙ্গত ঐতিহাসিক গবেষণা বা অনুসন্ধান করতে যাচ্ছি—আমার এ অনুসন্ধানের আশ্রয় হচ্ছে অনুমানখণ্ড ইংরেজিতে যাকে বলে—guess-work। এই guess-work এখানে করতে যাচ্ছি এই সাহসে যে, তার সিদ্ধান্ত যদি ডাহা ভুলও হয়, তবে এই প্রবন্ধের মূল কথার কিছুই আস্‌বে যাবে না।

বাঙলাদেশে আজকাল দু'রকমের লোক দেখা যায়। এক দলকে সেই দাঁড়কাকের সঙ্গে তুলনা করা যায়, যে দাঁড়কাক ময়ূরপুচ্ছ লাগিয়েছিল। কারণ তার ধারণা ছিল যে, গায়ে ময়ূরপুচ্ছ লাগালেই সে সুন্দর হ'য়ে উঠ্‌বে। এই দলের মানুষও তেমনি বলে' বেড়ান যে, আমরা হচ্ছি আর্য্য সন্তান। তাঁদের মনের ভাবটা যে, আমরা আর্য্য-সন্তান প্রতিপন্ন হ'লে বর্ত্তমান "আমাদের" মহত্ত্বটাও বিনা ক্লেশে বিনা আয়াসে বেড়ে যাবে। তাই যখন এঁরা শোনেন কেউ বলছে যে, আমাদের শিরায় মঙ্গোলীয় বা দ্রাবিড় শোণিত আছে, তখন তাঁরা বেজায় খাপ্পা হ'য়ে ওঠেন। অন্যদল এ সবকে কিছুই কেয়ার করেন না। তাঁরা বলেন যে, থাক্‌লেই বা

আমাদের শিরায় দ্রাবিড় বা মঙ্গোলীয় শোণিত, আমাদের যা মহত্ত্ব তা কাগজে কলমে দেখালে চল্‌বে না, দেখাতে হবে তা হাতে কলমে। অতীতকে নিয়েই খালি হৈ চৈ কর্‌লে নিজেদের সুখ হ'তে পারে কিন্তু অপরের তাতে ভুল হবে না। কিন্তু যাহোক্ এঁদের এই বাদানুবাদের কোন বিচার আমরা কর্‌ব না—বিশেষত আমরা যখন নৃতত্ত্ববিদ নই। এঁদের দু'দলের মনস্তুষ্টির জন্যে ধরে নেওয়া যাক, বাঙালীর মধ্যে ও-তিন জাতের রক্তই আছে—আর্য্যেরও, মঙ্গোলেরও দ্রাবিড়েরও। এবং এ-কথাটা সত্য হবারও একটা সম্ভাবনা আছে। কেননা ভারতবর্ষের সকল জাতির মধ্যে বাঙালীর যেমন একটা adaptability আছে—আপনাকে পরিবর্ত্তিত হ'তে দেবার পক্ষে যেমন একটা অসঙ্কোচ ভাব আছে, এমন আর কারও নেই। আর মিশ্র রক্তেরই যে এ রকম চরিত্র হ'য়ে থাকে, এটা নৃতত্ত্ব নিয়ে যাঁরা মাথা ঘামান তাঁদের মুখে শুন্‌তে পাওয়া যায়। কিন্তু এই যে অবরোধ প্রথা, তা আর্য্যদের ছিল না; মঙ্গোলীয়দেরও নেই, দ্রাবিড়দেরও নেই। সুতরাং বাঙালী তা পেল কোথা থেকে? এ প্রশ্নে স্বভাবতই একটা উত্তর এসে পড়ে, সেটা হচ্ছে—মুসলমানদের কাছ থেকে।

এ সম্বন্ধে বাঙলাদেশে একটা প্রচলিত মত আছে সেটা হচ্ছে এই যে, মুসলমানরা বঙ্গীয়-ললনার উপরে অত্যাচার কর্‌ত, তারই ফল হচ্ছে অবরোধ। কিন্তু অবরোধের এই কারণটা সত্যি নয় বলেই মনে করি। কেন করি—তার কারণ বল্‌ছি।

একথা আমরা সবাই জানি যে, বাঙলাদেশে মুসলমানদের আমলে সমস্ত দেশটা প্রত্যক্ষ ভাবে হাতে ছিল হিন্দুদের। মুসলমান নবাব বছর বছর নিয়মমত রাজস্ব পেলেই তুষ্ট থাক্‌তেন। কিন্তু দেশের

আভ্যন্তরিক শাসনের ভার ছিল হিন্দু-জমিদার বা রাজাদের হাতে। শাসন ও পালনের ভার প্রত্যক্ষ ভাবে ছিল তাঁদেরই হাতে। সুতরাং সেই হিন্দু-জমিদার বা রাজাদের এলাকায় মুসলমানেরা হিন্দু-ললনার প্রতি অত্যাচার আরম্ভ কর্‌ল আর সমস্ত হিন্দুরা জোট বেঁধে তার প্রতিকার কল্পে বাঙলার সমস্ত নারী সমাজকে একদিন অন্তঃপুরে অন্তরীণ কর্‌ল, এটা মান্‌তে মন সরে না। আর যদি ধরেই নেও যে, মুসলমানরা হিন্দু-ললনার উপরে অত্যাচার কর্‌ত, তাহ'লেও ঐ অত্যাচারের প্রতিবিধান কল্পে তারা তাদের গায়ের বল, হাতের অস্ত্র, বুকের সাহস—সব ঢেকে রেখে তাদের মা বৌ বোনদের উপরে হুকুম জারি কর্‌ল যে, তাদের বাইরে যাওয়া নিষিদ্ধ—এ যদি হয় তবে সেটা মানুষের সম্বন্ধে একটা ভীষণ রকমের নতুন Psychology বল্‌তে হবে—যা মান্ধাতার আমল থেকে মানুষের চরিত্র দেখে দেখে মানা কঠিন। বিশেষত মুসলমান কেবল বাঙলাদেশেই ছিল না—অন্য প্রদেশেও ছিল। সুতরাং আমার বিশ্বাস, একথা নির্ব্বিঘ্নে বলা যেতে পারে যে, বাঙালী যদি মুসলমানদের কাছ থেকেই অবরোধ প্রথা পেয়ে থাকে, তবে সেটা সে পেয়েছে ভয়ের ভিতর দিয়ে ততটা নয়, যতটা ভক্তির ভিতর দিয়ে।

সে যাহোক্, ঐ যে ভাদুড়ী বংশের রাম ভাদুড়ী যিনি নবাবের অমুথ পরগণার দেওয়ান, বছরে মাইনে পান হাজার মোহর, দু-পা যেতে হলে যাঁর পাল্কী চাই, যাঁকে দেখে সাধারণ অসাধারণ গণ্য নগণ্য সবাই তটস্থ, তাঁর গৃহিণী কাত্যায়নী দেবীর ব্যবহারটা হওয়া চাই নবাব অন্তঃপুরবাসিনীদের মতো; কারণ সেইটেই যে আভি-জাত্যের চিহ্ন, সেটাই যে বড়মানুষী চাল। তাই কাত্যায়নী দেবীর

মাথায় অবগুণ্ঠন চড়্‌ল। আর এই অবগুণ্ঠনের দুঃখের চাইতে একটা বড় সুখ কাত্যায়নী দেবীর মনে বাসা বাঁধল—সেটা হচ্ছে, ঐ আভিজাত্যের গর্ব্ব – তিনি যে বড়ঘরের গৃহিণী সেই অনুভবের সুখ। আর এই সুখই কাত্যায়নী দেবীর আসল সুখ, কেননা আগেই বলেছি যে, মানুষের সুখ হচ্ছে তার অন্তরের বাসনা বা আকাঙ্ক্ষার সার্থকতা, আরও বলেছি যে, মানুষের অন্তরের এই বাসনার পরিবর্ত্তন ঘট্‌তে পারে—তার ইচ্ছাশক্তির জোরে। সেইজন্যে মানুষের সুখ দুঃখ তার বাহিরের কোন অবস্থা বিশেষই নয়।

বাস্তবিক এ সত্যের উদাহরণ জগতে অসংখ্য মেলে। চীনে-রমণী যে লোহার জুতো পরে' পা ছোট করে' রাখে, যে-পা দিয়ে অবশেষে হাঁটাই যায় না, এর পিছনে রয়েছে চীনে-রমণীর পা ছোট হওয়ার সঙ্গে সঙ্গে সে সুন্দরী হ'য়ে উঠ্‌ছে—এই মনোভাব। এইজন্যে পা ছোট হওয়ার দুঃখ, হাঁটতে না পারার দুঃখ, তার দুঃখই নয়। আমি নিজ চোখে দেখেছি একটি ছোট মেয়ে নাকের জলে চোখের জলে হচ্ছে হাতে উল্কি পর্‌বার কালে। কিন্তু হ'লে হবে কি?—ঐ উল্কির সাথে সাথে যে, তার হাতখানি সুন্দর হ'য়ে উঠ্‌বে, এই মনের ভাব মেয়েটিকে এমন একটা জগতে নিয়ে ফেলেছে, যেখানে শরীরের ব্যথা মোটেই আসন পায় না। হাতটা কাঁধ থেকে নীচের দিকেই নামা যে সুখের, তার প্রমাণ আবশ্যক করে না। কিন্তু ঊর্দ্ধবাহু যে, সেই হাতখানাকে উঁচু করে' ধরে তাকে শুকিয়ে ফেল্‌ল, তার পিছনে ঊর্দ্ধবাহুর মনের এই সুখটা রয়েছে যে, ঐ সঙ্গে সঙ্গে তার ধর্ম্মজীবন লাভ হচ্ছে—ভগবানের কাছে যাবার পথ সরল হ'য়ে উঠ্‌ছে।

এমনি করেই হয়ত সেকালের ধনী-গৃহিণীবৃন্দের মাথায় অবগুণ্ঠন চড়্ল, তাদের অন্তঃপুরের দরজা জানালা বন্ধ হ'ল। আর তারপর "মহাজনো যেন গত স পন্থা" না মান্‌লেও ধনীলোকেরা যা করেন নির্ধনেরাও যে তাই করেন, অন্তত কর্‌তে চেষ্টা করেন এ সত্য আজও দেখা যায়। সুতরাং ঐ ফ্যাসান ক্রমে ক্রমে দেশে ছড়িয়ে পড়্ল—এবং দিনে দিনে মাসে মাসে বৎসরে বৎসরে শতাব্দীতে শতাব্দীতে ওটা দেশের মাটী ও নারীর মনকে এমনি করে' জড়িয়ে ধরল যে, অবশেষে বঙ্গীয় মহিলাদের ওটাই সত্য হ'য়ে উঠ্ল—সুতরাং এইটেই সুখের হ'য়ে উঠ্ল।

তারপর সুখ দুঃখের কথা। আসলে মানুষ যে অবস্থাতেই থাক না কেন, সেখানেই সে আপনার সুখ দুঃখ সৃষ্টি করে' বসে। কারণ সুখ দুঃখটা মানুষের মনের ধর্ম্ম। মন যতদিন আছে, ততদিন সে যেখানেই যে-অবস্থাতেই থাক্ না কেন, সেখানেই সে আপনার সুখ দুঃখের আশ্রয় খুঁজে নেবে। মিস্ পাঙ্ক্‌হার্‌স্টের দুঃখ—নারীর ভোটে অধিকার মিলছে না বলে', শ্রীমতী শতদলবাসিনীর দুঃখ—তার দড়া-হারটা ঠিক ডেপুটী ম্যাজিষ্ট্রেটের মেয়ের মতো হয় নি বলে'। যদি বল যে, মিস্ পাঙ্ক্‌হার্‌স্টের মধ্যে রয়েছে নারীর পূর্ণতর রূপ, পূর্ণতর প্রকাশ। তাহোক্। শতদলবাসিনী আজ যা, তার কাছে নারীর ঐ পূর্ণতার রূপ বা প্রকাশের কোন মূল্যও নেই মানেও নেই। সে এখন যা, তার কাছে মিস্ পাঙ্ক্‌হার্‌স্টের ভোট না পাওয়ার দুঃখ পাগ্‌লামি, আর মিস্ পাঙ্ক্‌হার্‌স্ট আজ যা, তার কাছে শতদলবাসিনীর দড়াহার সম্বন্ধীয় দুঃখ ছেলেমানুষী। আমি আগেই বলেছি যে মানুষের সুখ দুঃখ subjective, আসলে

সুখ দুঃখ বাহিরেও আছে, ভিতরেও আছে। বাঙালীর অন্তঃপুরেও হাজার হাজার সুখী গৃহিণী মিল্‌বে। সুতরাং অবরোধের ভিতরে দুঃখের একচেটে কার্‌বার—এ কথাটা ঠিক নয়, আর বাহিরে সুখের অবিরাম হিল্লোল, এত বড় মিথ্যে কথাটাও আজ আমরা বাঙলার নারী-সমাজকে বল্‌তে পার্‌ব না।

অবরোধের বিরুদ্ধে যে দুই অভিযোগের কথা প্রবন্ধের গোড়ায় বলেছি, সে দুই অভিযোগ থেকে অবরোধকে বাঁচাতে হ'লে এই সব কথাই বলা চল্‌তে পারে।

( ৩ )

আমরা অবশ্য অবরোধের স্বপক্ষে নই। আমরা নারীর অবরোধের বিরুদ্ধে এইজন্যে যে, যেমন পুরুষ তেমনি নারী তার পক্ষে দেহ বা মনের রুদ্ধ অবস্থা একটা ঘোর মিথ্যা অবস্থা। সাংসারিক সুখ দুঃখের চাইতেও মানুষের কাছে তাঁর আত্মা বড়, অবরোধ প্রথা নারীর আত্মাকে খর্ব্ব করে বলে'ই তা অসহ্য।

আসলে বাঙলার পুরুষ যেমন কেরাণীগিরি কর্‌বার জন্যেই জন্মে নি—বাঙলার নারীও তেমনি শাস্ত্রবাক্য "পুত্রার্থে ক্রীয়তে ভার্য্যাঃ" সত্ত্বেও কেবল গর্ভধারণের জন্যেই জগতে আসে নি। আকাশ বাতাসের সঙ্গে পুরুষের যে সম্বন্ধ, নারীরও সেই সম্বন্ধ। আমরা জন্মেছি এই জগতে। ভগবান আমাদের প্রাণ দিয়েছেন নড়্‌বার চড়্‌বার জন্যে—চোখ দিয়েছেন, কৌতূহল দিয়েছেন—ঢুঁড়্‌বার খুঁড়্‌বার জন্যে। কিন্তু এই খোলা জগতটা নারীর জন্যে একেবারে

বদ্ধ-পুঁথি করে' রেখে দেওয়ার পক্ষপাতী, আর যেই হোন্—স্বাধীনতার মর্ম্ম যাঁরা একটুকুও অনুভব করেন তাঁরা হবেন না। আর ঐ হচ্ছে সবার চাইতে বড় যুক্তি।

যেটা মানুষের চোখে চোখে থাকে, সেই জিনিসটাই তার চোখে পড়ে না। সেই রকম, যে আচার ব্যবহারগুলো নিয়ে আমরা ঘরকন্না করি, তার কোন কোনটা ঘোর বীভৎস হলেও সেই বীভৎসতাটা আমাদের চোখ এড়িয়ে যায়। কিন্তু যখন একটুখানি নিজেকে আল্‌গা করে' দেখ্‌বার চেষ্টা করি—পারিপার্শ্বিকের প্রভাব থেকে মনকে, আজন্মের সংস্কার থেকে বুদ্ধিকে মুক্ত করে' সহজ স্বাভাবিক চোখে দেখ্‌তে চেষ্টা করি, তখন অদম্য হ'য়ে মনের পাতায় এই ভাব ফুটে ওঠে—কি অমানুষিক অত্যাচার! আমাদের মতোই রক্তমাংসের জীব, আমাদের মতোই যাদের মন আছে, বুদ্ধি আছে, কৌতূহল আছে, চোখ আছে, তাদের এ জগতটাকে সাম্‌নাসাম্‌নি দাঁড়িয়ে দেখ্‌বার অধিকার নেই। যদি নেহাৎ তারা দেখতে চায় ত চোখের সাম্‌নে ঝিলিমিলি ঝুলিয়ে। যখন ঐ চার দেয়ালের কথা স্মরণ করি তখন নিজেরই নিঃশ্বাস যেন রুদ্ধ হ'য়ে আস্‌বার মতো হয়। যদি বল যে, তোমার কাব্যি-কল্পনা রাখ, বঙ্গ-নারীর ও-রকম কারও নিশ্বাস রুদ্ধ হ'য়ে আসে না। তবে বলি যে, ঐ ত সবার চাইতে বড় দুঃখ, "হাজার বছরের নিষ্ঠুর বাহু তাদের মনকেও পাথরের মুঠোয় চেপে ধরেছে"। আর এই পাথরের মুঠোকে চিরন্তন কর্‌বার জন্যে আমরা কেউ কেউ দেই যুক্তি এবং এই মুঠোকে আল্‌গা করবার জন্যে আমরা কেউ কেউ করি তর্ক। আমাদের যুক্তি তর্কের আর শেষ নেই।

( ৪ )

কিন্তু আজ বঙ্গীয়-নারী-সমাজের পক্ষে সবার চাইতে আরামের খবর যেটা, সেটা হচ্ছে এই যে, বাঙলার পুরুষ-সমাজের সবাই স্ত্রী-স্বাধীনতার জন্মে উদ্‌গ্রীব হয়ে ওঠে নি। তা যদি হ'ত আর বাঙলার সকল পুরুষ যদি তাঁদের আত্মীয়াদের অবগুণ্ঠন টেনে ছিঁড়ে তাঁদের দীপ্ত আকাশের তলে নিয়ে আস্‌তেন তবে সেই আত্মীয়াদের আজ লাঞ্ছনার সীমা থাকৃত না। কেননা কোন জিনিসকেই বাহির থেকে পাওয়াই সত্য করে' পাওয়া নয়। ভিতরে যে সত্যের চিহ্ন-মাত্র নেই বাহিরের সেই সত্যের অনুযায়ী আচরণ কর্‌তে গেলে দুঃখই হয়, কারণ সেটা হচ্ছে তখন পরধর্ম্ম।

সুতরাং হাজার কাজ, হাজার চিন্তা, হাজার অনুষ্ঠানের মাঝে আজ যেন আমরা এই কথাটাকে অস্বীকার না করি যে—সত্যই সুন্দর, সত্যই শোভন, সত্যই সহজ। যতক্ষণ এই সত্যকে আমরা অন্তরে গড়ে' তুল্‌তে না পার্‌ব, ততক্ষণ সে-সত্যকে আমরা বাইরে সার্থক করে' তুল্‌তে কিছুতেই পার্‌ব না। আসলে কোন সত্যই বাহির থেকে পড়ে' পাওয়া যায় না', অন্তর থেকে গড়ে' তুল্‌তে হয়। জীবনে যেখানেই আমরা এই সত্যটাকে অস্বীকার কর্‌ব, সেখানেই আমাদের পরিণামে ঠক্‌তে হবে।

কাজেই আমাদের সমাজের অন্তরে স্বাধীনতা আগে প্রতিষ্ঠা কর্‌তে হ'বে—তখনই বাহির স্বাধীনতার পক্ষে সহজ হবে, সত্য হবে ও সুন্দর হবে।

এর জন্যে চাই স্ত্রী-পুরুষের মনের গঠন-ভঙ্গীর পরিবর্ত্তন—তাদের শতাব্দীব্যাপী সংস্কারের বিসর্জ্জন, আর তা হবে শিক্ষার ভিতর দিয়ে।

# রুবেইয়াৎ-ই-ওমর খৈয়াম। *

১

রাত পোহালো—শুন্‌ছ সখি, দীপ্ত ঊষার মাঙ্গলিক ?
লাজুক তারা তাই শুনে কি পালিয়ে গেছে দিগ্বিদিক !
পূব গগনের দেব-সবিতার স্বর্ণ-উজল কিরণ-তীর
পড়্‌ল এসে রাজ-প্রাসাদের মিনার যেথা উচ্চশির।

২

স্বপ্নে যেন কণ্ঠ শুনি—রাত্রি জানি শেষ প্রহর—
পান্‌শালে মোর দৈববাণী—কর্ণেতে কার বাজ্‌ল স্বর !
বল্‌ছে হেঁকে—ওঠ্‌রে বাছা, ভরিয়ে নে তোর পেয়ালাটুক,
জীবন-সুরা শুকিয়ে না যায়, আপশোষে ফের ফাট্‌বে বুক !

* পারসী কবি ওমর খৈয়ামের কবিতার একটি বিশেষ গুণ এই যে, যিনি তা পড়েন তাঁরই তা অনুবাদ কর্‌বার লোভ হয়। ইউরোপে এমন ভাষা নেই যাতে ওমর খৈয়ামের রুবেইয়াতের অনুবাদ নেই। শুধু তাই নয়, প্রতি ভাষাতেই তার নানা হাতের অনুবাদ আছে। বহু লেখক বাঙলা ভাষাতেও ওমার খৈয়ামের কবিতা অনুবাদ কর্‌তে চেষ্টা করেছেন—কিন্তু সে আংশিকভাবে। শ্রীযুক্ত কান্তিচন্দ্র ঘোষ রুবেইয়াৎ-গুলো আগাগোড়া তর্‌জমা করেছেন—এই জন্য বাঙলার পাঠক সমাজের কাছে সে-গুলি উপস্থিত কর্‌ছি।

সম্পাদক।

৩৫

এই যে আমার পেয়ালা-বঁধু জীবন-সাড়া দিচ্ছে আজ—
কোন্ অতীতের সাক্ষী এ জন, কোন্ সেকালের স্ফূর্ত্তিবাজ!
আজ পরিচয় ভিন্নরূপে—মৃত্যু-শীতল মাটীর চাপ—
তবু স্মৃতির নিশান নাই কি আঁকা ওই অধরে চুমোর ছাপ!

৩৬

সাঁঝের ঝোঁকে দেখ্‌নু সেদিন হাটের মাঝে কুম্ভকার
নিঠুর হাতে ঠাস্‌ছে সে এক পিণ্ড ভিজা মৃত্তিকার।
মাটীর ঠোঁটে ফুট্‌ল বাণী—আওয়াজটা তার বেজায় ক্ষীণ—
আস্তে ভায়া আস্তে পেশো, নেহাৎ এ'জন ভাগ্যহীন!

৩৭

পেয়ালাটুকু ভরিয়ে নেগো, এতই কিসের চিন্তা তোর?
সময়টা সব কাট্‌ছে বৃথা—ভাব্‌না কি তাই দিনটা ভোর!
একটা 'কাল'তো মরণ-পারে, আস্‌ছে যে 'কাল' কোথায় 'আজ'?
তাদের কথা ভাব্‌চি ব'সে এই ক্ষণিকের স্ফূর্ত্তি মাঝ!

৩৮

এক লহমা সময় আছে সর্ব্বনাশের মাঝে তোর—
ভোগ-সায়রে ডুব দিয়ে কর্ শেষ নিমেষটা নেশায় ভোর!
আয়ুর তারা প'ড়ছে খ'সে মরণ-ঊষার চরণ'পর—
যাত্রা যে আজ ক'র্‌তে হবে—ফুরিয়ে নে সব, ত্বরিৎ কর্।

৬৩

সেই কথাতেই শান্ত হ'ল উঠ্‌ছিল যে তর্কজাল ;
মৌন ভেঙে ব'ল্‌লে পরে বিশ্রী সে এক কাদার তাল—
বক্র ব'লে সই পরিহাস, চিন্তে না পাই দিগ্বিদিক,
গড়ন-কালে কুম্ভকারের হস্তটা কি প'ড়্‌তো ঠিক ?—

৬৪

ব'ললে আর এক—কেউ বা তারে ব'ল্‌ছে পাজী যাচন্‌দার,
মুখখানা তার আঁক্‌ছে দিয়ে নরক-ধোঁয়ার অন্ধকার।
যাচাই মোদের ক'র্‌বে সে জন ?—কথার কথা ফক্কিকার—
লোকটা কিন্তু মন্দ সে নয়—মন্দ কি হয় তার বিচার !

৬৫

কোণটি হ'তে সুরাই সে এক বল্‌লে ফেলে নিশাস-ভার—
মাটীর দেহ শুকিয়ে গেছে—অনেক দিন তো নেই ব্যাভার ;
মোর পুরাতন দ্রাক্ষা-বঁধু— পাই যদি আজ স্বাদটি তার—
হচ্ছে মনে—জীর্ণ দেহে বলটা ফেরে পুনর্ব্বার।

৬৬

পাত্রগুলো কথার মাঝে আকাশ 'পরে দেখ্‌তে পায়
চন্দ্র নবীন—যার লাগিয়া সব আছিল প্রতীক্ষায় ;
কে কার ঘাড়ে পড়্‌ল তখন, ব'ল্‌লে দিয়ে টিপ্‌নি এক—
আজ খাদ্যেতে আর মদ্যে বোঝাই মুটিয়াগুলোর কাণ্ড ত্যাখ্‌ !

৭১

খাতির খিলাৎ কাড়্‌লে সে মোর—খেয়ালমাফিক কার্য্য তার,
দ্রাক্ষাদেবীর নাই মহিমা—কাকের মতই সব ব্যাভার !
তবু প্রশ্ন ওঠে মনটাতে এই—দ্রাক্ষাফলের চাষটা যার—
কোন্ মহার্ঘ্য পণ্যলোভে বিকোয় এমন সুধার ভার !

৭২

হায়, গোলাপ সাথে প'ড়্‌বে খ'সে বসন্তেরি সব বাহার,
মিশ্‌বে কোথা যৌবনেরও পাগল-করা গন্ধভার !
পাতার মাঝে চ'ম্‌কে ওঠে আজ পাপিয়ার উচ্চতান—
কোন্ বিদেশের কণ্ঠটি ওই—কোথায় সে কাল গাইবে গান !

৭৩

নিয়ত্‌-দেবীর চর্‌কা-সূতোর ধর্‌তে পারি খেঁইটা আজ,
ভাগ্য সাথে ষড়্ ক'রে তার পাইগো খোলা দুয়ার-মাঝ ;
নিঠুর পায়ে চূর্ণ করি বিশ্ব-সৃষ্টি কল্পনায়
নূতন সৃষ্টি গ'ড়্‌তে প্রিয়া পারব নাকি দুই জনায় !

৭৪

দেখ্‌ছ প্রিয়া—পূব গগনের পূর্ণ-কিরণ চাঁদটি আজ
দিচ্ছে উঁকি পাতার ফাঁকে মোদের মিলন-কুঞ্জ মাঝ ;—
তোমার কবি সেই যেদিনে ভুল্‌বে ধরার মিলন-সুখ,
কার খোঁজে ওর প'ড়্‌বে হেথায় অস্ত-মলিন দৃষ্টি-টুক !

তবে কথাটা একেবারে সত্য বলে গ্রাহ্য করবার পক্ষে কিঞ্চিৎ বাধা আছে। প্রথমত, পলিটিকালি বেড়ে যাবার অর্থটা কি ?—যদি কেউ বলেন যে, আমাদের তুলনায় অপর দেশের লোকেরা রাজনৈতিক আন্দোলনটা বেশি মাত্রায় ও বেশি জোরে চালাচ্ছে, তাহ'লে তার উত্তর, সে ত প্রত্যক্ষ সত্য। কিন্তু রাজনৈতিক আন্দোলনটাই যে জাতীয় জীবনের একমাত্র লক্ষণ, তা অবশ্য নয়। বাঙলার বেশির ভাগ লোক আজকাল রাজনৈতিক আন্দোলনে যোগ দিতে নারাজ বলে' বাঙলার জাতীয় আত্মা যে ঘুমিয়ে পড়েছে, এ রকম অনুমান একমাত্র প্রত্যক্ষদর্শীরাই করতে পারেন—যাঁরা বাঙালীর মনের খবর রাখেন, তাঁদের পক্ষে ও-রকম সিদ্ধান্তে উপনীত হওয়া অসম্ভব। যদি কেউ জিজ্ঞাসা করেন, সে মনের সন্ধান কোথায় পাওয়া যাবে ?—তার সহজ উত্তর, এক পলিটিক্স ছাড়া জীবনের অপর সকল ক্ষেত্রেই। যে শিক্ষার ফলে, আমাদের নব মনোভাব জন্মেছে, সে শিক্ষা বাঙলা থেকে অন্তর্হিত হয় নি; বরং তার প্রসার ও প্রভাব বাঙলাদেশে দিনের পর দিন শুধু বেড়েই চলেছে। সুতরাং বাঙালীর চৈতন্য ইতিমধ্যে জড়ীভূত হয়ে যাবার কোনও কারণ ঘটে নি। তারপর সে চৈতন্যের ক্রমবিকাশ যিনি খুসি তিনি ইচ্ছা করলেই সাহিত্যে বিজ্ঞানে ও কর্ম্মক্ষেত্রে দেখতে পাবেন। অবশ্য রাজনীতির কর্ত্তা-ব্যক্তিরা এ সব জিনিষের বড় বেশী খোঁজ রাখেন না, তাঁদের ধারণা যে, রাজনীতিই হচ্ছে জাতীয় জীবন গড়ে' তোলবার একমাত্র উপাদান ও উপায়। লোকের সামাজিক জীবন দেশের রাষ্ট্রতন্ত্রের কতটা অধীন, আর দেশের রাষ্ট্রতন্ত্র লোকের সামাজিক জীবনের কতটা অধীন, এবং এ উভয়ের মধ্যে কার্য্যকারণের কি সম্বন্ধ আছে, সে সব তর্ক এক্ষেত্রে

তোলা নিষ্প্রয়োজন, কেননা দেশের কথা বলতে আজকাল অনেকে রাজনীতির কথাই বোঝেন, সে কথার এই সঙ্কীর্ণ অর্থ গ্রাহ্য করে নিয়েই আমি এ বিষয়ে দু'টি চারটি কথা বলতে উদ্যত হয়েছি।

আজকালকার দিনে মানুষের পক্ষে তার রাজনৈতিক অবস্থা যে উপেক্ষা করা চলে না—একথা বলাই বাহুল্য। তারপর রাষ্ট্রতন্ত্রের পরিবর্ত্তনের পক্ষে রাজনৈতিক আন্দোলন যে, একটি প্রকৃষ্ট অন্তত প্রচলিত উপায়, সে-কথাও আমরা স্বীকার করতে বাধ্য। তবে যে বাঙালী জাতি এ বিষয়ে কতকটা ঔদাসিন্য প্রকাশ করছে তার কারণ, একমাত্র বক্তৃতার উপর বাঙালীর আস্থা কমে এসেছে। কেন কমে এসেছে তার কারণ কি আর খুলে বলা দরকার? কে না জানে যে, ইতিমধ্যে বাঙ্গালীর মন পলিটিকালি কিঞ্চিৎ পোড় খেয়েছে—সুতরাং সে মন সহজে আর কারও কথায় ভেজে না। তা ছাড়া আমার বিশ্বাস যে, বহুলোকের মনে এ ধারণা জন্মেছে যে, আমাদের জাতীয় জীবন গড়ে তোলবার সমস্যাটা এতই জটিল ও গুরুতর যে-কোন সহজ উপায়ে তার সমাধান করা যেতে পারে না।

আর এক কথা, আমাদের রাজনৈতিক নেতাদের উপর আমরা অনেকে একান্ত নির্ভর করতে পারিনে। তার একটি কারণ, তাঁদের সকল কথা, সকল ব্যবহার আমাদের সকলের কাছে সমান সু-বোধ নয়। এই ধরুণ না, বাঙলার রাজনৈতিক দলে কেন যে একটা দলাদলীর সৃষ্টি হয়েছে, তার কারণ আমরা সকলে খুঁজে পাইনে। আমাদের অনেকেরই বিশ্বাস যে, রিফর্ম্ নিয়ে সকলের একমত হওয়ার কোনই বাধা ছিল না। বাঙলার নেতারা আজ দেড় বৎসর ধরে পরস্পরের সঙ্গে যে রকম জ্ঞাতি-শত্রুতা সুরু করেছেন,

কি জ্ঞানে, কি চরিত্রে তাঁরা উক্ত রাজা-মহারাজাদের দলভুক্ত নন। বম্বে মাদ্রাজের তুলনায় আমাদের আত্মা যতই ঘুমিয়ে থাক্ না, একথা বোধ হয় জোর করে বলা যায় যে, বেহারী জমিদারদের চাইতে আমাদের পলিটিকাল আত্মা কিঞ্চিৎ বেশি প্রবুদ্ধ। কিন্তু যখন দেখি যে, দ্বারবঙ্গের মহারাজা ধুয়ো ধরলে আমাদের কোন কোন নেতা অমনি দোহার দিতে সুরু করেন, তখন তাঁদের রাজনীতির বর্ণপরিচয় হয়েছে কিনা সে বিষয়ে সন্দেহ হয়।

রাজনীতির নেতাদের যে রাজনীতির বর্ণপরিচয় হয় নি এমন কথা আমরা বল্‌তে চাই নে। তাঁরা যে উল্টো উল্টো কথা বলেন, এবং উল্টো উল্টো ব্যবহার করেন, সে হয়ত চাল হিসেবে। কিন্তু আমরা যেহেতু নেতাদের চালের গূঢ় অর্থ বুঝি নে, সে কারণ আমরা তাঁদের কথার সাদা অর্থ বুঝতে চাই, এবং যতক্ষণ তা না বুঝতে পারি, ততদিন তাঁদের কথায় নেচে উঠতে পারি নে, যদি কিছু পারি ত হেসে উঠতে। যাঁরা প্যাটেল বিলের বিরুদ্ধে খড়্গহস্ত হয়ে ওঠেন, তাঁদের এ যুগের রাজনীতির কোন কথা মুখে আনবার পর্য্যন্ত যে অধিকার নেই, এই সহজ কথাটা যতদূর সম্ভব সহজ কথায় বোঝাতে চেষ্টা করব। কথাটা সহজ এই কারণে যে, বর্ত্তমান রাজনীতির মূল কথাগুলির জন্ম যদিচ ইউরোপে হয়েছে; কিন্তু তা সকল দেশের সকল মানবের প্রাণের কথা, কেননা যেখানেই মনুষ্যত্বের প্রতি মানুষের শ্রদ্ধা আছে—সেখানেই স্বাধীনতা ও সাম্যের ধর্ম্ম মানুষের মনকে অধিকার করে বসবে।

( ২ )

আজকাল আমাদের রাজনীতির রাজ্যে দু'টি কথা নিত্যই শোনা যায় এবং তা ছাড়া আর কিছুই শোনা যায় না। সে দু'টি হচ্ছে self-determination এবং democracy. আমাদের হাল পলিটিক্সের সকল বলা-কওয়া, সকল আশা-ভরসা ঐ দু'টি শব্দের উপরেই প্রতিষ্ঠিত। আমাদের নেতারা ঐ দু'টি শব্দের মন্ত্র-শক্তিতে এতদূর আস্থাবান যে, এবারকার কংগ্রেস Peace Conference-এর জন্য delegate নির্ব্বাচন করেছেন! কংগ্রেস যদি self-determination শব্দের মোহিনী-শক্তিতে মোহপ্রাপ্ত না হ'তেন,—তাহ'লে কি এমন বাহ্যজ্ঞান শূন্যতার পরিচয় দিতেন? সে যাই হোক, আমাদের পলিটিকাল বল-বুদ্ধি-ভরসা সকলই যখন ঐ দু'টি শব্দের উপর নির্ভর করছে, তখন কথা দু'টির অর্থ বোঝবার চেষ্টা করা যাক। ভুলে' গেলে চলবে না যে, কথা দু'টি শুধু বিলেতি নয়, তার অর্থও বিলেতি।

প্রথমত ডিমোক্রাসি বলতে কি বোঝায়, তার সন্ধান ডিমোক্রাসির স্রষ্টা এবং দ্রষ্টাদের কাছে নেওয়া যাক, কেননা self-determination মতটা ঐ ডিমোক্রাসি হতেই উদ্ভুত। এই ডিমোক্রাসি শব্দের তিনটি সংজ্ঞা আমি নিম্নে উদ্ধৃত করে দিচ্ছি।

1. "Everybody is to count for one and nobody for more than one"—*Bentham.*

2. "Democracy is the government of the whole people by the whole people"—*Mill.*

3. The progress of all through all"—*Mazzini.*

মধ্যপথ অবলম্বন করা পৃথিবীর সকল ক্ষেত্রেই নিরাপদ ; সুতরাং এ ক্ষেত্রেও মিলের ব্যাখ্যাই গ্রাহ্য করা যাক। ম্যাটসিনির সূত্র গ্রাহ্য করবার পক্ষে বাধা এই যে, তা দর্শনের কোঠায় পড়ে এবং আর বেন্থামের সূত্র গ্রাহ্য করবার পক্ষে বাধা এই যে, তা পাটীগণিতের কোঠায় পড়ে। সংক্ষেপে ম্যাটসিনির সংজ্ঞাকে অনেকটা সঙ্কুচিত এবং বেন্থামের সংজ্ঞাকে অনেকটা প্রসারিত না করলে তা রাজনীতির সূত্র হয়ে দাঁড়ায় না। সুতরাং ধরে নেওয়া যাক যে, সকলের দ্বারা সকলের শাসন-পদ্ধতির নামই ডিমোক্রাসি।

কিন্তু এইখানে একটা প্রশ্ন ওঠে। সকলের দ্বারা সকলের শাসনের কি কোনও অর্থ আছে, রাজা প্রজার কি অধিকার ভেদ নেই, রাজ্য-শাসন বিষয়ে সকলেই কি সমান অধিকারী ? আর যদিই বা তা হয়, তাহ'লে সকলের দ্বারা সকলের শাসন যে সু-শাসন হবে তারই বা মানে কি ?

ডিমোক্রাসির প্রতিবাদীরা এ প্রশ্ন ইউরোপে একবার নয়, হাজার বার তুলেছেন এবং ডিমোক্রাসির বিরুদ্ধে এই তর্ক তুলে এক আধখানা নয়, হাজার হাজার বই লিখেছেন।

এ প্রশ্নের উত্তরে ডিমোক্রাসির স্বপক্ষের যে কি বক্তব্য, সে সম্বন্ধে আমি বর্ত্তমান যুগের একটি বড় ঐতিহাসিকের কথা নিম্নে উদ্ধৃত করে দিচ্ছি :—

"One theory regards the definite purpose of the government to be the assurance of liberty to the individual. * * * Such is the theory of the Liberal Radicals"—*Seignobos*

অর্থাৎ ডিমোক্রাসি শ্রেষ্ঠ রাষ্ট্রতন্ত্র, কেননা এই তন্ত্রের প্রসাদে প্রতি ব্যক্তিই স্বাধীনভাবে জীবনযাত্রা নির্ব্বাহ করবার সম্পূর্ণ সুযোগ পায়। বলা বাহুল্য যে, ডিমোক্রাসির ভক্তেরা বিশ্বাস করেন যে,—

Individuals should be allowed to develop without restraint. They will be happier and more active, they will be able to make more progress, society will regulate itself better than under established rules"—*Seignobos.*

অতএব দাঁড়াল এই যে, যিনি individual liberty অর্থাৎ ব্যক্তি-স্বাতন্ত্র্যের মাহাত্ম্যে বিশ্বাস না করেন, ডিমোক্রাসির নাম উচ্চারণ করবার তাঁর অধিকার নেই। এখানে আর একটি কথা বলে রাখি, ডিমো-ক্রাসি এ যুগে ইউরোপে একটি দার্শনিক মত মাত্র নয়, এখন তা সমাজের ধর্ম্ম। ডিমোক্রাসি সে দেশে এখন শুধু বইয়ের ভিতর নেই,—জীবনে প্রতিষ্ঠিত হয়েছে। আমি একটি পূর্ব্ব-প্রবন্ধে Seignobos-এর ইতিহাস থেকে ইউরোপের বর্ত্তমান সমাজের ধর্ম্মকর্ম্মের যে বর্ণনা উদ্ধৃত করে দিই, এখানে তা পুনরুদ্ধৃত করে দিচ্ছি :—

"বর্ত্তমানে সমাজ ব্যক্তিগত স্বাধীনতার উপর প্রতিষ্ঠিত। এ যুগে মানুষের উপর মানুষের কোনও অধিকার নেই। প্রতি লোকেই নিজের ইচ্ছা, রুচি ও চরিত্র অনুসারে নিজের জীবন গঠন করতে পারে। প্রাচীন প্রথার বন্ধন থেকে সবাই মুক্ত। ধর্ম্ম সম্বন্ধে চিন্তা সম্বন্ধে, মতামত প্রকাশ সম্বন্ধে সকলেরই সমান স্বাধীনতা আছে। ইউরোপে মানুষ আজ মানুষের দাস নয়।"

অতএব একথা নির্ভয়ে বলা যেতে পারে যে, ব্যক্তিগত স্বাধীনতাই

হচ্ছে ডিমোক্রাসির গোড়ার কথা, আর শেষ কথা এবং ঐ স্বাধীনতাই হচ্ছে ডিমোক্রাসির ভিত্তি ও চূড়া।

স্বাধীনতাই হচ্ছে ডিমোক্রাসির মূলমন্ত্র; কিন্তু এই স্বাধীনতা শব্দের অর্থ কি? ফ্রান্সের যে declaration-এর নকলে আমাদের নেতারা বম্বেতে নিজেরা এক declaration করেছেন, সেই দলিলেই liberty শব্দের অর্থ পাওয়া যাবে। সে declaration of Rights-এর চতুর্থ দফাটি নিম্নে উদ্ধৃত করে দিচ্ছি।

"Liberty consits in the power to do anything that does not injure others; thus, the exercise of the natural rights of every man has only such limits as to assure to other members of society the enjoyment of the same rights. These limits can only be determined by law."

এ সংজ্ঞার অনেক খুঁত ধরা যায়, কিন্তু liberty-র এ ব্যাখ্যা মোটামুটি সত্য এবং এই সত্যের উপরেই ডিমোক্রাসি প্রতিষ্ঠিত। সুতরাং যাঁরা রাষ্ট্রতন্ত্রে ডিমোক্রাসি চান, তাঁদের পক্ষে প্যাটেল-বিলের বিরুদ্ধাচরণ করাটা মূর্খতা ছাড়া আর কিছুই নয়। প্রাচীন প্রথার বন্ধন থেকে মুক্তিলাভ করে নিজের ইচ্ছা ও রুচি অনুসারে বিবাহ করবার অধিকার হচ্ছে মানুষের একটি স্বাভাবিক অধিকার, এবং এ অধিকার যত দিন আইনের সাহায্যে প্রতিষ্ঠিত না হয় ততদিন সে অধিকারে প্রতিলোক বঞ্চিত। এ ক্ষেত্রে ধর্ম্মনীতি এবং সমাজের দোহাই দেওয়াটা ডিমোক্রাসি-বিদ্বেষীদের চিরকেলে স্বভাব। ইউরোপের লোকেরা যখন খৃষ্টীয় শাসন-তন্ত্রের বন্ধন থেকে মুক্ত হয়ে স্বাধীনভাবে

বিবাহ করবার অধিকার দাবী করে, তখনও সে দেশের absolutist-রা বরাবর ঐ ধর্ম্ম নীতি ও সমাজ রক্ষার দোহাই দিয়ে এসেছে। জর্ম্মানীর উদাহরণ নেওয়া যাক। জর্ম্মানীর লিবারলরা চিরকালই বিবাহ সম্বন্ধে এই স্বাধীনতার দাবী করত, কিন্তু সে দেশের ধর্ম্মযাচকেরা এবং রাজ-পুরুষেরা চিরদিনই তার বিপক্ষে দাঁড়িয়েছিলেন। শেষটা ১৮৭৪ খৃষ্টাব্দে জর্ম্মান-সম্রাট দেশের লোককে এ অধিকার দিতে বাধ্য হন। সে সময় কন্‌সারভেটিভের দল গভর্ণমেণ্টকে এই বলে' আক্রমণ করেন, যে, গভর্ণমেণ্ট "প্রুসিয়াকে ইউরোপ করে তুলছে এবং সেই সঙ্গে ধর্ম্ম এবং সমাজের মূলচ্ছেদ করছে"। প্যাটেল-বিলের বিরুদ্ধেও অভিযোগ এই যে, তার ফলে হিন্দুসমাজ ইউরোপীয় সমাজ হয়ে দাঁড়াবে এবং ধর্ম্ম ও সমাজ উচ্ছন্নে যাবে। একথা যাঁরা বলেন তাঁদের মুখে ডিমোক্রাসির নাম, জীববিশেষের মুখে রাম নামের মতই শোনায়।

শেষে self-determination অর্থ সম্বন্ধে দু'একটি কথা বলতে চাই। যে ব্যক্তিগত স্বাধীনতা democracy-র মূলমন্ত্র, সেই ব্যক্তিগত স্বাধীনতাই হচ্ছে self-determination-এর গোড়ার কথা। যে স্বাধীনতা পূর্ব্বে সভ্য-সমাজের কাছে ব্যক্তিগত হিসাবে গ্রাহ্য হয়েছিল, সেই স্বাধীনতা এখন জাতিগত হিসেবে গ্রাহ্য হচ্ছে। এক একটি জাতিকে এক একটি ব্যক্তি হিসেবে গণ্য করে', সে জাতির যে নিজের ইচ্ছা রুচি ও চরিত্র অনুসারে জীবন গঠন করবার অধিকার আছে, এই মতটারই বিলেতি নাম হচ্ছে self-determination. বেন্থামের কথায় বলতে গেলে এ মতে প্রতি জাতিই is to count for one এবং কোন জাতিই is not to count for more than one এবং declaration of

rights-এর ভাষায় বলতে গেলে, প্রতি জাতিরই স্বাধীনতা আছে— to do anything which do not injure others, কিন্তু এ ক্ষেত্রে একটি কথা সকলকে স্মরণ রাখতে বলি যে, একটি জাতির কোনও self নেই—ব্যক্তির ধর্ম্ম জাতিতে আরোপ করে' আমরা জাতিকে ব্যক্তি বলি। Self-determination ব্যক্তির পক্ষেই প্রকৃত জাতির পক্ষে আরোপিত মাত্র। সুতরাং ব্যক্তিগত self-determination-য়ে যাঁরা বিশ্বাস করেন না, তাঁদের মুখে national self-determination-এর কথা কাকাতুয়ার বুলি ছাড়া আর কিছু নয়। ডিমোক্রাসি, লিবারালিজম প্রভৃতি শব্দ যাঁদের পক্ষে মুখের কথা নয় কিন্তু ধর্ম্ম বিশ্বাসের সামিল তাঁদের কাছে ও সকল শব্দের অর্থ যে কি, একটি উঁচুদরের ইংরাজ লেখকের কথায় তার পরিচয় দিচ্ছি:—

"Liberalism is the belief that society can safely be founded on this self-directing power of personality, that it is only on this foundation that a true community can be built, and that so established its foundations are so deep and so wide that there is no limit that we can place to the extent of the building. *Liberty then becomes not so much a right of the individual as a necessity of society*" :—L. T. Hobhouse.

যাঁরা সমাজ হিতের দোহাই দিয়ে ব্যক্তিগত স্বাধীনতাকে পঙ্গু করতে চান,—তাঁদের উপরোক্ত কথা ক'টি একটু মন দিয়ে পড়তে অনুরোধ করি।

শ্রীপ্রমথ চৌধুরী।

এখানে কথার কথা। তাই এখানে যদি এই কথাটি বলা যায় যে, ঘটনা শুধুই ঘটনামাত্র নয়, প্রতিদিনের তুচ্ছতম ঘটনাও আধ্যাত্মিক ঘটনা, তাহা হইলে এই বিপদ হইবে যে, "তত্ত্বমসি," "সচ্চিদানন্দ" প্রভৃতি ইতিপূর্ব্বেই-বিরাজিত অসংখ্য বুলির সঙ্গে আর একটি বাঙলা বুলি মাত্র যোগ করা হইবে—যা কারো মনের উপরে তিলমাত্র দাগ কাটিবে না। "Every man, I am with thee, and shall be with thee even unto the end of the world"—এই আশ্বাসবাণী যাদের জপের মন্ত্র, তারাই যে কেবল পৃথিবীর শেষ প্রান্ত দৃষ্টিগোচর করিবার মতো অকাজে বরফের তলে বেহুদা প্রাণ খরচ করিতে পারে, তাহা আমাদের দেশীয় "আধ্যাত্মিক"-দের জানা না থাকিলেও, রেলে ইষ্টিমারে এবং কাছারীতে উক্ত জীবদের প্রাণের বেগের ধাক্কা নিতান্তই জাজ্বল্য-রূপে তাঁদের গোচরীভূত না হইয়া যায় না। অথচ তাঁদেরই ঐ "তত্ত্বমসি", "I am with thee"-রও এক কাঠা উপরে, তথাপি একটি হচ্ছে উত্তেজক মাদক, আর একটি অবসাদক আফিং। "সোঽহং" যে ঐজাতীয় উদ্‌ভিদ্‌-বিশেষের ধূম্রের সঙ্গে কি প্রকার ঘনিষ্ট বন্ধনে জড়িত তা প্রত্যক্ষ করিবার জন্য কোনো মেলায় যাইবার আয়াস-স্বীকার অনাবশ্যক। এদেশে জীবন যদি চিন্তাকে তালাক না দিত, তবে এ প্রকার অঘটন ঘটিত না। ন্যায়-দর্শনের কচ্‌কচিরও অন্ত নাই, অথচ "রামবাবু একজন সাধু উকিল" ইত্যাকার বিরোধাভাসও—ইংরাজিতে যাকে বলে Contradiction in terms—অহরহ শ্রুতিপথে প্রবেশ করিবে। "যোগস্থঃ কুরু কর্ম্মাণি"—যোগস্থ হইয়া আর যাই করা যাক্, আদালতে কাজ করা চলে না, কেন না মামলাবাজি রাজযোগ নয়।

জীবনের সঙ্গে চিন্তার এই যে বিচ্ছেদ, এ হচ্ছে একটা বাতব্যাধি, যা একেবারে অসাড় করিয়া রাখিয়াছে এই জাতের will-কে। স্নায়ু-মণ্ডলী মস্তিষ্কের বার্ত্তাকে হস্তপদের পেশীর কাছে বহন করিতে নারাজ—দর্শনের সিদ্ধান্ত দর্শনেরই সিদ্ধান্ত—জীবনের ক্ষেত্রে তার কোনো কর্ষণ নাই, তার সমুদয় আকর্ষণই নিছক intellectual. তাই যে জাত পৃথিবীর সকল সম্পদকে "যেনাহং নামৃতা স্যাম্ কিমহং তেন কুর্য্যাম্" বলিয়া, প্রাপ্তবয়স্ক ছেলে যেমন হাসিয়া তার কাঠের পুতুলকে ছোট ভাইয়ের দিকে ছুড়িয়া ফেলে, তেমনি করিয়া ছুড়িয়া ফেলিল,—সমস্ত উপকরণ-জালকে ছিন্ন করিয়া বিচিত্রের মধ্যে এককে আবিষ্কার করিবার হৃদয়-ভরা মহানন্দে,—সেই জাত শেষকালে বসন্তরোগের আক্রমণের মহাভয়ে গর্দ্দভ-বাহিনীর কাছে পাঁঠা বলি দিল; একই ব্যক্তি মহোৎসাহে একই সময়ে অদ্বৈতবাদ ও জাতিভেদের স্তুতিগানে মাতোয়ারা!

"Moral Faculty" হইতেছে কর্ম্মের সেই প্রেরণা, যা যুগ হইতে যুগান্তরে জাতিদের লইয়া যায় খাদ কাটিয়া কাটিয়া, যার প্রসাদে দেশ দেশান্তর ফুলে ফলে হাসিয়া ওঠে, যে জাতির মধ্যে তাহা মরিয়া গেল, সে জাতি জগৎ-জোড়া এই দৌড়-খেলায় হঠাৎ থামিয়া গেল। কর্ম্ম-চেতনার এই atrophy, আর আমাদের দেশব্যাপী এই পৌনঃপুনিক দুর্ভিক্ষ কিংবা আমাদের দুর্গতির আর যে-কোন-এক বিভাগই ধরা যাক্—এ দুইয়ের মধ্যে যথাক্রমে কারণ ও কার্য্যের সম্বন্ধের আরোপ, এ হইতেছে এমন একটি লম্ফ, যা ত্রেতাবতারের বন্ধুবরেরও ঈর্ষা-উৎপাদক, কিন্তু তথাপি ইহা সত্য।

করিতে চাই। অথচ অনন্তই যে সত্য, সেই যে আমাদের সমস্ত ভাবনার মূল আশ্রয়। যা মিথ্যা নয় তাই আমাদের কাছে সত্য। সত্য কিন্তু আসলে নিজেতে নিজে প্রতিষ্ঠিত, স্বরাট্; সে আলো; মিথ্যা তার অবরোধ, ছায়া। আমাদের দেশ "নেতি"-র দেশ; Nay nay করিতে করিতে "yea"-তে পৌঁছিবার চেষ্টা আমাদের অভ্যাসগত, "শুদ্ধম্" আমাদের কাছে "অপাপবিদ্ধম্।" শুদ্ধ সত্য এই কারণে আমাদের কাছে কেবলমাত্র দার্শনিক তত্ত্ব—তিনি হচ্ছেন "তৎ সৎ"। সেইজন্য নীতি আমাদের কাছে এমন একটা খাল, যা কাটা হইয়াছে কিন্তু তার মধ্যে জলের প্রবাহ ছোটে নাই। "Holy Holy" করিয়া য়ীহুদী প্রফেটের চোখে জল কেন, তা আমাদের কাছে দুর্বোধ্য। তত্ত্ব আমাদের জীবন হইতে ঐ কারণেই বিচ্ছিন্ন—মনের আবেগ তত্ত্ব এবং জীবনের মধ্যে সেতু—অথচ আমাদের দার্শনিক আলোচনায় মনের আবেগের স্থান নাই। আমাদের সমুদয় ভাবোচ্ছ্বাস তাই স্বেদ-কম্প-রোমাঞ্চেরই মধ্যে নিষ্ফলীভূত। প্রবল ভাবাবেগ—যার কথা ছিল কর্ম্ম-চেতনাকে উদ্বুদ্ধ করিবার, সে ক্রমে গড়গড়া হইতে গড়াগড়িতে বিবর্ত্তিত হইয়া শয্যাকেই সুখকর করিয়া তুলিল।

( ৪ )

ইংল্যাণ্ডের ভৌগলিক সংস্থান, তার খনিগুলি, তার কলকব্জা—এই সকলই কি ইংল্যাণ্ডের এই আশ্চর্য্য ঐহিক উন্নতির মূলে? খনিকে খুঁড়িল কে? কলকব্জা কি "আকাশ হইতে ঝুপ্ করিয়া পড়িল"? তার জাহাজগুলির "অমল ধবল পালে" কি কেবল "মন্দ মধুর হাওয়া"

লাগিয়াই দিকে দিকে তারা বলাকার মত ছুটিয়া সপ্তসাগর ছাইয়া গেল?

কিপ্‌লিঙের পিতামহ ওআর্ডসোআর্থ্‌, তাঁর পিতামহ মিল্‌টন্‌।

ইংল্যাণ্ড যদি অতীতে * * "Stern Duty—The daughter of the Voice of God"-কে নমস্কার করিয়া থাকে, আজও তার সমুদয় মদোদ্ধততার মধ্যে—তার সমুদয় ইম্পিরিয়ালিজমের ব্যাণ্ডের বাদ্যের মধ্যে এই সুর একেবারে চাপা পড়ে নাই।

"Hold ye the Faith—the Faith our Fathers sealed us,
Whoring not with visions—overwise and overstale.

Except ye pay the Lord
Single heart and single sword,

Of your children in their bondage shall He
ask them treble-tale!

Keep ye the Law—be swift in all obedience—
Clear the land of evil, drive the road and bridge
the ford.

Make ye sure to each his own
That he reap where he has sown;

By the peace among Our peoples let men
know we serve the Lord!"

Body-politic-এর যে integrity—তার মূলে রহিয়াছে ব্যক্তিদের চারিত্রনৈতিক অবস্থা। পরকীয়া রাষ্ট্রশক্তির ঔদাসীন্য,

একই "বহুধা" বিভাতি"। বিপ্রেরা "সৎ" হইলেই তা দেখিতে পাইতেন, সত্যানুসন্ধানেও সততার প্রয়োজন আছে, যুক্তির ধারা যেখানে লইয়া যাইবে সে স্থান মনোমত না হইলেও সেই সমস্ত পথ অতিবাহন করিবার জন্য যে প্রস্তুত থাকার ভাব, তা হচ্ছে intellectual honesty এবং সততা সর্ব্বত্রই যে সব চেয়ে ভালো নীতি, সেকথা প্রবাদেও বলে।

( ৬ )

সেই ভারতবর্ষে ইস্কুলমাষ্টার ছিল না, ছিল গুরু। "ইস্কুলমাষ্টার" আর "ইস্কুলবয়ের" সমবেত প্রার্থনা ছিল—"সহ নাববতু, সহ নৌ ভুনক্তু, সহবীর্য্যং করবাবহৈ, মা বিদ্বিষাবহৈ।" অদৃষ্টের পরিহাস-ক্রমে আমাদেরই এখানে বর্ত্তমান সিষ্টেমের সুর ইহার ঠিক উল্টা। "সহ নাববতু"—গুরু এবং ছাত্র একে অন্যকে যেন রক্ষা করি, কেবল বিদ্যাদান ও বিদ্যাগ্রহণ নয়, যে গ্রহীতা সেও উত্তমর্ণ—গুরু, শিষ্য হইতে স্বতন্ত্র স্বয়ংসিদ্ধ এক অপূর্ব্ব জীব নহেন, তারও সাধনা ছাত্রকে লইয়া, তাকে ছাড়িয়া তাঁর সিদ্ধি নাই, সেই কারণেই তাঁর যে মাহিয়ানা তা ছিল নিতান্তই আধ্যাত্মিক—অর্থাৎ চর্ম্মচক্ষে তা দেখিবার জো ছিল না। ফ্যাক্টরিতে শ্রমজীবী যে জিনিসগুলি বানায়, বৎসরের পর বৎসর কঠোর পরিশ্রমের ফলগুলি তার ক্লান্ত হাত হইতে গড়াইয়া বস্তাবন্দী হইয়া দিগ্‌বিদিকে চলিয়া যায়। ফ্যাক্টরির শ্রমজীবীর কৃতকার্য্যতার মধ্যে আনন্দ কোথায়? ইস্কুলমাষ্টারের কৃতকার্য্যতাও যা, অকৃতকার্য্যতাও তা। কিন্তু গুরু ছিলেন একটি মহীরুহ, আর

ছাত্রগুলি তাঁর পত্রাবলী। গুরু যদি শিষ্যের জন্য হন, শিষ্যও গুরুর জন্য। শিষ্যদের জীবনের মধ্য দিয়া গুরু তাঁর জীবনরস সংগ্রহ করিতেন, বাঙলা মাসিক কাগজের দর্শনে যাকে বলে "অঙ্গাঙ্গী সম্বন্ধ", উভয়ের মধ্যে ছিল তাই। "সহ নৌ ভুনক্তু" —গুরু এবং শিষ্য আমরা যেন একে অন্যকে ভোগ করি, পুষ্ট করি। "সহবীর্য্যং করবাবহৈ"—কেননা Virtue আর বীরত্ব একই। যখন প্রয়োজন উপস্থিত হয়, তখন "না" এই কথাটি উচ্চারণ করিয়া সোজা হইয়া দাঁড়াইতে যে বীর্য্যের আবশ্যক হয়, গোলা-গুলির সাম্‌নে দাঁড়াইতে তার চেয়ে বেশির দরকার হয় না। "অপার আকাশের তলে" সোজা হইয়া দাঁড়ানর মতো বড় মরালিটি আর কিছু নাই, আর জীবনের যাত্রায় দুর্ব্বাদল খাদ্য থেকে মুখ ফিরাইয়া পল্লব আর ফলের জন্য আকাশের দিকে যেদিন মানুষ ঘাড় সোজা করিল, সেদিন হইতেই যে সে প্রকৃত প্রস্তাবে "মানুষ" হইল, এ খবর কে না জানে। "Vir" এই কথাটির আসল মানে হচ্ছে "মানুষ"। "Righteousness tendeth to life"—একথা বাইবেলেও আছে।

( ৭ )

তপোবনের মধ্যে যে "মুক্ত" জীবন ছিল, তারই এক মাত্রা ছিট্‌কাইয়া পড়িয়া রাজাসনের মধ্যে "দীপ্ত" হইয়াছিল। তাই হয়। বর্ত্তমান জার্ম্মানীর আদিপুরুষ যে লূথর, এ কথা কে না জানে? খৃষ্টই নব-ফ্রান্সের স্রষ্টা। "Consider the lilies of the field" যাঁর অনুরোধ, তিনিই যে "Return to Nature"-এর ধুয়ার আদি গায়ক, এ কথা কে অস্বীকার করিবে?

সেই লিলির রাজ্যে বনমধ্যেই মানবের আদি স্কুল। নীতিকথা যদি কদাপি মনোরম হইতে পারে, তবে তা একবার মাত্র হইয়াছে—"vineyard" থেকে যে নীতিকথা পাওয়া গেছে তাহার মধ্যে। যাঁদের "চিত্ত মেঘের মাঝখানে হারায়" তাঁদের প্রত্যেক নিশ্বাসই নৈতিক। "পুঞ্জ পুঞ্জ ভারে ভারে নিবিড় নীল অন্ধকারে" যে কেবল তাদের "অঙ্গ"-ই জড়ায় তা নয়, "প্রাণে"-ও ছড়ায়। গোমুখী যেমন গঙ্গাকে ক্ষণিক ধারণ করিয়া পুনরায় শত সহস্র ধারায় ছড়াইয়া দিয়াছে, তেমনি তাঁরা যে আঁধার-সুধা জল পান করেন, তাঁদের দিনের রাত্রের সমুদয় ব্যবহার এবং কাজে তারই বহির্নির্ঝর। "সবার সঙ্গে যুক্ত" হন বলিয়াই তাঁরা "মুক্ত"। তাঁরা উদ্‌ভিদকেও ভেদ করেন। সুবিপুল বিশ্ব-নৃত্যের মধ্যে নিজদিগকে ছাড়িয়া দেওয়ার দরুণ তারই "শান্ত ছন্দ" তাঁদের "সকল কর্ম্মে"ও গিয়া সঞ্চারিত হয়। বাইরণ্ কি দুর্নীতি পরায়ণ ?—"I live not in myself, but I become portion of that around me, and to me high mountains, are a feeling". অপিচ "Are not the mountains, waves and skies, a part of me and of my soul, as I of them ?" নীতি আইন নয়, দস্তুরও নয়, সামাজিক ভদ্রতাও নয়। নীতি বাইরে-থেকে আরোপিত শিষ্ট পোষাক নয়। নীতি যদি তাই হয় তবে তা শৃঙ্খল এবং যে বীজের মধ্যে অনন্ত প্রাণের বেগ কারারুদ্ধ রহিয়াছে, সে যদি বহু শতাব্দীর বড় সাধের কারুকার্য্যময় ঐতিহাসিক প্রাসাদটিকে—যার আশ্রয়ের মধ্যে নিরাপদে শিষ্টতা, সভ্যতা ও সম্মান এবং ধার্ম্মিকতা বজায় থাকিতেছে, তাকে গভীর তলদেশ হইতে নিদারুণ ফাটল ধরাইয়া দিয়া তার অন্তঃসার-

হীনতাকে, জীর্ণতাকে প্রতিদিন নিষ্ঠুর বাস্তব-রূপে সুগোচর এবং স্পষ্টতর করিয়া তোলে, তবে তাকে গাল দিলে ঝাল মেটে বটে, কিন্তু নীতি এবং দুর্নীতির ভেদরেখাও ধরা পড়ে না, নীতিরও সংজ্ঞা পাওয়া যায় না। নীতি কি নিয়ম? উচ্ছল ঝরণার নিয়ম কে আবিষ্কার করিবে? যে প্রাণ তার দুর্নিবার বেগে প্রতিমুহূর্ত্তে শত ফেনায়, লক্ষ বুদ্‌বুদে, সহস্র ঘুর্ণিপাকে আছড়াইয়া মারিতেছে, তার বেদনার তাপকে মাপিবার যন্ত্র কি নীতির থার্ম্মোমেটার? নীতিবাদী সমালোচকের জ্ঞাতি ভাই সজারু। সজারু তার কাঁটাগুলি খাড়া করিয়া ফলের গাছের তলে গড়াগড়ি দেয় যে ফলগুলি তার কাঁটায় বেঁধে, সেগুলি লইয়া সে দেয় এক দৌড়। ঘটনাকে আবহমান জীবন-থেকে বিচ্ছিন্ন করিয়া দেখিলে, তার মানে কোথায়? বুদ্‌বুদকে হাতের মুঠার মধ্যে কে ধরিতে পারে? সকলেরই নিজ নিজ পছন্দ আছে—প্রেমিক পছন্দ করে গণ্ডের রক্তরাগকে।

"............the dilating soul, enrapt, transfused,
Into the mighty vision passing—there
As in her natural shape, swelled vast to Heaven"—

Mont Blanc দেখিয়া Coleridge-এর এই যে ভাব, ইহাই না তার Ancient Mariner-এর মৈত্রী-ভাবনার জনক? আসলে, "মানস-ভ্রমণ" মনের, আর "মাতা যথা নিজং পুত্তং" তদ্রূপ যে "ভাবনা" তা আত্মার, আর "righteousness" ইহার ব্যায়াম। Benevolence-ই justice হইয়া দেখা দিতেছে কর্ম্মে। যে বুদ্ধি "হিল্লোলিয়া, মর্ম্মরিয়া, কম্পিয়া, স্খলিয়া, ঠিকিরিয়া, বিচ্ছুরিয়া, শিহরিয়া, আলোকে

পুলকে সমস্ত ভূলোকে প্রবাহিয়া” চলিয়া যাইতে চাহিতেছে, সে-ই কর্ম্মক্ষেত্রে বলিতেছে “সমুদয় আপনারে দিই একেবারে জগতের পায়ে বিসর্জ্জন”। হুইট্‌ম্যান্‌ তাঁর চার-পায়ার উপর বসিয়া বসিয়া দেখিতেছেন, দূরে দূরান্তরে কোথায় অখলা অবলা তরুণীরা প্রতারিত হইতেছে, কোথায় দুর্ভিক্ষগ্রস্ত সমুদ্রগামী জাহাজে জুয়া খেলিয়া নির্দ্ধারণ করা হইতেছে, নাবিকদের মধ্যে কা'কে সর্ব্বাগ্রে নিজের মাংস দিয়া সকলের ক্ষুন্নিবৃত্তি করিতে হইবে, কোথায় কোন্‌ প্রশান্ত মহাসাগরের দ্বীপে শ্বেতাঙ্গ, আদিম-অধিবাসীদের শীকার করিতে বাহির হইয়াছে, বর্ব্বর গুলি খাইয়া মাটিতে পড়িল, কোনো কোনো কাজ করিবার পরে তরুণ-বয়স্কদের যে মর্ম্মদাহী গুপ্ত কান্না দেশে দেশে নগরে নগরে গুমরিয়া মরিতেছে, তা তিনি বসিয়া বসিয়া স্পষ্ট শুনিতে পাইতেছেন। এই যে “দিগ্বিদিকে আপনারে......... বিস্তারিয়া” দেওয়া ইহাই যোগ। নীতি হচ্ছে জীবনের গতির ভঙ্গী, ড্রিল নয়। গুরু জীবনের গতিভঙ্গীর অনুসরণ করিতেন, ইস্কুলমাষ্টার জীবনকে ব্যবস্থা দেন।

প্রকৃতি এবং মানবের মধ্যে নিজেকে হারাইয়া ফেলা, ইহাই নির্ব্বাণ। এইখানেই “die to live”-এর paradox. নির্ব্বাণ আর মুক্তির মধ্যে তফাৎই এই যে, নির্ব্বাণ কেবলমাত্র নিজেকে হারায়, মুক্তি নিজেকে হারাইয়া আবার ফিরিয়া পায় নব সম্বন্ধের মধ্যে—মুক্তি-দেবতা দ্বি-আনন দেবতা—তার এক মুখ মুক্তি, আর এক মুখ বন্ধ; তৃপ্তি এবং অতৃপ্তি সেখানে একই দণ্ডের দুই প্রান্ত। মানবের সঙ্গে সম্বন্ধ কর্ম্মের ক্ষেত্রে বিচিত্ররূপে প্রকাশ। প্রকৃতির সাধনার মধ্যে নীতির কোনো প্রশ্ন নাই, কাব্যরাজ্যে নীতির প্রবেশ নিষেধ; কর্ম্মক্ষেত্রেই

নীতির ক্ষেত্র। অথচ পৃথিবীর মধ্যে সব-চেয়ে বড় নীতিসাধক জাতি যে য়ীহুদী জাতি, তার মুকুটমণি যে যীশু, তাঁর মতো কবিও ত দেখিতে পাই না। ক্রুশের উপরে বিদ্ধ হইয়া সমস্ত মানবের পাপপুঞ্জকে আপনার মধ্যে অনুভব করিবার যে কল্পনা, সে কল্পনা নিশ্চয়ই "মানস-ভ্রমণের" কল্পনা। আসলে কল্পনাই কর্ম্মের জননী। তাই যিনি "কবি" এবং "মনীষী", তিনিই "শাশ্বতীভ্যঃ সমাভ্যঃ", যুগ যুগ গ্রহ-তারাগণের এবং জীবপুঞ্জের প্রয়োজনসকল "যাথাতথ্যেন" ঠিক-ঠিক-রূপে বিধান করিতে পারিয়াছেন; মাতা যে-প্রকার বিদেশগামী পুত্রের সকল বন্দোবস্ত ঠিক-ঠাক করিয়া দেন। প্রেমই মানুষকেও কবি করে এবং মাতাও কবি।

ইস্কুলমাষ্টার।

এ ব্যাখ্যা যে অতি বিশদ, সে বিষয়ে আর কোনো সন্দেহ নেই ; কিন্তু সেই সঙ্গে এ বিষয়েও কোনো সন্দেহ নেই যে, Spectator বৃটিশ সভ্যতার পরিচয় দিতে গিয়ে, শুধু বৃটিশ অসভ্যতারই পরিচয় দিয়েছেন। এর পর নিজের সভ্যতার বিশিষ্টতার ব্যাখ্যান করতে সকলেরই ভয় পাওয়া উচিত।

কোনও সভ্যতার বিশিষ্টতার প্রতি বিশেষ করে নজর দেওয়াতেও বিপদ আছে। ও অবস্থায় বিশিষ্টতাকেই সভ্যতা বলে মানুষের সহজে ভুল হয়। অপর সমাজের সঙ্গে নিজের সমাজ যে অংশে বিভিন্ন, সেই অংশকেই নিজের সভ্যতার প্রধান অঙ্গ বলে' অহঙ্কার করবার লোভ যায়। শুধু তাই নয়, তখন সেই অঙ্গকেই যেন-তেন-প্রকারেণ রক্ষা করবার জন্য মানুষ বদ্ধপরিকর হ'য়ে ওঠে ; আর তার ফলে যদি সমাজের সকল অঙ্গ পঙ্গু হ'য়ে যায়, তাতেও সমাজ তার নিজের গোঁ ছাড়েনা। উদাহরণ স্বরূপ, এই পাটেল বিলের বিপক্ষ দলের কথাই ধরা যাক না। এঁরা বলেন, জাতিভেদ প্রথা যখন হিন্দু সমাজ ছাড়া অপর কোনও সভ্যসমাজে নেই, তখন হিন্দু-সভ্যতার ভিত্তিই হচ্ছে জাতিভেদ-প্রথা। অতএব হিন্দু-সভ্যতার বিশিষ্টতা অর্থাৎ জাতিভেদ-প্রথা, বজায় রাখতেই হবে, তার জন্য যদি হিন্দুজাতি ধূলাশায়ী হয়, তাতেও কোন ক্ষতি নেই। এ কথা বলাও যা, আর Spectator-এর কথায় সায় দেওয়াও তাই। Spectator-এর এ মত শুধু একমাত্র বর্ণভেদের উপরেই প্রতিষ্ঠিত। ওরকম ঢেরা সই দেওয়াতে, বর্ণ-ধর্ম-জ্ঞানের পরিচয় দেওয়া যেতে পারে কিন্তু বর্ণ-জ্ঞানের পরিচয় দেওয়া হয় না ধর্ম্মজ্ঞানেরও নয়। জাতিভেদ-প্রথা হিন্দু-সমাজের গোড়ার কথা হলেও, হিন্দু-সভ্যতার শেষ কথা নাও হতে পারে।

# নব-বসন্তে।

——:*:——

দীর্ঘ দিন ধরে বারন্দায় একলাটি আলোয় বসে চেয়ে চেয়ে আনমনে কতই দেখি। গাছের পাতা দোলে, প্রজাপতিরা হেলে দুলে চলে, ফুল মাথা নোয়ায়, আলগোছ হ'য়ে সরে দাঁড়ায়, ভঙ্গী করে' মুখখানি হেলিয়ে দেখে, আড়চোখে চায়, মুচকি হাসে, আবার বেজায় গম্ভীর হ'য়ে মাথা খাড়া করে দাঁড়ায়, রকম দেখে হেসে বলি, "সাবাস—সামান্যি মেয়ে নও তুমি"। কখনো ফুলগুলি, এ ওর কানের কাছে মুখ নিয়ে চুপি চুপি কি বলাবলি করে, ছড়িয়ে গিয়ে হেসে গড়িয়ে পড়ে। দুটো সাদা প্রজাপতি; ফুরে ফুরে সাদা মলমলের ডানার উপর সোণালি চুমকি বসান, ফুলবাবু দু'জন, গাঁদা ফুলের মজলিসে আসর জমাতে এসেছিল, আমলই পেলে না। সোণামুখী গাঁদা মুখ ভার করে ফিরে বসল—তার পর এলেন একটি কালো মাণিক, তার ডানার উপর রাঙা ছাপ। কালোর উপর যতটা বাহার চলে, সে তা করতে কসুর করে নি, তবে তাকে কেউ পুছলই না। তার পরে এলেন একজন কমলা রংএর, আয়তনে বৃহৎ, ডানা দুটি পুরু, যেন মখমলে গড়া, তার উপরে কালো কালো চোখের মত ছাপা আঁকা, মোটাসোটা, বড় মানুষের ছেলের মত, গজেন্দ্র গমনে! গাঁদা ফুলের মজলিসে গিয়ে স্বচ্ছন্দে বসে পড়ল, যেন তার ইজারা করা

মহল, কেউ মানা করলে না। অনেক্ষণ গল্প গুজব চলল, তারপর আয়েসী বাবুর মত আস্তে সুস্থে চলে গেলেন।

আমি ভাবলাম যুঁই, বেলা, চামেলি থাকলে হয়ত সাদা প্রজাপতি-টির আদর হ'ত, অপরাজিতা বোধ হয় কালো, লক্ষ্ণৌ ছিটের দোলাই পরা, কাঙাল প্রজাপতিটিকে বরণ করে নিতে পারত, কিন্তু গাঁদা এদের কারোকে পছন্দ করল না। আর সে ক্ষেত্রে হয়ত কমলা রংএর পতঙ্গমটি মান পেতেন না। ফুলের রাজ্যেই অসবর্ণ প্রথা (এ অসবর্ণ, সাদায় কালোয় হলদে লালে পাটেল বিলের বিরোধী নয়।) যখন চলল না, তবে আমরা মানুষেরা তা চালাবার চেষ্টা করা বৃথা! ওরা আমাদের চেয়ে, এ সব বিষয়ে বেশী সমজদার! যে যার নয় তার সাধ্য কি যে কাছে ঘেঁষে! এই কোমল স্বভাব কমল মুখীরা সজোরে প্রচার করেন—"দরওয়াজা বন্ধ"। বাড়াবাড়ি দেখলে কাঁটার আঁচড় আর পাতার চপেটাঘাত দেওয়াও বিচিত্র নয়! তবে এ বিষয় হলফ করে কিছু বলা চলবে না, এখনো স্বচক্ষে এ ব্যাপার প্রত্যক্ষ করি নি।

আমি যেন একখানা বাসর ঘরের দুয়োরের ফাঁকে আড়ি পেতে বসে আছি, চুপি চুপি বসে বসে কতই কি যে দেখছি আর মনে মনে হাসছি।

এক ঝাঁক মাটির রংএর নাক থেবড়া পাখী উড়ে এসে দেবদারু গাছের তালায় জুড়ে বসে কি খুঁটে নিয়ে খেতে লাগল। এ পাখী গুলির গায়ের কোন খানে একটুও সৌখীন রং নেই, শুধু নাকের দুধারে দুটি সোণালি টিপ, আঁচিলের মত উঁচু হয়ে আছে। সাতটি একসঙ্গে আসে যায়, ইংরাজীতে এদের নাম Seven Sisters, বাঙলায় ডাক নাম কি জানিনে। এরা সাত ভাই চম্পা নিশ্চয়ই নয়,

তিন জোড়া দম্পতি আর ঐ বাড়তি পাখীটি কে? কোন বিজোড় জীব, সঙ্গে সঙ্গে পাহারা দিয়ে ফেরেন, পাছে এই চটুলের দল কিছু একটা বেয়াদবী করে বসে! ঝুপ ঝুপ করে দেবদারুর রাশি রাশি পুরাণো পাতা ঝরে ঝরে পড়ছে, এদের গায়ের উপর এসে পড়লেও এরা ভয় খাচ্ছে না। গাছের তলায় যা কিছুর সন্ধানে এসেছে তাই ঠোঁট দিয়ে ফুঁড়ে, পায়ের নখ দিয়ে আঁচ্‌ড়ে আঁচ্‌ড়ে একমনে আবিষ্কার করছে। পাতা ঝরার বেদনা, উত্তরে বাতাসের দীর্ঘশ্বাস, খেদ বিলাপ, কিছুতেই আনমনা হচ্ছে না। ওদিকে আমার দুলালী হরিণীটি ঘাড়তুলে বড় বড় চোখ আরো বড় করে, এই পাতা ঝরার আওয়াজে বার বার চম্‌কে চম্‌কে উঠছে। মুখের কবলিত দুর্ব্বা খসে পড়ছে, গায়ের শিরায় শিরায় কম্পন দেখা দিচ্ছে, থেকে থেকে একটি কাণ খাড়া হচ্ছে আর শুয়ে পড়ছে। "পততি পতত্রে, বিচলিত পত্রে, শঙ্কিত ভবদুপ যানং!" একেবারেই শাস্ত্র সঙ্গত বিরহিণীর দুর্দ্দশা! নব-বসন্তের সমাগমে আর ভরা বর্ষায় এই অবোলাটির এমনি দশা ঘটে —আমি আজ সাত আট বৎসর ধরে বরাবর লক্ষ্য করে আসছি, এই সময়ে হতভাগীর শুয়ে, বসে, উঠে, দাঁড়িয়ে, খেয়ে, ঘুমিয়ে কিছুতেই আর সোয়াস্তি থাকে না, ঘুমের মধ্যেও শিউরে শিউরে ওঠে।

* * * *

শীত চলে যাচ্ছে—বসন্তের আগমন আকাশে বাতাসে সূচিত হয়েছে। কোকিল কেবলি ডাকাডাকি করছে; নিখিলের বুক চিরে

দেওয়া এই ডাক নীলিমার গায়ে সোণালির আভা, বনের আঁধারে ফুলের রক্তিমা বিকাশ করছে। আমাদের দেশের ক্ষণস্থায়ী বসন্ত, বর্ষশেষে ধরণীর নব যৌবন, বড় সুকুমার। কিশলয়ের কচি লালে, আম্র-মুকুলের মিষ্ট সুগন্ধে, শিরীষের গোলাপী আভায়, অশোকের তরুণ অরুণিমায় বড় চমৎকার। এত সুন্দর বলেই এমন আকস্মিক আর ক্ষণভঙ্গুর। এ যদি দীর্ঘ হ'ত, তাহ'লে এর আনন্দ এমন পরিপূর্ণ হ'ত না। ক্ষণিক বলেই এর স্মৃতি চিরস্থায়ী। চেতনার উপর এর আঘাত এমন প্রবল যে, অন্তরে তার সংবাদ বহুদিন ধরে সঞ্চিত থাকবে। তার পর আবার একদিন হঠাৎ কোকিলের একটু সাড়ায়, সুগন্ধের এতটুকু স্পর্শে বাতাসের ঈষৎ আন্দোলনে সমস্তটুকু সম্পূর্ণ উদ্বোধিত হয়ে উঠবে। পাতা ঝরবার বাতাস উঠেছে, দীর্ঘশ্বাস বটে, তবে শ্রান্তি ক্লান্তি তার মধ্যে নাই। যা' জীর্ণ হয়ে গেছে, যা' অযথা ভার মাত্র, তাকে মোচন করবার বর্জ্জন করবার ত্যাগ করবার, একটি সবল স্বাধীন আনন্দ সুর এই বাতাসের বুকে আছে।

* * * *

আজ শ্রীপঞ্চমী। দিনটিও বড় সুশ্রী। শেষ রাতে কিছুক্ষণ বৃষ্টি হয়েছিল, তাই বাতাসটিও শীত-বায়ুর মতই হিম, তবে তার গতি উত্তর হতে দক্ষিণে নয়, দক্ষিণ হতেই সে উত্তরে চলেছে। সূর্য্যালোক এখনও তীক্ষ্ণ হয়নি, তার হিম-কাতর মূর্চ্ছাহত ভাবটি কেটে গেছে, তাকে সজাগ বলেই বোধ হচ্ছে। ঘুমে ঢুলতে ঢুলতে কুয়াশার আব-ছায়ার মধ্যে দিয়ে আসে নি, আকাশের পরিষ্কার পথ দিয়ে চারিদিকে

আলো ছড়াতে ছড়াতে এসেছে। আমগাছ মুকুলে ভরে গিয়েছে, বাতাস সুগন্ধে কখনো অভিভূত, কখনো বা চঞ্চল। দেবদারু এতদিন স্থির হয়েছিল, আজ ক'দিন এই বাতাসের সাড়া পেয়ে, তার জীর্ণ পাতাগুলি ঝরাতে আরম্ভ করেছে। সারাদিনই বাতাসের সঙ্গে ঝরে-পড়া, উড়ে-চলা পাতারাশের খেলা চলছে। পীতপত্রগুলি ঘুরে ঘুরে কত ভঙ্গীতেই আকাশ-পথে খেলা করে' তবে এসে মাটীর বুকে বিছানা বিছায়। দুয়ারের সম্মুখের বাদাম গাছদুটি, আজ কতদিন, পাতা সব ঝরিয়ে ফেলে, নাগা-সন্ন্যাসীর মত দাঁড়িয়েছিল, দু' তিন দিন হ'ল তাদের গায়ে, কচি পাখীর ছানার বুজে-থাকা পালকের মত পাতা দেখা দিতে আরম্ভ করেছে। এখনও রং বোঝা যাচ্ছে না, এখনও এদের নড়া-চড়ার শক্তি হয়নি, ডালগুলিকে আঁকড়ে ধরে, চুপটি করে' পড়ে আছে! এর পর যখন ক্রমে ক্রমে রং-এর বাহার দেখা দেবে, পঙ্গু বাঁকা ভাব কেটে গিয়ে, দুলবার, নড়বার, কাঁপবার ক্ষমতা পাবে, তখন এদের সবুজের উপর সোণালির আমেজ, আর পাখীর পাখার মত ডানা নাড়াবার কত বিভিন্ন ভঙ্গী মনকে মুগ্ধ করবে। সঙ্গে সঙ্গে মর্ম্মর সঙ্গীতে বসন্তরাজের স্তুতি-গীতি গাওয়া হ'বে। আমি প্রতিদিন ভোরে বেড়াই, আর সেই শুভ মুহূর্ত্তের প্রতীক্ষা করি।

শ্রীপ্রিয়ম্বদা দেবী।

দোষে। সুতরাং যাঁরা সনাতন হিন্দু-সমাজরক্ষার পক্ষপাতী, তাঁরা যে পাটেল-বিলের বিপক্ষ হবেন, সেত ধরা কথা।

ওদিকে যাঁরা সম্পূর্ণ হিন্দু-সমাজনিরপেক্ষ, তাঁদের পাটেল-বিলের পক্ষে হবার বিশেষ কোন কারণ নেই। কারণ তাঁরা Act III of 1872 অনুসারে নিজেদের "অহিন্দু" বলে' অসবর্ণ বিবাহ স্বচ্ছন্দে করতে পারেন এবং করে'ও থাকেন। বরং এই কারণে একটু বিপক্ষ হতে পারেন যে, হিন্দুসমাজে থেকেই যদি অসবর্ণ বিবাহ করা যায় ত লোকের অহিন্দু হবার সম্ভাবনা কমে যেতে পারে!

বাকী রইল সেই তৃতীয় দল, যাঁরা বর্ত্তমান হিন্দুসমাজের সব আইনকানুনে আবদ্ধ থাকতে চান না, অথচ নিজেদের "অহিন্দু" বলতেও আপত্তি করেন। কারণ বলা বাহুল্য যে "হিন্দু" বলতে ধর্ম্ম, সমাজ এবং জাতি, এই সবই বোঝায়; এবং যাঁরা হিন্দুধর্ম্ম ও হিন্দুসমাজ আংশিকভাবে ত্যাগ করতে প্রস্তুত, তাঁরাও ঐতিহাসিক হিন্দুজাতিভুক্ত নন বলতে নিতান্তই নারাজ। যতই স্বাধীনচেতা হও না কেন, মানুষ একলা নিজের পদযুগে মাত্র ভর করে' দাঁড়াতে পারে না; অথবা তার শরীরের পক্ষে সেই জঙ্গম খুঁটিদ্বয় যথেষ্ট নির্ভর হলেও, তার সর্ব্বভুক মনের পক্ষে ভূতভবিষ্যৎবর্ত্তমানব্যাপী কাল এবং বিশ্বব্যাপী দেশের মধ্যে একটি বিশেষ ঐতিহাসিক ধারার সঙ্গে নিজেকে অঙ্গীভূত বোধ করা বিশেষ আবশ্যক। আমার নিজের জানতঃ দু'টি তিনটি সম্বন্ধ কেবল এই "অহিন্দু" বলবার আপত্তির দরুণ ভেঙ্গে গেছে। প্রথম যখন মহাত্মা কেশবচন্দ্র সেন প্রমুখ ব্রাহ্মগণ ব্রাহ্ম বিবাহ-আইন পাশ করাতে চেয়েছিলেন, তখন বাধা না দিলে অন্ততঃ ব্রাহ্মদের পক্ষে এই পথ সুগম হয়ে যেত; কিন্তু তখনো

# একটা অসম্ভব গল্প।

চার বছরের বিয়ে-করা স্ত্রী রেবামিনি যখন আঠার বছর বয়সে সন্ন্যাস রোগে হঠাৎ মারা গেল, তখন আমার মনে হ'ল যেন আমার হৃদয়-বীণায় যে-কটা তার ছিল, সে-কটা একেবারে পট্ পট্ করে' ছিঁড়ে গেল। দুঃখ অনুভব করবার সুখটাও আমার আর রইল না।

সন্ধ্যা হয় হয়, এমন সময় শ্মশান থেকে ফিরে এলুম। মনে হ'ল কে আমার হৃদয়-বীণায় তারগুলো আবার চড়িয়ে দিয়েছে। আর সেখানে কে যেন সবগুলো তারে পূরবীর সুর বসিয়ে একটা দীর্ঘশ্বাসের সঙ্গে বিশাল ক্রন্দনে সকল বিশ্ব সকল চরাচর ডুবিয়ে দিচ্ছে। সন্ধ্যার পাতলা আঁধার বিষাদ মেখে যেন বাদুড়ের পাখার মতো হ'য়ে উঠেছে। বাতাসে বাতাসে একটা ক্রন্দনের রোল ঘুরে ঘুরে আশ্রয়ের নিষ্ফল সন্ধানে ফিরছে। এ জগতে তার কেউ নেই, কিছু নেই—আছে যেন একটা স্বপ্নের স্মৃতি; কিন্তু সে স্বপ্ন যেন আজ উধাও হ'য়ে চলে' গেছে—সৃষ্টির একান্ত বাইরে।

শোবার ঘরে ঢুকে' দরজা বন্ধ করে' দিলুম। এই সেই শোবার ঘর—এ আজ কত মিথ্যা। কিম্বা মিথ্যাও ত নয়, মিথ্যা হ'লেও ত বেঁচে যেতুম। এ যে সত্য মিথ্যার সেই মাঝখানটাতে, যেখানে সত্য আপনার অধিকার ছাড়তে চায় নি—আবার মিথ্যাও আপনার পূর্ণ দখল খুঁজে পায় না।

টেবিলের উপরে আলো জ্বলছিল। আল্‌নাতে নিত্য ব্যবহারের কোঁচান দুখানা সাড়ী গুঁড়ে গুঁড়ে জড়িয়ে ঝুলছে। টেবিলের উপরে "নৌকাডুবি" বইখানা যতদূর পড়া হয়েছে সেই খানটা একটা চুলের কাঁটা দিয়ে চিহ্নিত হ'য়ে নিতান্ত পরিত্যক্ত ভাবে পড়ে' আছে। জড়-বস্তুরও কি অনুভব করবার ক্ষমতা আছে? আমার ত সেদিন ঠিক সেই রকমই মনে হ'ল। সিঁদূরের কৌটাটি অর্দ্ধেক খোলা অবস্থায় একটা ব্র্যাকেটের উপরে পড়ে' রয়েছে। আমার অন্তর থেকে কণ্ঠের মধ্যে কি যেন একটা বড় ড্যালা ঠিক্‌রে ঠিক্‌রে বেরিয়ে আসতে চাইচে। আমি মেঝেতে হাঁটু গেড়ে বসে' বিছানায় মুখ লুকিয়ে চার বছরের শিশুর মতো ফুপিয়ে ফুপিয়ে কাঁদলুম।

কিন্তু আপনারা সবাই জানেন যে, যে-ক্ষতি পূরণ হবার কোন দিনই সম্ভাবনা নেই, সে ক্ষতিকে ধরে' মানুষ চিরকাল থাকে না। সে ক্ষতির যে দুঃখ, সে-দুঃখের বিরুদ্ধে মানুষের অন্তর থেকে একটা সংগ্রাম আপনা হ'তেই আরম্ভ হ'য়ে যায়। তাই আমারও অন্তরে যে দুঃখ একদিন অতি স্পষ্ট ছিল অতি সত্য ছিল, তা কালের অব্যর্থ প্রলেপে ধীরে ধীরে আবছা হ'য়ে উঠতে লাগল। তারপর এমন একদিন এলো যখন দেখলুম যে রেবামিনির স্মৃতি আছে কিন্তু তার জন্য দুঃখ নেই। আসলে যা রইল তা হচ্ছে অতীতকে নিয়ে একটা সেন্‌টিমেণ্টালিজ্‌ম্।

আপনারা হয়ত বলবেন, যে-দুঃখ যে-ক্ষতি জীবনে এমন স্পষ্টতম ছিল, সে ক্ষতি সে দুঃখের এমন পরিণাম মানুষের পক্ষে লজ্জা জনক। কিন্তু মনে রাখবেন আমি আপনাদের উপন্যাস বলতে বসি নি—যা সত্যিই ঘটেছে তাই বলছি।

সে যা হোক্, রেবামিনি মারা যাওয়ার মাস আষ্টেক পর

যখন মা আমায় আবার বিয়ে করবার জন্যে ধরে' বসলেন, সে সময়ে আমার অন্তরে বিয়ে করা সম্বন্ধে এমন একটা জোরের "না" ছিল না, যা সে-অনুরোধের বিরুদ্ধে খাড়া হ'য়ে দাঁড়াতে পারে। অবশ্য আমার বিয়ে করবার আগ্রহ যে একটুও ছিল, তা নয়। তবে আমি বিয়ে করলে মা যে সুখী হবেন এটা জানতুম। সুতরাং যেটার সম্বন্ধে আমার নিজের মনে একটা প্রবল "না" ছিল না, অথচ যেটা করলে মা সুখী হবেন—মার সে অনুরোধে আমি "হাঁ" "না" কিছুই করলুম না। মা-ও 'মৌনং সম্মতি লক্ষণং' ধরে নিয়ে আমার দ্বিতীয় গৃহিণীর সন্ধানে লাগলেন। বাঙলা দেশে আর যারই অভাব হোক্ না কেন, আঠার থেকে আশী বছর পর্য্যন্ত যে-কেউ বিয়ে করতে চাক্ না কেন, কারোরই মেয়ের অভাব হয় না। আর বিশেষত আমার বয়েস ত তখন সবে আটাশ। ফলে বছর ঘুরতে না ঘুরতেই চঞ্চলার সঙ্গে আমার দ্বিতীয়বার বিয়ে হ'য়ে গেল।

বাঙালীর সমাজে পুরুষ নারীর মধ্যে এমন একটা কঠিন যবনিকার ব্যবধান আছে, যাতে করে' বাঙালী তরুণ-তরুণী পরস্পরের কাছে যেমন রহস্যময় ও রহস্যময়ী, পৃথিবীর আর কোন দেশে তেমন নয়। বাঙলার নব-দম্পতীর মধ্যে এই যবনিকাটি কতকটা অপসারিত হয়—শুভ-দৃষ্টির সময়ে নয়, বাসর ঘরে নয়, বিয়ের সময়কার শত কোলাহলের মধ্যে নয়—সেটা হয় তাদের প্রথম রজনীর নিরালা মিলনে—প্রথম রজনীর সম্ভাষণে। সেদিন দূর কাছে আসে, রহস্য উন্মুক্ত হ'য়ে দৃষ্টির অতি নিকটে আসে—যা এতদিন চোখে পর্য্যন্ত দেখা যায় নি, তা একেবারে স্পর্শের সীমায় এসে পড়ে। সেই জন্যে এই রজনীটি বাঙালী তরুণ-তরুণীর পক্ষে আশায় আকাঙ্ক্ষায় কৌতূহলে একেবারে পরিপূর্ণ।

আমার পুরুষের প্রাণ নারীর জন্যে অবশ্য তেমন সজাগ ছিল না। কেননা সে প্রাণের তন্ত্রী নারীর স্পর্শে একবার বেজে উঠেছিল, সেখানে আর সেই একই কারণে নতুন উন্মাদনা সৃষ্টির সম্ভব ছিল না। কারণ, মানুষের জীবনে একই বিষয়ের অনুভব দ্বিতীয়বার তেমন তীব্র ও তেমন তীক্ষ্ণ হয় না। অজ্ঞাত যা, অপূর্ব্ব যা, তার সম্মোহন যতটা, জ্ঞাত যা দখলে এসেছে একবার যা জেনেছি, তার মাদকতা, ততটা নয়।

কিন্তু তাই বলে' ঐ যে একটি জীব যার সঙ্গে আমার চির-জীবনের সম্বন্ধ, তার সম্বন্ধে যে আমার কোনই কৌতূহল ছিল না, এটা যদি আপনারা মনে করেন, তবে আপনাদের পক্ষে মানুষের চিরন্তন প্রকৃতিকেই অস্বীকার করা হবে। তাই সেদিন যখন রাতের খাওয়া দাওয়া শেষ করে' পান চিবুতে চিবুতে শোবার ঘরে একখানা ঈজি-চেয়ারে হেলান দিয়ে একখানা বাঙলা মাসিকের পাতা ওল্টাতে ওল্টাতে তার গালাগালির বহরটা একবার নির্ণয় করতে ব্যাপৃত ছিলুম, তখন যখন বাহিরের বারান্দা থেকে মলের একটা সলজ্জ টিনি টিনি শব্দ আমার কানে এসে বাজল, তখন আমার মনটা "মোহমুদ্গরের" শ্লোক আওড়াবার জন্যে মোটেই ব্যস্ত হ'য়ে উঠল না। এমনি সময়ে এমনি অবস্থায় ওমনি মলের শব্দ আরও একদিন আমার শোবার ঘরের সামনে অমনি সলজ্জ হ'য়েই বেজেছিল; কিন্তু সেদিন ওই শব্দ শুনে আমার বুকের বাঁ পাশটা একেবারে অচেতন ছিল না, সেদিন ঐ মলের শব্দের সঙ্গে সঙ্গে আমার সামনে একটা নূতন জগতের রুদ্ধ কবাট অর্গলমুক্ত হবার আয়োজন করছিল। কিন্তু আজ আমার ও-জগতের সকল গানই শোনা হয়ে গেছে, আজ

আবার নূতন একজন, যিনি গীত বহন করে' আমার হৃদয়ের দ্বারে আসছেন, জানি তাঁর সে গীতের সঙ্গে আমার সে শোনা গানের কোনই প্রভেদ থাকবে না—শব্দেরও নয়, অর্থেরও নয়, সুরেরও নয়—যদি কিছু প্রভেদ থাকে ত, সে একমাত্র তানের।

মলের শব্দ ধীরে ধীরে আমার শয়ন-কক্ষের দরজার পাশে এসে থামল, সঙ্গে সঙ্গে একটা সুগন্ধি কেশ-তৈলের মৃদু স্নিগ্ধ ও মিষ্ট গন্ধ আমার ঘরটার ভিতরে চারিয়ে গেল, আমার নির্জ্জীব ঘরটা যেন জেগে উঠল, আমিও সজাগ হয়ে ঈজি চেয়ারের উপরে উঠে বসলুম।

ঘরের দরজার পাশে মলের শব্দ থামার সঙ্গে সঙ্গে চুপি চুপি কি কথা আরম্ভ হ'য়ে গেল। বুঝলুম যে নববধূ একা আসেন নি। পরক্ষণে চঞ্চলাকে আমার ঘরের মধ্যে ঠেলে দিয়ে আমার ছোট বোন স্বর্ণ দুষ্টোমির হাসি হেসে বললে—"দাদা, এই রইল তোমার বউ, বুঝে পড়ে' নাও, যে লজ্জা মা গো মা!" সঙ্গে সঙ্গে আমার দরজাটাও বাহির থেকে সশব্দে বন্ধ হ'য়ে গেল।

চঞ্চলার প্রতি আমার দৃষ্টি ও মনোযোগ আকর্ষণ হবামাত্র আমার বুকের মধ্যে সজোরে কি একটা টক্ করে' উঠল। একটা আন্‌কোরা স্প্রিংকে দাবিয়ে রেখে চট্ করে' ছেড়ে দিলে সেটা যেমন লাফিয়ে ওঠে তেমনি করে' আমি চেয়ার থেকে লাফিয়ে উঠলুম। কে ও? কে ও? চঞ্চলা? না—না—ও তো রেবামিনি! এমনি প্রায় পাঁচ বছর আগে অমনি একখানি গোলাপী রঙের সাড়ী পরে' অমনি অবগুণ্ঠন টেনে অমনি ভঙ্গীতে অমনি করে' আমার শোবার ঘরের দরজার কাছে দাঁড়িয়েছিল। চঞ্চলা? না—না—ও যে একেবারে হুবহু রেবামিনি—আমারই মিনি। আমি দৌড়ে গিয়ে মিনিকে বুকে

তুলে নিলুম, তাকে বুকে করে' আলোর কাছে নিয়ে এলুম, একটানে মাথার ঘোম্‌টা ফেলে দিলুম, তারপর তার মুখের দিকে তাকিয়ে দেখলুম, না না, এ মিনি নয়, এ আর কেউ, আমি পাগলের মতো তৎক্ষণাৎ তাকে আলিঙ্গনমুক্ত করে দিলুম, এমনি করে' তাকে আমার কাছ থেকে সরিয়ে দিলুম যে, চঞ্চলা তাল সাম্‌লাতে না পেরে একেবারে সজোরে টেবিলের উপরে পড়ে' গেল, সঙ্গে সঙ্গে আলোটা উল্‌টে পড়ে' দপ্‌ করে' নিভে গেল— আমি বাগানের দিককার দরজাটা খুলে বাইরে গিয়ে বাগানের একটা পাথরের বেঞ্চির উপরে বসে' পড়লুম। আমার ভিতরে এখন আগুন ছুটছে, শরীরের উপরে ঘাম ছুটছে। আমি তখন কে ? শ্রীরামপুরের নবীন জমিদার শ্রীবিভূতিরঞ্জন রায় ? না—আমি তখন একজন বদ্ধ পাগল, আমার আসল জায়গা হচ্ছে পাগ্‌লা-গারদে।

কেমন করে' কোথায় দিয়ে রাত কেটে গেল ! যখন বাহ্য প্রকৃতির জ্ঞান ফিরে এলো, তখন দেখলুম যে আমি তেমনি বেঞ্চির উপরে বসে' আছি, আর পূব আকাশে অন্ধকারের বুক চিরে আলো ফুটেছে। ভোরের হাওয়া বইতে সুরু করল, তার স্পর্শে আমার মাতাল মন কতকটা তাজা হ'য়ে উঠল। পূর্ব্বাকাশ ধীরে ধীরে লাল হয়ে উঠল। দিনের স্পষ্টতার মধ্যে রাত্রির ঘটনাটাকে একটা অতিদূর দুঃস্বপ্নের মতো প্রতীয়মান হ'তে লাগল, যেন সেটা আরব্য-উপন্যাসের একটা ছেঁড়া পাতা কোন ক্রমে উড়ে এসে আমার শয়নকক্ষে প্রবেশ করেছিল।

কিন্তু আরব্য-উপন্যাসের ছেঁড়া পাতাই হোক্ আর দুঃস্বপ্নই হোক্, সে-রাত্রির কোন ঘটনা যে আমার মনের উপরে কোনই ছাপ রেখে

গেল না তা নয়। আমি সেদিন স্পষ্ট বুঝলুম যে, মানুষের প্রতি-মুহূর্ত্তে যা তার স্পষ্ট, সেইটেই তার মিথ্যা। মানুষের মগ্ন-চৈতন্যের যে সত্য সে সত্য তার প্রবুদ্ধ চৈতন্যের সহস্র চাঞ্চল্যের কাছে প্রতি নিমেষেই হার মানছে। কিন্তু যখন একটা কিছু ইঙ্গিতে একটা কিছু ইসারায় একটা কিছুকে নিমিত্ত করে' সেই মগ্ন-চৈতন্যের সত্য বাইরের মনে বেরিয়ে আসে তখন প্রবুদ্ধ চৈতন্যের হাজার চাঞ্চল্য পালাবার পথ পায় না। আমার সেদিন মনের পাতায় যে-একটা গভীর দাগ পড়েছিল এ দাগ আগে থাকলে মা আমার কিছুতেই দ্বিতীয়বার বিয়ে দিতে পারতেন না—এটা ঠিক অনুভব করলুম।

তার পরদিন রাত্রে যখন চঞ্চলাকে সঙ্গে নিয়ে স্বর্ণ এসে আমার ঘরের সামনে দাঁড়াল তখন দেখলুম স্বর্ণর মুখ চোখ থেকে সে দুষ্টোমির হাসি কোথায় চলে' গেছে, তার ঠোঁটদুটো কি যেন একটা অভিমানের আঘাতে কঠিন হ'য়ে উঠেছে, তার চোখ দুটো থেকে কি যেন একটা প্রশ্ন তীক্ষ্ণশরের মতো আমার পানে বেরিয়ে আসছে। স্বর্ণ বললে—"দাদা, তুমি আর যাকেই ফাঁকি দাও না কেন, আমার নতুন কাণ নতুন চোখ, নতুন মনকে ফাঁকি দিতে পারবে না। তোমার বাগানের দিককার দরজায় আজ আমি বাহিরে থেকে শিকল এঁটে দিয়েছি—আর এ দরজারও তাই করব। যদ্দিন তুমি শিষ্ট হ'য়ে না ওঠো, তদ্দিন তুমি এমনি বন্দী অবস্থাতেই রাত কাটাবে।" স্বর্ণ চঞ্চলাকে ঘরের মধ্যে রেখে কবাট টেনে দিয়ে বাহিরের শিকলটা কড়ায় লাগিয়ে দিয়ে চলে' গেল।

অভাব্য যা, কল্পনারও অতীত যা, তাই যখন অপ্রত্যাশিত ভাবে র আগে আসে তখন অসতর্ক মনে এমন একটা ওলোটপালোট

হয়ে যায় যে মানুষ তখন স্বভাবতই সংযম হারিয়ে বসে; কিন্তু যে কল্পনাতীতের জন্যে মনকে প্রস্তুত করে' বসে' আছে তার কোন রকম অপ্রকৃতিস্থ হবার কারণ ঘটে না। তাই আমি সেদিন চঞ্চলাকে নিরীক্ষণ করতে লাগলুম। দেখলুম চঞ্চলার সঙ্গে রেবামিনির সাদৃশ্য আমার উন্মাদ দৃষ্টির ভ্রান্তি একটুও নয়। সেই একই দাঁড়াবার ভঙ্গী, একই দেহের গঠন, একই উচ্চতা—সেই সবই এক। সেদিন চঞ্চলা একখানা হাল্‌কা সবুজ রঙের সাড়ী পরেছিল। বুঝলুম চঞ্চলার রেবামিনির সাদৃশ্যের কারণ আর যাই হোক্ না কেন তা সাড়ীর রঙের সাদৃশ্য নয়। এ সাদৃশ্য হয় চঞ্চলার দেহে, নয় আমার মনে।

চঞ্চলা দাঁড়িয়েই রইল। আমি ভীষণ অসোয়াস্তি বোধ করতে লাগলুম। আমি যে কি করব, আমার যে কি করা উচিত, সেটা আমি কিছুতেই খুঁজে পাচ্ছিলুম না। আমি যে অপরাধী, এ সত্য আমার মনের কাছে অতি স্পষ্ট হ'য়ে উঠেছিল। গত রজনীর ঘটনার যে কোন কৈফিয়ত নেই কিম্বা থাকলেও সে কৈফিয়তটা যে আর যাকেই হোক্ চঞ্চলাকে দেবার মতো নয়, সেটা আমি জানতুম। যা হোক্ ও রকম অবস্থাটা যখন বেজায় অসহ্য হ'য়ে উঠল, তখন আমি নিতান্তই খাপছাড়া ভাবে বললুম—"চঞ্চলা এসো"।

চঞ্চলা অগ্রসর হ'ল, ধীরে ধীরে সঙ্কোচের সঙ্গে দ্বিধাজড়িত পদে। এ দ্বিধা নব-বধূর প্রথম সম্ভাষণের লজ্জা-প্রসূত নয়, এ দ্বিধা উদ্ভূত হয়েছিল তরুণ মনে আশাভঙ্গের যে নিষ্ঠুর আঘাত, সেই আঘাত থেকে।

আমি কিন্তু চঞ্চলার চলনটাই দেখতে লাগলুম। সে-চলা একেবারে হুবহু রেবামিনির চলনের মতো। রেবামিনি মৃত, একথা আমি যদি

না জানতুম তবে আমি হলফ করে' বলতে পারতুম যে, এ মিনি—মিনি—মিনি ছাড়া আর কেউ নয়।

চঞ্চলা আমার কাছে এসে দাঁড়ালে আমি তার মাথার অবগুণ্ঠন ফেলে দিলুম। না, সকল সাদৃশ্য সত্ত্বেও এ রেবামিনি নয়। চঞ্চলা আমার দিকে তাকিয়ে দেখল, আমিও তার চোখের দিকে তাকিয়ে দেখলুম, বড় বড় কালো কালো চোখ দুটি থেকে—উঃ সে কি দৃষ্টি! আমার মনে হ'ল কে যেন আমার হৃদ্‌পিণ্ডের দল্‌দলে ভাজা রক্তমাংসের উপরে শঙ্কর মাছের লেজের চাবুক শপাং করে' বসিয়ে দিলে।

চঞ্চলার সে দৃষ্টি—সে-দৃষ্টিতে ভাষা ছিল, মিনতি ছিল, ছিল একটা জীবনের প্রাণপণে দাবিয়ে-রাখা ক্রন্দন—যে জীবনের সুখের একই মাত্র আশালতা, যে আশালতা ছিঁড়লে জীবনে আর কিছু ধরবার থাকে না। আমি অনুভব করলুম জল্লাদের সঙ্গে আমার কোনই প্রভেদ নেই। আমার ত কোন কৈফিয়ত নেই। আমি চঞ্চলাকে পাশে বসিয়ে আদর করতে লাগলুম। চঞ্চলার চোখ দু'টো ছল ছল করে' উঠল।

চঞ্চলার যে-হাতখানি নিয়ে আমি আদর করছিলুম সেই হাতখানার প্রতি আমার দৃষ্টি পড়ল—আমি চম্‌কে উঠলুম। রেবামিনির হাতের প্রত্যেক রেখাটি আমার চেনা। দেখলুম এ হাত ঠিক রেবার হাত। হাতের গড়ন, আঙুলের গড়ন, নখ সব অবিকল রেবামিনির হাতের মতো। চঞ্চলার বাঁ-হাতখানি নিয়ে তা উল্‌টিয়ে দেখলুম তার পিঠে অনামিকা আঙুলের উপরে তিলটি পর্য্যন্ত স্বস্থান ভ্রষ্ট নয়। আমি বিস্ময়-বিস্ফারিত চোখে হাত দু'খানির দিকে চেয়ে রইলুম।

চঞ্চলা অতি মৃদু কণ্ঠে সঙ্কোচের সঙ্গে বল্‌লে—"কি দেখছ?" চঞ্চলাকে আমি উত্তরে ফাঁকি দিলুম। আমি বললুম—"আমার স্বভাব এমনি যে, আমার মানুষের হাতের সঙ্গেই ভালবাসা আগে হয়। তোমার হাত দুখানি অতি সুন্দর।" চঞ্চলার চোখ দুটো উজ্জ্বল হ'য়ে উঠল, তার ঠোঁট দু'খানিতে একটু মৃদু হাসির রেখা অঙ্কিত হ'তে চেয়ে চেয়ে মিলিয়ে গেল; কারণ তার প্রাণ থেকে শঙ্কা বুঝি তখনও একেবারে অন্তর্হিত হয় নি। কিন্তু সে দিন সে রাত্রে আমার অন্তরে সব চাইতে যেটা গভীর দাগ কেটেছিল সেটা হচ্ছে আমার পানে চঞ্চলার প্রথম দৃষ্টি-টি। আমি মনে মনে প্রতিজ্ঞা করলুম, আমার অন্তরে যাই হোক্ না কেন চঞ্চলার যেন দুঃখের কারণ আমি না হই। চঞ্চলাকে সুখী করবার জন্যে আমি প্রাণপণে চেষ্টা করব।

স্বর্ণ তার শ্বশুর বাড়ী চলে' গেল, আমরা স্বামী স্ত্রীতে যেমন সবাই দিন কাটায় তেমনি দিন কাটাতে লাগলুম। কিন্তু যতই দিন যেতে লাগল ততই আমার মনে একটা ভাব স্পষ্ট থেকে স্পষ্টতর হ'য়ে উঠতে লাগল। সে ভাবকে আমি যতই ছাড়াতে চাই সে ভাব আমাকে ততই জড়িয়ে ধরতে লাগল। আমার সুখ সোয়াস্তি কোথায় উড়ে গেল। আমার ভিতর ও বাহির একটা বিরাট মিথ্যা সম্বন্ধের উপরে প্রতিষ্ঠিত হ'ল। এ মিথ্যা আমার চাইতে শক্তিমান। এ মিথ্যার হাত থেকে হায় আমার উদ্ধারের আর বুঝি উপায় নেই।

পলে পলে তিলে তিলে আমার মনে প্রাণে যেন আমার প্রত্যেক স্নায়ুতে স্নায়ুতে অতীতের একটি রহস্যময় অতি সূক্ষ্ম প্রভাব বিছিয়ে পড়তে লাগল যে প্রভাবের সামনে চঞ্চলার আতঙ্ক, চঞ্চলার স্বাতন্ত্র্য,

আমার কাছে প্রতিদিনে অস্পষ্ট থেকে অস্পষ্টতর হয়ে উঠতে লাগল। ঐ প্রভাবের মধ্যে আমার সুখ ছিল, বেদনা ছিল, আমার বিদ্রোহ ছিল আবার আনন্দও ছিল। অতীতের অস্পষ্টতার কাছেই বর্ত্তমানের স্পষ্টতা প্রতি নিমেষে হার মানতে লাগল।

আমি আদর করতুম—কাকে? চঞ্চলাকে? না—সে আদর যেন কোন্ অদৃশ্য লোকের কোন অদৃশ্য-শরীরী জীব এসে দাবী করে' কুড়িয়ে নিয়ে যেত, সে আদর চঞ্চলার শরীরের উপরেই থেকে যেত —তার অন্তরে ত পৌঁছিত না, সে আদর করবার সময় ত আমার চঞ্চলাকে মোটেই মনে পড়ত না—মনে পড়ত রেবামিনিকে, তার প্রতিদিনের কথাগুলিকে, তার বিশেষ বিশেষ দিনের অভিমান-গুলিকে; তার সোহাগ আদর হাস্য পরিহাস, এই সব একত্র হ'য়ে দল বেঁধে এসে আমার মনের উপরে পড়ে' সেখান থেকে অতি স্পষ্ট অতি বর্ত্তমান চঞ্চলাকে কোথায় নিয়ে গিয়ে লুকিয়ে রাখত—ঠিক আমি যখন চঞ্চলাকে নিয়ে আদর করতে বসতুম। হায়! এর বিরুদ্ধে আমি কেমন করে' লড়াই করব।

কিন্তু আর যাকেই হোক্ না কেন বাইরের মিথ্যা আচরণ দিয়ে আপনার জনকে চিরকাল ফাঁকি দেওয়া যায় না। যে দুটি মানুষ চব্বিশ ঘণ্টা এক বাড়ীতে রয়েছে, চব্বিশ ঘণ্টার মধ্যে কুড়ি ঘণ্টাই হয়ত যাদের বাক্য দৃষ্টি স্পর্শ পরস্পরের মধ্যে বিনিময় হচ্ছে, বিশেষত যে দুজনের অন্তত একজনও আর একজনের অতি আপনার অতি অন্তরতম হবার জন্যে ব্যগ্র—এমন যে দুটি মানুষ—এদের পরস্পরের মনের সঙ্গে এমনি একটা সম্বন্ধ স্থাপিত হ'য়ে যায় যাতে করে' সে দুটো মন বাইরের মিথ্যা আচরণে কিছুতেই প্রতারিত হয়

না। বাইরের সকল অনুষ্ঠানকে কাটিয়ে এদের এক জনের মনে প্রতিফলিত হয়ে যায়।

তাই চঞ্চলা এটা স্পষ্ট করে' না জানলেও এ অনুভবটা বোধ করতে তার বিশেষ বিলম্ব হ'ল না যে, আমার অন্তরাত্মা তার অন্তরাত্মাকে মোটেই বরণ করে' নিতে পারে নি, একান্ত সামীপ্য সত্বেও আমাদের দু'জনের মধ্যে এমন একটা বাধা এমন একটা ব্যবধান আছে যা কি করলে ভাঙ্গে কি করলে ঘোচে তা তারও জানা ছিল না— আমারও জানা ছিল না, আর তা ভাঙ্গবার আমার ইচ্ছাও ছিল না— শক্তিও ছিল না।

ধীরে ধীরে চঞ্চলা সম্বন্ধে আমার মনে দুটো ভাব বাসা বাঁধল, দুটো পরস্পরের ঘোর বিরোধী! একটা তার প্রতি প্রবল আকর্ষণ, আর একটা তার বিরুদ্ধে ঠিক্ তেমনি প্রবল বিদ্রোহ। চঞ্চলার যেটুকু মিনির মতো, তার দেহের ভঙ্গিটি, তার হাত দুখানি—তাই ছিল আমার প্রতিদিনের সম্বল। তার দুখানি হাত আমি যখন ধরে' থাকতুম, তখন কি একটা মাদকতায় আমার চিত্ত মন ভরে' উঠত, কি একটা স্বপ্নে আমার সমস্ত বর্ত্তমান মুছে যেত, রেবামিনির চিন্তার সঙ্গে সঙ্গে যেন তার একটা সূক্ষ্ম সান্নিধ্য আমি বোধ করতুম— আর সেই সময় একটা গভীর শান্তিময় তৃপ্তিতে আমার অন্তরাত্মা পূর্ণ হ'য়ে উঠ্ত, যেন এ জগতে আর আমার কিছুই করবার বাকি নেই, ভগবানের দেওয়া এই জীবনের সকল ঋণই যেন আমার শোধ হ'য়ে গেছে, জীবনের শেষ কথাটি যেন আমার বলা হ'য়ে গেছে। কিন্তু যখন চঞ্চলার মুখের দিকে আমার নজর পড়ত, তখন আমার সে স্বপ্নের জগত মুহূর্ত্তে কোথায় মিলিয়ে গিয়ে তার বিরাট অমুতত্ব

আমায় দেখিয়ে দিত। ঐ মুখখানাই ত যত নষ্টের মূল। হায়! ঐ মুখখানা যদি মিনির হ'ত! ধীরে ধীরে চঞ্চলার মুখের প্রতি একটা অতি রুদ্র অবজ্ঞা আমার মনকে প্রাণকে চিত্তকে বিষময় করে' তুলল। চঞ্চলাকে আমি ছাড়তে পারতুম না—কিন্তু সে ত চঞ্চলার জন্যে নয়।

কিন্তু আমার ঐ মনের ভাব চঞ্চলার মনে গিয়ে আঘাত করতে কিছুমাত্র দেরী করল না। চঞ্চলা আর আমার কাছে অবগুণ্ঠন উন্মোচন করতে চাইত না। আমিও তা কোনদিন খুলতে বলতুম না বা খুলতুম না। কোন অধিকারে?—এমনি করে' দিনের পর রাত, রাতের পর দিন কেটে যেতে লাগল, সদা-অবগুণ্ঠনবতী চঞ্চলাকে দেখে আমার বুকের মধ্যে মাঝে মাঝে একটা বিদ্যুতের ঝলক উঠত—এ চঞ্চলা? না রেবামিনি?—

আপনাদের মনে কোনদিন বিদ্রোহের ভাব জেগেছে? বিদ্রোহ—সংসারের উপরে সৃষ্টির উপরে ভগবানের উপরে। যেন এই বিশ্ব-ব্রহ্মাণ্ডে কিছুই ঠিক চলছে না—এর আগা থেকে গোড়া পর্য্যন্ত সব উল্টো, এর সুরু থেকে শেষ পর্য্যন্ত কেবল একটা বিশৃঙ্খলার জটলা। এখানে কারো বুদ্ধি নেই, বিবেচনা নেই, হৃদয় নেই, দয়া নেই, করুণা নেই, কিছুই নেই—আছে কেবল নিষ্ঠুর মরুভূমির ধূ ধূ ধূসর তপ্ত বালির চোখজ্বালা-করা শুভ্রতা। কিন্তু কেন? কারণ ঐ যে প্রশ্ন—এ চঞ্চলা, না রেবামিনি? এর উত্তর একটা বিরাট মিথ্যা।

আমার প্রতিদিনের নিষ্ঠুর অত্যাচার তার অন্তরাত্মার বিরাট অপমান সম্বল করে' চঞ্চলা শুকিয়ে উঠতে লাগল। এ থেকে বুঝি তার মুক্তি নেই, সে মন্ত্রমুগ্ধ বিহঙ্গিনীর মতো ধীরে ধীরে বুঝি মরণের দিকে অগ্রসর হ'য়ে চলল, আর সেই সঙ্গে মিনির জন্যে আমার

রাক্ষসী আকাঙ্ক্ষা প্রবল হ'য়ে উঠতে লাগল। এই রাক্ষসী আকাঙ্ক্ষার কতকটা তৃপ্তির জন্য আমার ছিল দরকার চঞ্চলাকে। ক্রমে ক্রমে আমার মনের দ্বিধা দ্বন্দ্ব সব ঘুচে গেল, চঞ্চলা যে একটি জীব, তার যে একটা পৃথক জীবন আছে, যে জীবনে সুখ দুঃখ বোধ আছে, আশা আকাঙ্ক্ষা আছে, তা আমি ভুলে গেলুম। চঞ্চলার দিনগুলো একটা অন্তহীন দুঃখের ভিতর দিয়ে ব'য়ে যেতে লাগল। হায়! এর থেকে তার মুক্তি কিসে হবে? কবে হবে?—

এমনি করেই দিন কাটতে লাগল। একদিন রাত্রে মিনিকে ভাবতে ভাবতে কখন ঘুমিয়ে পড়লুম। ঘুমিয়ে ঘুমিয়ে স্বপ্ন দেখছিলুম যে, মিনি আমার বিছানার পাশে এসে হেসে কুটি কুটি হ'য়ে আমায় বলছে—"এই দেখ আমি আবার এসেছি, তুমি কি ঘুমিয়েই থাকবে?" আমার ঘুম তখনই ভেঙ্গে গেল। দেখলুম কেবল অন্ধকার, আর আমার পাশে একটা অতি মৃদু কান্নার শব্দ। চঞ্চলা কাঁদছিল।

হায়! আমি চঞ্চলাকে কি বলে' সান্ত্বনা দেব। সে যে হবে ঘোর মিথ্যা। আমার মুখের কথা কি তার প্রাণে লাগবে। আমার অন্তরাত্মায় যার চিহ্নমাত্র নেই, তারি ফাঁকা মুখের কথায় কি তার অন্তরাত্মায় শান্তি ঢেলে দেবে? আমি জানতুম তা দেবে না। তাই আমি কিছুই বলতে পারলুম না। কি জানি কত রাত চঞ্চলা এই রকম কেঁদে কাটিয়েছে!

এমন সময় মা আমার কবাটে আঘাত করে' ডাকলেন। আমি জেগেই ছিলুম, উত্তর দিলে মা বললেন—"দেখত কার মোটর এসে আমাদের বাড়ীর গেটের কাছে এসে লাগল।"

মোটরের শব্দটা আমারও কানে এসে লেগেছিল কিন্তু আমি সে-দিকে তত মনোযোগ দিই নি। যখন মা বললেন যে, সেটা আমাদেরই বাড়ীর গেটের কাছে এসে লেগেছে তখন আমি তাতাতাড়ি বিছানা ছেড়ে উঠে বেরিয়ে পড়লুম।

বাইরে গিয়ে দেখলুম আমার শ্বশুর বাড়ীর—চঞ্চলার বাপের বাড়ীর—মোটর, সোফরের হাতে এক চিঠি। চিঠি পড়ে' জানলুম যে চঞ্চলার বাবা অত্যন্ত পীড়িত, এখন যায় যায় অবস্থা, ডাক্তারের মতে আজ রাত কাটে কি না সন্দেহ, চঞ্চলাকে দেখবার জন্যে তিনি ব্যাকুল, কেবলই চঞ্চলাকে ডাকছেন, চঞ্চলাকে ফিরতী মোটরে পাঠাবার ব্যবস্থা করবার জরুরর অনুরোধ।

আমি তাড়াতাড়ি মা'কে সমস্ত ব্যাপারটা বুঝিয়ে দিয়ে, চঞ্চলার গায়ে একটা শাল জড়িয়ে দিয়ে দু'জনে গিয়ে মোটরে চড়লুম। মোটর ঝড়ের বেগে ছুটে চলল।

ভোর হয় হয়—হ্যারিসন রোডের গ্যাসের বাতিগুলো কেবল নিভিয়ে দেওয়া হয়েছে। আমাদের মোটর আমর্হার্ষ্ট ষ্ট্রীটে চঞ্চলার বাপের বাড়ীর সামনে গিয়ে লাগল। মোটর থামার সঙ্গে সঙ্গে আমার শ্যালক অমূল্য এসে চঞ্চলাকে নিয়ে গেল, আমি বৈঠকখানায় অপেক্ষা করতে লাগলুম।

পাঁচ মিনিটও হয় নি, তখন উপরে বাড়ীর ভিতরে একটা চাঞ্চল্যের আভাস পেলুম। সঙ্গে সঙ্গে অমূল্যের উত্তেজিত কণ্ঠ আমাকে ডাকলে—"বিভূতি বাবু, বিভূতি বাবু, একবার উপরে আসুন"। আমি তাড়াতাড়ি উপরে উঠে গেলুম।

যে ঘরে রোগী ছিল সেই ঘরে গিয়ে প্রবেশ করলুম, দেখলুম চঞ্চলা অবগুণ্ঠন-হীনা রোগীর শয্যার পাশে নিশ্চল দাঁড়িয়ে আছে। রোগী বিছানার উপরে উঠে বসেছে। তার শীর্ণ মুখমণ্ডলে কোটরগত চোখ-দুটো কেবল যেন কোন অদৃশ্যলোকের তীব্র ও তীক্ষ্ণ আলোকের সম্পাতে জ্বল্ জ্বল্ করছে। আমি ঢুকতেই রোগী হতাশ কণ্ঠে বললেন, "এ কাকে নিয়ে এলে বাবা, এ ত আমার চঞ্চলা নয়।"

আমি আমার স্ত্রীর দিকে তাকিয়ে দেখলুম—ওঃ কি দেখলুম !!!

মুহূর্ত্তে—বোধ হয় এক সেকেণ্ডের সহস্রাংশের এক অংশ সময়ের জন্যে আমার ধমনীতে ধমনীতে সমস্ত রক্ত চলাচল বন্ধ হ'য়ে গেল, তার পর-মুহূর্ত্তে সেই রক্ত-প্রবাহ আবার আমার সর্ব্বাঙ্গে ছেয়ে গিয়ে আমাকে উন্মাদের মতো করে' তুলল, ক্ষুধার্ত্ত শার্দ্দূলের মতো আমি চক্ষের পলকে গিয়ে আমার স্ত্রীকে আমার বুকের উপরে চেপে ধরলুম। কি একটা বিজয়-গর্ব্বে আমার সমস্ত অন্তর উথলে-ওঠা সাগর-বারির মতো স্ফীত হয়ে উঠল, আমি রোগীর দিকে চেয়ে এক হাত তুলে যেন আমার সম্মুখীন মৃত্যুর অসীম শক্তিকে লক্ষ্য করে' চ্যালেঞ্জের স্বরে চেঁচিয়ে বলে' উঠলুম—না এ আপনার মেয়ে চঞ্চলা নয়—এ আমার স্ত্রী রেবামিনি"।

মরণাহত রোগী বিছানার উপরে ঢলে পড়ল। আমি সে দিন আমার দ্বিতীয় পক্ষের স্ত্রীকে প্রথম চুম্বন করলুম।

শ্রীসুরেশচন্দ্র চক্রবর্ত্তী।

# সামাজিক সাহিত্য

কোনো এক সময়ে হবুচন্দ্র রাজার রাজধানীতে অত্যন্ত সন্দেহ জনক অবস্থায় দুটি লোক গ্রেপ্তার হয়েছিল। তারা নাকি দিনে দুপুরে রাজা এবং মন্ত্রী দু'জনার চোখের সামনেই রাজবাড়ীর পুরাতন পুকুরটি চুরি করবার মৎলবে সিঁদ কাটছিল! যা হোক, শেষ পর্য্যন্ত হবু-গবুর সতর্কতায় সে সব ফেঁসে গিয়েছিল;—এবং যা ঘটেছিল তা অভিজ্ঞ পাঠকের অগোচর নেই।

বর্ত্তমানে আমাদের বাঙলা-সাহিত্যের আসরেও নাকি ঠিক অম্নি-ধারা একদল সিঁদেলের আবির্ভাব হয়েছে। তাদের লক্ষ্য নাকি আমাদের 'সনাতন সমাজ'; কথাটা আশঙ্কা-জনক সন্দেহ নেই, তবে ভরসা এই যে, এ ক্ষেত্রেও হবু-গবু যথেষ্ট বিনিদ্র এবং আশানুরূপ সতর্ক। হবু-গবুর এই বনিয়াদি সতর্কতা আর অসাধারণ বুদ্ধিমত্তার ফলে কিছু দিন থেকে আমাদের বঙ্গ-সাহিত্য শনৈঃ শনৈঃ আমাদের সমাজের স্বেচ্ছা-সেবক সম্প্রদায়ের লীলাক্ষেত্রে পরিণত হ'তে চলেছে। এখন সাহিত্য-সেবকগণের লক্ষ্য হয়েছে সমাজ-সংস্কার, আর সমাজ-পতি মহাশয়দের কাজ হয়েছে সাহিত্য-সমালোচনা।

সাহিত্য আর সমাজের একটা সহজ সমাহার খুব স্বাভাবিক এবং বাঞ্ছনীয়; কিন্তু দৈব-দুর্ব্বিপাকে যখন উক্ত সম্বন্ধ অত্যন্ত ঘনীভূত এবং ব্যতীহার অবশ্যম্ভাবী হয়ে ওঠে তখন আবার নতুন করে

সাহিত্যের উদ্দেশ্য নির্ণয় আর সমাজের চৌহদ্দি নির্দ্দেশ নিতান্তই আবশ্যক।—নতুবা অদূর ভবিষ্যতে উভয়েরই শ্রীহীন হয়ে পড়বার বিলক্ষণ সম্ভাবনা।

সাহিত্য-সমালোচনার সময় আমরা প্রায়ই ভুলে যাই যে, ও-বস্তু সমাজ-কোষে উপ্ত এবং অঙ্কুরিত হ'লেও ওর ফুল এবং ফল আকাশেই ফুটে থাকে।—তথাকথিত সমাজের মাটী আঁকড়ে যার মন পড়ে আছে, সাহিত্যের সুতার এবং সুগন্ধ থেকে সে যে চিরদিনই বঞ্চিত থাকবে! বেল পাকলে কাকের কি? তবুও যে যখন তখন সমাজের তরফ থেকে সাহিত্যের উদ্দেশে লোষ্ট্র-বর্ষণ হয়ে থাকে তাতে ত আশ্চর্য্য হবার কিছুই নেই। অগ্নি করেই ত ইতর প্রাণী থেকে মানুষের শ্রেষ্ঠতা অহরহ প্রতিপন্ন হচ্ছে। না-মরে ভূত হবার শক্তি ত ঈশ্বর আর কোন জানোয়ারকেই দেন নি। ও-যে জীবশ্রেষ্ঠ মানুষেরই সামাজিক উত্তরাধিকার!—আশার চাইতে মানুষের আশঙ্কাই বেশি। এই আশঙ্কার বশে অভিভূত হয়েই ত সাহিত্যের ফুলের ঘায়ে আমাদের মূর্চ্ছার উপক্রম হয়; আর এই আশঙ্কার উদ্বেগে উত্তেজিত হয়েই ত প্রতি মুহূর্ত্তে কাঁচা-সাহিত্যের ডাঁসা-ফলের আকস্মিক পতনে সমাজের অপঘাত সম্ভাবনায় আমরা অধীর হ'য়ে উঠি!

আশঙ্কায় দিশে-হারা হয়ে আমরা ভুলে যাই যে, জনগণের ঐকান্তিক মানস ছাড়া সাহিত্যের ফলে পাক ধরে না; আর, সমাজের আন্তরিক আহ্বান ছাড়া সাহিত্যের ফল ভূমি স্পর্শ করে না। বঙ্কিম চন্দ্রের "বন্দেমাতরম্" বাঙালীর অন্তর স্পর্শ করেছে, তাঁর পরলোক গমনেরও বহুবর্ষ পরে। আর, বলাই বাহুল্য যে, 'বসুমতী'র সুলভ

সংস্করণের বহুল প্রচার তার কারণ নয়। কালের আবর্ত্তনে বাঙালী যখন বহুবর্ষ সঞ্চিত জড়তা দূরে ফেলে দিয়ে, নূতন আশার আলোকে স্নাত পুলকিত হয়ে, নূতন ব্রতে দীক্ষিত হবার আশায় উৎসুক উন্মুখ উদগ্র হয়ে উঠেছিল, তখনই ত তারা নতুন করে ঋষিরূপে বঙ্কিমচন্দ্রকে আবিষ্কার করতে পেরেছিল।—তখনই ত দেশব্রতের বীজ-মন্ত্র "বন্দেমাতরম্" ভূমিষ্ঠ হ'য়েছিল।

এ কথা যে কেবল বঙ্কিমচন্দ্র সম্বন্ধেই খাটে, তা নয়। রাজা রামমোহন থেকে আরম্ভ করে' স্বামী বিবেকানন্দ পর্য্যন্ত সবাইকেই আমরা আজ নবতর ভাবে পেয়েছি। আমাদের মনের কোণে সনাতন জড়তার ধূলায় অবলুণ্ঠিত হয়ে যে অনাদৃত সপ্তস্বরা পড়ে' ছিল, কালের টানে তার তারে তারে যে আজ স্বর যোজনা হয়ে গেছে, তাই না তাঁদের মনের অনুরণন, তাঁদের বাণীর প্রতিধ্বনি আজ আমাদের কাছে এত সুস্পষ্ট হয়ে উঠেছে।

এম্নি করে চিরদিনই সমাজ সাহিত্য থেকে প্রয়োজন এবং প্রয়াস অনুযায়ী ভাব আহরণ করে আপনাকে সুস্থ পুষ্ট এবং বলিষ্ঠ করেছে। কিন্তু তাই বলে কি সমাজের প্রয়োজন খুঁটিয়ে, সমাজের বায়নায়, সমাজের তাগিদে কখনো সাহিত্য গড়ে উঠেছে? আমার বিশ্বাস এমন ধারা "সামাজিক-সাহিত্য" গড়বার চেষ্টা নিতান্তই পণ্ডশ্রম। পাখার বাতাসে নৌকার পালে হাওয়া লাগে না, তার জন্যে চাই স্বভাব-দত্ত মুক্তপবন। প্রতিভার দিব্য দৃষ্টির সাহায্যে আত্ম-সমাহিত সাহিত্যিক যে কল্পলোকের সৃষ্টি করেন বর্ত্তমানের বস্তুতন্ত্রতার মাপ কাটিতে তা যতই কেন নিরর্থক প্রমাণিত হোক না, ভবিষ্য-সমাজের সেই হবে পাথেয়।

( ২ )

সমসাময়িক সমাজের পথ্য হিসাবে বর্ত্তমান সাহিত্যকে বিচার এবং প্রচার করবার মত ভুল আর কিছুই হ'তে পারে না। সাহিত্য-আলোচনায় সেই ভুল আমরা নিয়ত কর্চ্ছি। রুগ্ন সমাজের দুর্ব্বল পাকস্থলীর দিকে দৃষ্টি রেখে কখনো আমরা তার জন্যে রুটির ব্যবস্থা কর্চ্ছি, কখনো আবার তার আশু বলাধানের জন্যে অথবা তার রুচি পরিবর্ত্তন কল্পে লুচি সাধছি। সমাজ শরীরের 'পরে আমাদের এ সব সাহিত্যিক পরীক্ষা যে খুব কার্য্যকরী হচ্ছে এমনটি সন্দেহ করবার কোনো হেতু ত আমাদের চোখে পড়ে না। আমাদের বিশ্বাস, সমাজ সম্বন্ধে অতটা সচেতন হয়ে যা রচনা করা যায়, তা সাময়িক সামাজিক সন্দর্ভ হতে পারে, কিন্তু স্থায়ী সাহিত্যের পদগৌরব তার ভাগ্যে জোটে না।

এ কথার প্রতিবাদ স্বরূপ বাঙলা ইংরাজী নানা দেশীয় নানা সাহিত্য মন্থন করে অনেক নজিরই অনেকে হয়ত এনে হাজির করতে পারেন। কিন্তু সে সকলের সঙ্গে আমার তথাকথিত "সামাজিক-সাহিত্যের" বিস্তর প্রভেদ! চাঁদের আলোর সাথে চাঁদির ঔজ্জ্বল্যের কি কোনো সাদৃশ্য সম্ভব? প্রতিভাশালী সাহিত্য-রসিক চরিত্র স্মৃষ্টির পারিপার্শ্বিক হিসেবে যখন সমাজ-চিত্র অঙ্কনে প্রবৃত্ত হন, তখন তাঁর বিশ্লেষণের পরদায় পরদায় তাঁর নিজেরও অজ্ঞাতে একটা অনায়ত্তের আভাস, একটা অনাগতের আহ্বান, একটা নবতর বিধানের ইঙ্গিত, স্বতই পরিস্ফুট হয়ে ওঠে। এই যে স্বাভাবিক সত্যানুভূতি এবং তাহার অতীব সহজ বিকাশ, এই হচ্ছে সাহিত্যের প্রাণ; এই হচ্ছে তার চাঁদের আলো!

সমালোচ্য সামাজিক সাহিত্যে এই বস্তুটির একান্তই অভাব।

দেশটা অত্যন্ত রকমের স্বাত্বিক ভাবাপন্ন বলেই হয়ত অনেকে এই প্রাণবিহীনতাটাকে গাম্ভীর্য্য বলে' ধরে নিয়ে যথারীতি এবং যথাস্থানে পূজা এবং দক্ষিণাদি দিয়ে থাকেন ! এইজন্যেই হয়ত "দৈনিকে" যার আলোচনা হওয়া উচিত, আমরা "মাসিকে" তার সম্বর্দ্ধনা করি ; আর "মাসিকে" যা চুকে গেলেই হ'ত, আমরা আবার তার আট আনা, এক টাকা, পাঁচসিকা, সাতসিকা সংস্করণে ঘর আলো করি। এম্নি করে আমাদের সাহিত্যের ধারের চেয়ে তার ভার ক্রমশই বেড়ে চলেছে। ওষুধের নামে খোঁজ নেই, অনুপানের হাঙ্গামায় অস্থির।

( ৩ )

নৌকয় বসে বসে গুণের দড়াদড়ি ধরে প্রাণপণ টানাটানি করলেও নৌকার গতিশীল হবার কোনো সম্ভানাই নেই !—আছে মাস্তুল এবং গুণের গতাসু হবার পরিপূর্ণ আশঙ্কা। সাহিত্যিক যদি নিজের মনকে সমাজের অতীত অনধিগত সুরে বেঁধে নিতে না পারেন তবে সাহিত্যের শিব গড়তে না যাওয়াই তাঁর পক্ষে বিধেয়। কারণ তাতে করে' খুব সম্ভব সমাজের কল্যাণ হবে ; কিন্তু সাহিত্যের অবমাননা হবেই।

মনুষ্য-সভ্যতার চরম পরিণতি, আর তার বিকাশের স্বাভাবিক ধারা সাহিত্যিকের চক্ষে যে আকারে প্রতিভাত হবে, সেই হবে তাঁর সমাজ। তাঁর সমস্ত সামাজিক প্রবৃত্তি এবং প্রবণতা, নতি এবং রুচির ঝোঁক হবে সেই দিকে। তার চেয়ে ছোটো, তার চেয়ে সঙ্কীর্ণ কোন সমাজের বিধি নিষেধ তাঁর মনেই আসবে না—সাহিত্য-

সেবার সমাহিত অবস্থায়। সমাজের দোষগুণ সম্বন্ধে সাহিত্য-সেবী অজ্ঞ থাকবেন এমন কথা বলা আমাদের উদ্দেশ্য নয়, আমরা কেবল চাই—ও সবেতে তিনি থাকবেন সম্পূর্ণ অনাচ্ছন্ন।

সাহিত্যিকের প্রতিভা যদি সুস্থ এবং অবিকৃত থাকে তবে তাঁর রচনা, তাঁর সৃষ্টি সামাজিক পাপ এবং মিথ্যাকে স্বভাবতই তিরস্কৃত করবে। সে জন্যে তাঁর দিক থেকে অধিকন্তু কোনো চেষ্টার আর সমাজের তরফ থেকে উদ্দীপনা বা উৎসাহের কোনো প্রয়োজনই হবে না। সৃষ্টির আনন্দ আর প্রকাশের উত্তেজনাই হবে সাহিত্যের চিরন্তন প্রেরণা। তার চেয়ে সঙ্কীর্ণতর কোনো উদ্দেশ্যেই লেখকের সাহিত্য-প্রতিভাকে নিঃশেষে উৎসারিত করতে পারবে না।

সাহিত্য থেকে দেশ-কালোপযোগী ভাব এবং শক্তি সংগ্রহ করা সমাজের পক্ষে সর্ব্বতোভাবেই কর্ত্তব্য ; কিন্তু সমাজের হিতকল্পে দেশ-কালোপযোগী সাহিত্যের আশা এবং আমদানীর চেষ্টা গাভীর বাঁটে দরকার-মাফিক দুধের পরিবর্ত্তে দই, ক্ষীর, ছানা, মাখনের প্রত্যাশার মতই অসঙ্গত। এবম্বিধ অসঙ্গত আশার বশবর্ত্তী হয়ে সাহিত্য-সমালোচনা প্রসঙ্গে আমরা কখনো হতাশ, কখনো বা উত্তেজিত এবং নিতান্ত কদাচিত পরিতুষ্ট হয়ে থাকি।

দরকারের মূর্ত্তি এবং মাত্রা প্রত্যেকেরই আমাদের স্বতন্ত্র, কাজেই তার মাপকাটিতে সাহিত্য মেপে সন্তোষজনক কোনো সাধারণ-মীমাংসায় উপনীত হবার সম্ভাবনা নিতান্তই কম। আর, এ ক্ষেত্রে লেখক ও পাঠকের দরকারের দ্বন্দ্ব চিরদিনই থাকবে। অন্তত তার পরিপূর্ণ মিলন চন্দ্রগ্রহণ সূর্য্যগ্রহণের মতই সাম্বাৎসরিক এবং স্মরণীয় ব্যাপার-বলে পরিগণিত হবে।

# আর্য্যামি।

( ১ )

আমাদের আদিম আর্য্য প্রপিতামহেরা ধরাপৃষ্ঠের ঠিক কোন্ জায়গা থেকে যাত্রারম্ভ করে' যে পৃথিবীময় ছড়িয়ে পড়েছেন, সে প্রশ্নের একটা নিশ্চিত জবাব দেওয়া শক্ত। তাঁরা কি মধ্য-এশিয়ার পশ্চিম দিকটায় ভেড়া চরাতেন, না নরওয়ের উত্তর-মাথায় মাছ শীকার করতেন, এ তর্কের এখনও মীমাংসা হয় নি। ভাষাতত্ত্বের প্রমাণে যব তাঁরা সকলে মিলে নিঃসন্দেহই খেতেন, তবে তা তাঁদের চাষ করে'-পাওয়া, না ইউফ্রেটিসের তীরের বুনো যব, সে বিষয়েও মহা মতভেদ রয়েছে। তার পর তাঁদের সবারি মাথার প্রস্থের একশ গুণকে দৈর্ঘ্য দিয়ে ভাগ করলে ভাগফল যে কখনই পঁচাত্তরের বেশী হ'ত না, একথা আর এখন কোনও পণ্ডিতই হলপ নিয়ে বলতে রাজী নন। বরং শোনা যাচ্ছে যে, যেমন আমাদের বাঙালী ব্রাহ্মণেরা সবাই এক আর্য্যবংশাবতংস হ'লেও তাঁদের চেহারায় এ মিলটা ধরার জো নেই, কেননা কেউ কটা কেউ কৃষ্ণ, কারও মাথা গোল কারও চেপ্টা, তেমনি আদিম আর্য্যদের মধ্যেও চেহারার এই গরমিলের দিকেই প্রমাণের পাল্লাটা নাকি বেশি ভারী হয়ে দাঁড়াচ্ছে। এমন কি একদল কালাপাহাড়ি পণ্ডিত এরি মধ্যে বলতে সুরু করেছেন যে, আর্য্য বলে' কোনও একটা বিশিষ্ট জাত, অর্থাৎ একটা বিশিষ্ট জাত যাকে ঐ এক নামে ডাকার কোনও বস্তুগত কারণ আছে, কোনও দিনই কোনও-

খানে ছিল না। ওটা একটা ভাষাতত্ত্ব ও নৃতত্ত্বের পণ্ডিতদের মানসিক সৃষ্টি, 'ওয়ার্কিং হাইপথিসিস্'।

যেমন গতিক দেখা যাচ্ছে, তাতে করে' প্রাচীন ও আদিম আর্য্য-জাতির অদৃষ্টে কি আছে বলা কঠিন। আসছে পঞ্চাশ বছরের মধ্যে তাঁরা বিধাতার সৃষ্টি বলে' কায়েম হয়েও বসতে পারেন, আবার মানুষের কল্পনা বলে' বাস্তব পদার্থের লিষ্টি থেকে তাঁদের নামও কাটা যেতে পারে। কিন্তু একটা বিষয়ে আমরা নিশ্চিন্ত থাকতে পারি। আর্য্য-জাতির কপালে যা-ই ঘটুক, তাঁরা বস্তু হ'য়ে চেপেই বসুন, আর অবস্তু হয়ে' উড়েই যান, 'আর্য্যামি' বস্তুটির তাতে বিশেষ কোনও ক্ষতি বৃদ্ধি হবে না। যারা মনে করে, কারণ না থাকলেই আর তার কার্য্য থাকে না, তারা না পড়েছে দর্শনশাস্ত্র, না আছে তাদের লৌকিক জ্ঞান। 'নিমিত্ত' কারণ যে একটা কারণ, একথা আরিষ্টটল্ থেকে অন্নভট্ট পর্য্যন্ত সবাই একবাক্যে স্বীকার করেছেন। এবং ও-কারণটি নিজে ধ্বংশ হ'লেও তার কার্য্য ধ্বংশ হয় না। যেমন নিজের বোনা কাপড়খানির পূর্ব্বেই তাঁতি বেচারীর জীবনান্ত ঘটতে কিছুই আটক নেই। আর পুঁথি ছেড়ে সংসারের দিকে চেয়ে দেখলেও এর ভূরি ভূরি প্রমাণ চোখে পড়বে। যুদ্ধ থেমে গেছে কিন্তু 'পাব্লিসিটি বোর্ড' চলছে; জর্ম্মাণ ভীতি ঘুচে গেল অথচ 'রিফর্ম্ম স্কীম' নিয়ে আমাদের তর্ক শেষ হয় নি; এমন কি বিলাতের কলের মজুরেরা যেমন যুদ্ধের মধ্যে দুবেলা পেটপুরে খেয়েছে, যুদ্ধের পরেও তেমনি চলুক বলে' হাঙ্গাম উপস্থিত করেছে।

কিন্তু প্রকৃত গোড়ার কথা এই যে, 'আর্য্যামির' সঙ্গে 'আর্য্যের' আসলে কোনও কার্য্যকারণ সম্বন্ধ নেই। আর্য্যজাতি পৃথিবীতে যতই

উপর এ রকমটি আর হয় না, এ জ্ঞান যেমন ব্যাপক তেমনি গভীর। নিজের সম্বন্ধে এই মর্ম্মগত বোধটা লোকে যখন প্রকাশ করে' ফেলে, তখন তার নাম হয় 'অহঙ্কার', দ্বিতীয় ভাগ থেকে বেদান্তগ্রন্থ পর্য্যন্ত সবাই যার একটানা নিন্দা করেন। আর এ ভাবটি যখন একটা দলকে ধরে' প্রকাশ হয়, তখন সেই বস্তুটিই হ'ল 'আর্য্যামি'। কেবল দলের প্রকারভেদে নামের রকমভেদ ঘটে, যেমন আভিজাত্য, ব্রাহ্মণত্ব, পেট্রিয়টিজম্, অ্যাংলো-স্যাক্সনত্ব ইত্যাদি। এবং ভাট, চারণ, কবি, ঐতিহাসিক সকলে মিলে মানুষের সভ্যতার সুরু থেকে আজ পর্য্যন্ত এর জয়গান গেয়ে আসছে।

সংসারে এমন সব সরলবুদ্ধির লোকও আছে যারা প্রশ্ন করে' বসে ব্যক্তির পক্ষে যেটা দোষের, সমাজ বা জাতি, অর্থাৎ ব্যক্তিসমষ্টির পক্ষে সেইটিরই বর্দ্ধিত সংস্করণ বা 'এন্‌লার্জড্ এডিশন্' কেন প্রসংশার?—অবশ্য এর সোজা উত্তর এই যে, ব্যক্তি আর জাতি এক নয়, কেননা যদি তা হ'ত, তা হ'লে ও-দুয়ের নাম এক না হ'য়ে, ভিন্ন ভিন্ন হবে কেন! উক্তরূপ প্রশ্নকর্ত্তাদের পাণ্ডিত্যের উপর বিশেষ শ্রদ্ধা নেই; না হ'লে জর্ম্মাণ, অজর্ম্মাণ সব রকম পণ্ডিতের প্রাচীন নতুন নানা মত তুলে এ-ও দেখান যেত যে, জাতি বা 'ষ্টেট' জিনিষটা মোটেই ব্যক্তির সমষ্টি নয়। কেননা ও-নিজেই একটা স্বতন্ত্র ব্যক্তি, যার একটা নিজস্ব গুণ, ইচ্ছা, অনুভূতি আছে, যা জাতি বা ষ্টেটের লোকদের গুণ, ইচ্ছা ও অনুভূতি থেকে স্বতন্ত্র, মোটেই তার সমষ্টি নয়। অর্থাৎ দেশের সব লোক দরিদ্র হ'লেও দেশটা ধনী হতে কোন আটক নেই। আর এ কথা যে ঠিক, ভারতবর্ষের প্রত্যেক লোককেই তা স্বীকার করতে হবে। এই সব সূক্ষ্ম অথচ প্রকাণ্ড তত্ত্ব যাদের বুদ্ধির অগম্য তাদের জন্য

একটা সহজ ছোট উত্তর দেওয়া যাচ্ছে। কারু নিজের সম্বন্ধে অহঙ্কার প্রকাশ করাটা যে, সমাজে নিন্দার কথা, তার কারণ ঐ এক অহং-এর খোঁচা আর সকল অহং-এর গায়ে লেগে তাদের ব্যথিত করে' তোলে। কিন্তু একটা গোটা দলকে ধরে' যখন এটি প্রকাশ হয়, তখন দোষটা আর থাকে না। এবং এতে দলের সকলেরই সহানুভূতি পাওয়া যায়। অবশ্য এক দলের অহং বোধটা অন্য আর এক দলের গায়ে লাগেই লাগে। কিন্তু তাতে কিছু এসে যায় না। কেননা আমাদের যা কিছু রীতি, নীতি, বিধি, নিষেধ, সে সবি হ'ল ছোট হোক বড় হোক কোনও একটা দলের লোকদের পরস্পরের প্রতি ব্যবহারকে লক্ষ্য করে'। এক দলের সঙ্গে আর এক দলের ব্যবহারকে নিয়ন্ত্রিত করা এ সব কোনও কিছুরই লক্ষ্য নয়। সেই জন্য লোকের সঙ্গে কথায় ও কাজে যে লোকের ভদ্রতার সীমা নেই, সেই লোকই একটা সমস্ত জাতির সম্বন্ধে কথায় বা ব্যবহারে কোনও রকম ভদ্রতা রক্ষার প্রয়োজন বোধ করে না। যে লোক জীবনে কাকেও কোনও দিন কড়া কথা বলে নি, সেও দল বেঁধে একটা গোটা দেশকে পেষণে ও শোষণে কিছুমাত্র দ্বিধা করে না।

আধুনিক য়ুরোপীয় রাজ্যগুলির মধ্যে "ইণ্টারন্যাশানাল ল" বলে' যে আপোষি ব্যবহারনীতির চলতি আছে, সকলেই জানে যে, তার গোড়ার কথা হচ্ছে সমাজে বা রাষ্ট্রে মানুষের সঙ্গে মানুষের ব্যবহারের যে সব নিয়ম কানুন গড়ে' উঠেছে, রাষ্ট্রের সঙ্গে রাষ্ট্রের ব্যবহারে সেই গুলিকে চালিয়ে নেওয়ার চেষ্টা। ডাচ্ পণ্ডিত হ্যুগো গ্রোসিয়াস্‌কে এই আন্তর্জাতিক ধর্ম্মশাস্ত্রের প্রবর্ত্তক বলা চলে। এ সম্বন্ধে যিনি কিছুমাত্র আলোচনা করেছেন তিনিই জানেন যে, রোমান ব্যবহার-

শাস্ত্রে লোক ব্যবহারের যে নিয়মগুলি সর্ব্বসাধারণ, সুতরাং স্বাভাবিক বলে' গণ্য হয়েছিল, গ্রোসিয়াস সেই গুলিকেই তাঁর মৈত্রীবিগ্রহ সংহিতার ভিত্তি করেছিলেন। ব্যক্তির নীতিকে সমষ্টির রীতি করে' তোলার এই চেষ্টা কতদূর সফল হয়েছে, ১৯১৪ সালে তার একটা পরীক্ষা আরম্ভ হয়েছে, এবং ১৯১৮ সালেই তার শেষ হয়েছে এমন মনে করবার কোনও সঙ্গত কারণ নেই।

একটা অবান্তর কথা দিয়ে 'আর্য্যামির' এই উৎপত্তি পর্ব্বের অধ্যায় শেষ করা যাক্। ইংরেজ-দার্শনিক হব্‌স্ গ্রোসিয়াসেরই সমসাময়িক লোক ছিলেন। তিনি কল্পনা করেছিলেন যে, আদিতে মনুষ্য সমাজ রাষ্ট্রবদ্ধ ছিল না। এবং কাজেই পরস্পরের প্রতি ব্যবহারের কোনও বাঁধাবাঁধি নিয়মও চলতি ছিল না। সে ছিল একটা নিত্য বিগ্রহ বিবাদের যুগ, যখন প্রত্যেকেই ছিল প্রত্যেকের শত্রু, এবং সবারই হাত তখন সবারই বিরুদ্ধে তোলা থাকত। এই ভয়ানক দুরবস্থাটা মোচন করবার জন্যই সবাই মিলে একটা "ষ্টেট" গড়ে' তার হাতে আত্মসমর্পণ করেছে, এবং "ষ্টেট" পরস্পরের প্রতি ব্যবহারের আইন-কানুন বেঁধে দিয়ে বৈষম্যের জায়গায় শান্তি এনেছে। বহু পণ্ডিত প্রমাণ করেছেন এবং এখনও করছেন যে, হব্‌সের এই কল্পনাটা একেবারে অনৈতিহাসিক। মানুষ কোনও দিনই সমাজ ছাড়া ছিল না, এবং কোনও রাষ্ট্র-গড়ার মজলিসের প্রসিডিং, কি পাথরে কি তামায়, এ পর্য্যন্ত কোনও পুরাতত্ত্ববিদই আবিষ্কার করতে পারেন নি। কিন্তু একটা সন্দেহ মনে না-এসে যায় না। মানুষের আদিম অবস্থার এই যে কল্পনাটা, সেটা হব্‌স্ নিয়েছিলেন তাঁর সমসাময়িক য়ুরোপীয় রাজ্যগুলির পরস্পরের সম্বন্ধ থেকে। অর্থাৎ গ্রোসিয়াস

চেয়েছিলেন, লোক ব্যবহারের নীতি দিয়ে এই সম্বন্ধকে নিয়ন্ত্রিত করতে, আর হব্‌স্ কল্পনা করেছিলেন, এই নীতি নিয়ম প্রচলনের পূর্ব্বে লোকের সঙ্গে লোকের সম্বন্ধ ছিল রাষ্ট্রের সঙ্গে রাষ্ট্রের সম্বন্ধেরই মত। পাঠককে মনে করিয়ে দিচ্ছি যে গ্রোসিয়াসের বিখ্যাত পুঁথির ছাব্বিশ বছর পরে হব্‌সের 'লিভিয়াথন' প্রকাশিত হয়।

( ২ )

আর্য্যামির জন্মরহস্যটা একবার প্রকাশ হ'লে তার জীবন-চরিতের হেরফেরগুলো বুঝতে আর কষ্ট হয় না।

বড় হোক, ছোট হোক একটা দলের নাম দিয়ে নাকি এ জিনিষটিকে চালাতে হয়, তাই এর শ্রেষ্ঠত্বের দাবীকে অল্পবিস্তর মোটা রকম বাহ্যিক লক্ষণের উপরেই দাঁড় করান ছাড়া উপায় থাকে না। গায়ের চামড়ার রং, মাথার খুলির মাপ, সাগরবিশেষের পশ্চিম পারে কি পর্ব্বতবিশেষের উত্তর ধারে নিবাস স্থান, খাবার জিনিষে নাইট্রোজেনের প্রাচুর্য্য কি স্নেহ-পদার্থের আধিক্য, পূর্ব্বপুরুষ ঘোড়ায় চড়ে' বর্শা চালাতেন কি মাটীতে দাঁড়িয়ে তীর ছুড়তেন, এই রকম যা হোক কিছু একটার উপরেই এক একটা প্রকাণ্ড অভিমানের ইমারত গড়ে' তুলতে হয়। অবশ্য এই চর্ম্মাস্থি-বিদ্যা, ভৌগলিক-তথ্য, ভক্ষ্যাভক্ষ্য-বিচার এর প্রত্যেকটিরই 'ইন্যুয়েণ্ডো' বা ইঙ্গিত হচ্ছে মানসিক ও আধ্যাত্মিক গুণাবলীর এক একটি লম্বা ফর্দ্দ। এ সব লক্ষণের সঙ্গে এ সব গুণের কোনও রকম "অন্যথা সিদ্ধিশূন্য" বা নিত্যসম্বন্ধ আছে কিনা সে সন্দেহে আর্য্যামির অভিমানকে কখনও সঙ্কুচিত হতে হয় না।

কেননা লক্ষণগুলি হ'ল বাহ্যিক অর্থাৎ প্রত্যক্ষ, আর গুণগুলি হ'ল নিগূঢ় অর্থাৎ আনুমানিক। প্রত্যক্ষ নিয়ে তর্ক চলে না, আর তর্কের ভূমিই হ'ল অনুমান। এবং তর্ক জিনিষটার সুবিধা এই যে, এ ব্যাপারে পরাজয় নির্ভর করে বিপক্ষের শক্তির উপর নয়, নিজের ইচ্ছার উপরে। নিজে স্বীকার না করলে তর্কে হার হয়েছে, এ অবশ্য কেউ প্রমাণ করতে পারবে না। কেননা সেইটিই হবে আবার একটা তর্কের বিষয়।

ব্যক্তির অহঙ্কারের চেয়ে সমষ্টির অহঙ্কারের একটা শ্রেষ্ঠত্ব এই যে, একা একা যা নিয়ে কোনও রকমেই অহঙ্কার করা চলে না, দল বেঁধে তাকেই একটা দুর্জ্জয় অহঙ্কারের কারণ করে' তোলা যায়। এক যুগের ফরাসীরা সে যুগের ইংরেজদের বুদ্ধি-সুদ্ধিতে বিশেষ মুগ্ধ না হয়ে, তাদের নাম দিয়েছিল 'জন বুল'। আজ ইংলণ্ডের খবরের কাগজ লেখকেরা এই নামটাকেই একটা উৎকট জাতীয় অভিমান প্রকাশের রাস্তা করে' তুলেছে। এ জাতির বুদ্ধি যে একটু মোটা বলে' বোধ হয়, তার কারণ এ বুদ্ধি হাল্‌কা নয়, গুরুতর রকমের ভারী; এতে যে বেশি ঢেউ খেলে না, এর অতলস্পর্শ গভীরতাই হ'ল তার কারণ; এ জাত যে চট্ করে' একটা 'থিওরী' কি 'আইডিয়েল' নিয়ে মেতে ওঠে না তার কারণ এদের স্থির 'প্র্যাক্‌টিকাল' বুদ্ধি; ফরাসির মত এদের সাম্য ও স্বাধীনতা একদিনে কুড়িয়ে পাওয়া নয়, কারণ নজীরের পর নজীর ধরে' ক্রমশ এর আয়তন বৃদ্ধি হচ্ছে, সেইজন্য গতিটা একটু মন্থর। কিন্তু আমার সন্দেহ হয় যে, 'জনবুলত্বের' এত গুণব্যাখ্যান সত্বেও কোনও ইংরেজ এটা স্বীকার করতে রাজী হবে কিনা, তার নিজের বুদ্ধিটা আপাতদৃষ্টিতেও একটু মোটা, যতই গুরুত্ব এবং গভীরতা সে

দৃষ্টিবিভ্রমের কারণ হোক না কেন। অর্থাৎ 'জনবুলত্বের' উপর জাতীয় অভিমান অনায়াসে দাঁড় করান যায়, কিন্তু কোনও ব্যক্তির পক্ষে ওটাকে নিয়ে অহঙ্কার দেখান একটু শক্ত। বোধ হয় ঠিক এই কারণেই আমাদের জাতীয় চরিত্রের দুর্ব্বলতাগুলিকে লজ্জা দিয়ে বিদায় করবার প্রবন্ধে, গানে, বক্তৃতায় যে সব চেষ্টা হয়েছে, তাতে তেমন আশানুরূপ ফল দেখা যায় নাই। কেননা লজ্জা জিনিষটা মানুষে পায় কোনও কারণে দল থেকে তফাৎ হ'য়ে পড়তে হ'লে। সুতরাং সবাই মিলে দল বেঁধে লজ্জা পাওয়াটা বড় একটা সম্ভবপর হয়ে ওঠে না। বরং জাতীয়-জীবনের অবস্থা দেখে সবাই মিলে যে লজ্জা পাওয়ার চেষ্টা করছি এই ব্যাপারটিকেই একটা অহঙ্কারের কারণ করে' তোলা কিছুই কঠিন নয়।

( ৩ )

'আর্য্যামি' যত রকমের আছে, বলা বাহুল্য, তার মধ্যে সেরা হচ্ছে জন্মগত 'আর্য্যামি'। এর কারণও খুব স্পষ্ট। জন্মকে ভিত করে' 'আর্য্যামির' অহঙ্কার দাঁড় করানো যেমন সহজ, এর শ্রেষ্ঠত্বের স্পর্দ্ধাটাও হয় তেমনি গগনস্পর্শী। জন্মের উপর যে জীবের গুণাগুণ নির্ভর করে তা ঘোড়ার বংশে যখন ঘোড়া আর গরুর বংশে গরুই জন্মাচ্ছে তখন অস্বীকার করবার জো নেই। আর এ ভেদটা যে কেবল পৃথক জাতীয় ভেদ নয় স্বজাতীয় ভেদও বটে সে কথা নবীন লেখক হাউষ্টন চেম্বারলেইন ও প্রাচীন ঋষি বসিষ্ঠ (১) দু'জনেই তেজী ঘোড়ার

---

(১) "কুলাপদেশেন হয়োঽপি পূজ্য—
তস্মাৎ কুলীনাং স্ত্রিয়মুদ্বহন্তি॥" ( বসিষ্ঠ-সংহিতা। )

উঁচু বংশের দৃষ্টান্ত আমাদের স্মরণ করিয়ে দিয়েছেন। সুতরাং জন্মের উপর শ্রেষ্ঠতার দাবীকে ভিত্তিহীন বলে' সরাসরি অগ্রাহ্য করা চলে না, এবং এ দাবী উপস্থিত করতেও এক জন্মান ছাড়া আর কিছুই অপরিহার্য্য নয়। কোনও বিশেষ বংশের সঙ্গে বিশেষ গুণের যোগাযোগ আছে কিনা সে তর্ক তোলা যায় বটে, কিন্তু এর মীমাংসার কোনও সম্ভাবনা না থাকাতে কারও কোনও ভয়ের কারণ নেই। বর্ত্তমান বংশধরদের মধ্যে গুণটা না থাকলেই যে সে গুণ বংশে নেই এটা একেবারেই প্রমাণ হয় না। কেননা বর্ত্তমানে হয়ত ওটা 'লেটেণ্ট' ভাবে রয়েছে, ভবিষ্যবংশীয়দের মধ্যে ঠিক ফুটে বেরুবে! 'অ্যাটেভিজম' যে একটা প্রত্যক্ষ ব্যাপার তার ভূরি ভূরি দৃষ্টান্ত ত ডারুইনের পুঁথিতেই রয়েছে! 'জার্‌ম্ প্ল্যাস্‌ম্' জিনিষটি যে অমর, সে তথ্য বাইস-ম্যানই প্রমাণ করে' গেছেন!

আর এই সহজ দাবীটির বহরই বা কি বিরাট। এ যে শ্রেষ্ঠত্ব, এ মিশে রয়েছে একেবারে রক্তের সঙ্গে, তৈজস-নাড়ীর অণুতে অণুতে। যার সঙ্গে সে রক্তের সম্পর্ক নেই, সে সারা জীবন তপস্যাতেও এর কাছে ঘেঁসতে পারবে না। অথচ এই দুর্লভ মহত্ব যারা পেয়েছে তারা পেয়েছে একবারে বিনা আয়াসে; মিতাক্ষরা বংশের ছেলের মত কেবলমাত্র জন্মের জোরে ও জন্মের সঙ্গে। একে লাভ করতেও যেমন আয়াস নেই, বজায় রাখতেও তেমনি কষ্ট নেই। কেননা এ শ্রেষ্ঠত্বকে ঝেড়েও ফেলা যায় না, এর নষ্ট হবারও ভয় নেই। সহজ কথায় জন্মগত আর্য্যামিটি হচ্ছে দল বেঁধে প্রতিভা ও আরও কিছু উপরির দাবী। কেননা প্রতিভারও উত্তরাধিকার নেই।

এ কথা বোধ হয় আর না বললেও চলে যে, যে মিত্রি-বংশের গৌরব ও নয়নজোড়ের বাবুয়ানা............থেকে আরম্ভ করে' কুলীনত্ব, ব্রাহ্মণত্ব, দ্বিজত্ব, শ্বেতচর্ম্মত্ব এবং অবশেষে আর্য্যত্ব পর্য্যন্ত সবই হ'ল জন্মগত আর্য্যামিরই প্রকারভেদ। এর প্রতিটিই একটা না একটা আস্ত দলের পক্ষে অসাধারণত্বের দাবী। অবশ্য কোন দল ছোট, কোনটি মাঝারি, কোনটি অতি প্রকাণ্ড। কিন্তু সর্ব্বত্রই দলের লোকদের পরস্পর সম্বন্ধ হচ্ছে সপিণ্ড সম্বন্ধ, হয় বস্তুগত্যা, নয় কল্পিত। তবে এ সপিণ্ডত্বের সাত পুরুষে নিবৃত্তি হয় না। দরকার হলে একে ব্রহ্মার মুখ পর্য্যন্ত, কি আদি আর্য্যভূমির আদিম আর্য্য-দম্পতি পর্য্যন্ত অনায়াসে টেনে নেওয়া চলে। এবং যাঁরা খবর রাখেন, তাঁরা বোধ হয় এর একটাকে আর একটার চেয়ে বড় বেশি অপ্রামাণ্য বলতে সাহসী হবেন না।

( ৪ )

জন্মগত আর্য্যামি এ পর্য্যন্ত যত রকমের দল ধরে' প্রকাশ হয়েছে, তার মধ্যে সব চেয়ে বড় দল হ'ল আর্য্যত্বের দল। আর্য্যামি ও আর্য্যত্ব দুটি যে এক জিনিষ নয়, দ্বিতীয়টি প্রথমটিরই প্রকারবিশেষ মাত্র, এতক্ষণের আলোচনায় এ কথাটি নিশ্চয়ই পরিষ্কার হয়েছে; সুতরাং এর পুনরালোচনা নিষ্প্রয়োজন। কিন্তু এই 'আর্য্যামি'বিশেষের দু'-একটি বিশেষত্বের আলোচনা না করলেই নয়। কেননা 'আর্য্যামি'র এই বিরাট প্রকাশটিকে একবার ধারণা করতে পারলেই আর্য্যামির স্বরূপ বুঝতে আর কিছু বাকী থাকবে না।

এই আর্য্যামির ছোটখাট দাবীটি কতকটা এই রকমের :— পৃথিবীতে মানুষ সৃষ্টির পর থেকে যত সব জাতির আবির্ভাব হয়েছে, আর্য্যজাতি যে তাদের মধ্যে কেবল সর্ব্বশ্রেষ্ঠ তা নয়, তার শ্রেষ্ঠত্ব একবারে অতুলনীয়। আর্য্যেতর কোনও জাতির সঙ্গে শরীরে কি মনে তার কোনও তুলনাই চলে না। আদিকাল থেকে একাল পর্য্যন্ত মানব-সভ্যতার যা কিছু সৃষ্টি তা সবই হয়েছে আর্য্যজাতির কোনও না কোনও শাখার হাত দিয়ে। অন্য সব জাতির সামান্য যা দান, তা সফল ও সার্থক হয়েছে, কেবল আর্য্য-মহারাজ তা গ্রহণ করে' নিজস্ব করেছেন বলে'। এ জাতির যা আচার, ব্যবহার, ধর্ম্ম, সমাজ তাই হ'ল সদাচার, সদ্ধর্ম্ম, শিষ্ট সমাজ, আর এর বাইরে সবই 'অনার্য্য' ও 'বারবারিক'। সুতরাং "পৃথিবীর আধিপত্যে আর্য্যজাতির যে দাবী, সে খাঁটি ন্যায়ের দাবী। গ্রীক-আর্য্য অ্যারিষ্টটল বলেছেন যে হঠাৎ যদি পৃথিবীতে একদল লোকের আবির্ভাব হয়, যারা কেবল শরীরের আয়তনে ও গড়নে দেবতাদের মত আর সব মানুষের চেয়ে তফাৎ ও শ্রেষ্ঠ তবে সবাই নির্ব্বিবাদে স্বীকার করবে যে, আর সমস্ত লোকের উপর তাদের আধিপত্যের ধর্ম্ম ও ন্যায়সঙ্গত অধিকার রয়েছে। এবং যদি কেবল সামান্য দেহের সম্বন্ধেই এ কথা ঠিক হয়, তবে মনে যারা অসাধারণ সাধারণ লোকের উপর তাদের আধিপত্যের অধিকারটা কত বেশি!" এই কথাটাই খুব অল্পের মধ্যে প্রকাশ করে' তিনি বলেছেন যে, 'এক জাতির লোক স্বভাবতই স্বাধীন, আর এক জাতি লোকের স্বভাবই দাসত্ব।' এই হচ্ছে সার সত্য। কেননা ী ন ত জিনিষটা মনুষ্যত্বের সামান্য ধর্ম্ম নয় যে সব মানুষেরই তাতে কোনও অধিকার আছে; কারণ এ ত খুব স্পষ্ট যে, সে অধিকার নির্ভর করে

স্বাধীনতার ক্ষমতার উপর যার ভিত্তি হ'ল দেহের ও মনের শক্তি। এ কথা খুব নির্ভয়েই বলা চলে যে, অনেক জাতির লোক রয়েছে স্বাধীনতার কল্পনাও যাদের অজ্ঞাত। সেইজন্য দাসত্ব কি প্রভুত্ব দুই অবস্থাই তাদের সমান। যতটুকু উন্নতি তাদের সম্ভব, অবস্থাভেদে তার কোনও প্রভেদ ঘটে না। ঈহুদি, চীনা, সেমিটিক ও অর্দ্ধসেমিটিক জাতিগুলি এর দৃষ্টান্ত।"

উপরের বর্ণনায় আর্য্যজাতির আধিপত্য-দাবীর অংশটা, অর্থাৎ এ ন্যায়ের প্রতিজ্ঞাটি, প্রসিদ্ধ লেখক হাউষ্টন চেম্বারলেইনের 'ঊনবিংশ শতাব্দীর ভিত্তি' নামক অপূর্ব্ব গ্রন্থ থেকে অনুবাদ করে' দিয়েছি। চেম্বারলেইন জাতিতে ইংরেজ, শিক্ষায় জার্ম্মান; এবং তাঁর পুঁথি রচনা করেছেন জার্ম্মানভাষায়। যাঁরা চেম্বারলেইন-এর মতামতের খুব সদয় সমালোচক নন তাঁরাও স্বীকার করেছেন যে, তাঁর হাতের কলম হ'ল সোনার কাঠি। বস্তুত সে কলম যে সলীল ও স্বচ্ছন্দ গতিতে প্রাচীন ও আধুনিক য়ুরোপীয় সভ্যতার বিচিত্র ইতিহাসের উপর দিয়ে চলে গিয়েছে, তাতে মুগ্ধ না হয়ে উপায় নেই। তাঁর গ্রন্থের প্রায় প্রতি পৃষ্ঠা থেকে যে রসজ্ঞতা ও সূক্ষ্ম-বিশ্লেষণ, শ্রদ্ধা ও ঘৃণা, অনুরাগ ও বিদ্বেষের তীব্র আলো ঠিকরে পড়ছে তাতে অল্প-বিস্তর চোখ না-ঝলসে যায় না। কিন্তু আর্য্যজাতির পক্ষে এই যে সর্ব্বাধিপত্যের দাবী, যা তাঁর পুঁথিতে গোড়া থেকে শেষ পর্য্যন্ত বারবার উপস্থিত করা হয়েছে, এর কদর্য্যতা ও ভীষণতা চেম্বারলেইন-এর কলমের কালিতেও একটুকও ঢাকা পরে নি।

কেননা এর পাণ্ডিত্যের পোষাক আর যুক্তির মুখোস খুলে ফেললে যা বেরিয়ে পরে, সে হচ্ছে আদিম নগ্ন বর্ব্বরতা, যা নিজের

দলের বাইরে কাকেও শত্রু ছাড়া আর কিছু মনে করতে পারে না। এবং হয় মৃত্যু নয় দাসত্ব এ ছাড়া সে শত্রুতার আর কোনও অবসানও কল্পনা করতে পারে না। হয় ত মানুষের ইতিহাসে এমন একদিন ছিল যখন সমস্ত জাতি মানুষের দল, কি আর্য্য কি অনার্য্য, এই মনোভাব নিয়েই প্রতিবেশী অন্য সব দলের উপর চোট করত। এবং এও সম্ভব যে এই নির্ম্মম বিরোধের উষ্ণ রক্তের স্পর্শেই মানুষের সভ্যতার প্রথম উন্মেষ ঘটেছে; তার সমাজ, রাষ্ট্র ও ব্যবহারে প্রাণ ও গতিসঞ্চার হয়েছে। কিন্তু মানুষের এই যে আদিম ভয় ও বিদ্বেষ, লোভ ও নিষ্ঠুরতা, এ হ'ল প্রকৃতির অদম্য ও অন্ধ শক্তিরই রূপান্তর। এ তর্ক করে না, যুক্তি দেয় না, ন্যায়ের দোহাই পাড়ে না, সুন্দরবনের বাঘের মত শিকার দেখলেই তার ঘাড়ে লাফিয়ে পড়ে। দামোদরের বন্যার ধ্বংশলীলার মত ধর্ম্ম-শাস্ত্রের প্রমাণে এরও কোনও বিচার চলে না। কিন্তু যখনি তর্ক করে', যুক্তি দিয়ে, ন্যায়-ধর্ম্মের ইন্দ্রজাল সৃষ্টি করে' জাতির উপর জাতির আধিপত্যকে, দলের সঙ্গে দলের শত্রুতাকে খাড়া রাখতে হয় তখনি বুঝতে হবে যে, সে জাতি প্রকৃতির গোড়ার ধাপ ছাড়িয়ে উঠেছে। কারণ সে জাতির কাছে নিঃসন্দেহ প্রমাণ হয়েছে যে জাতির সঙ্গে জাতির, দলের সঙ্গে দলের এক শত্রুতার সম্বন্ধ ছাড়া অন্য সম্বন্ধ সম্ভব, এবং সেই সম্বন্ধই নিত্য ও ঘনিষ্ঠ। এ ধাপে দাঁড়িয়ে প্রকৃতির ধর্ম্মকেই ধর্ম্মের বিচারে আশ্রয় করলে ধর্ম্মও এখন তাকে বিচার করবে। প্রস্তাবনা ও প্রথম অঙ্ককে সমস্ত নাটকের ভিতর দিয়ে ঘুরিয়ে ফিরিয়ে টানতে চেষ্টা করলে কাব্যের সৌন্দর্য্য তাতে কেবল আঘাতই পাবে।

মানুষের সভ্যতায় আর্য্যজাতির দান অনেক, হয়ত অপূর্ব্ব ও

অতুলনীয়। কিন্তু মানুষের উপর তার আর্য্যামির আঘাতও কম প্রচণ্ড নয়। আর্য্য-রোম অনার্য্য-কার্থেজকে একবারে ধূলা না করে' তৃপ্ত হয় নাই, অর্থাৎ অন্য একটা সভ্যতাকে একবারে ধ্বংশ না করে' নিজের সভ্যতাকে বজায় রাখবার কোনও পথ সে খুঁজে পায় নি। যে হিন্দু আর্য্য ওষধি ও বনস্পতিতে বিশ্বপ্রাণের স্পন্দন উপলব্ধি করেছে, 'দস্যু' ও 'রাক্ষসের' প্রাণের উপর সেও কোনও মায়া দেখাই নি। আধুনিক য়ুরোপীয় আর্য্য দুটি মহাদেশ থেকে সেখানকার অনার্য্য অধিবাসীদের একেবারে মুছে ফেলেছে, এবং আর একটা মহাদেশ থেকেও মুছে ফেলবার চেষ্টায় আছে। এ চেষ্টার সমর্থনে যুক্তির অবশ্য অভাব নেই। এই উচ্ছেদ ও ধ্বংশ না হ'লে যে আধুনিক আর্য্যসভ্যতার গৌরব, তার বিকাশই হতে পারত না। এই গরীয়সী সভ্যতাকে পৃথিবীময় ছড়িয়ে দেওয়াই হ'ল ধর্ম্ম। এবং যাদের রক্তের মধ্যে এই সভ্যতা রয়েছে তাদের সারা পৃথিবীতে ছড়িয়ে পড়া ছাড়া এর অন্য কোনও উপায় নেই। তাতে যদি অন্য সব জাতিকে পৃথিবী ছেড়ে গিয়েও এর যায়গা করে' দিতে হয় মানব-জাতির পক্ষে সেও মঙ্গল। লক্ষ্মণের কাছে অগস্ত্য-ঋষির পরিচয় দিতে রামচন্দ্র তাঁকে 'পুণ্যকর্ম্মা' বলে উল্লেখ করেছেন, কেননা তাঁর ত্রাসে দক্ষিণদিকে "রাক্ষসেরা" পা বাড়াতে সাহস না করায় সে দিকটা "লোকদের" বাসের উপযুক্ত হয়েছে। এবং এ যুক্তির উত্তর দেওয়াও কঠিন। কেননা যা ঘটেছে তার বিরুদ্ধে যা ঘটে নি তাকে ওজনে তোলা চলে না। বর্ত্তমান আর্য্যসভ্যতা না গড়ে উঠলে আর্য্য-অনার্য্য মিশাল সভ্যতা কি রকমের হ'ত, কি তেমন কোনও সভ্যতা সৃষ্টি হতে পারত কি না এ তর্ক এখন তোলা একবারেই নিষ্ফল,

কারণ এর কোনও রকম মীমাংসার সুদূর সম্ভাবনাও নেই। কিন্তু শ্রেষ্ঠত্বের উপর আধিপত্য ও উচ্ছেদের দাবীটা যে কত অচল, মানুষের সভ্যতার গোটা ইতিহাসটাই তার প্রমাণ। এ দাবীর গোড়ার কল্পনা হ'ল এই যে, যে জাতি একবার বড় হয়ে উঠেছে সে চিরকালই বড় থাকবে, এবং আর কেউ বড় হয়ে উঠতে পারবে না। অথচ যে সব জাতির পর জাতি এতকাল ধরে' মানুষের সভ্যতাকে কখনও ধীরে কখনও দ্রুত গড়ে তুলেছে তাদের কেউ কারও বংশধর নয়। আজই কি হঠাৎ মানুষের সভ্যতায় এই ধ্বংশ ও সৃষ্টির লীলা থেমে গেল! অথচ চিরকালই ত যে মাথায় উঠেছে সেই মনে করেছে সে একেবারে অচ্যুত। এবং পূর্ব্ব পূর্ব্ব শ্রেষ্ঠ জাতির পতন হলেও তার যে কেন সেটা ঘটবে না তার কারণ খুঁজে বের করতে কারও কখনও কষ্ট হয় নি। প্রতিদিন জীব যম-মন্দিরে যাচ্ছে দেখেও অমরত্বের কল্পনা আশ্চর্য্য সন্দেহ নেই, কিন্তু আরও বেশি আশ্চর্য্য এই কল্পনা যে, যারা বেঁচে আছে তারা যে কেবল অমর হবে তা নয়, কিন্তু আর নতুন কারও জন্মও হবে না।

( ৫ )

আর্য্যত্বের 'আর্য্যামি' এতক্ষণ যা বর্ণনা করেছি সে হ'ল তার একটা মাত্র দিক। কেননা ব্রহ্মের যেমন দুইরূপ, এ আর্য্যামিরও তেমনি দুই মূর্ত্তি; সগুণ ও নির্গুণ, ক্রিয়াশীল ও নিষ্ক্রিয়। বলা বাহুল্য যে, বর্ত্তমানে এর প্রথমটির বিকাশ হয়েছে য়ুরোপের আর্য্য-সমাজে, দ্বিতীয়টির পূর্ণ-প্রকাশ আর্য্যভূমি ভারতবর্ষে। পশ্চিম শাখাটি দাবী

করছে সর্ব্বজ্ঞত্ব ও সর্ব্বেশ্বরত্ব ; তার ক্রিয়ার দাপটে আর সকলের হৃদ্‌পিণ্ডের ক্রিয়া এক রকম রুদ্ধ। আর পূবের শাখাটি "নিষ্ফলং নিষ্ক্রিয়ং শান্তং", "অপ্রাণ" ও "অমন"। সকলেই জানে যে সগুণত্বের সিঁড়ি দিয়েই নির্গুণত্বে পৌঁছিতে হয়। ভারতীয় আর্য্যেরাও অবিশ্যি তাই করেছেন। ক্রিয়াশীলত্বের সিঁড়ি দিয়ে নিষ্ক্রিয়ত্বের ছাদে এসে পৌঁচেছেন। এটা যে চরম পরমার্থের অবস্থা তাতে সন্দেহ নেই, কেননা 'একরূপে অবস্থিত যে অর্থ' তাই হ'ল পরমার্থ। যাঁরা এ অবস্থা থেকে ভারতের আর্য্য-সমাজকে আবার সচল অবস্থায় নিতে চান তাঁরা 'ইভলিউশনের' গতিবিধির কোনও খবরই রাখেন না।

যা হোক, আর্য্যামির এই সগুণ ও নির্গুণ প্রকাশের মধ্যে একটি আন্তরিক মিল রয়েছে, কেননা এ দুই হ'লেও মূলে এক। সে মিলটি হচ্ছে যে, দুয়ের পথই বিবেকানন্দ যাকে বলেছেন 'ছুঁৎমার্গ', বাইরের স্পর্শ থেকে বাঁচিয়ে নিজের শুচিতা রক্ষা করা। তবে পশ্চিমের, ওদের পথ হ'ল আর সবাইকে তাড়ান, আমাদের কৌশল হ'ল সবার কাছ থেকে পালান। শেষ পর্য্যন্ত কোনটায় বেশি ফল হয় বলা কঠিন।

মানুষে মানুষে চরিত্র ও মনের শক্তির যে তফাৎ, জাতির সঙ্গে জাতির সে তফাতের চেষ্টার কোনও অর্থ আছে কি না, এবং থাকলে সেটা ঠিক কোথায় সে তর্ক না হয় নাই তোলা গেল। মেনে নেওয়া যাক, এ তফাৎ আছে। কিন্তু প্রভেদমাত্রই উঁচু নীচুর সম্বন্ধ নয়, এবং বর্ত্তমান পর্য্যন্ত কাজের পরিমাণও একটা জাতির শক্তিসামর্থ্যের শেষ প্রমাণ নয়। কেননা মানুষের ইতিহাস কিছু শেষ হয়ে যায় নি যে, এখনি লাইন টেনে হিসাব নিকাশ আরম্ভ করা যেতে পারে। আজ

যারা পৃথিবীতে শ্রেষ্ঠ ও প্রবল, তারা ট্যাসিটাসের জর্ম্মাণেরই বংশধর। তখন দাঁড়ি টেনেছিলেন বলে' ট্যাসিটাসের ঠিকে যদি ভুল হয়ে থাকে, তবে এখন দাঁড়ি টেনে ষ্টুয়ার্ট চেম্বারলেইন-এর ঠিকই বা শুদ্ধ হবার সম্ভাবনা কোথায়! আর শ্রেষ্ঠত্ব, তার অর্থ যাই হোক, যদি প্রভুত্বের নিয়োগপত্র হয়, তবে তার শেষ কোথায়? আর্য্যত্ব এমন কি য়ুরোপীয় আর্য্যত্বের সীমায় এসেই বা তার গতি রোধ হবে কেন? শ্রেষ্ঠের মধ্যেও শ্রেষ্ঠতমের দাবী কেনই বা না চলবে! কেননা, 'আর্য্যামি' ভেদেরি মন্ত্র, মৈত্রীর বন্ধন নয়। শোনা যাচ্ছে যে বর্ত্তমান যুদ্ধ আরম্ভ হবার পরেই ফ্রান্সের নৃ-তত্ত্ববিদ্ পণ্ডিতেরা প্রমাণ করেছেন যে, প্রুশিয়ানরা মোটেই আর্য্যজাতির লোক নয়, তারা য়ুরোপের প্রস্তর যুগের অধিবাসিদের একবারে অবিমিশ্র বংশধর। এবং সে যুগের যে সব মাথার খুলি পাওয়া গেছে, তার সঙ্গে বর্ত্তমান কালের যে মাথার সব চেয়ে আশ্চর্য্যজনক মিল, সে হচ্ছে প্রিন্স বিসমার্কের মাথা।

মানুষের সভ্যতা যাঁরা গড়ে তুলেছেন, তাঁরা সবাই অসাধারণ মানুষ। কিন্তু কোনও বিশেষ বংশ, কুল বা জাতি থেকে তাঁরা আসেন নি। এবং নিজের বংশ, কুল বা জাতির সঙ্গে তাদের যে মিল তার চেয়ে অনেক বেশি মিল পরস্পরের সঙ্গে। প্রকৃতির এই যে ইঙ্গিত, এই হ'ল মানুষের মিলনের সত্য পথের ইঙ্গিত। বংশ, কুল, জাতি কিছুই অসত্য নয়, কিন্তু সে সত্য হ'ল ব্যবহারিক। এরা কাজ চালাবার উপায়, কিন্তু মৈত্রীর সম্বন্ধ কাজের সম্বন্ধ নয়। এই কাজ চালাবার দলকে ধরে' মানুষের মধ্যে মৈত্রীস্থাপনের চেষ্টা পণ্ডশ্রম। কেননা দলের সঙ্গে দলের সম্বন্ধ সব সময়েই থাকবে কাজের সম্বন্ধ, সে 'অ্যালায়েন্স'ই হোক, 'আঁতাত'ই হোক, আর 'লীগ অব নেশন'ই

# সম্পাদকের নিবেদন।

—————:০:—————

"সবুজ পত্রে"র বয়েস আজ পাঁচ বৎসর পূর্ণ হল। গত তিন বৎসর সবুজ পত্রকে টিঁকিয়ে রাখা যে আমার পক্ষে সহজসাধ্য ব্যাপার হয়নি, তা "সবুজ পত্রে"র গ্রাহকমাত্রই জানেন।

মাসের পর মাস ধার্য্য তারিখে আমি পাঠক-সমাজের নিকট এ পত্র পেশ করে উঠতে পারি নি। এর প্রধান কারণ, কি "সবুজ পত্রে"র সম্পাদক কি লেখক কেউ সাহিত্য ব্যবসায়ী নন, সকলেই অন্য কাজের কাজী। এঁদের সকলকেই, অবসর মত লেখায় হাত দিতে হয় এবং বলা বাহুল্য সে অবসর এঁদের কারও ভাগ্যে নিত্য নিয়মিত জোটে না। কাজেই "সবুজ পত্র" যথাসময়ে দেখা দেয় না।

তারপর, "সবুজ পত্র" নিয়মিত প্রকাশ করবার দায়ীত্ব এক সম্পাদক ছাড়া আর কারও নেই। এ দায়ীত্ব-জ্ঞান আমার অবশ্য যথেষ্ট আছে। কিন্তু শুধু জ্ঞান থাকলে কি হবে, সে জ্ঞান অনুসারে কাজ করবার শক্তি আমার নেই। লেখা সম্বন্ধে আমি মোটেই ক্ষীপ্র-হস্ত নই, আমি ধীরে লিখি এবং ধরে লিখি, এবং তার পর যদি হাতে সময় থাকে ত, সে লেখা আমি কাটি, ছাঁটি, মাজি, ঘসি, এক কথায় চৌকোশ এবং চৌরস করতে চেষ্টা করি। এবং এই কাটছাঁট করবার সময় আমার হাতে নিত্য থাকে না বলে, আমার যখন তখন কলম ধরতে প্রবৃত্তি হয় না, ফলে "সবুজ পত্রে"র আবির্ভাব মুলতবি থেকে যায়।

পাঠক বলতে পারেন যে, এ অবস্থায় "সবুজ পত্র" বন্ধ করে' দেওয়াই শ্রেয়। এ কথা ঠিক এবং সেইজন্য আমিও মনস্থ করেছিলুম যে, অতঃপর "সবুজ পত্র" বন্ধ করে' দেব। এ সংকল্পের আরও একটি কারণ আছে।

আপনারা সকলেই জানেন যে, এই যুদ্ধের প্রসাদে একদিকে যেমন সাহিত্যের আদর কমে এসেছে, অপরদিকে তেমনি কাগজ কালি প্রভৃতির দর বেড়ে গিয়েছে। ফলে গত তিন বৎসর ধরে, "সবুজ পত্রে"র জন্য আমাকে যথেষ্ট অর্থদণ্ড দিতে হয়েছে। বছরের পর বছর এতটা লোকসান দেওয়া আমার অবস্থায় কুলোয় না। আশা ছিল, এই যুদ্ধের অবসানে কাগজের বাজার পড়ে' যাবে, কিন্তু বস্তুগত্যা সে বাজার ক্রমে চড়েই যাচ্ছে। সুতরাং লেখার দিক থেকেই দেখি আর টাকার দিক থেকেই দেখি, দু'দিক থেকেই "সবুজ পত্র" চালাবার উৎসাহ আমার নিতান্ত কমে এসেছিল।

এ সব কারণ সত্ত্বেও "সবুজ পত্র"কে অন্তত আর এক বৎসরের জন্য বাঁচিয়ে রাখতে যে প্রস্তুত হয়েছি, তার কারণ এ পত্রের প্রতি যাঁদের অনুরাগ আছে, দেখতে পাই তাঁদের সকলের মতেই আজকের দিনে, "সবুজ পত্র" বন্ধ করে' দেওয়াটা সঙ্গত নয়। এবং আমার বিশ্বাস "সবুজ পত্রে"র অধিকাংশ গ্রাহকও এই মতে সায় দেবেন। অতএব গ্রাহক-সম্প্রদায়ের নিকট আমার নিবেদন এই যে, তাঁরা প্রত্যেকেই যদি আর একটি করে টাকা অর্থদণ্ড দিতে স্বীকৃত হন, তাহ'লে আমার ঘাড় থেকে ব্যয়ভার অনেকটা নেমে যাবে। আশা করি এ প্রস্তাবে "সবুজ পত্রের" কোন গ্রাহকই অসম্মত হবেন না। ইতি

শ্রীপ্রমথ চৌধুরী।